ত্র ছদি এই সুবোগ আপনারা দিছেন কংগ্রেস মণ্ডল বা কংগ্রেসে বদি থাকতে পারে সেভেটারী अवका अको किए इराज भारत-जारान कमानिक भागिराज्ये वा जाता शकराज भारत ना रकत ? ্যা নিল্টদের বেলার বলা হচ্ছে সিমপেথাইজার হওয়া নাকি অন্যার। কোখার আউনে জেখা ্রাছ এটা অন্যার? কিন্তু চার্জানটি দেওয়া হয়েছে। এদিকে দেখছি আর একজন কংগ্রেসের ाक देशनवाद कि एक पाछ वान व करनारे वात करताहर, छिनि करशास्त्रत लाक धवर राजनात ্রপারী-আর একটা বলছি এটি একটি ইস্তাহার-কৃষ্ণ কুমার চ্যাটার্ম্বিকে ভোট দিন, সংক্ষিত ैवनौ मिरह त्वत्र करत्रहरून, **এটা कि भावनिश करत्रहरून, जि**न अथन हेर्फेनिहन-अह कारक निरंहन-अ াছেন কিন্তু তিনি রেলওয়ে এমালয়ী, এই কাজ যখন ফুরিয়ে যাবে তখন তিনি কিয়ে যাবেন ্লপ্রের কাজে। এ দুটি ঠিক আছে। বিজয়ক্ত মুখান্তি এটা পার্বালন করেছেন। ক্রিন্ড ार्काद रवन अरमद ना यात्र काद्रण अपे। आमदा ठाएँ ना, आद जारमद रमाय कि, अदा कास्र कदरह ্ত্রটা রাজনীতিতে বিশ্বাস করছে, চাকুরি কেন তাদের বাবে? কিন্তু আমি বেটা বলতে চাই ্যতালার প্রতি বিন্দুমার প্রাথা যদি থাকে তাহলে অন্য পক্ষকে সে সুযোগ দিতে হবে। কচিডা-্যাদার এরকম একজন রক্ষিত নয়, একজন রেলওয়ে স্টাফ নয়, এরকম হাজার হাজার লোক বলি ভাট না দিত তাহলে আমরা কি ব্লিডতে পারতাম। তারা ভোট দিরেছে বলেই আমরা জরী ্রেছি। সতেরাং তাই বদি হয় তাহলে তো কচিডাপাডা, চিত্তরজন, থজাপরে সমুষ্ঠ জারগার ফ্রিডেছি, সমস্ত লোককে সেখানকার তাড়িয়ে দেওয়া উচিত ছিল: এত লোকই তো ভোট দিরেছিল। এই হচ্ছে গণতন্ত্রের নম্মনা। আর এরা গণতন্ত্র পন্ধতিতে নির্বাচন হচ্ছে বলে বছ वह कथा गानात्कन। जात अक्टो वीन स्थीक स्नायन माध्यम्बर्धान्य करशात्र स्थानारकने नकीव রেডি নির্বাচনের করেক মাস আগে যখন এসেছিলেন--ভেট আমার কাছে নাই তিনি যখন এসেছিলেন খলপারে বছতা দিতে কংগ্রেসের পক্ষে তখন সেখানে বিনি তার বছতা ট্রানশ্লেট कर्र्याष्ट्रालन एउल्ला, भाषांत्र जिन रमधानकात अकलन कभी, राजनश्रास्त्र काल कर्यन, अंग किन्छ অনার, কিন্তু তার চাকুরি যার নি. কংগ্রেস প্রেসিডেন্টের বস্তুতা স্পাটফর্ম এ মানস্পেট করে ामर्राष्ट्रलन। आत त्रिकेठरक वला टाक्ट ८३ वष्ट्रत आर्था नित्रक्षनवाद, रायारन कारी टरसर्चन-সেখানকার কোন মিটিংএ উপস্থিত ছিলেন সেজনা তার চাকুরি বাবে আর তিব্বতে চীন বিদ্রোহ দমন করেছে সে কাগজ তিনি বিক্রী করার বাবস্থা করেছে বলে তার চাকরি যাবে। গণতন্ত্র আমাদের দেখাক্ষেন কংগ্রেস পার্টি।

এখন প্রচার কি হয়েছে—দেখনে কংগ্রেসের কি নৈতিক অধংপতন ঘটেছে, আগেকার কংগ্রেসের সংখ্য এই কংগ্রেসের কোন সম্পর্ক নাই। আগেকার কংগ্রেসে যথন প্রফল্লবার, সম্মানিত বালি ছिलान म करशाम अथन नारे। काथाय म करशाम? कार्रण अखाद मिथा। वह लाकित होका ছডিরে কংসা ছডিয়ে অনা যে কোন পর্শতিতে নির্বাচনে জয়ী হওয়া পর্শতি তথন ছিল না। এমন কি ধর্মকে তারা কিভাবে বাবহার করেছেন। বিশেষ করে মাসলমান যারা তাদের কাছ থেকে ভোট পাবার জন্য সেটা দেখবার জিনিব। দার ণ একপেরিমেন্ট হচ্চে গণতন্তের ভারতবর্ষে। কিন্তু দেখবার জিনিষ মাইনরিটি যারা সংখ্যালয় তাদের কাছ থেকে ভোট বোগাড় করার জন্ম কি তারা করেছেন! যেমন অসংগঠিত হিন্দী ভাষাভাষি বারা তাদের ভোট আপনারা অনেক পেরেছেন ৯০ পারসেন্ট এবও বেশী পেরেছেন, তাদের বলা হরেছে আমরা রাজ্য চালাছি আমাদের যদি ভোট না দাও তাহলে তোমাদের বের করে দেওয়া হবে। পশ্চিম বাংলা থেকে, এখানে তোমাদের কোনো চাকরী-বাকরির বাকম্থা হবে না। তারপর মাসলমান সংখ্যালয়াদের া কাছে গিরে এমনভাবে প্রোপাগান্ডা করা হয়েছে তাতে সমস্ত নির্বাচনটা সেটা প্রহসন বল্বন আর বাই বলনে কংগ্রেস পার্টি সেটা ব্রুবেন বা স্পীকার মহাশর আর্পনিও ব্রুবেন বে এটা नाक रख बाबबा फेंकिए। आमि आरेत्नद कथा वर्नाष्ट्र ना कानना (मरेकना कार्षे आह. किन्छ আমার বন্ধব্য হচ্ছে যে এটা আজ বিচার করবার বিষয় যে এইকোরে কি নির্বাচনে জিভতে হবে? - তারপর, ন্যাশনাল ইন্টিগ্রেসন-এর কথা এবং আরও অনেক বড বড কথা আমরা উপরওয়ালাদের কাছ থেকে শুনি এবং পশ্ভিত নেহের ও বলছেন, কিল্ড আমি তার একটা নমনো আপনাকে मिक्ति। जरमा जार्भान रथन करायमधार्थी हिलान एथन निम्हत्रहे धहेमर लिशहरून, किन्ह তাহলেও আমি একটা পড়ে শোলাছি, এখানে একটা জারগার বলা হয়েছে "ধর্ম ও ঈশ্বর বিশ্বালের বিরুদের কমিউনিস্ট পাটের জেহাদ"। কোন গণতান্তিক দেশে কি এই জিনিস হর? কোন গণতান্দ্রিক দেশের নির্বাচনে কি ঈশ্বরের কথা আসে? অথচ এখানে লেখা হয়েছে হে "ক্ষিউনিন্ট পার্টি কোন ধর্মে এবং ঈশ্বরের অস্তিডে বিশ্বাসী নর।" আমার কথা হোল হে, এটা ঠিক হলেও এটা নির্বাচনের বিষয়বস্তু নর—অন্য জায়গায় হতে পারে।

[Noise and interruptions]

মিঃ স্পীকার, আপনি যদি স্পিক না করেন বা ও'দের কন্মোল না করেন তাহলে কিন্তু উভয় পক্ষেরই মুস্কিল হবে।

Mr. Speaker: Mr. Basu, you just carry on.

Shri Jyoti Basu: How can I carry on if you do not open your mouth and do some thing to stop this. I am making my submission; it is for you to reject or do whatever you like with it.

আমি কোন নতন কথা বলছি না, কংগ্রেসের প্রতিতকা থেকেই বলছি। তারপর দেখনে এখানে লেখা আছে যে. "আপনি কি এই ধর্ম বিরোধী মতবাদকে ভোট দিরে সমর্থন করবেন?" তাহলে रम्था यातक निर्वाहतनत्र मर्र्या धर्म **এवर क्रे**श्वतरक रिटेन जाना रहान, अथह **এটা निर्वाहतनत्र मर्र्या** खाञाव कथा नय এकथा পশ্ভিত নেহের, বরাবরই বলে আস্চ্ছেন। কেরালাতে বিশপরা একটা সার্কলার দিয়েছিল তার বিরুদ্ধে পশ্ডিত নেহের, কেরালায় গিয়ে প্রচার করেছেন যে এটা অনাায়। কিন্ত এই বুকলেট চৌরপ্সীর কংগ্রেস ভবন থেকে বেরিয়েছে। তারপর, কংগ্রেস ভবন থেকে "ক্মিউনিষ্ট পার্টির স্বরূপ" বলে আর একটা ইস্তাহার দিয়েছে এবং "পয়গম" নামে একটা न जन कार्या या यालाइ जा स्थार এको। यान भी भारत के कार्यक निराह । राज ১०-२-७२ তারিখে "প্রগম" এর যে সংখ্যা বেরিয়েছে সেই সংখ্যায় কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে এবং ধর্ম সম্বন্ধে অনেক কথা লেখা হয়েছে এবং তার একটা জায়গায় আছে যে. "খণ্টান এবং মাসলিম প্রধান রাশিয়ার মুসলমান ধর্ম লোপ পেয়েছে এবং সেখানে ৪ কোটি মুসলমান হজ এরাজা, নামাজ প্রভৃতি ছেড়ে দিয়ে শুয়োর প্রতে বাধা হচ্ছে"। এই রকম অনেক কথা বলে তারপর বলেছে যে, "তাদের উপর অর্থাৎ কমিউনিস্টদের উপর আল্লার অভিশাপ ববিত হোক"। স্পীকার মহাশার, এটা যদি শা্ধু "পরগম"-এর একটা আটিকেল হোত তাহলে আমি কিছ বলতাম না কিল্ড এই আর্টিকেলটা কংগ্রেস পার্টির এতই পছন্দ হোল যে এ থেকে একটা অংশ নিয়ে কংগ্রেস ভবন থেকে বিনয় রায় কমিটির পক্ষ থেকে এইভাবে একটা কাগজে উম্প্ত করে দিলেন। এই হোল ধর্মের ব্যাপার।

[3-30-3-40 p.m.]

স্পীকার মহাশয়, করাপ্ট প্রাকটিসের বাাপারে পিপল রিপ্রেজেন্টেসান এ্যান্টের ১২০(২), (৩) ধারা যেগ্র্লি আছে সেগ্র্লি আপান জানেন যে আপীল কোথায় করা যাবে। এবং উত্তরপ্রদেশের বেনরাসে যে ইলেকসান হয়েছিল তাতে এই করাপ্ট প্রাকটিসের ব্যাপারে র্সতম ভার্সেস্ট ডাঃ সম্প্রণের একটা মামলা হয়েছিল, যেখানে জজরা আপিল করার জায়গা স্পোসফাই করে দিয়েছেন। এখন আমি কেসের কথা কিছু বলছি লা, আমি বলছি যে এই পম্পতি যদি থাকে ভাষলে অম্পত এটা যেন না বলা হয়ু যে গণতান্তিক পম্পতিতে নির্বাচন হয়েছে—এটা হছে আমার আপারি। ওরা বল্ব যে নির্বাচনে জিতবার জন্য যে-কোন পথা আমরা অবলম্বন করব—এটা ভাল কথা, ঠিক কথা হয়ু এবং সাহস করে এটা বলা উচিং। কিম্পু টটা, বিড়লা, সিংহানিয়া প্রভৃতি কলকারখানার মালিকদের টাকা নিয়ে আর এই রকম পম্পতিতে নির্বাচনে জিতবেন, ভারপর তারা এখানে এসে বড় বড় কথা বলবেন—এ ভাডামি আমাদের পছল হছে না। ভারপর, স্পীকার মহাশয়, এতই যখন গোলমাল হছে তখন আর একটা কথা না বলে পারছি লা—"মন্তেম্বর থানার ম্যুলমান ভাইদের প্রতি আবেদন।" এখানে জেলা কংগ্রেসের বিনি সেক্টোরি তিনি দাড়িরেছিলেন, আর আমাদের মনস্বর হবিবলা দাড়িরেছিলেন বিনি নির্বাচিত হয়ে এখানে এসেছেন। এখানে অম্পুত ব্যাপার দেখছি—কিছু ভারলোক সই করেছেন, অনেকদালি লাম আছে, এপ্রা বলেছেন মানস্বরকে কেন ভোট দেবন। গারণ বলেছেন বি মিন্টার

ালম তার মানে যিনি অবিভব্ত বাংলার মুসলিম লীগের সেক্টোরি ছিলেন সেই হালিম সাহেব স্মান্তন বে কমিউনিস্টরা অত্যন্ত খারাপ, আর বলেছেন কংগ্রেস প্রাথীদের সমর্থন করবার জনা দ্যান্তে অল ইন্ডিয়া মুসলিম লীগের বে সম্মেলন হয়েছিল তাতে তারা বলেছেন বে কংগ্রেস ্রাধ্বীদের ভোট দেওয়া উচিং—সেই সাটিফিকেট নিয়ে মন্তেশ্বর থানার কংগ্রেস সভাপতি নৈর্বাচনে দাভিয়েছিলেন। আরও অনেক আছে—বন্ধু রাখ্য সোভিয়েট ইউনিয়ন তার অনেক ুংসা করা হয়েছে, অথচ সে আপনাদের টাকা পরসা, এটা-সেটা দিছে--পণ্ডিত নেছের: বলেন তারা আমাদের খুব বন্ধ্—গোয়ার ব্যাপারে আমাদের সমর্থন করেছেন। কিন্তু দেখাছ এই শ্বির্বাচনে তাদের বিরুম্থে নানা রক্ষ কংসা করা হয়েছে, কিল্ড এতে তাদের কি করার আছে जाचि क्रांनि ना। किन्छ राजारा जाएन विदारिय करमा तहना केता शराहर जाए कन्मना करा ষায় না যে কোন বন্ধ, রাষ্ট্রকৈ এইভাবে আক্রমণ করা যায়। আমরা এর একটা **কপি পণ্ডিড** নোত্রর কাছে পাঠিয়ে দিয়েছি, আশা করি তিনি পডবেন। এই যে সমুস্ত ঘটনার কথা বললাম, ষেভ্রতে নির্বাচন এখানে হয়েছে ভাতে আমি এটা বলতে পারি যে কংগ্রেস অভান্ত শক্তিশালী-এটা শক্তির পরিচয় নয় এটা দূর্বেলভার পরিচয়। আগেকার কংগ্রেস হলে তাঁরা বলতে পারতেন যে আমরা যদি কলাগাছ দাঁড় করিয়ে দেই তাহলে মান্য ভালবেসে কলাগাছকেই ভোট দেবে। এই রক্ম মিথা কংসা, টাকা এইসব জিনিস তথন ছিল না। কিন্ত আজকের দিনে সেই কংগ্রেস নেই, আজকে সেখানে স্বিধাবাদী কতগুলো লোক ভার মধ্যে কিছু <u>দেশদ্রোহী আছে ভারা</u> এইভাবে কংগ্রেসকে দখল করেছে। সেইজনাই কংগ্রেসের আজকে এই অবস্থা হয়েছে। এই সবের ম্বারা তারা নির্বাচনে জিততে পারেন কিল্ড মানুষের ভালবাসার সমর্থন তারা পাবেন না। এবং এজন। আমরা দেখছি যে এদের সামাহানি শঠতা, প্রবণ্ডনা এবং নীচতা এরই আশ্রয় তা । দিয়েছেন। এ ছাড়া অনা কোন জিনিয়ের বিশেষ করে আশ্রয় নিয়েছেন বলে আমার মনে হয় না। অমি জিজ্ঞাসা করি এইভাবে নির্বাচনে যে জয় হলো, ভাঙে করে কি তারা দেশের নৈতিক চরিত গড়ে তলবেন? এই শাসক পার্টি এ'দেরও দায়িত আছে এ ব্যাপারে। এ অসম্ভব, হতে পারে না। যে ছেলেদের তিন টাকা করে ঘ্রুষ গাইয়েছেন, মিঠাইমণ্ডা খাওয়াবো বলে লোভ দেখিরে লরীতে করে ভ্রেট ফর করিয়েছেন গ্রন্ডামী করেছেন, ছবি দেখিয়ে, আমি জিজ্ঞাসা করি.....

(शानमान , देर के !!)

Mr. Speaker: Mr. Beri, please allow Mr. Basu to speak on the subject. Shr: Jvoti Basu:

আমি বলি এইভাবে এই ছেলেরা-যারা ভবিষাং, তাদের নিয়ে দেশ গঠন করা যাবে না, তাদের নৈতিক চরিত্র ভাল করা যাবে না। এই যে এতবড় একটা বিরাট রাজনৈতিক সংগ্রাম হরে গেল, এটা কোন সাময়িক ঘটনা নয়—, যা কাল হয়ে গেছে, আজ ভূলে যাব। তা ভূলতে আমরা পারি না। যে জিনিষ হয়েছে, যেভাবে অধঃপতনের পথে দেশকে আপনারা ঠেলে নিয়ে য়াছেন, এটা বিশভনাক পথ। শুরু ওদের জনা নয় গোটা দেশের জনা বিপতজনক পথে তারা পা বাডিয়েছেন। এইজনা বলি ঐ যে ইংরেজি কথা আছে, আশা করি সেই ফিলসিশি আপনারা বিশ্বাস করেন না-যে দি এল্ড জালিটফাইস দি মিল্স মনে হছিল তারা বিশ্বাস করেন না, গাম্বীজীর নাম তারা করেন কি না? আর সেই প্রান কংগ্রেস নাই। তারা বিশ্বাস করেতেন না দি এল্ড জালিটফাইস দি মিল্স।

ম্পীকার মহাশয়, আমি বলবো অর্থনৈতিক যে সমসত ব্যাপার তা বাজেটের সময় আলোচনা হবে। এখানে খালি দ্ব-একটা কথা আমি বলতে চাই। প্রথমে আমি বলি এখানে যদি দেখেন সেই গতান্থাতিক যে সমসত কথা সেই সব বলেছেন; তবে সাহসের পরিচয় দিয়েছেন। রাজাপালকে আমি দোব দেব না। সরকার যেভাবে বলতে বলেছেন, সেইভাবে তিনি বলেছেন। সাহসের পরিচয় আছে সরকারের।

আবার তাঁরা বলছেন ১৪ বছর পর ১০ বছর পরিকল্পনা করবার পর যা ঘটনা ঘটেছে "তারপর সমাজতান্তিক ঘাঁচের সমাজ বারস্থার পরিপ্রেক্ষিতে এই লক্ষ্যে উপনীত হওরা আমাদের উদ্দেশ্য। এই নীতির দুটা দিক। ব্যক্তিগত লাভের পরিবর্তে জনসাধারণের লাভই নীতি নির্ধারক হবে।" আর "আমাদের ন্যিতীর লক্ষ্য হলো কতিপর লোকের হাতে অবৌরিক ধনসগুর নিবারণ করা বাহাতে অবনৈতিক উন্নতির ফল সমাজের সর্বপ্রেণীর জনসাধারণ বিশেষতঃ সমাজের দূর্বলিতর শ্রেণীর মধ্যে সমানভাবে বণিউত হতে পারে।" এই বলে শ্রের হলো। ঐ বে অর্থনৈতিক অংশ আছে সেখানে। আমি বলি আমাদের কথা তো আমরা অনেক বলেছি, এখন আর তা আপনাদের প্রকৃষ্ণ হর না, চেচামেচী করেন। কাজেই এখন আপনাদের কথা দিরেই আপনাদের বলি। আর কি করতে পারি! একজন কেন্দ্রীয় মন্দ্রী, তাঁর বছবা একট্য শ্রেন্ন—"

"এই দেশের সেবা আমরা ভালভাবেই করিয়াছি এবং ইহা করিতে গিরেছিলাম দরিদ্র মান্বের স্বার্থ হানি করিয়া কারেমী স্বার্থের সেবা করিয়াছি অনন্য সাধারণ কৃতিছের সহিত। কারণ আমরা চাহিয়াছিলাম এই দেশের সম্পদ বৃদ্ধি পাক। আমি জানিতাম টাকা কালোবাজারে বাইতেছে। আমরা জানিতাম টাকা ফালি দেওয়া হইতেছে। আমি জানিতাম পর্বত প্রমাণ ম্নাফা কামানো হইতেছে। কারণ আমরা পরিণামের দিকে না ভাকাইয়া ঢালাওভাবে উহার আশ্রম দিরোছলাম। আমি জানিতাম এই দেশের ক্রেতাসাধারণকে আমরা শ্বিষয়া সাদা করিয়া দিয়াছিলাম। কারণ ঐ শিলপপ্রতিষ্ঠানগুলিকে আমরা বাজার যতথানি সহ্য করিতে পারে. ততথানি দাম আদায় করিতে দিয়াছিলাম।"

এই কথা কৃষ্ণনাচারী বলেছিলেন—তাঁর বাজেট বন্ধৃতায় যখন তিনি মন্দ্রী ছিলেন। আর পশিশুত নেহর, গ্রেজরাটের এক জনসভায় বলেছেন গত একশো বছরে ব্টিশ সভাতসকলেয়া যা লাভ করতে পারেনি, আমাদের দেশের ম্নাফাখোর কোটীপতির দল গত ১৪ বছরে তার চেয়ে বেশী লাভ করেছেন।

[3-40-3-50 p.m.]

অবাক হচ্ছেল না—আমাদের অর্থমন্দ্রী। একথা পণিডত নেহের, বলেছেন। (াদ অনারেবল বিধানচন্দ্র রায়—তার ভাষণের সবটা পড়্ন না) সবটা পড়ভাম কিন্তু আমার সময় নেই। এটা পণিডত নেহের,র কথা গত একশো বছরে ব্টিশ পর্শক্তিপতিরা যা লাভ করতে পারেনি, আজকের দিনে প্রশক্তিপতিরা, অর্থনান লোকরা ১৪ বছরে তার চেয়ে বেশী লাভ করেছে। অথচ বলা হচ্ছে যে আমরা সমাজ-তান্দ্রিক ধাঁচে কি রকম একটা সমাজ বাবস্থা করছি, এবং সাধারণ মান্বের মধ্যে যাতে ধনসম্পদ বন্দন হয় সমভাবে, সেই রকম বাবস্থা আমরা করছি। ব্কের পাটা না থাকলে ১৪ বছর পরে কি এই রকম কথা বলা যায় ? তারপর এটাও জানেন পণ্ডিত নেহের, পালামেন্টে একটা কমিটি করতে বাধা হয়েছিলেন। বখন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোচনা আরম্ভ হয় এর আগের অধিবেশনে, সেখানে তিনি বলেছিলেন যে "সতিই এত টাকা জাতীয় আয় বেড়েছে, এই টাকাগ্রলা যাচ্ছে কোথায়? এইজন্য প্রফেসার মহলানবিসকে চেরারম্যান করে একটা কমিটি গঠিত হয়েছিল; এবং তার যে প্রাথমিক রিপোর্ট বেরিরেছে, তাতে বলা হছে ভায়তবর্ষের ৭৮ পার্সেন্টি বে সম্পদ, সেই সম্পদের মালিকানার ভার এখানকার ১৮টি ফার্মিনি বা পরিবারের হাতে। অথচ এখানে বা বলা হয়েছে সব ঠিক উল্টো—ও'রা পঞ্চবার্ষিকী পরিক্ষণনার তার বিপরীত ঘটনা এই ১৫ বছর ধ্বে করছেন।

তারপর দেখতে পাছি তরি এই বন্ধৃতার বেকার সমস্যা সম্বন্ধে কোন কথাই নেই। খালি একটা জারগার ররেছে অতি বেখাঁ জন্ম হছে, কি করা বার! জনসংখা বাড়ছে, ঐ দিকে নজর দেওরা হরেছে। কিন্তু এখানে, আমাদের পিচিম বাংলার প্রার ২০ লক্ষ আনএরস্করেড আছে, বেকার আছে, তাদের কি হবে? সে সম্বন্ধে একটি কথাও এখানে বা বাজেট বন্ধৃতার দেখতে পেলাম না। পল্যানিং কমিশন বা বলেছেন, তা খেকে বেশ স্পত্ট বোকা বাছে বে পাঁচ বছর পরে বেকারের সংখ্যা আরও বেড়ে বাবে। স্তরাং আমরা দেখতে পাছি এখানে তিন্ধুন উপ্তট পরিকশ্পনার কথা বলা হরেছে, বার কোন মূল্য নেই। মুখামল্যা মহাশরের অনেক উপ্তট পরিকশ্পনা আছে; এর মধ্যে একটা হছে এখন তারা গ্রাম খেকে পোবর কুড়িরে আনবেন, এবং তা দিরে এখন বে কমি আছে তার অবেক জমিতে চাব করে খাদ্য স্পল বাড়িরে খাদ্যে স্বর্মসম্পূর্ণ হবেন। এই কথা বলা হরেছে বে বাদের পোবর আছে, তাদের সমস্ত পোবর নিরে নেবেন, এবং তার পরিবর্তে তাদের নানা রকম জন্মলানী দেওরা হবে। গোবর কোড়ানর বাবস্থা করা হবে— এটা একটা উপ্তট পরিকশ্পনা ছাড়া আর কিছু বলা বার না। আমি বলি মাখা পিছু উৎপাদন

বেটা ক্ষমেছে, সেটা বাড়ান। পূর্বে ৪-২৫ ছিল, এখন সেটা ৩-৬ হরেছে, এটাকে আগে ঠিক কর্ন। তারপর অন্য বড় বড় কথা বলবেন। ঐ বে আপনাদের কথা ক্লম-নির্দেশ; তার সভাপতি বা চেরারম্যান বিদ হন শ্রীপ্রফ্লেচন্দ্র সেন, তাহলে কি করে তা সার্থক হতে পারে? বেয়ন সব কিছু বার্থ হরেছে, তেমনি এটাও বার্থ হবে তাতে কোন সম্পেহ নেই।

মাননীয়া রাজ্যপাল, তাঁর ভাষণে এমন কতকগালি মন্তব্য করেছেন যেগালি এসারশন ছাড়া আর কিছ্ই নয়। যেমন ধর্ন এখানে বলা হছে তিন হাজার ডিপ টিউবওয়েল বসান হবে। এই তিন হাজার ডিপ টিউবওয়েল গ্রামবাসীয়া পাবে, এটা খ্ব আনন্দের বিষয়। গতবারও এই কথা বলা হয়েছিল। কিন্তু মান্তিকল হছে রাজ্যপালও এই কথা বলালেন না কেন? আমাদের ডি চি সি থেকে যে ১২॥॰ লক্ষ একর জমিতে জল দেবার কথা ছিল, সেখানে মোটে ৬ লক্ষ ১০ হাজার একর জমিতে জল দেওয়ার বাবন্থা হল। কিন্তু যে জল দেওয়া হল, তারও ৩৫ ভাগ বাবহ্ত হল না। তাঁদের কোনটাই ঠিক হছে না। সাত্রাং কে বিশ্বাস করবে তাঁদের কথা, যে আগামী পাঁচ বছরে এই সমস্ত জিনিষ হবে? এইভাবে বলা হয়েছে যে, উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে শিক্ষার ব্যাপারে। কি উল্লেখযোগ্য হয়েছে? ১০ বংসরে ৫১ থেকে ৬১ হয়েছে নিরক্ষরতা দ্ব করবার ব্যাপারে। ঐ বারা লিখতে পড়তে পারে তারা শতকরা ২৪ ভাগ ছিল এখন হয়েছে শতকরা ২৯ ভাগ। হিসাব করে দেখ্ন ১২৫ বংসর লাগবে এই লোকদের শুধ্ব লেখাপড়া শিখাতে।

[Interruptions]

অত উর্ত্তেজিত হচ্ছেন কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: উত্তেজিত হচ্ছি না। আমার হাসি পাছে কারণ সকালেও একথা শুনেছি।

Shrı Jyoti Basu:

সকালে কি শন্নেছেন জানি না তবে এটা হাসবারই কথা। কারণ যদি ১২৫ বংসর লাগে শন্ধে একটা লেখাপড়া শিখাতে, নিরক্ষরতা দরে করতে তাহলে এটাকে পরিকল্পনা বলে না। এমন কি কোন মূখ'ও একে পরিকল্পনা বলবে না।

স্পীকার মহাশয় আমি আর এইসব কথার মধ্যে যাচ্ছি না, শুধু আপনাকে এটা বলে রাখি, আপনি আগে এখানে ছিলেন না। আগের বারে এই মুখামন্ত্রীই মুখামন্ত্রী ছিলেন। তিনি শিক্ষকদের অধ্যাপকদের দোকান কর্মচারীদের সিনেমা কর্মচারীদের-এই সমস্ত লোকদের কতকগ্নলি প্রতিপ্রতি দিয়েছিলেন কিন্তু কোন্ প্রতিপ্রতিটা তিনি রক্ষা করেছেন। সকলকে वर्ताहरून होका त्नरे भारेत्न वाफारवा ना। अशात्न वर्ताहरूनन अधिनाएन करारवन निर्तमा कर्म-চারীদের জনা, লগ এমালারজদের জনা কিল্ছু সেই আট্টেন্টে বন্ধ হরে গেল অমনি প্রতিপ্রত্তি ভণ্গ করলেন। এইগুলি তিনি করেছেন। ঠিক সেইভাবে আমরা দেখেছি বে আমাদের এখানে কতকগ্রাল বিপোর্ট দেবার কথা। আপনি স্পীকার, আপনাকে আর একবার বলতে হবে, ফ্লাড এনকোরারি কমিটির রিপোর্ট ওরা এখানে দেবেন বলেছিলেন কিন্তু আজও দেন নি। এবং প্রালস কমিশন একটা হয়েছিল এবং আমাদের এই আসেশ্বলী থেকে টাকা দেওরা হয়েছিল তার ধরচের জনা, সেই রিপোর্টও আজও আমরা পাইনি অখচ কাগজে দেখেছি সেই রিপোর্ট পাওরা গিরেছে। রাজাপালের বস্তুতার কোনরকম আম্বাসের কোন কথা নেই। এট্কুও নেই যে জিনিসের দামটা বাড়বে না, অততঃ কিছু ক্লর ক্ষমতা মানুবের বাড়বে, তারা দুটার আনা বেশী শরচা করতে পারবে তাদের পরিবারের জনা। এই আশ্বাসট্কুও এখানে নেই। কারণ জিনিসের দাম বাড়বে, ট্যান্স বসবে এবিবর কোন সন্দেহ নেই। সেইজনা আমাদের পক্ষ থেকে আমরা বলতে भारित वथन और जतकात भागीरा वर्तजाबन व्यजमन्भारत, छथन मृद्ध्य, कच्छे, माञ्चना, व्याजाहात, এ ছাড়া মানুষ আর কি আশা করতে পারে। আর আমাদের যা কর্তবা, স্পীকার মহোদর, সেই कर्णना जामना निम्हन शामन कन्नता। मान्यन प्राप्त प्राप्त निम्हन जामना बाकरना जारमन मार्गी-পাওরা ঐ অনিক্রক সরকারের কাছ থেকে আদার করার জন্য এবং নৃতন বাংলাদেশ গড়বার জন্য। শ্পীকার মহাশর, ক্যাগালি যে সতা বলছি তা ও'দের চিংকার থেকে, ও'দের হল্লা থেকে আপনি ব্ৰতে পারছেন। সত্যি কথার—হোরার দি স্থাপিনচেস, এটা ও'রা ব্রতে পারেন। সত্য কথা না বললে ঐভাবে চিংকার করতেন না। জানেন তাঁরা এখানে প্রতিটা কথা বা বলেছি ইন্ডাছার থেকে তা ব্রকে হাত দিরে বলবেন সত্য, এইভাবে তাঁরা নির্বাচনে জিতেছেন, এইভাবে তাঁরা গদীতে বসেছেন।

Dr. Pratap Chandra Chunder:

মাননীর অধ্যক্ষ মহোদর, মহামান্যা রাজ্যপাল মহোদরা যে ভাষণ দিয়েছেন সেই সম্পর্কে ধনাবাদ জানিয়ে যে প্রস্তাব এসেছে, আমি তা সম্পূর্ণ সমর্থন করাছ। আমরা জানি খেলার মাঠে বখন একদল হেরে বার তখন বারবার রেফারী জ্য়াচুরী করেছে বলে দোষ দেয়। আজকে এই নির্বাচনে বামপুষ্ধীদের বিকল্প সরকার গঠিত হয়নি সেই দৃঃখে তারা চিৎকার করছেন এবং এই গণতাশ্যিক নির্বাচন জবরদ্দিত করে হয়েছে বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে গণতন্তের সমর্থনে কারা এত চিৎকার করছেন যারা গণতন্তে বিশ্বাস করেন না। এখানে দেখা যায় অন্য যে সমস্ত দেশে তাদের নিজেদের দলীয় লোক ক্ষমতায় অধিন্ঠিত হয়েছে, সে চানই হোক বা সোভিয়েট রাশিয়াই হোক, সেখানে গণতন্তের কোন অস্তিষ্ঠই নেই, সেখানে একনায়কছ ও স্বৈরাচার চলেছে। আজ তারাই গণতন্তুকে নানাভাবে সমর্থন করবার জন্য এগিরে আসছেন।

[3-50-4 p.m.]

বহন কোটিপতির কাছ থেকে কংগ্রেস টাকা নিয়ে এই সমস্ত গণতাশ্যিক নির্বাচন চালিয়েছে এই অভিযোগ কমিউনিস্ট পার্টির নির্বাচনী ইস্তাহারে বারবার বলা হয়েছে, বিভিন্ন সভা সমিতিতে জনসাধারণের সম্মূথে বার বার উপস্থিত করা হয়েছে। তা সত্ত্বেও কমিউনিস্ট পার্টির বির্দেধ ভোট দিয়ে জনসাধারণ কংগ্রেসকে জয়যুক্ত করেছে। যাই হোক জনসাধারণের রায় এখন পরিম্কার জানা গিয়েছে কমিউনিস্ট পার্টির সব কথা শুনা সত্ত্বে...

[noises and disturbances from the Communist benches]

মাননীয় স্পীকার মহাশার, নানা ধরনের অভিযোগ ইলেকশন সম্পর্কে করা হয়েছে. কিন্তু যে সমসত অভিযোগ বারিগতভাবে করবার চেন্টা চলছে তা সম্পর্ণে অসত্য এবং আমি জান্মি যথন নির্বাচন ছিল না তথন সেই কংগ্রেসসেবীর বাড়ীতে একদিন হামলা হয়েছিল—কয়েক শত লোক গিয়ে হামলা করে জানলা দরভা তেঙে দিয়েছিল। তথন এ'রা চাংকার করেন নি, কিন্তু ইলেকশনএ পরাজরের পর গ্রেন্ডাম ঘটেছে, জবরদাসত করে আমাদের ছার দোখরে ধরে নিয়ে গিয়েছে বলে হৈ চৈ শ্রে করে দিলেন। অধ্যক্ষ মহাশার, আমরা জানি—আমরা অনেক সময় দেখতে পাই যে ইলেকশনএ জাল ভোটের ব্যাপার হয়ে থাকে। নিজের অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি কয়েকটি কেন্দ্রে এমন কি মহিলারাও জাল ভোট দিতে এসে ধরা পড়েছেন এবং জনৈক বামপন্থী নেতা সেই মহিলাদের ছাড়াবার চেন্টা করেছেন, এমন কি প্রিলস ভ্যানে উঠে গিয়ে সেই বামপন্থী নেতারা ভাদের ছাড়িয়ে নিয়ে গিরেছেন। আজকে তারা এসে এখানে জালভোটের কথা ভলছেন

[noises and disturbances from the Communist benches]

এমন কি ভোট কেনা সম্পর্কে কথা বলছেন। ভোট কার কাছ থেকে কেনা যাবে? নিশ্চরই ভাইলে জনসাধারণের কাছ থেকে। যাঁরা জনসাধারণেক বিশ্বাস করেন না, জনসাধারণেক ছ্পা করেন তারাই জনসাধারণের বিরুদ্ধে এই ভাতীয় অভিযোগ করতে পারেন যে জনসাধারণেক টাকা দিয়ে কিনতে পারা যায়। যাই হোক নির্বাচন সম্পর্কে জনসাধারণের রায় আমরা জানি। পশ্চিম বাংলায় কংগ্রেস প্রথম নির্বাচনে যে আসন পেরেছিল দ্বিভীর নির্বাচনে তার থেকে বেশী আসন পেরেছে। ক্রমণঃ দেশের লোকের কাছে জনপ্রিয়তা অর্জন করে কংগ্রেস দেশের শাসন ভার গ্রহণ করেছে। আজকে নানারকম বিল্রাণিতকর কথা বলে মানুবের মনে উত্তেজনা সৃষ্টি করবার চেণ্টা চলছে কিন্তু জনসাধারণ এইসব বিল্রাণিতকর উদ্ভি সভা বলে গণ্য করবে না। আমরা দেখতে পাছি অনেক বিষয় নিরে বিরোধী দলের মাননীয় দলপতি উল্লেখ করেছেন। সমসত বিষয়ের জবাব দেবার প্রয়োজন আছে বলে আমি মনেকরি না, কারণ আরও অনেকে আছেন তারাও জবাব দেবার প্রকাজন আছে বলে আমি মনেকরি না, কারণ আরও অনেকে আছেন তারাও জবাব দেবার প্ররোজন আছে বলে আমি মনেকরি না, কারণ আরও অনেকে আছেন তারাও জবাব দেবান। একটি বিষয়ের আমি উল্লেখ

কর্মাছ সেটা হল ধর্মা সুস্পর্কে বেকখা বলা হরেছে। স্পীকার মহোদর, ১৯৬২ সালের ক্মিউনিস্ট্র পার্টির নির্বাচনী ইস্তাহার যা বিলি করা হয়েছে তাতে দেখবেন যে পাতায় ম্নসলমান সম্প্রদারের মধ্যে ধর্মা সম্প্রদার একটা বিষ ছড়ানর চেণ্টা হয়েছে। তারা বলেছেন যে ম্নসলমান সম্প্রদার একটা সংখ্যালঘ্ন সম্প্রদার এবং ভারতে সংখ্যালঘ্ন সম্প্রদারের উপর কংগ্রেস স্বিচার করেন না। ক্মিউনিস্ট্ পার্টির হাতে ক্ষমতা এলে তারা স্বিচার করবেন।

মাননীয় অধাক্ষ মহোদয়, বাস্তবিকই এ'দের যদি দেশের জনসাধারণের প্রতি দরদ থাকত তাছলে নির্বাচনে পরাজিত হরে এখানে শিশ্স লভ একটা অভিযোগ করবার কোন প্রয়োজন থাকত না। যাদ বাস্তাবকই দেশের জনসাধারণের প্রতি দরদ থাকত তাহলে এই সমস্ত অলীক আভযোগ করে আমাদের দেশ গঠন করবার যে গ্রেনায়িত্ব সেই দায়িত্ব খণ্ডন করবার চেণ্টা থাকত না। মাননীয়া রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি সমস্ত দেশের একটা সামগ্রিক রূপ। তিনি চপণ্টই বলেছন ভারতের মত অনুস্নত দেশের প্রধান সমস্যাই হচ্ছে দারিদ্রা। এই সমস্যা সমাধান আমাদের সকলের মিলে চেণ্টা করতে হবে। দারিদ্রা এবং অনুমত দেশের কথা যাদ শাধা বলা হয় তা হলে আমি বলব সেটা সম্পূর্ণ বলা হছে না। কারণ, ভারতবর্ষ শাধা তন্ত্রত ও দরিদ্র দেশ নয়, ভারতবর্ষ এমন একটা দেশ যে দেশের মধ্যে অতাশত ঘনবস্থিত রয়েছে। বিশেষ করে আমাদের এই ক্ষুদ্র রাণ্ট্র পশ্চিম বাংলা, যে রাণ্ট্রে অভানত ঘনবসতি। ফোলিয়েট ইউনিয়নে প্রতি বর্গমাইলে ২৪ জন লোক ব'স করে আর ভারতবর্ষে সেখানে ্রদ্র জন লোক বাস করে আর পশ্চিম বাংলায় সেখানে প্রতি বর্গমাইলে ১,০০১ জন বাস করে। এই তত্তটা যদি আমরা মনে রাখি তা হলে ব মতে হবে যে পশ্চিম বাংলা গঠন করতে হলে कि ্রতর পরিশ্রমের প্রয়োজন, কি সম্ববন্ধ প্রচেটের প্রয়োজন। আজকে যদি সেই কথাটা ভূবে িছের আমরা শুধু পরস্পর প্রস্পরের বিরচ্জে গালিগালাজ, বাদবিসংবাদের মধ্য দিয়ে <mark>অগ্রসর</mark> ২০ত থাকি তা হলে পশ্চিমবংগর ভবিষাং খুবই অন্ধকার সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহোনুষ আপনি ভানেন আজকে যদি বাস্থাবিকই আমাদের দেশের সংশ্য কোন দেশের তলনা করতে হয় জাপানের সংখ্যই একমাত তলনা হতে পারে। জাপানে অভানত খন-বসাত। স্ট্রাটিস্টিক্যাল হ্যান্ডব্রক যেটা ১৯৬১ সালে বোরয়েছে তাতে বলা হয়েছে যে জাপানে যে রক্ষ বনবসতি তার ফলে সেখানে বেকার সমস্যা বৃণ্ধি হচ্ছে এবং জীবনযাত্রার মান **অনেকভাবে** काब इस यारक। এই বইয়ের ১৮-১৯ পাতার বলা হয়েছে

"the population problem is much debated in connection with the standard of 'iving and employment today. The future of Japan particularly depends on how to solve this population problem."

মাজকে জাপানের মত অগ্রসর দেশ, যে দেশ বরাবের স্বাধীন ছিল এবং শিংপে আনেক দিক থেকে অগ্রসর, যে দেশে আমেরিকা কোটি কোটি ভলার তেলে দেশকে উয়ত করবার চেণ্টা করছে সেই দেশও যদি আজকে জনসংখ্যার চাপে বিবত হয়ে যায় তাহলে পশ্চিমবংগ্যের মতে। ক্ষুদ্র দেশ স্বোদানে যে জনসংখ্যার এত বেশি চাপ রয়েছে তা শাধ্য হেসে উড়িয়ে দেওয়া যায় না। আজকে এইমাত্র বিরোধী দলের দলপতি বলেছেন যে গোবর সংগ্রহ করা অতাগত খারাপ কাজ। আমি নিজে দেখে এসেছি চীনে সারের জন্য মানুষের বিষ্ঠা পর্যশত কাজে লাগানো হছে। আমি নিজে দেখে এসেছি সেখানে খাদাশসা যাতে নন্ট না হয় সেজনা দেশে ছোট ছোট ছেলেমেয়েদের চড়াই পাখী মারবার কাজে লাগানো হয়। এগালি যদি আজগানি পরিকল্পনা না হয় তা হলে গোবর সংগ্রহ করা এবং যা দিয়ে সার হবে এটা সাধারণ কৃষকমানই জানেন। এটা নিশ্চয়ই আজগালৈ পরিকল্পনা না যা

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের নিশ্চয়ই সমরণ রাখতে হবে সমসত পশ্চিম বাংলা আন্তক্ষে আশেনরগিরির উপার বসে আছে। আমরা জানি দেশের সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ আছে। আজন জানি দেশের সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ আছে। এই সমসত বিক্ষোভ অসনেতাম ল্যু করতে হলে পশ্চিম বাংলাকে স্গাঠিত অর্থনৈতিক ভিত্তির উপার প্রতিন্টিত করতে হবে। এবং সেইজন্য সকলের গঠনমূলক কাজের মধ্য দিয়ে অগ্রসর হতে হবে। আজকে মতানত আলন্দের কথা এই রাজাপালের ভাষণের মধ্য দিয়ে সেই স্কৃত্বি নাঁতি অতানত স্ক্রেরভাবে উক্রেখ করা হয়েছে।

[4-4-10 p.m.]

তিনি একথা বলছেন না যে যা কিছ্ করা প্রয়োজন সমস্ত কিছ্ই আমরা করতে পেরেছি বা আমাদের সরকার সেসমস্ত কাজ করেছেন। তিনি স্বীকার করেছেন যে আমাদের এমন অনেক কর্মস্চি আছে যেগ্রিল গ্রহণ করা বাঞ্চনীয় হলেও সম্পদের অভাবের দর্ন গ্রহণ করা সম্ভব হয় না। বিরোধীদলের মাননীয় দলপতি যেসমস্ত কথা বলেছেন তার মধ্যে অনেক কিছ্ হরা হয়ত প্রয়োজন। তবে সপো সপো এটা সমরণ করতে হবে যে সেইসমস্ত কর্মস্চী প্রভিবে গ্রহণ করতে গোলে যে সম্পদ স্ছিট করা প্রয়োজন সেই সম্পদ সৃষ্টি করার জন্য আজকে আমাদের সাধনা করা দরকার। এমন কথা আমরা কেউ বলি না এবং রাজ্যপালের ভাষণেও নেই যে দেশের সাম্বত সমস্যা দ্রে হয়ে গেছে। রাজ্যপালের ভাষণে বারবার একথা সমরণ করিয়ে দেওয়া হয়েছে যে অনেক প্রয়োজনীয় জিনিষ আমরা করতে পারিনি, কেননা আমাদের সম্পদের অভাব রয়েছে। সেজনা তিনি বারবার করে বলেছেন যে আজকে সমস্ত দলমতনির্বিশেষে একত্রিত হয়ে সমস্ত ম্বন্ধের উধ্বে উঠে সমস্ত দেশকে গড়ে তুলবার জন্য স্কৃত্তাবে একটা চেন্টা করা দরকার। আজকে আমার প্রাচীন মহাভারতের একটা কথা মনে পড়ছে। মহাভারতে কুর্ বৃশ্ধ পিত্রাহ ভাশের কাছে গিয়ে যুর্ধিণ্ঠির বলেন যে আমাকে রাজধর্ম সম্পক্তি বিভিন্ন উপদেশ আপনি প্রদান কর্ন। বিশেষ করে, প্রচীন যে গণরাজ্যগ্লি ছিল সেই গণরাজ্যগ্রিল সম্পক্তি তিনি তার উপদেশ প্রার্থন। বর্গেছনেন। এ সম্পক্তি অনেক কথা বলে ভীত্ম বলেছেন—

"আভাশ্তরম ভয়ং রক্ষম সারং বাহাতো ভয়ম্। আভাশ্তরম ভয়ং রাজন সদ্যো ম্লোনি কুশ্তীত॥"

এর অর্থ হচ্ছে এই বে গণরাজাগালির আভান্তর ভয় হচ্ছে সবচেয়ে বড় ভয়় বাহিরের ভয় হচ্ছে
আসার এবং আভান্তর ভয় গণরাজাগালির সমন্ত মাল উৎপাটন করে দেয়। তাই আজকের দিনে
আমাদের বিবাদ, বিসন্বাদ, শ্বন্দ শোষ করে যে কথা রাজ্যপাল মহোদয়া ভাষণে বলেছেন য়ে
আভান্তর ভয় থেকে আমাদের দেশকে বাঁচাতে হবে, জনসংখারে যে চাপ রয়েছে, যে দারিল্র
য়য়েছে, যে আশিক্ষা ইত্যাদি রয়েছে সেগালি নার করবার জনা আমাদের আজকে চেল্টা করা দরকরে।
য়াজাপালের ভাষণে আমারা লক্ষা করি যে যেমন বৈষ্য়িক উর্যাতর কথা বলা হয়েছে, আহক
কসল ফলাবার কথাও যেমন বলা হয়েছে তেমনি এক ফসলী এলাকাকে দা ফসলী এবং তিন
কসলী করা সন্বন্ধে কথাও বলা হয়েছে। একদিকে যেমন বৈষ্য়িক শান্ত আরও সণ্ডয় করতে হরে
আনাদিকে তেমনি মান্যের মনকে গড়ে তুলবার, তাদের শিক্ষার মধ্য দিয়ে নাতন মান্য করে
ছুলবার জন্য কথাও ভাষণে বলা হছেছ। তাই আমি মনে করি যে এই ভাষণের মধ্যে দেশের
সমস্যার সমাধান হয়ত করা এখনই সন্তব নয় কিন্তু যে পথ অবলন্বন কয়েল এই সমস্যাগালির
আনেকাংশে প্রশমিত হতে পারে সেই বাবন্ধার কথা ভাষণে উল্লেখ আছে। সেজনা য়াজ্যপালের
ভাষণকে ধন্যবাদ জানাবার যে প্রশ্নতাৰ রয়েছে আমি ভাকে সর্বাদ্তকরণে সমর্থন করাছ।

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that no mention has been made in the matter of-

- (a) solving unemployment problem in the State;
- (b) checking rising prices of essential commodities, especially, food articles;
- (c) amelioration of condition of low-paid Government employees and of the secondary and the primary teachers; and
- (d) failure of the Government to fix prices of jute in time so as to give relief to poor peasants".

মাননীয় স্পীকার মহাশর, এই নির্বাচনে অনেক জিনিব আমাদের সামনে পরিক্ষার হরে গেল। কংগ্রেসের রূপ এবং চেহারা দেশের জনসাধারণের কাছে অতি পরিক্ষারভাবে ধরা পড়ে গিরেছে। তারা বলছেন যে সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ বাবস্থা গড়ে তুলবেন অথচ নির্বাচনে দেখা গেল হে সমুস্ত বড় বড় ধনী লোক প্রাঞ্জপতি লোক আছেন তাদের স্বার্থে. তাদের সাম্রাপ্তা, তাদের অর্থ বিভিন্ন কেন্দ্রে, বিভিন্ন স্তরে খরচ করে এমন কি অনেক জায়গায় মদ পর্মকত খাইরে তারা নির্বাচনে জয়লাভ করেছেন। অবশ্য তারা জয়ী হয়েছেন কিন্ত দেশকে কোন পথে নিয়ে বাচ্ছেন? তাই আজ আমার মনে হচ্ছে যে আমি ঠিক সময়েই কংগ্রেস পরিজ্ঞাগ করেছিলাম। তারা যদি মনে করে থাকেন যেকোন উপায়েই হোক আমরা যদি ক্ষমতা দখল করতে পারি তাহলে সেই ক্ষমতা আমরা চিরকাল হাতে রাখতে পারবো তা ভল হবে। কেননা অতীতের ইতিহাস দেখলে দেখতে পাওয়া যায় এরকম অন্যায়ভাবে দ.নীতি দ্বারা যদি ক্ষমতা ত্রাতে রাখার চেটা করা যার তাহলে সেই ক্ষমতা সময়মত চলে যায়। আপনারা যদি মনে করে भारकत যেভাবে আপনার। ক্ষমতা হস্তগত করেছেন সেই ক্ষমতা চিরকাল হাতে রেখে দেবেন জাহাল আমি বলবো অলক্ষো নিশ্চয়ই দেশে এমন একটা বিক্ষোভ দানা বেধে উঠবে যে বিক্ষোভ আপনাদের এই ক্ষমতা ধরংস হবে- এবিষয়ে কোন সন্দেহ নাই। যে নির্বাচন হয়ে গেল সে मन्दर्भ द्यािं उतार, यातक कथा तालाइन, जातक विषया उनाइतम आमारमत मामार निरम्राहन আমিও দুটার কথা এ সম্বন্ধে বলি। ভূপতি মজ্মদার মহাশয়, তিনি অবশা হেরে গিয়েছেন. নির্বাচনী প্রচার সম্বন্ধীয় প্রস্থিতকায় বলৈছিলেন যে তাদের ভোট না দিলে, স্কুল, রাস্তা বা হাসপাতাল এসমস্ত কিছু হবে না – (নয়েজ) প্রচারপত্তে এসব বলা হয়েছিল। মিটিংএ বলা शर्याञ्चल ।

তারপর কুচবিহারে ক্ষতিয় ও ভাটিয়াদের মধ্যে বিভেদ স্থিট করে ভোট পাবার চেন্টা করা হয়েছিল। কিন্ত কচবিহার তার পরিন্কার উত্তর দিয়েছে। আর একটা কেন্দ্রে বার জীবীদের লিখিয়ে নেওয়া হয়েছিল যে তাদের যদি ভোট না দেওয়া হয় তাহলে সাহাব্য পাবে না. ऋতিয় ছাত্রা যদি ভোট না দেয় তাহলে সাহাযা পাবে না। কিল্ড জনসাধারণ অতাল্ড সচেডন এবং স্ক্রাগ হয়েছে। এ রকম নানাভাবে অনাায়ভাবে তারা ক্রিতবার চেণ্টা করেছে। জলপাইগ্রভিতে একজন প্রার্থী নীলকান্ত রায়ের প্রতীক ছিল সাইকেল, কিন্তু সেধানকার জলপাইগন্নড়ি ক**র্ম্মস** কুমিটির সভাপতি অবনী গুড় মহাশয়ের দ্বারা এমনভাবে প্রচার করা হয়েছিল যে তার প্রতীক জিতলেই কাজ হয়ে গেল ? এই সমসত কাজগালি যে গণতন্ত্র বিরোধী সে বিষয়ে কোন সন্দেহ নাই। রাজ্যপাল মহোদয়ার ৫% বংসর শাসনের মধ্যে একটি বিষয় উল্লেখ করি। তিনি হলেন কন্স্টিট্রশ্নাল হেড, মন্ত্রীমন্ডলী তাঁকে যে উপদেশ দিয়েছেন তিনি তাই করেছেন কিল্ড তিনি একটা খবে ভাল কাজ করেছিলেন। আসামে যথন বাৎগালীদের উপর অত্যাচার হরেছিল, নিষাতন হরেছিল তার প্রতিবাদে তিনি ১৫ই আগস্ট স্বাধীনতা দিবস পালনের যে নীতি গ্রহণ कता रार्ताष्ट्रम जा वाजिम करत मिरारीष्ट्रामन कारकर ७३ वश्मरतत भामरानत भरधा जाँत এर विभावी ভাষণ বার বার মনে পড়ছে। তিনি যা কিছু বলেছেন, যা কিছু করেছেন তার মন্ত্রীরা আ বলেছেন, যে শিক্ষা দিয়েছেন তাই তিনি করেছেন কান্ডেই কোন নীতি তার ভাষণের মধ্যে আমস্কা দেখতে পাই না। নির্বাচন হয়ে গিয়েছে। আমাদের যা কিছু বলবার সেই সময় বলি। আমি একটা সভায় বলেছিলাম এবারে কংগ্রেস যদি ছেতে তাহলে ৫০ জন মন্ত্রী হবে, কারণ সকলেই মল্টী হতে চায়। অনেককেই মল্টী করতে হয় কারণ দল তো রাথতে হবে। সেদিন দেখলাম একজন প্রেস রিপোটার জিজ্ঞাসা করেছিলেন ডাঃ রায়কে এবার ক'জন মন্দ্রী হবে? তিনি वर्ष्णाहरूनन ६० छन्छ १८७ भारतः। हेर्जियस्य ७० छन् श्राहरू। जात्र कसन शर स्थानि सा। चामारमञ्जू भूजात्ना वन्यू ब्रक्कनौवाव् राजभूति मिनिन्छोत्र-अत रहान श्रामान किन्छू इन ना.-राजन হল না ব্রুতে পারলাম না।

[4-10-4-20 p.m.]

এরা ফার্মিল স্প্যানিং করছেন কিন্তু এদিকে মন্ত্রীদের সংখ্যা বেড়ে যাওয়ার ফলে যথন পার্বালক একচেকার থেকে থরচ বেশী হচ্ছে তথন সে দিক থেকে আমার মনে হয় ফার্মিল স্প্যানিং করে জন্মের হার কমানোর সাথে সাথে এ'দের মন্ত্রীদের জন্য একটা স্প্যান করা উচিত। তারপর, এ'রা বে সমস্ত নির্বাচনী প্রতিশ্রুতি দিরেছিলেন সেইসব প্রতিশ্রুতি যে এ'রা পালন করবেন ওার কোন ইপ্যিত মাননীরা রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। তার ভাষণের মধ্যে বেশীর ভাগই ফাকা কথা ছাড়া আমাদের দেশের সামনে বিভিন্ন বেসমস্ত সমস্যা রয়েছে

म्हिन्त न्यानात कथा वित्यव किंद्र तथा इत नार्टे । त्वकात न्याना आधारमत क्रको विद्राह न्याना এবং প্রায় ২০ লক্ষ বেকার এখনই আছে এবং তৃতীয় পঞ্চবার্যিকী পরিকল্পনার মধ্যে আরও ১৫ मक दिकात स रद रत रम विश्वत कान महमर तिरे। अत कि कदत मुशाधान कहा शहर अवा বলছেন রাস্তাঘাট, টিউবওরেল, সেচবাবস্থা, কারথানা প্রভৃতি করছি। আমার বন্ধব্য হচ্ছে বে এসব কর্মন, এতে দেশের লোকের উপকার হতে পারে, কিন্তু ইংরেজরাও তো এসব ক্রেছিল दान. त्यापेत्र भाषी, शक्ताहे जाशक जानिताहिन, जाहरन जारात्र अरमण स्थरक जल स्वर्ण शान কেন? তার কারণ হচ্ছে যে, তাদের আমলে সাধারণ মানুষের দৈনন্দিন দুঃখ-দুদ্রশা, অভাব-অভিযোগ প্রভৃতি দিনের পর দিন বেডে চলেছিল এবং সেইজনাই তাদের আমরা এদেশ থেকে চলে যেতে বাধ্য করেছি। কাজেই কংগ্রেস সরকার অজস্র টাকা খরচ করে যতই পরিকল্পনা গ্রহণ করুম না কেন সাধারণ মানুষের দঃখ যদি দূর না হয়, বেকার সমস্যা যদি এইভাবে বাড়ে তাহলে আজকে হয়ত তাঁরা ভোটে জিতেছেন কিন্তু পরে এর প্রতিকারের জনা জনসাধারণ তাদের নিজেদের हारक रव कमका त्नारतन रम विश्वास रकान महम्मह ताहै। श्वामा छेश्मामन मन्द्रास्थ वर्राणाहन रव খাদোর বাকখা হয়েছে অর্থাৎ উডিষ্যা এবং আর্মেরিকা থেকে খাদা আনতে হবে। ভবে প্রথম পঞ্চবার্যিকী পরিকল্পনায় খালে৷ স্বয়ংসম্পূর্ণ হবার চেড্টা করবেন বলে যে কথা তারা বলেছিলেন সেই প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পূর্ণরূপে বার্থ হয়েছে কেননা খাদো তারা স্বয়ংসম্পূর্ণ হতে পারেন নি। কাজেই তৃতীয় পঞ্চবাধিকী পরিকল্পনায় তাঁর। খাদ। বাড়াবার জন্য এবং খাদো দ্বয়ংস-পূর্ণ হ্বার জনা যতই প্লান গ্রহণ কর্ম না কেন সেটা যে কতখানি দ্বার্থক হবে সে বিষয়ে আমাদের যথেওট সন্দেঁধ রয়েছে। কারণ যাদের দিয়ে কাজ করাতে হবে সেই গ্রামের हाचौ अवर आधातम ल्लाटकत मदन्म अन्ता कान स्वाभारयाम करतन ना वा अ विषयः जाएनत कि ব**রব্য আছে** তা শোনেন না। কৃষকদের কি দৃঃখ আছে, তাদের কি অভাব-অভিযোগ আছে সে मन्दर्भ धंदा कि इ. दलन ना वा प्रशासना सारनन ना। क्षेत्रमाती श्रथा विद्याल कता मरुख **কৃষকরা জমি পাচ্ছে** না অথচ সেইসব জমি ভূমিদারপ্রভুরা বে-আইনীভাবে হুস্তান্ত্রিত করে রেখেছে। আপনারা সকলেই জানেন যে, আমাদের বৃণ্ধ**্বিপরলোকগত বিমলচণ্ট সিংহ মহাশা**য় **এই বে-আইনী ২**ম্ডান্ডরের প্রতিকারের জনা একটা আইন আনার চেন্টা করেছিলেন কিন্তু হঠাং দেখা গেল সেই আইন যাতে এগুসেম্বলীতে না আসে তার জন্য নিদেশি হল। তার মানে কি? তার মানে অতি পরিক্ষার যে, এই আইন আসলে পর কোলকাতার ক্রমিদারদের স্বার্থে আঘাত জ্ঞাসতে পারে কাজেই কংগ্রেস যথন তাঁদের সমর্থন নেবেন তথন তাঁদের বাধতেই হবে। একথা আপনারা সকলেই জানেন যে, সিলেক্ট কমিটিতে জামদারী প্রথা বিলোপ আইন আসে এবং সিলেক্ট কমিটিতে এইভাবে পাশ হয়ে গেল যে, কোলকাতাকে জমিদারী প্রথা বিলোপ আইনের আওতায় আনা হবে, কিন্তু পরে ডাঃ রায় আইন পরিষদে এসে সেই সংশোধনী তুলে নিলেন। জিনিসপত্রের দাম বেড়ে চলেছে। আমরা বলেছিলাম যে কংগ্রেস যদি জেতে তাহ**লে দা**ম ৰাজ্বেই। কারণ যে টাকা তরি। এই নির্বাচনে খরচ করেছেন, প্র্বিজপতিরা, বাবসায়ীরা যে টাকা কংগ্রেসের ভাত্তারে তুলে দিয়েছেন সেই টাকা তারা সন্দে আসলে তুলে নেবেন। জিনিসপত্তের দাম কমাবার কোন চেন্টা নেই। আমরা অনেক আন্দোলন করেছি দাম কমাবার জন্য। কিন্তু সে চেন্টা নেই যাতে লোকের একটা রিলিফ হয়, জিনিসপত্তের দাম একটা কমে।

তারপর কৃষির উন্নতির জনা সেচের বাবস্থা, ভাল সারের বাবস্থা, ভাল বাঁজের বাবস্থা চাই এইসব কথা রাজাপাল তাঁর ভাষণে রেখেছেন। কিন্তু কৃষক বাস্তবিক যাতে এগালি পার এবং সে বাতে খাদা উৎপাদন বাড়াতে পারে সেদিকে কোন চেন্টা দেখতে পাছি না। তাঁরা বলেছেন যে একরে ১৫ মণ খেকে আমরা ২৭ মণ বাড়াব। কিন্তু এই ১৪।১৫ বছর ধরে তাঁরা খাদা উৎপাদন বাড়াবার কি চেন্টা করেছেন?

্তারপর পাট আমাদের বাংলাদেশের সম্পদ। কৃষকদের সেই পাটের ম্ল্য বে'ধে দেওরা হল ।

। কৃষকদের জন্য পাটের ম্লা বে'ধে দেওরা হল না কিন্তু বড় বড় মহাজন, প্রিজপতি বারা
নর্বাচনের ভাপ্ডারে টাকা দিরেছে তারা বাতে অবাধে গরীব কৃষককে শোষণ করতে পারে সে

ারো করে দেওরা হল। গরীব মারা বাচ্ছে সেদিকে এ'দের দৃটি নেই। আমাদের দেশে

যার ১০।১২ লক্ষ একর পতিত জমি পড়ে রয়েছে, সেই পতিত জমিকে কাজে লাগাবার জন্য

কান স্বায়ন আমরা দেখতে পাছি না। আমাদের দেশে শিল্পের উমতি খ্বই প্রয়েজন সে

বররে কোন সন্দেহ নেই। দ্বিতীয় পঞ্বার্ষিকী পরিকল্পনার আমরা দেখেছি বে এক দিকে

ধালা উৎপাদন বাড়াবার চেণ্টা করা হচ্ছে, অপর দিকে শিলেশর দ্বারা আমরা কতথানি দ্বরংসন্পূর্ণ হতে পারি তার চেণ্টা হচ্ছে। দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনার ছিল যে বাংলাদেশে জন্তজ্ঞ এটা স্তার কল বসান হবে। কিন্তু দেখা গেল একটা মাত্র বসান হয়েছে। দ্র্গাপুরে কোক প্রভন ক্ল্যান্ট বসান হবে এবং সেখান থেকে গ্যাস গ্রীডে করে গ্যাস এনে কলকাডার সরবরছে করা হবে। কিন্তু কবে করা হবে তার কোন বাবন্থা দেখতে পাছি না। আমরা দেখছি পশ্চিম বাংলার অনেক জারগায় শিল্প গড়ে উঠছে কিন্তু উত্তরবর্ণা সম্পূর্ণ অবহেলিত এবং এবার যখনা দেখছি উত্তরবর্ণা থেকে আমাদের বামপন্থী প্রাথী বেশী এসেছে তথন সেদিকে সরকারের বিশেষ কোন দৃশ্টি বাবে বলে মনে হয় না। উত্তরবর্ণা কোন শিল্প বাবন্থা নেই। কাজেই উত্তরবর্ণা বাতে শিল্প বাবন্থা উন্নত হয় তার বাবন্থা করা বিশেষ প্রয়োজন। কিন্তু সেটা কতথানি হবে সে বিষয়ে আমার যথেণ্ট সন্দেহ আছে।

শিক্ষার ব্যাপারে আমরা দেখছি যে শিক্ষা বিভাগে একজন পুরো মন্টী রয়েছেন, ভারপর একজন রাষ্ট্র মন্টী রয়েছেন আর দ্বজন ডেপ্র্টি মিনিস্টার রয়েছেন। কাজেই এওগুলি মন্টী থাকায় এই বিভাগের উপর হয়ত অভাধিক চাপ স্থিট হতে পারে। আপনারা ব্লেছিলেন ছ শিকতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ৬ থেকে ১১ বছরের ছেলেমেরেদের শিক্ষার বাক্ষা করা হবে। কিন্তু এটা দেখছি যে মাত্র ৮০ ভাগ ছেলেমেরেদের কমপালসারি ফ্রি প্রাইমারী এডুকেসানের ব্যবস্থা করা হবে।

[4-20--4-30 p.m.]

শিক্ষকদের কথা জ্যোতিবাব্ বলেছেন এটা ঠিক ডাঃ রায়ের কাছে আমরা গিয়েছিলাম, সেখানে তাঁর সংগ্র কথাবার্তা হয়েছিল। তাদের বেতন সম্বন্ধে একটা বোঝাপড়া হয়ে গিয়েছিল। কিন্তু এখন পর্যন্ত তাদের এবিষয়ে কোন বানস্থা দেখতে প্রাচ্চি না। মাধ্যমিক, প্রাইমারি ও আমাদেব বিশ্ববিদ্যালয়ের যাঁরা শিক্ষক তাঁরা গিয়েছিলেন রাজ্যপালের সংগ্রে দেখা করতে। তাঁরা কছ সম্মানীয় আমাদের কাছে। তাঁরা গিয়েছিলেন রাজ্যপালের কছে তাঁদের দ্বেবর কথা জানাবার জনা। কিন্তু বড়ই দ্বংথের বিষয় তাঁদের সংগ্রাৱজ্যপাল দেখা করলেন না। তাদের যে আবেদন ছিল, যে স্মারকলিপি ছিল, ডাভিযোগ ছিল, তারত কোন উত্তর প্রযাণত তিনি দিলেন না।

কলকাতার সমস্যা বিরাট সমস্যা, বহুদিন ধরে এই সমস্যা নিম্নে আলোচনা চলছে। থেটো-পলিটন বোর্ড হচ্ছে, তাতে কোটী কোটী টাকা খরচ হবে। এর ফলে যে লোক সেখানে উদ্বাস্ত্র হবে তাদের যে কি প্রবর্গাসনের ব্যবস্থা হবে এবিষয়ে আমরা এ পর্যাণ্ড পরিণকার জানতে পারিনি। সেদিক থেকে আমরা নিশ্চয়ই দেখছি পরিকলপনা করা হয়, তার ফলে ওজার হাজার লোক গহেহীন সর্বাহার হয়ে প্রতে তার কোন ব্যবস্থা নাই।

আমার শেব কথা বের বাড়ীর প্রশন। এই বের বাড়ী সম্বদেধ কোন কথা এ পর্যান্ত আমারা রাজাপালের ভাষণে কিছু পাইনি। কি অবস্থায় সেটা আছে : এখন বের বাড়ী চস্ডান্ডর জেন না করা হয়। দেখতে পাচ্চি পশ্চিমনগোর সপো পাকিস্ভানের যে সামানা রয়েছে, সেই সমস্ত সামান্ড অঞ্চলে অনবরত পাকিস্ভান থেকে হামলা করা হচ্চে এখানকার গন্ধ-নাছ্র, সেমির জ্বসল ইত্যাদি লাঠপাট করে তারা নিয়ে যাছে; এর জন্য এই সরকারের ত্যক্ষ থেকে কোন চেণ্টা নাই প্রতিকার করবার বা প্রতিরোধ করবার।

धरे क्रांधि कथा वरन जानारवा आधि ताजाभारनत वहुनारक जाएनी मधर्यन कृत्र भार्ताह ना।

Shri Sushil Kumar Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশার, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর বে ধনাবাদ প্রশ্নতাব উত্থাপন করা হরেছে, আমি তাকে ঐকাশ্তিক সমর্থন জানাছি এবং সেই ভাষণের উপর বিরোধীদলের নেতা শ্রী বস্ এবং শ্রীহেমশতকুমার বস্ যে ভাষণ দিলেন, সেই সম্পর্কে এবং তাঁদের বিরূপে কটাক্ষ সম্পর্কে আমার করেকটি বছবা নিবেদন করছি। অকারণে বিরোধীদলের নেতা বিগত নিবাচনের প্রস্পা টেনে এনেছেন। সেই প্রস্পা থেকে আমার একটি হাসির ছোট্ট গদপ মনে আনছে। সেটা ঠিক ক্ষম্প নর, একটি কাছিনী। গত সাধারণ নিবাচনের সমার বখন আমি বিভিন্ন জারগার নিবাচনী প্রচারে ছুরে কেন্তাব্দিকার, তখন কোন এক জারগার বৈতে বেতে

स्थिट পেলাম पूर्णि ছেলে মারামার করছে। আমার সেটা দেখতে মজা লাগলো, আমি সেখানে সাইকেল থেকে নেমে পড়লাম। আমি বেতে ছেলে দুটি পরস্পরের কাছ থেকে দুরে সরে গেল এবং ওদের মধ্যা দুর্বলতর ছেলেটি দুর থেকে শক্তিমান ছেলেটিকে শকারে ও বকারে গালাগালি করতে লাগল। বখন ঐ শক্তিমান ছেলেটি বললো যাব একবার, করেকঘা বাসরে দোব, তখন দুর্বল ছেলেটি মুখ থেকে ধুখু ফেলে দিয়ে বললো থু। বিরোধীদল নেতা নির্বাচনের সময় বে প্রতিশ্রুতি বিভিন্ন জারগার বিভিন্ন আকারে দিয়েছিলেল বিকম্প সরকার গঠন সম্পর্কে, তা প্রেণ করতে পারলেন না বলে আজ ঐ দুর্বল ছেলেটার অভিনর করছেন বিধান সভার দাঁড়িরে পাতলের কথা তিনি বারে বারে উল্লেখ করেছেন। আমি বলবো গণতল্যের সবচেরে বাদ কেউ জমর্যাদা করে থাকে, সে হচ্ছে ঐ কমার্নিস্ট পার্টি।

[গোলমাল]

তাদের মতবাদে গণতদের উপর ভিত্তি করে নম এবং যে ভিন্ন রাম্ম থেকে ধার করা মতবাদের উপর তাঁরা দাঁড়িরে আছেন সেই ভিত্তির উপর আমি বলবো গণতদের তাঁদের বিশ্বাস থাকা সম্ভবপর নম। এর জনা অবশা তাহাদিগকে দোষ দিছি না। গণতান্দ্রিক পশ্বতির কথা উল্লেখ করেছেন আমাদের বিরোধীদলের নেতা। আমার জানা আছে গত সাধারণ নির্বাচনে করেকটা জনসভা যেভাবে তাঁরা ভেগেগ দেবার চেম্টা করেছিলেন, সেটা আর যাই হোক গণতান্দ্রিক পশ্বতি নয়।

পাসকুড়ার মাননারা প্রেবী ম্থাজারি জনসভার এবং তমলুকে মাননার অজর মুথাজারি জনসভার, মরনা প্রভৃতি জারগার মাননার তর্ণকান্তি ঘোষের জনসভাগ্নীল তারা তেপে দেবার জাপ্রাণ চেণ্টা করেছিলেন। তার পাশে তাদের যে ধর্নি উঠোছল, তা খুব পরিচিত ধর্নি ইনকাব জিন্দাবাদ। আর যে পতাকা ছিল, তা হচ্ছে লালঝান্ডা। এই থেকে বোঝা যার তারা কোন দলের লোন। তারা গণতে সম্বন্ধে যেসব কথা বলেছেন তা সবৈবি অসত্য এবং তাদের মুখে তা মোটেই শোভা পার লা। একটা মজার ব্যাপার এই যখন এইসব সভা তারা ভেপো দেবার চেন্টা করেছিল, তখন জনতা তাদের রার দিলেন, হাজার হাজার লোক যখন সম্ঘবন্ধ হয়ে ধরার ধর্নি দিলেন, আর কিছা করবার দরকার হয় নি. একট্ চোখ রাগ্যানিতেই কোথার তারা মিলিয়ে গেল সম্বাদের ফোনার গত। তারপর দেখা গেছে এবিষয়ে আর বেশি কছা তারা করতে সাহস করে নাই।

আর টাকার কথা আপনায়া উল্লেখ করেছেন আমার কাছে নজীর আছে

[noise]

Shri Siddhartha Shankar Ray: On a point of Order, Sir, I don't think honourable members here know that when a new member speaks there should be no interruption.

Mr. Speaker: He is a new member.

Shri Siddhartha Shankar Ray: Therefore I was saying, I would appeal to the members of the House that when a new member speaks no one should interrupt. After all, he is making his maiden speech in the House. We may not agree with him, but that does not matter; there should be no interruption.

Shrı Sushil Kumar Dhara:

তারা :ভাটারদের বলেছেন আমাদের ভোট না দিলে ঘর জনুলিরে দেব। এইসব কথা বিরোধী-দলের অনেক নেতার মূখে জনগণ শুনেছেন। তার নজীরও আছে এবং পরে ঘরদোর জনুলিরেও তারা দিরেছেন—ময়না থানার, নন্দীগ্রাম থানার তার উদাহরণ আছে। আরো অনেক নাম করতে পারি অনেক দোকানপাট লুক্তপাট করা হরেছে নন্দীগ্রাম থানার। কারণ ভোটাররা কংগ্রেস পার্টিকে ভোট দিরেছে বলে। নারান ঘড়ুই বলে একজন বেহারা গরীব মানুষ—সে আগেরবার কর্মানুন্দিট পার্টিকে ভোট দিরেছিল, এবার আর তা দের নাই বলে তার ঘর জনুলিরে দেওয়া হরেছে। সেটা হরেছে ভোটের পরে-এই করেকদিন আগে মান্ত এই ঘটনা ঘটেছে।

14.30-4-40 p.m.]

আৰ একটা উদাহরণ আমি দিতে চাই, নন্দীগ্রাম থানায়, ব্যোমকেশ মাঝি, সে ক্মানেস্ট পাটিব क्यी किन. त्म अथन आत जात्मत्र नीजिए विश्वाम ना करत करशात्म खाग मिराहक अवर करशास्त्र ক্রাঞ্জ করেছে বলে কয়েকদিন আগে তার ঘর ডাকাতি করে নেওয়া হয়। আর কারা করেছে ভার প্রমাণ পাওরা যায়। কংগ্রেস অফিস পর্নিভয়ে দেওয়ার নজীরও আমি বলবো ময়না খানার পাওয়া গিয়েছে। কাজেই আমি এখানে বিরোধীনলের নেতার অভিযোগ সম্পর্কে নিশ্চিত এট _{দিম্মট} প্রতিবাদ করতে পারি। আমি বলবে: যে এই সমস্ত সত্ত্বেও জনতার রায় কংগ্রেসের লন্ক লো গারেছে এবং যা শ্বা পশ্চিমবংগা নয় সমস্ত ভারতবর্ষে দেখতে পাছি। এবং এর পরেও যদি বিরোধীদল বলেন যে গণতন্ত নেই, এর পরেও যদি বলেন জনতা তাদের অনুক্লে, র্যাদ এর পরেও বলেন যে জনগণ কংগ্রেসকে চায় না, এর পরেও যাদ বলেন যে জনগণের ইচ্ছা কংগ্রেসের পক্ষে নেই, তাহলে ভল বলা হবে। এবং আমি বলবো যে এটা অসতাই বলা হবে। আমি বলবো সাম্প্রদায়িকতা সম্বন্ধে যেকথা বিরোধীদলের নেতা উল্লেখ করেছেন, সেই সাম্প্রদায়িকতার যে ভেদ স্থান্ট করা হয়েছে, তার স্থাাগ ক্মন্নিস্ট পার্টিই সবচেয়ে বৌশ নেবার চেণ্টা করেছে এবং কংগ্রেসের উপর যে অভিযোগ করা হয়েছে তা সবৈবি অসতা। আমার ভাল করে জানা আছে যে আমাদের মেদিনীপুর জেলায় পাসকুড়া থানায় যিনি কংগ্রেসের প্রতিপক্ষ ছিলেন তিনি একজন মুসলমান, নাম ওমর আলী, এবং তার অনুক্তন প্রচার করতে গিয়ে কমানিস্ট নেতারা প্রক্রণা সভায় বস্তুতা করেছেন, আলীগড়ের কথা উল্লেখ করেছেন, মুসলমান নারীর উপর অত্যাচার হয়েছে এই রক্ষ অনেক কথা উল্লেখ করে তারা মুসলমান জনতাকে কেপাতে চেণ্টা করেছেন। শুধু তাই নয়, তার সংগ্য সংগ্য আরো বলেছেন, মুসলমান জনতাকে উৎক্ষিণত করবার জন্য ব**লা** ংগ্রেছে, তোমরা মুসলমান, তোমরা মুসলমানকে ভোট দেবে না? শ্যামাদাস ভটাচার্য ব্রাহ্মণ হিন্দ্, তাকে ভোট দেবে আর মুসলমানকে ভোট দেবে না? এই কথা বার বার বলা হয়েছে। ফতএব আমি নিশ্চিত বলবো এই অভ্যাস, এই অসং প্রু কম্ম্নিস্ট পাটিই সবচেয়ে বেশী **করে** এবলন্বন করেছে। শুধু তাই নয়, অমি তমলুক এলাকার কথা জানি, সেখানে কমানিস্ট প্রা**র্থ**ী েবপ্রসাদ ভৌমিক, তার তরফ থেকে এই রকম প্রচার করা হয়েছে। আপনারা অনেকেই হয়ত জ্ঞানের যে তমলকে মহকুমা মাহিষা প্রধান জায়গা। সেখানে অনবরত বলা হয়েছে যে দেবপ্রসাদ ভৌমক মাহিষ্য, তাকে তোমরা ভোট দেবে না, আর ভোট দেবে রাহ্মণ অজয়কুমার মুখার্জীকে? এই ভাবে প্রচার করে তারা ভোট কংগ্রেসের প্রতিকালে নিয়ে যাবার চেন্টা করেছিল, কিন্ত এই সমস্ত সত্ত্বেও আপনারা দেখেছেন রায় জ্বনতা দিয়েছে কংগ্রেসের অনুক্লে যার ফলে তমলুক মহকুমার প্রত্যেকটি আসন আজ কংগ্রেস পক্ষে চলে এসেছে। তারপর নৈতিক চরিতের অধঃপতনের কথা বলা হয়েছে। সেটা কমানিষ্ট পার্টিই অত্যন্ত বেশি করে করেছে। এবং আমি বলবো বহু, জায়গায় মদ বাবহার করা হয়েছে এইজনা। আমি বলবো বহু, জায়গায় আরো অতাশ্ত মনাায় নাঁতি অবলম্বন করা হয়েছে। জাতির নৈতিক চরিত্র অধঃপতনের দিকে নিয়ে যাবার ্রেটা তারাই করেছে। এবং এর জন্য দায়ী একমাত তারাই। এখানে বিরোধীদ**লের নেতা বে** ্রথা বলেছেন- অবশা আমি তাঁর কথা দিয়েই আমি তাঁর সমস্ত তাটি দেখিয়ে দিচ্ছি। আমাদের বিরোধীদলের নেতা, তিনি একজন শ্রুখাভাজন নেতা বলেই আমার মনে হয়, তাঁর সংক্ষা আমার এই প্রথম পরিচয়, তাঁকে আমি আমাদের দেশে একটা গান আছে "তোমার ফুলেই তোমার প্জা মা" সে কথাই বলছি এবং তার কথার মধ্যে দিয়েই তালের দোষ দেখিয়ে দেবার চেষ্টা করছি। মজার কথা, মাননীয় রাজাপালের ভাষণের উপর একটা বিরূপ কটাক্ষ করেছেন বিরোধী-দলের নেতা। গোবর সদব্দেধ বলতে গিয়ে তিনি বলেছেন যে গোবর প্রভিয়ে সার হয় না। ध मन्दर्भ विद्वाधीम्रालव तिला विदाल घन्छवा कतरह शास्त्रम कादण छीता ध भाषिरक फरनन मा. ভারা ত এই মাটির নাম উচ্চারণও করেন না, ভারা ত এই মাটিকে ভাল করে জানেন না, এ মাটির বা প্রয়েজন তা তাঁকা জান্মন না বলেই এইরসম কথা বলতে পারেন। এই মাটির বা সবচেয়ে বেশী প্রয়োজন তা হল নাইট্রোজেন। এই নাইট্রোজেন গোবরের মধ্যে বথেন্ট রয়েছে। এবং এই लाकेरवेगरकान आह्वा रक्षणी करण्यक स्वाकारतक भारत। आधि वक्तरवा वाश्वारकरण यीम कृषित छेन्नीछ করতে হর তাহলে নিশ্চিত গোণরের আশ্রয় নিতে হবে এবং কেমিকালে সারের চেয়েও তা সবচেরে রহজ্ঞতম এবং সবচেরে প্রকৃষ্টতম হবে। কাজেই গোবর সন্দেশে যাঁরা এইরকম সমালোচনা করেন তারা বাংলাদেশের মাটি চেনেন না, এই কথাই আমি বলবো। আমরা বদি বলি আমাদের

ৰংলোদেশের মাটিতে আমাদের যে সমসত রাসায়নিক সার দরকার, যে সমসত বৈজ্ঞানিক প্রতিষ্ঠা দরকার তা এখন পাচ্ছি না অর্থের অভাবের জনা সেখানে আমরা গোবর বা গোমত বদি বাবহার করতে পারি তা করব। তাহলে সেটা কি অন্যায় হবে? রাজাপাল মহোদয়া তাঁর ভাষণে চিক্ত কথাই বলেছেন।

বিরোধীদলের নেতা শ্রীহেমনত বস্ব বেকার সমস্যার কথা উল্লেখ করে বলেছেন দেশের আথি ক উল্লেভি একেবারেই হর্মন। আমি বলি যদি আথিকি উল্লভি না হত তাহলে সিনেমা ঘরগালৈ কি করে ভাতি হয়। আমাদের স্কুলের ছেলেমেরেরা এক পড়াশ্নার খরচ, বইরের খরচ অনেক করে, এ খেকে ব্যুঝা যায় দেশের আথিকি উল্লভি হয়েছে। এই বলে আমি আমার বস্তব্য শেষ্ করেছি।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that it does not depict the correct picture of the problems of the State."

মাননীয় স্পাঁকার মহোদয়, নির্বাচন সংক্রান্ত ব্যাপারে যেসব দুন্নীতির অভিযোগ কংগ্রেসের বিরুদেধ আনা হয়েছে সে সম্বন্ধে ভূরি ভূরি দুংটানত দেওয়া যায়। কিন্তু এ সম্বন্ধে বিরোধী-পক্ষের শ্রীজ্যোতি বস্মহাশয় এবং শ্রীহেমদত বস্মহাশয় বিস্তৃতভাবে আলোচনা করেছেন. স্তরাং এ সম্বশ্ধে আমি আর কিছ্ বলতে চাই না। মাননীয়া রাজাপালিকা তার ভাষণে যে দ্ব'একটি কথা বলেছেন, যেটাকে নীতি হিসাবে দেখানার চোটা হয়েছে - পশ্চিম বাংলাকে কোনাদকে নিয়ে যাওয়া হবে, কি ভার লক্ষ্য হবে এবং কিভাবে সেই লক্ষ্যে পেণীছাবার চেণ্টা করা হ'ব সে সম্বন্ধে তিনি কয়েকটি ইপ্সিত দিয়েছেন। সে সম্বন্ধে প্রথমে আপনার দুখি আকর্ষণ করে আমি আমার বস্তবং শুরু করব। তিনি বলেছেন যে অমাদের মুখা উদ্দেশ্য হ'ল জনসাধারণের জাবিন্যাচার মান উল্লয়ন করা তাদের খাদের, বস্তের, গাহের বাবস্থা করা, চিকিৎসার বাবস্থা করা এবং নিম্নতম চাহিদাগালি পারণ করা। আর একটি তিনি বলেছেন তা হ'ল এই যে, বাতে দেশের যে ধনসম্পদ তা যেন মাণ্টমেয় লোকের হাতে জমা না হয় এবং সেই ধনসম্পদ যাতে জনসাধারণের মধ্যে ন্যায়সম্পত্ত বে বিতরিত হয় সেইভাবে কাজ করা। কিন্ত মাননীয়া রাজাপালিকার ভাষণের পরবতী অংশে আমি সেরকম একটা চিত্ত কোথাও দেখতে পেলাম না যাতে করে এটা বলা যায় যে বাংলাদেশের জনসাধারণের আয় বেডেছে এবং বাংলাদেশের জনসাধারণের যে জীবন্যাতার মান সেই মান উরাত হয়েছে এবং সজ্গে সজ্গে উল্টো দিকটা আমি দেখছি যে ধন বণ্টনের ক্ষেত্রে কোন ন্যায়ের বালাই নেই এবং মুখ্টিমেয় লোকের হাতে বাংলাদেশের ধনদৌলত গিয়ে জমায়েং হচ্ছে। জনসাধারণের অবস্থার কোন উল্লাত হয় নি সরকারী পার-সংখ্যান দিয়ে সেক্থা বলা যায়। আমাদের আয় বেডেছে কিনা সে সম্বন্ধে যদি দেখি তাহলে দেখৰ পশ্চিম বাংলায় যখন প্রথম পাঁচশালা পরিকল্পনা শেষ হ'ল তখন দেখলাম আমাদের আয় শতকরা ৭ ৩ ভাগ বেড়েছে। কোন সময় ় না ধখন ভারতবর্ষে গড় আয় বেড়েছে শতকরা ১০ ২ ভাগ অর্থাৎ বাংলাদেশের গড় আয় ভারতবর্ষের গড় আয়ের তুলনায় কমে গেল। দ্বিতীয় পাঁচশালা পরিকংপনায় যেখানে ভারতবর্ষের গড় আর হ'ল ১৮.৪ তথন বাংলাদেশের গড় অায় দাঁডাল শতকরা ১২ ভাগ।

[4-40 -4-50 p.m.]

অর্থাং ভারতবর্ষের গড় আয়ের পরিমাণ যে হারে বেড়েছে সেই হারে বাংলাদেশের গড় আয় বাড়ে নি। এর সপো সংগ আর একটা কথা মনে রাখতে হবে সেটা হচ্ছে এই ভারতবর্ষের মধাে বিভিন্ন রাজা এমন আছে ষেথানে গড় আয়ের উপর তাদের আয় বেড়েছে। সোদক থেকে যদি বিচার করি তা হলে বাংলাদেশের আয় যে বাড়ে নি এটা স্বভাবতই মনে হবে। আমি পরিসংখ্যান থেকে বলছি যে, পদিচম বাংলায় ৪৬১ টাকা মাথাাপছ্ গড় আয়। বাদ এই ৪৬১ টাকা ঠিক ব'লে মনে করি তা হ'লে সেখানে দেখতে হবে ভারতবর্ষের মধাে শিলপপ্রধান অঞ্বল ছিসাবে কলকাতা এবং সৈই কলকাতায় ধনকুবেরদের আয়ের পরিমাণ নিশ্চয়ই বোশ। এথেকে গোটা প্রামণি বাংলায় চিত্র বোঝা বাবে না। বাংলাদেশের আয়ের অবস্থাটা ব্রুতে হলে কৃবিরজ্বের এদের আয় কি সেটাই বলা উচিত। তা হলেই স্পন্ট বোঝা বাবে। আমাদের দেশ
কোষার আছে; এই ১৪ বংসরে আমরা কড়টুকু এগিরেছি সেটা বোঝা বাবে। আমাদের দেশে

কৃষি-মন্ত্র যারা জমির উপর নির্ভরশাল—প্রতাক্ষভাবেই হোক আর পরেক্ষিভাবেই হোক—ভাবের হছে শতকরা ১৫ ভাগ। সেই কৃষিমজ্বের ১৯৫০-৫১ সালের বাংসরিক আর ছিল ১৫২ টাকা, আর ১৯৫৬-৫৭ সালে সেই আর সামান্য কিছু বেড়ে ১৫০-৯ টাকার এসে দাঁড়িরেছে। তার মানে হছে মাসে ১২॥০। আর সেই সপ্যে যদি আর একটা হিসাবের দিকে তাকাই তাহলে দেখব ১৯৫০-৫১ সালে কৃষি-মন্ত্র শ্রেণীর খণের বোঝা ছিল ০২-৯ টাকা আর ১৯৫৭ সালে তার পরিমাণ বেড়ে দ্বিগ্রছে। এখন ৬৯-২ টাকা খণের বোঝা এসে দাঁড়িরেছে। এই-ভাবে সামাগ্রক বাংলাদেশের জনসাধারণের আয় বেড়েছে কিনা দেখতে হলে দেখব আর তাদের বাড়ে নি। ম্ভিমের করেকজন লোক যাদের হাতে কলকারখানা আছে, যাদের হাতে বড়ু বড়ু বারসা আছে, যারা বিভিন্ন বিষয়ে ফাটকাবাজি করে, চোরাকারবার করে, আর অভি ম্নাফা স্বীকার করে তাদেরই আর অনেক বেড়েছে। সপো সপো সাধারণ মান্বের আয় বিশেষ করে দ্বামন্লোর বাজারে দিনের পর দিন, বংসরের পর বংসর কমে কমে বছে। এই অবস্থা আমাদের প্রথমে লক্ষ্য করতে হবে যে, সাধারণ মান্বের আরা বাড়ে নি। বাংলাদেশের গড় আরু কিছুটা বাড়লেও সেখানে সাধারণ মান্বের উপবার হয় নি।

এবার কৃষির দিকে তাকান। যে-কোন অর্থানীতির কথা হচ্ছে যে, কৃষি, বাবসা এবং শিল্প এই ৩টা বিষয়ে সামলস্বিধান করে অর্থনীতি এগতে, অর্থনীতি কিভাবে পরিকল্পিত হবে সেঠাও ঠিক হবে। সেই কৃষির দিকে ভাকালে দেখা যাবে যে সেখানে ভাম সংস্কার আইন হয়েছে: অথচ ৬-৭ বছরের মধ্যে আমরা দেখলাম যে এখনও পর্যন্ত যে জামগালৈ সরকারের হাতে বতেছে সেগুলি ভূমিহ**ীন ক্যকের মধ্যে বিলিবাটোয়ার। করার কোন বাব**ম্থা হাল না। শুধ্য তাই নয়, বিলবটোয়ারা করা তো দারের কথা, কি পরিমাণ ভাম উপত্ত দাঁড়াবে ডাও রাজ্যসরকার এখনো পার্বকারভাবে বলতে পারেন নি। এই উপ্র ত জাম এখনও পর্যাপ্ত বছা অসাধ্য ভাষদাররা বেনাম ক'রে রেখেছেন। চারাগানের অবস্থা আপনারা সকলেই জানেন। সেথানে চাবাগানের যে উদ্বৃত্ত জামতে বছরের পর বছর ধান হয়েছে, দ্বিতীয় মহাযাদেশর বহা আগে থেকে সেখানে ধান তৈরি হ'ত। আমরা মনে করেছিলাম যে সেইসমুহত জাম খাস করে নেওয়া হবে এবং সেই খাস জমি সংলগন চাষী এলাকার চাষীদের মধ্যে বিলিবাটোয়ারা করা হবে। किन्द्र टा शंन ना, वर्द्ध अदनक हावाशास्त्रद्र आंगिक स्मर्ट आवामी क्रीमरक वॉमवाशान दिमार পতিয়ানে দেখিয়ে দিলেন বা অনেক জনিকে আবার শ্রামক বসতি হিসাবে দেখান হ'ল। তারপর কমিটি, কমিশন ও এক্সপার্ট কমিটি বসানোর জনা চাবাগান মালিকদের তরফ থেকে ভাষণ চাপ আসতে আরম্ভ হ'ল। সেই কমিশন বসল এবং বসার পর কি পরিমাণ জাম চাবাগানে উচ্বস্ত হিসাবে পাওয়া যাবে সেটা এখন পরিক্রারভাবে বোঝা যাচ্ছে না। অনাদিকে সেইসমুস্ত খাস জাম যা ১০(২) জাম বা উদ্বন্ত জাম তার প্রজা বা চাষী দুইদিক মার খেতে আরুল্ড করল। তাদের পাটা দেওয়া বা জুমি বাবস্থা দেওয়া হল না। সেখানে তাদের ক্ষাতপরেণ দেবার জন্য রাধা করা হ'ল। তারপর সেই জুমি আবাদ করার জনা লাইসেন্স তাদের দেওরা হবে। অনাদিকে মাণের যার। ভোতদার -যাদের অধীনে ভারা প্রজা ছিল। তার। ভোর কারে জামর ধান রাখতে দাগল। ঠিক এইভাবে আমরা দেখতে পাচ্ছি যে, এই বাংলা সরকার ষেভাবে তাঁদের নাঁতি পরিচালিত করছেন তাতে বাংলাদেশের বিভিন্ন গ্রামাঞ্জল অশানিত থেকে যাচ্চে। এইভাবেই দেখা যাচ্ছে যে, বাংলাদেশের গ্রামীণ জীবনের যে চিত্র সেখানে যে কি দ্রোবস্থার মধ্যে সাধারণ মান্যে দিন কাটায় তার কোন ছবি - তার ভাষণে আমরা পেলাম না। জলনিকাশের বারস্থা, अठवाकथा हैटापित पिर्क यीप टाकान टा इला प्रथान प्रथान प्रथान या कडकग्रील वदस्य उन्ह পরিকল্পনা নিশ্চয় হয়েছে, কিন্তু সেইসব পরিকল্পনা সাধারণ চাষীদের কল্যাণে আসছে না বরং ছিতে বিপরীত হচ্ছে। জলকর এইসব এলাকায় বেড়ে গেছে, যার জনা সেটা সাধারণ চালীর <mark>উপর</mark> वाबात २७ रख मौजिएसाइ। जर्नामस्य वर् धमाकास स्थारन व्हाउत स्नाठ भारतक्ष्मना हम्न नि जिचात छाउँ वा मार्काद स्कीम निरंत राम भदिकरभना कदा वा नमौनामा राभागि राखमस्य (भर्छ সংম্পিকে সংস্কারসাধন করে জলসেচের ব্যবস্থা আজ পর্যন্ত হল না। এর ফলে বি**ভিন্ন** দারগার আবাদবোগ্য জমি জলের অভাবে পড়ে আছে এবং ফলনও কমে বাক্ষে। এই অবস্থার ভেতর দিরে আমাদের গ্রামীণ সমাজ বা কৃষিবার্যস্থা চলছে।

[4-50-5-10 p.m.]

Mondal, Shri Dulal Chandra Mukherjee, Shri Girija Bhusan Mukhopadhyay, Shri Bhabani Mukhopadhyay, Shri Rabindra Nath Murmu, Shri Nimai Chand Pal, Shri Bejoy Pal, Shri Kanai Raha, Shri Sanat Kumar Ray, Shri Birendra Narayan Roy, Shri Aswini Roy, Shri Bijoy Kumar Roy, Shri Monoranjan Roy, Dr. Narayan Chandra Roy Pradhan, Shri Amarendra Saha, Shri Abhoy Pada Saha, Shri Jamini Bhusan Sen Gupta, Shri Niranjan Sen Gupta, Shri Tarun Kumar Shamsuddin Ahammad, Shri Soren, Shri Suchand Thakur, Shri Shreemohan

The Ayes being 72 and the Noes 133, the motion was lost.

The motion of Shri Asoke Krishna Dutta that "A respectful Addi in reply be presented to the Governor as follows:

"We, the members of the West Bengal Legislative Assembly assemb in this session, beg to offer our humble thanks to the Governor the most excellent speech which she has been pleased to deli to both the Houses of Legislature assembled together on 13th March, 1962,"

was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. on Monday, 19th March 1962.

Adjournment

The House was then adjourned at 12-32 p.m. till 3 p.m. on Mond the 19th March, 1962, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 19th March, 1962, at 3 p.m.

PRESENT:

Mr. Speaker (The Hon'ble KESHAB CHANDRA BASU) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State. 5 Deputy Minister, and 174 Members.

[3-3-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, the Board of Secondary Education, West Bengal, issued a circular to the Heads of all recognised Class X and Class XI schools on the teaching of languages. This circular was issued in phased implementation of the Government Order No. 2894-Education(G), dated the 8th August 1961.

It appears that the Board only implemented the new scheme of Hindi in Class VI and Sanskrit in Class VIII in the academic session commencing from the 1st January. 1962. There was provision in the Board's previous syllabus for Higher Secondary Schools that students could offer Hindi in lieu of a classical subject in Classes VI to VIII. The Board, therefore, felt that students who did not study a classical language earlier might not cover the new syllabus of Sanskrit in three years in Classes IX to XI and, as such, the Board did not insist that classical language should be a compulsory elective subject in Classes IX to XI in Higher Secondary Schools this year.

General Discussions on the Budget for 1962-63

Shri Somnath Lahiri:

শ্রীযক্ত অধ্যক্ষ মহাশয়, গত কদিন আলোচনার সময় অনেক কংগ্রেস সদস্য সহযোগিতার কথা তুলেছেন। তাঁরা আল্তরিকভাবে কথা তুলেছেন বলে আমি ধরে নিচ্ছি। কিন্তু নতুন সদস্যরা জানেন না যে আমরা সহযোগিতা করি যথনই সদ্ভব হয়। কিন্তু মন্দ্রিসভা শ্বাধ সহযোগিতা করেন না তা নয়, সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েও অনেক ক্ষেত্রে সেই প্রতিশ্রুতি রক্ষা করেন না। ধর্ন এই বাভেট সম্পর্কিত আয়-করের অংশ ইত্যাদি ব্যাপারটা। পশ্চিমবঙ্গা যে তার আয়-করের নায়া পাওনা পায় না এটা সকলেই জানে। ১৯৬১ সালে আমরা বিরোধী পক্ষ উপ্যাচক হয়ে এখানে মোশান এনেছিলাম যে ফাইনাল্স কমিশান পশ্চিমবঙ্গের প্রতি এ ব্যাপারে স্বিচার করে নি। সরকার পক্ষ সেই প্রস্তাব স্বীকার করে নিয়েছিলেন এবং স্বীকার করে নেওয়ার পরে, প্রস্তাব গৃহীত হওয়ার পরে ৪-৩-৬১ তারিখে বিধানবাব্ প্রতিশ্রুতি দিরোছিলেন যে

"I would suggest that after a little while when we are more or less ready with our figures and proposals to be placed before the Finance Commission, we sit together with some members of the Opposition side...... and discuss our points of view and emphasize certain points."

কিন্তু তিনি সেই প্রতিশ্রতি রক্ষা করেন নি। বিরোধী পক্ষের কাউকে ডেকে তিনি কোন পরামণ করেন নি। এমন কি ফিনাল্স কমিশানে কি তিনি বলেছেন তার মেমোরানভাম বা তাঁর বন্ধবা আমাদের কিছুমান্ত জালান নি; বাজেট আলোচনার প্রাক্ষালেও তিনি জানান নি। না জানলে আমরা সহযোগিতা করবো কি করে? বিরোধী পক্ষের কাছ থেকে ঢাক-ঢাক গ্রহ্-পর্ব্ করে বিধানবাব্ কি থার্ড ফাইনাাল্স কমিশানের কাছ থেকে অনেক বন্ধতা ভর্তি করে নিয়ে আসতে পেরেছেন? পারেন নি। বরং আমরা দেখতে পাই পাওনা আরো কমে গেছে।

তারপর ধর্ন আমরা কিছ্দিন ধরে বর্গাছ একটা এসটিমেট করিটি করা হোক—বেজন পার্লামেন্টে আছে। সদস্যদের প্রতিনিধিরা সেখানে বাজেট তৈরীর ব্যাপারে পরামর্শ ও সহবোগিতা দিতে পারেন। বেহেন্ড্ বিধানবাব, আমাদের সহযোগিতা চান না, সেহেন্ড্ আজ পর্বশ্ত এসটিমেট কমিটি করার প্রশ্তাবে তিনি রাজী হন নি।

বাই হোক এবারের বাজেটে সেই একই কথা, গতানুগতিক। কোথাও ছিটেকোটা কৃপা বর্ষণ আর অনেক জারগায় শোষণের মুখল বর্ষণ। ন্তনত্ব শুধু এইখানে গলাবাজি আর আত্মপ্রাদ চরমে উঠেছে। গত বছর অবস্থা নাকি যুক্তিসগগতভাবে এত সন্তোষজনক ছিল যে ৮২ বছরের বৃন্ধ মুখামন্টার রোমাণ্ড জেগেছে। অথচ কলকাতার শিল্পাণ্ডলে বারা বাস করেন, তারা লক্ষ্য করে থাকবেন গত বছর যে অবস্থা ছিল তা অরাজকতার সামিল। আমি একটি একটি করে মনে করিয়ে দিছি—এক নন্বর—চটকলের মালিকরা ধর্মঘট করলো যাতে কৃষকরা পাটের দাম না পায়। হাজার হাজার শ্রমিককে মজ্বরী থেকে বিশ্বত করলেন এবং পাটের উৎপাদনও নত্ট করলেন এবং শেষ পর্যক্ত বিধানবাব্র কৃপাতে তাদের স্থাপিত করলেন এবং পাটে ইলো।

ভারপর দ্ব-নন্বর—বিদান্থ সরবরাহ বন্ধ হলো। সারাজীবন যা দেখিনি গত বছর দেখলাম রাশতার, বাড়ীতে বাড়ীতে, বিভিন্ন এলাকায় কারখানা সমস্ত কলকারখানা দিনের পর দিন বন্ধ। উৎপাদনের ক্ষেত্রে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেল। এবং ইলেকট্রিসিটি সাংলাই কোম্পানী তাদের স্থীপিত ফল লাভ করলো। তারা নতুন জেনারেটার আদার করার অনুমতি পেলেন। ফলে বিদান্থশিকেপ বিদেশীর অংশ আরো বাড়লো। তাতে ফল কি হরেছে?

তিন নন্দর হলো—ডাল ও তেল কলের মালিকরা ধর্মঘট করলেন, দাম বাড়লো। এক সরকারী মুখপাতকে জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন এ বিষয়ে আমাদের করবার কিছু নাই।

চার নম্বর—মাংসওয়ালারা হরতাল করলো এবং দ্-ক্রেপে সের করা আট আনা দাম বাড়িয়ে দিলো।

পাঁচ নম্বর হলো—মাছের বাজারে আগ্রন লাগলো, দাম চড়ে গেল।

ছ' নন্দ্ৰর—আল্-বেগনে তাল্ডাংগ্রিক দামও তাদের পদাৎক অন্সরণ করলো। আর কত্ত নাম করবো? সব ব্যাপারেই সরকার শ্বা দর্শক। চালের দামও বাড়ছে। ট্রামের ভাড়াও বাড়াবার ব্যবস্থা হছে। গোটা বাজেটে এ সন্বদেধ কোন সরকারী ব্যবস্থার হদিশ পাবেন না। বরং পাইকারী ম্লামান অতি সামায়কভাবে সামান্য ইতরবিশেষ হয়েছে তাই নিয়ে কি আত্মসন্তৃতি প্রকাশ করছেন! কিন্তু থার্ড ক্যানের যে সতর্কবালী তা কি তিনি ভূলে গেছেন? থার্ড ক্যানে বলা হয়েছিল

These balances and safeguards notwithstanding, the possibilities of significant-and even disturbing-price rises cannot be entirely eliminated গত বছরের মূল্যবাদ্ধি বাস্তবিকই ডিসটারবিং কিন্তু তাতে আমাদের এই মিল্যসভার চিত্ত আদৌ ডিসটার্বড হয়নি। আমরা বারবার বলেছি অন্তত ফুড-গ্রেনসত স্টেট ট্রেডিং-এর ব্যবন্ধা

[3-10-3-20 p.m.]

ৰূর্ন তাতে ম্লা নিয়ন্ত্রণ হবে এবং সরকারের হাতে সংগতিও আসবে। এ বিষয়ে আমরা সহবোগিতা করতে প্রস্তৃত। কিন্তু সরকার সে সম্পর্কে একেবারে নিরব।

রাজাপাল বলেছেন দারিদ্রের সমস্যা এদেশে আছে, আর মুখামন্দ্রী মহাশর বলেছেন অথ নৈতিক অবস্থা ব্রিস্পাতভাবে সন্তোবজনক এবং তা দেখে তাঁর রোমাণ্ড হল। জহলে দারিদ্র আছে, একথা মুখে বললেও বাস্তাবে স্বীকার করেন নি। অথচ কি ভরুকর দারিদ্রা। ১৯৫৯ সালে ইউ এন ও-র তরক থেকে ৪০টা দেশের খাদ্যাবস্থা সম্বন্ধে অনুসন্ধান হরেছিল। তাদের সিম্পান্ত কি? তাই ৪০টার মধ্যে ভারতবর্ষ হচ্ছে ওরাস্ট্র ফেড নেশন। ৪০টা জ্যাতির মধ্যে সবচেয়ে কম খেতে পায় ভারতবাসীরা। ভারতবর্ষে ১৯৩৪-০৮ সালে গড় ধাদ্যাকারিছল ১৯৫০, আর সেটা ১৯৫৬ সালে দাঁভিয়েছে ১৮১০।

বলেছেন "পশ্চিম বাংলার কথা"। পশ্চিম বাংলার জনসংখ্যার চাপ আছে, সতিা। ত্তিনত পশ্চিম বাংলা আবার ভারতবর্ষের মধ্যৈ প্রধান শিলপসমন্ধ দেশ। এখানে সারা উত্তরভারতের প্রধান বন্দর ও বাণিজ্ঞা কেন্দ্র। কাজেই দরের মিলে পন্চিমবংশার অকথা ভাল হবার কথা। একটা বেসরকারী ভূইফোড় দট্যাটিসটিকস-এর কোটেসন তলে ধরে বিধানবাব, দেখাচ্ছেন পশ্চিম বাংলার নাকি মাথাপিছ, আর সবচেরে বেশী। স্বতরাং তিনি গর্ব করেছেন। কিন্তু তিনি বে প্রবন্ধ খেকে উন্ধৃতি দিয়েছেন, সেই প্রবন্ধটা আমলা মারফং কোটেশন না করে, নিজে একটা পড়ে দেখবেন। সেই প্রবন্ধে পশ্চিম বাংলার গড় এক্সপেনডিচার-এর হিসাব দেওয়া আছে। তাতে দেখতে পাবেন আমাদের এখানে গামাঞ্চল মার্থাপিছ, খরচ যা মানুষ করতে পারে – আসাম, পাঞ্জাব, মহীশরে ও উত্তরপ্রদেশের চেয়ে নীচে। পার ক্যাপিটা ইনকাম সকলের উপরে আর থরচ করার ক্ষমতা ঐ পাঁচটি প্রদেশের চেয়ে নীচে: শহর ও গ্রাম মিলিয়ে পশ্চিমবশ্গে মাথাপিছ, থরচ ইউনিয়ন টেরিটরিস, পাঞ্চাব, জন্ম, কান্মীর ও রাজস্থান থেকে নীচে। কেন্দ্রীর শাসিত অঞ্চলে ৩৬১৯৯ টাকা আর সেখানে পশ্চিমবংগ্য হচ্ছে ২৪-৮৬ টাকা। এটা ইস্টার্ন ইকোনমিস্ট-এর ২৩শে ফেব্রুয়ারীর খবর, তাদের পরিসংখ্যান থেকে দিলাম। কাজেই পশ্চিমবন্দের আয় সর্বোচ্চ হতে পারে: কিন্ত সেই আয় বায় কোখার তা আপনারা অনায়াদে ব্রুতে পারেন। কোথার বায় তা পশ্চিত নেইের বলে দিয়েছেন। ১৪ বছরে যারা একশো বছরের চেয়ে বেশী মানাকা লাঠতে পেরেছে তাদের কাছেই গেছে। ১৯৬০ সালের আগস্ট মাসে রিজার্ভ ব্যাঞ্ক-এর গভর্নর বলেছেন সিংহলে মাধাপিছ, আয় ইতিমধ্যে ৫০.০ টাকা এবং ভারতবর্ষে তা হতে পারে ১৯৭৫ সালে! গভনরের মতে তখনও প্রথিবীর মধ্যে ভারতবর্ষ দরিপ্রতম দেশ হরে থাকবে। এই অবস্থা আমাদের এবং বা দেখে আমাদের মুখামলটী মহাশয়ের রোমাণ্ড হয়েছে। এই অবস্থায় মাত্র ২৯৩ কোটি টাকা স্টেট থার্ড ফাইভ-ইয়ার স্ল্যানএ নিয়ে তিনি খুব খুসী। এমন কি স্পান-এর প্রথম লক্ষ্য ছিল ৩৪১ কোট টাকা তাও কাটতে হয়েছে। তা ছাড়া ততীয় প্লাংনের টাকার জন্য যে টাকা উঠবে তাও সবটা প্লানে ধরচ হবে কিনা, যথেষ্ট সন্দেহ আছে। দ্বিতীয় স্পানেও হয়নি। দ্বিতীয় স্পানে অর্থ সংগ্রহ হয়েছিল কি কি। কেন্দ্র সাহায্য ৭৫·৩ কোটি টাকা এবং রাজ্য সরকার সংগ্রহ করেন মারকেট লোন নিয়ে ২৬ ৯১ কোটি টাকা। তারপর কেন্দ্র থেকে আবার লোন দেওয়া হয় ২৭ ৮৮ কোটি টাকা এবং অতিরিক্ত কর-ভার ৬৫ কোটি টাকা। এই সমুদ্ত মোট মিলিয়ে ১৯৫.০৯ কোটি টাকা। আর এখানে বাজেট বন্ধতায় বলা হয়েছে

second plan was of the order of Rs. 148 crores.

তার মানে বাকি ৪৭ কোটি টাকা, অর্থাৎ শতকরা ৩২ ভাগ নন-স্গান খতে থরচ করা হয়েছে। কিন্তু যদি থার্ড স্ব্যানএ সব টাকাই খরচ করতে পারেন, তব্ত ১৯৭৫ সালে ভারত থাকবে প্রিথবীর দরিদ্রতম্ সকল দেশের নীচে। স্তরাং থার্ড জ্যানকে আরও বড কর; দরকার। भ्र.टतार भ्नान व्यत्नक वर्ष कदा पदकाद, प्रान्तिहरू कना आरता अत्नक वावन्था कता पतकाद। वर्ष শ্লানের সংগতি কোখার বলকে। সংগতি পাওয়া বায় কিন্তু খ্রন্ধতে হয়। সংগতি পেতে হলে প্রথম কি চেন্টা করতে হবে? প্রথমে যে সংগতি আছে সেই সংগতির চরি হয়ে যাওরা কর্ম করা। চুরির জনা মন্ত্রীরা প্রতাক্ষ বা পরোক্ষভাবে দায়ী। একটা ন্যানা দিচিছ, এটা আমাদের कथा नग्न, कान कामकीनात्म्येत कथा नज्ञ, हीन अकलम श्रक्त-ए कामकीनम्ये विरातायी अवर अहे মন্ত্রীদের দুর্নীতি দমন বিভাগের ভূতপূর্ব অধিকর্তা ডাঃ নবগোপাল দাস, আই সি এস। তিনি একটা উদাহরণ দিয়েছেন তার বইতে আমি সেটা আপনাকে একট, পড়ে দিছি। এইভাবে এ'দের অফিসার লিখছেন "পাঁচশালা পরিকল্পনায় জনকলাণ প্রসারী নানা কর্মসূচির অজ্বহাতে প্রতি বছর লক লক টাকা খরচ হচ্ছে। টাকাটা প্রথমে দিই আমরা, দেশের সাধারণ করদাভার দল। তারপর তা জমা হয় সরকারী তহবিলে এবং প্রতি বছরই সেই তহবিল থেকে একটা মোটা অধ্ক সরকার ভূলে দেন নানা বেসরকারী অথবা আধা সরকারী প্রতিষ্ঠানের হাতে।" তারপর একট বাদ দিয়ে পড়ছি, "মনে পড়ে, আমার কাছে একদিন খবর এসেছিল দেশেরই বিখ্যাত এক প্রতিষ্ঠান সম্পর্কে। সংবাদদাতা তার নাম দেন নি। তার ভয়, নাম প্রকাশ হলে তিনি হয়ত বিপদে পড়বেন। তবে তালিকা দেখে আমার কোনই সন্দেহ ছিল না বে তিনি প্রতিষ্ঠানের ভেতরের লোক, এমন প্রেমান্প থে বর্ণনা বাইরের কারে পক্ষেই দেওয়া সম্ভবপর হ'ত না।

"প্রাথমিক তদ্দত করে জানলাম একজন মল্টী এই প্রতিষ্ঠানের অবৈতনিক সভাপতি। ম**ল্টী** মহোদমের কাছে আমার প্রাথমিক তদ্দেত্র রিপোর্ট পেশ করলাম। র্শতিনি হকচাকরে গেলেন। আমাকে ডেকে বললেন, ডাঃ দাস, এসব সম্পূর্ণ মিখ্যা অভিযোগ, নিতাস্ত ঈর্যাপ্রস্ত। আমি জানি এই প্রতিষ্ঠানের মধ্যে দুটো দল রয়েছে, বিরোধীপক্ষ তাদের খুসীমত প্রতিষ্ঠান চালাতে পারছে না বলেই এইসব আজগুরি কথা আপনার কাছে লিখেছে।

"সম্ভাবনাটা আমি অস্বীকার করলাম না, কিন্তু বিনীতভাবে জ্ঞানালাম যে সংবাদদাতার চিঠিকে আমিও গসপেল ট্র্রুথ বলে মেনে নিই নি, আমি নিজে খানিকটা তদস্ত করেছি এবং অধিকাংশ অভিযোগই ভিত্তিমূলক বলে আমার মনে হয়েছে। তব্ কোন চ্ডান্ড সিম্পান্তে আমি আসিনি আমি বিধরটা তার সামনে উপস্থাপিত করেছি যাতে পরে তিনি বিব্রুত বোধ না করেন। তার অনুমতি নিয়ে আমি আরও গভীরভাবে অনুসন্ধান করতে চাই।

তিনি বললেন যে কাগজপত্র ভাল করে দেখে আমাকে পরে জানাবেন। তথনই ব্রক্তাম তিনি চান না যে বিষয়টার কোন ব্যাপক তদন্ত হয়। এই প্রতিষ্ঠানের নোংরা কাপড় জনসাধারণের সামনে ধোওয়া হ'লে তার গায়েও ছিটেকোটা লাগবে এই তার ভর।"

আমি শুধু একটা নম্না দিলাম। সর্ব দিক থেকে এটা বিশ্বাস্থােগা। তাঁর বর্ণনা থেকে বললাম এবং তিনি প্রচণ্ড কমিউনিস্ট বিরোধী ছিলেন। অবশ্য এতে বিরোধী পক্ষের সমালােচনাও করা হরেছে এবং সেই সব আলােচনা ঠিক হলে তা গ্রহণ করতে রাজী আছি। কিন্তু কথা হচ্ছে, পরসা ত আর আমরা নিরন্ত্রণ করি না। সংগতি অনতে হলে এই চুরি বন্ধ করতে হবে। বদি সরকার রাজী থাকেন তাহলে আমরা সন্পূর্ণ সহযোগিতা করতে রাজী আছি।

তারপর চুরি বংধ করতে হবে, কি চুরি : ট্যাক্স চুরি । ট্যাক্স চুরি কি হয় আমাদের দেশে তা বর্লাছ। ট্যাক্স চুরি বংধ করা, পর্লাস এ্যাকশন নেওয়া আমাদের রাজ্যসরকারের করণীয়। বেশী দ্বে নয়, স্টক এক্সচেঞ্চ মারকেট-এর পাশাপাশি কার্টান মারকেট আছে, দেখানে কিছ্টা ধরপাকড় করলেই অনেক সংগতি বেরিয়ে আসবে। 'স্টেটসম্যান' ২৩শে মে এই সন্বংধ একটা রিপোর্ট লিখেছে, মন্দ্রী মহাশয়রা দয়া করে খেয়াল করবেন, 'স্টেটসম্যান' লিখেছে—

"Katni market is said to have grown more powerful than the official share market.....The total turnover in the Katni market is said to be in the neighbourhood of Rs. 10 crores dailyAccording to an expert estimate the Government of India would not have had to impose quite such heavy excise duties and cause quite such hardships to the ordinary citizen if steps were taken to recover the Government's share from the vast untaxed money that floats in the Katni market of Calcutta daily."

[3-20—3-30 p.m.]

দশ কোটি টাকার ডেইলি ট্রানজাকসন তার কোন ট্যাক্স আসে না সরকারের ঘরে। সরকার ইচ্ছা করণে অনেক টাকা আদার করে সংগতি বহু টাকা বাড়াতে পারেন। প্রাইভেট টেলিফোন লাইন সমেত অনেক লোক ধরা পড়েছিল, কিন্তু তারা ছাড়া পেলেন কেন না এদের সেবা করার জনাই কংগ্রেস সরকারের 'মিশ্র অর্থ'নীতি'। এরা যদি ধরা পড়ে—এদের ট্যাক্স চুরি যদি ধরা পড়ে তাহলে সরকারের উপর এদের কর্মফডেন্স থাকে না। বিধানবাব্ বাজেট স্টেটমেন্টএ বলেছেন যে এদের কর্মফডেন্স আছে বলে গভর্নমেন্ট চলছে—তিনি বলেছেন

the private entrepreneurs and investors have confidence in our national policy of a "mixed economy" and the national goal of a socialistic pattern of society.

এখন তাদের যদি ধরা হয় তাহলে স্বভাবতই তাদের কনফিডেন্স থাকবে না—সরকারের অবস্থা তাহলে কি দীভাবে?

তারপর এদের টান্সে নাঁতির, অর্থানাঁতির নম্না ধর্ন। ভূমিরাজন্ব, ১৯৬২-৬০ সালের বাজেটে ভূমিরাজন্ব ব্যাপারে ধরচ কি? আদার ধরচা ৪-২৫ কোটি টাকা আর ক্রতিপ্রেণ ৪-৩০ কোটি। একুনে ৮-৫৫ কোটি অর্থাৎ ৮ই কোটির বেশা, আর ভূমিরাজন্ব আদার কত? ৭-১১ কোটি, বেশা লাগল কত? ১-৪৪ কোটি টাকা। বাস, একেবারে হারবোল। কৃষককে দেড়ে মুসে যে টাকা আদার করা হল তার সব গেলা জমিদার, পাইক পেরাদার ঘরে, তার উপরে আরও সাধারণ রাজন্ব থেকে ১ই কোটি টাকা তাদের দেওরা হল। কেন? জমিদাররা উপরতলার ম্বরা—বেশা ক্রতিপ্রেণ বাদের পাওনা—তাদের ক্রতিপ্রেণর টাকা তা কমাতে পারেন; তাতে করেক কোটি টাকা বাঁচতে পারে। ক্রবেন কি? আমরা সহযোগিতা করতে প্রন্থত আছি।

তাঙ্কপর বিজয়কর। বিজয়কর ১৯৫৮-৫৯ ছিল ১৬-৬৫ কোটি, তার থেকে বৈড়ে ১৯৬২-৬০-তে হবে ২১-০৮ কোটি, আর কৃষি আয়কর ১৯৫৮-৫৯ সালে ৯০-১৯ লক্ষ থেকে ১৯৬২-৬০ সালে হবে ৭০ লক্ষ। বিদ্যু তারা বলেছেন বামপার ক্রপ হয়েছে, ম্লাব্নিশ হয়েছে, কৃষি আয় বাদের বেশী তাদের আয় বেড়েছে। অবশা জমিদারী দখলের পর কৃষি আয়কর কিছ্টা কমবে, সেটা স্বাভাবিক, কিস্তু কৃষি আয়কর চা-বাগানের উপরও আছে। কৃষি আয়কর সমেত চা-বাগানের আয়কর শতকরা ৬০ ভাগ দিতে হয় তার মধ্যে কৃষি আয়কর হিসাবে গণ্য হয় চার ভাগ। ৬০ ভাগ বিদ আয়কর তাহলে টাকায় চার আনা। চা-বাগানের মালিকের উপর এই সদাশয়তার কারণ কি। সেখানে স্পার টাক্স বসান। গরীব চাষী বা অলপ কিছ্ আমদানী হয়েছে এরকম লোকের কথা বলছি না। কিন্তু বড়লোক—যাদের দেবার সংগতি আছে তাদের কথা বলছি। তাহলে তো বহু লক্ষ টাকা হাতে আসবে।

তারপর আমাদের কলকাতার সাধারণ মানুষ যথন রবীন্দ্রশতবার্ষিকী পালন করেছিলেন তথন
এখানে চায়ের শতবার্ষিকীও হয়েছিল। পশ্ডিত নেহের চায়ের নীলামের জন্মশতবার্ষিকী করতে
এলেন কলকাতায়। সেটা কি বন্দু? একশ বছর ধরে আমাদের যে চা তারা নীলাম করে যা কিছ্
লাভ তার বাবসার উপর যা কিছ্ নিয়ন্দ্রণ বিদেশীরা ক'রে আসছে সেই একশ বছরের বিদেশী লেন
দেনের উৎসবে কংগ্রেস সরকারের মন্দ্রীর অভিনন্দন লাভ করল। ৩১ লক্ষ টি চেন্ট-এর মধ্যে
৩০ লক্ষ টি চেন্ট হছে বিদেশীর দখলে। দখল কর্ন চায়ের নীলাম সরকার। তাতে সন্দর্গতি
বাড়াতে পারবেন। বিধানবাব্ বলবেন না—আমাদের বাবসাদাররা আন্তে আন্তে কোম্পানী করে
নীলামের বাজার দমন করতে পারবেন। আমাদের ওতে দরকার নেই।

এই ১৪ বছর ধরে দেশী নিলামওয়ালারা ১ লক্ষ টি চেন্টের উপর কর্তাত্ব করতে পেরেছেন। ১৪ বছরে ১ লক্ষ হলে ৩০ লক্ষ দখল করতে ৪২০ বছর লাগবে। তখন বিধানবাব্যও থাকবে না আর আমরাও থাকবো না-কাব্রেই ভোগ করবে কে? তা ছাডা চায়ের ৬৪ ভাগ-চারের বাজার শুখু নয় গোটা চা সম্পদের শতকরা ৬৪ ভাগ আক্ত বিদেশীর হাতে। চা আর অন্যান্য বাগিচায় বিদেশী মূলধন ১৯৪৮ সালে ৫২ কোটি ছিল। আর স্বাধীনতার পর বিদেশী म्लाधन व्याप्त ६० व्यक्ति होका स्टाइहा अहा ५,६० मालात स्थित हास्त्र अना ५,६० माला থেকে ১৯৫৮ সাল পর্যক্ত বিদেশে ভারতের ইনভেন্টমেন্ট ইনকাম লাইবিলিটি—অর্থাৎ দার ৬৬.৩ कांग्रि ग्रेका। এই इत्क्र तिकार्ज गान्क-এর হিসেব। এই म.ठ वन्ध करत म्हानत कारस मानारज প্রস্তৃত আছেন? তাহলে সংগতি পাবেন এবং আমরা সহযোগিতা করতে প্রস্তৃত **আছি।** চটকল জাতীয়করণ করনে আমরা সহযোগিতা করতে প্রস্তুত আছি এতে সংগতি পাবেন। চটকলের মত একটা স্ট্রাটেজিক ইন্ডাস্ট্রি আমাদের হাতে আসবে, তার পণ্য সম্ভারে বৈচিত্র্য এনে আমরা আরও উন্নতি করতে পারব ৷ ইলেকটিক ও টাম-এর কথা আমরা আগেও বলেছি চাকৈলের কথা আমি বিশেষ করে বলব এইজনা যে গত বছর চটকলের মালিকরা যা করলেন তারপরে অন্ততপক্ষে তার ম্যানেজমেন্ট সরকারের হাতে নিয়ে নেওয়া উচিত--বাতে এইরকমভাবে কৃষকদের বিরুদেধ তারা লড়াই করতে না পারেন, শ্রমিককে মান্সিকলে ফেলতে না পারেন। সেই সময় আওয়াজ উঠেছিল বাংলাদেশে চটকল মালিকদের এই বাবস্থার বিরুদ্ধে একটা তদন্ত কমিটি বসান হউক। অন্ততপক্ষে আমরা দাবী করব একটা তদন্ত কমিটি বসান বিধানবাব। এই প্রশেনর তিনি কি জবাব দেন আমি জানতে চাই। তিনি সে সময় বলেছিলেন একটা ফ্রোর প্রাইস করা বেতে পারে তাও হর্মন। আজও চটকলের কৃষক, চটকলের শ্রমিক, চ**টকলের দেশী-বিদেশী** মালিকদের কর্বার পাত্র হরে পড়ে আছে।

কাজেই রাজ্যপালের অজ্হাতটা ঠিক নর যে সংগতির অভাব। বাদের সংগতি নেই তাদের আরও শ্বে নিয়ে এই দেশে ধনবাদ গড়ে তুলবেন এই হচ্ছে এদের নীতি। এতে মান্য মরবৈ শিদপারণও মন্মর হতে বাধা।

এখন বাজেটের কথা। আমি রাজন্বের হিসাব করে দেখলাম ১৯৫৮-৫৯ থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত প্রার প্রত্যেকটা বছরে মোট রাজন্বের শতকরা ৮০ ভাগ রাজ্যের টাাক্স এবং কেন্দ্রের গ্রাল্ট থেকে আসছে। সরকারী কমার্শিরাল আান্ড আদার আন্ডারটোকং সংক্যা থেকে ১ পরসাও ডিভিডেন্ড আসে না। টাক্স-এর উপরেই ভরসা। সেই টাাক্স-এর ধরণটা কি দেখ্ন, তার থেকেই এই সরকারের চরিত্র বোঝা বাবে। ১৯৫৫-৫৬ সালো জোর টাাক্স রেভিনিউ ছিল ২৫-০৮ কোটি

টাকা। আর ১৯৬২-৬০ সালে হবে ৫১-৯৮ কোটি টাকা। অর্থাৎ শতকরা ৯০০ ভাগেরও বেশী টাক্স বেড়েছে ১৪ বছরে। ঐ একই সমর 'Taxes on commodities and services অর্থাৎ মানুবের সেবার উপরে যে টাক্স ধার্য হরেছে সেটা ১২-৬২ কোটি থেকে ০১-২৬ কোটিতে উঠবে। অর্থাৎ মোট টাক্স-এর মধ্যে কমোটিটি আদত সার্ভিস টাক্স-এর অনুপাতে ৪৯-৭২ থেকে ৬০-১ পারসেন্ট উঠবে। মানে জনসাধারণের উপর বোঝা বাড়বে। বলেছেন এবার নতুন টাক্স আনবো না। ভরসা কি? গত বছর ঠিক একই ভাষার বিধানবাব বলেছিলেন I have not made any proposal for fresh taxation.
কিন্তু বছরের শেষের দিকে গরীবের সিনেমা-থিরেটারের উপর টাক্স বসিরে গতবারের বাজেটের তুলনার ৬৭ লক্ষ টাকা আদার করে নিলেন। এই হল টাক্স-এর ধরন। আর ধরটের ধরন সেকেন্ড ফাইভ-ইয়ার প্র্যান-এর নামে ১৯৫ কোটি টাকা জোগাড় করলেন। তার প্রায় শতকরা

৩২ ভাগই নন্ প্ল্যান খাতে খরচ করার উদাহরণ আমি আগেই দিয়েছি।

[3-30-3-40 p.m.]

তা ছাড়া কৃষি, স্বাস্থ্য, জল সরবরাহ, বস্তী অপসারণ, গ্রাম্য ক্রুদুশিলপ, হাউসিং ইত্যাদি প্রত্যেকটা খাতে বরান্দমত কাল করতে পারেন নি এবং কোটি কোটি টাকা ফেবং গেছে। আবার দেখনে সাধারণ বাজেটে সিভিল রাডিমিনিস্টেশান খরচ বেডেছে। জেনারেল রাডিমিনিস্টেশান **रबन, भूनिम धवर अधिमिन्ना**नि हेलामि मिनिएन ১৯৫৫-৫৬ माल धन्न रहाहिन ১২.०० কোটি, আর ১৯৬২-৬৩ সালের বাজেটে হবে ১৬-২৯ কোটি টাকা। অর্থাৎ ১২ কোটির জারগার ১৬ কোটি। ডাইরেট্ট প্রলিসের খরচ ৬٠৮ কোটি থেকে ৯٠৮ কোটিতে উঠবে। অঘচ মেডিকাল এন্ড পাৰ্বালক হেলৰ-এ ১৯৫৭-৫৮ থেকে ১৯৬০-৬১ সাল পৰ্যন্ত ব্যক্তেট ব্যালের **रहरत** वान्छद बन्नह कम इरस**रह** 8-54 कांग्रि ग्रेका: कृषि, नमवात, भन,भानन, मश्ना भानत्ति । **चन्नठ कम इराह्य 8.06 क्कां**ट टोका। किन्छ के नमरत्न निष्टिम ज्ञार्फिमिन्ट्येमारन वज्ञात्मन रहार ১-৮ কোটি টাকা বেশী খরচ হয়েছে। এডকেশানে একট, খরচ বেডেছে বটে, কিল্ড সে বাডা বাডাই নর, কারুব সংবিধানের নির্দেশ প্রাথমিক শিক্ষা সম্পর্কে যা আছে তাও আপনারা পালন করতে পারেন নি। তারপর পার্যালক ডেটের (ডেট) অবস্থা কি? ১৯৬২-৬৩ সালের বাজেটের ক্যাপিটাল এক্সপেন্ডিচার ৪৫ কোটি টাকার মধ্যে শুধু অট্রালিকার জন্য খরচ হরেছে ৩ কোটি ৮৫ লক্ষ্ণ টাকা। কাইনালস একাউন্ট-এর লেটেন্ট যে কপি তাতে দেখছি রাজ্যের পার্বলিক ডেট २५२ क्लिंग ग्रेका। रिमार करत प्रथमात्र य थे लान एएक थे एउट एएक फि मि महाहाकी রাস্তাঘাটের জন্য ২০০৯ কোটি টাকা: উন্বাস্তৃ খাতে ৫১ কোটি টাকা: আর বাকী প্রার ৬৮ কোটি টাকা শুধু অট্টালকা তৈরী করার জন্য খরচ হবে। দেশ যেখানে এত দরিদু সেখানে অট্রালিকার উপর এত জোর কিসের জনা? না কন্টান্টার, পার্রামট হেল্ডারদের কিছু খাওরাতে द्दार कर एएएकाभारताले वाभारत को थाउँगान हमार । यह स्थाक को राम स्थारित छेभत বাজেট সন্বশ্ধে বা দেখতে পাওৱা বাচে সেটাই আমার বন্ধবা।

এইরকম রাজ্যে কোটি কোটি টাকা খরচের পরও সেখানে যে বেকারী বাড়বে তাতে কিছু আশ্চর্য নৈই। অবশ্য লোকসংখ্যা কম হলে, কিছবা শিশ্প একট্র বেশী হলে বেকারী বে একেবারে লোপ পাবে তা মর। কেন নর না মুনাফাব্রিক সমাজে বেকারী থাকতে বাখা বার জন্য বেশী সংখাক জাপানে বেকার আছে; আবার অপেকাঞ্চত কম লোকসংখ্যা ও বংখণ্ট শিশ্পোমত আমৌরকাতেও বেকার আছে। কাজেই ধনবাদী সমাজবাবস্থাতে বেকার থাকবেই। কারণ মুনাফা হচ্ছে সেই সমাজের ভিত্তি। সেদিন একজন কংগ্রেস সমস্য জাপানের কথা বলে বলেছেন যে আমাদের মত জাপানের কথা লোকসংখ্যা সেখানে বেশী। তিনি সেদিন জাপান সরকারের স্ট্যাটিসটিকালে হাল্ডব্রুক্ থেকে কোটেশন দির্মেছিলেন। তিনি ভূলে গেছেন যে জাপানে লোকসংখ্যা বাড়া সংস্কৃত্ব শিক্তেশ ভারা অনেক অগ্রসর হরেছিল। ন্তন করে তাদের যে আবার দুর্দ্ধশা স্থিত হল তার কারণ লোকসংখ্যা বাড়া নর, তারা যে স্বাধীনতা হারাল। জাপানে আজ নিজেদের ক্যাপিটালিস্ট ক্লাসের শোক্ত চলছে এবং এর উপর আমৌরকান ক্যাপিটালিস্ট ক্লাসের শোক্ত এবং বঞ্চনা ভাদের উপর ন্তন করে চেপেছে। কাজেই দুমুখো শোকণ ও অভাচারের সম্মুখে আজ জাপানের এই দুরবস্থা ইওয়া খুবই স্বাভাবিক। জাপানের তাবৈদার সরকার তাদের ক্যাপিটাকাল হ্যান্ডব্রুকে একথা ছাপাবেন না, একজন নৃত্রন কংগ্রেস সদস্যোর একথা বিবেচনা করা প্রয়োজন ছিল।

আমেরিকান সরকারের তাঁবেদারী কুরার কোন প্রয়োজন ছিল না। বাই হোক একথা আমরা স্বাই বৃত্তি যে একমার সমাজতাশ্যিক সমাজব্যবস্থা বেখানে সেখানেই ধনবাদ উঠে গেছে, সেখানেই বেকার এরকম নাই, সোভিয়েটে নাই, চাঁনে নাই অন্যান্য সমাজতাশ্যিক দেশে নাই। এমনকি বিধানবাব, যদি বেকার থাকেন, সেখানে গেলে তিনি কাজ পাবেন, তাতে কোন সন্দেহ নাই।

The Hen'ble Dr. Bidhan Chandra Roy: আপনি যান।

Shri Somneth Lahiri:

আমাদের এখানে দরকার আছে, কান্ধ আছে, আপনার মত স্পারএন,রেটেড তো নই! কিল্ড ধনবাদী সমাজেও আমাদের মত অপদার্থ দেশ কম আছে। যেখানে দুই দুইটি পরিকল্পনার পরও বেকারের সংখ্যা ন্বিগন্থ হয় ধনবাদী দেশেও এরকম দৃট্টান্ত পাওরা খবে শন্ত। কংগ্রেসী শাসকরা কি বলছেন দেখান, বিশেষ করে প্রফালকুমার সেন মহাশয় বলেছেন স্বাধীনতা পাবার পর लाक जान कान भारक, जान भारक, रामी रामी मण्डान उत्भावन कराइ, माजदार এउ लाकरक কাজ দেওয়া বেতে পারে না। সতেরাং বিধানবাব রা বলেন জন্মনিয়ন্ত্রণ কর ন। এখানে আমি বেকথা বলছি স্বেচ্ছায় যদি কেউ জন্মনিয়ন্ত্রণ করে আমার কোন আপত্তি নাই কিন্তু কংগ্রেসী वाक्रप्र लाक्সरथा। विश्वत क्रमा कि विकाती विद्याला अन्मणे एक्टर मिथा महकात। मिथा वाक কংগ্রেসী রাজত্ব কর্তাদনের। ১৪ বছরের। যে শিশু কংগ্রেসী রাজত্বের প্রথম দিনেও ভূমিষ্ঠ হয়েছে তার বয়স কত? না, ১৪ বছর। এই ১৪ বছর বয়সের **ছেলেনেয়ে. কংগ্রে**স রাজ্ঞছের কোন শিশ্ব কোন নবজাতক লেবার মারকেটএ প্রবেশ করার আগেই তো এত বেকার তাদের জনা বেকারী বাড়ল এটা তো সতা নয়! অপদার্থতার জন্মই তারা পরোনো মান-বদের কাল দেবার বাবস্থা করতে পারেন নি। তারা তাদের অপদার্থতা ঢাকবার জনা এই লোকসংখ্যা বৃন্ধির যুদ্ভি দেখাছেন। আর যদি ধরে নেই লোকসংখ্যা বৃন্ধির কারণ তাহলে লোকসংখ্যা কি जावन राह्मा निवार राह्मा १० नक १४१० नक राह्म मीजिया । माजद १ वर्ष वर्ष ছেলে যুদ্ধি আসলে মূনাফাখোরদের সেবা করতে গিয়ে এবা জনসাধারণকে কান্ধ দিতে পারেন নি। নবজাতকদের এবা ভয় করেন, নবজীবনের স্থিতির এরা বিরোধিতা করতে চান। সেদিন একজন কংগ্রেস সদস্য-নামটা মনে পড়ছে না-মহাভারতের উদাহরণ দিরেছিলেন। সেদিন কংগ্রেস সদস্য মহাশয় মহাভারতের আদর্শের কিছুটা নিয়েছিলেন, বাকিটা নেন নি। মহাভারতে আবর্জনা স্ত্রেপ বলে একটা স্ত্রেপ আছে সেখানে কংগ্রেস রাজার মতই একটা রাজা ছিল, তার নাম হল কংস। এই কংস রাজার শয়তানী অত্যাচারে নবজাতক ধন্তংস হরেছিল তিনি তাদের হত্য করেছিলেন আমাদের কংগ্রেসরাজও নবজাতককে হত্যা করছেন। কিন্ত এই কংগ্রেস রাজছ চিরকাল বাঁচবে না। এরা মানুবের বিক্ষোভকে তিনবার হত্যা করে গদী পেরেছে বলে আহ্যাদে আটখানা হয়েছে। কংস-রাজ সাতবার অত্যাচার করেও ৭ম অত্যাচারের পর আটবারের বার কলা পার্রান, এরাও পাবে না, একথা বলে আমার বন্তব্য শেব কর্রাছ।

Shri Anil Maitra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সভার নবাগত। তাই স্বভাবতই এ কর্মান বিভিন্ন সদসাদের বন্ধৃতা শুনেছি নিজেকে শিক্ষিত করবার জন্য। এই বিধানসভার প্রতিনিধিত্ব করবার আগে গত ১০ বছর ধরে আমি স্বায়ন্তশাসন প্রতিষ্ঠান কলকাতা প্রপোরেশনে প্রতিনিধিত্ব করে এর্মাছ। কলকাতার খবরের কাগজে বিধানসভার উচ্চতর প্রতিনিধিরা অপদার্থ, অকর্মাণ্য ও অপ্রার্থিকাক আলোচনা করে না এগর্মাকই সাধারণভাবে শুনে এর্মাছ। স্বভাবতই এখানে যখন এর্মাছ তখন এখানকার উচ্চতর আলোচনা শ্নতে পাব এবং বিধানসভার আমার বন্ধব্য রাখতে পারব এটা আশা করাছ।

[3-40-3-50 p.m.]

মাননীর অধ্যক্ষ মহাশর, আজকে কেউ জনপ্রতিনিধি হরে এই বিধানসভাতেই আস্ক বা অন্য কোন স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানেই বাক সে বাংলাদেশের মান্য কাঞ্জেই সে বদি অন্য কোন প্রতিষ্ঠানে প্রতিনিধিত্ব করে তাহলে তাঁর গুণ কতথানি বাড়ে তা' আমি জানি না। রাজ্যপালের ভাষণের

উপর বেসব আলোচনা হোল এই ধরনের আলোচনা আমি গত ১০ বছর বাবং কলিকাতা কর্প रमायतारि प्रिंचरहरून जवर जीएन जमामात छेर्जी किनार्य कन्नराज भारतन वर्तारहन जो हा कर्ष्भारतगतन्त्र व इ छत्र अश्म्कत्रग हिस्सर्य एम्थर्ज श्रमाम । আজर्क आत्मारुना कत्रवात्र अमर আমার মনে পড়ছে গত ১০ বছর আগে আমি যখন কপোরেশনে কাউন্সিলার হিসেবে নির্বাচিত হয়ে যাই তথন আমি বিবোধীদলে ছিলাম এবং সেই সময় আমাদের শ্রন্থেয় প্রধানমূলী বলেছিলেন যে কপোরেশনের কাজের যদি উল্লাত করতে চাও তাহলে প্রথমে তোমবা কর্পোরেশনের কাষক বছরের বাজেট ভালভাবে আয়ত্ব কর এবং তারপর তোমরা কর্পোরেশনের উর্মাত করতে পারবে। যা হোক, বংলাদেশের এই বাজেট যে বহুদাকার হয়েছে এটা আমি স্বীকার কর্মান্ত কাজেই এই বাব্দেট সম্পর্কে সাধারণ আলোচনা করা ছাড়া এই বাব্দেটের মধ্যে গিয়ে আলোচনা করবার সময এখনও আমার হয়নি। স্যার, আজকে আমি আমার প্রথম বস্তুতার মাধ্যমে কলিকাতা কর্পোরেশনের প্রতিনিধি হিসেবে কয়েকটি কথা এখানে রাখব কারণ আজকে কলিকাতা কপোরেশনেও বাজেট নিয়ে আলোচনা হচ্ছে। প্রথম বস্তুতার দিনে আমি প্রথমে এই ভেবে অনুপ্রাণিত হর্ষেছ যে আমাদের প্রধানমন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কয়েকটি নীতি স্বীকার করেন নি এবং পশ্চিম বাংলার দ্বাবী রাখবার জন্য সেই নিয়ে তিনি নাতন করে স্প্রিম কোর্টে গিয়েছেন। যা হোক পশ্চিম বাংলার বাজেট আলোচনা করার পরের্ব আমি কলিকাতা কপোরেশনের যেসর নায়া দার্ব রয়েছে সেগ লি প্রথমে তলবো। মাননীয় অধাক মহাশয়, আপনি এক সময় কর্পোরেশনের মেয়র ছিলেন এবং এখানে আরও ২।১ জন আছেন যারা এক সময়ে কপোরেশনের মেয়র ছিলেন। আজকে যথন প্রধানমন্ত্রী মহাশয় প্রায়ত্বশাসন প্রতিষ্ঠান এবং পার্বলিক বাজেট নিয়ে আলোচন করছেন তথন আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী যিনি এককালে হাওড়া মিউনিসিপ্যালিটিতে সুযোগ্য চেয়ারম্যান হিসেবে কাজ করেছেন তার কাছে কয়েকটি নীতির কথা প্রথমে তলবো এবং দেগালো হচ্ছে যে. স্বাধীনতা পাবার পর এই স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানকে আমরা কি কি অধিকার দেব এবং কতথানি দায়িত্ব তাঁদের উপর নাস্ত করব সেই প্রণন আজকে এসেছে। ট্যাক্সের ব্যাপারে সাধারণ নাগরিকরা যে ট্যাক্স দেয় সেই ইনসিডেন্স অব ট্যাক্সেসন অর্থাৎ তাঁদের করভার নির্ধারিত হয কেন্দ্রীয় সরকারের টাক্স লোকাল অথরিটিস টাক্সি মিউনিসিপ্যালিটি এবং কপোরেশনের টাক্সের শ্বারা। তবে কোলক।তার নাগারিকরা আজকে সকলেই পশ্চিমবংগ সরকারকে ধন্যবাদ দেবে কেননা এবারে তাঁদের উপর সরকার করভার চাপান নি। কিন্তু একটা জিনিস দেখতে পাচ্ছ যে **শহরের যাঁর: বাড়ীওয়ালা তাঁদের যদি ৬ বছর অন্তর অন্তর নাত্ন করে কর্তারে জ্জুরিত করা** হয় তাহলে হাঁদের পারিবারিক বাজেট বানচাল হয়ে যাবে। সেইজনা অজেকে এই ব্যক্তেট আলোচনা প্রসঙ্গে ফাইনান্স কমিটির চেয়ারম্যান—এ বছরের চেয়ারম্যান নয়, গত বছরের এবং তার আগের বছরের চেয়ারম্যান--যে কথা কপোরেশনের সামনে রেখেছিলেন সেই দাবী আমি রাখছি এবং সেটা হচ্ছে মোটর ভেহিকলস ট্যাক্স। এই মোটর ভেহিকলস ট্যাক্স আজকে ব্রাক্তস্ব খাতে জমা হচ্ছে কিন্তু আমি বিনীতভাবে অনুরোধ করে জানতে চাচ্ছি যে এটা কার প্রাপা? **लाकाल** हो। अ अनत्काशादी किमी है अवर कार्टनान्त्र अनत्काशादी किमी हे छहरार अरे हो। अस्ति लाकाल অর্থারটির উপর ধার্য করেছে। আজকে করের দায়িত্ব এই কর্পোরেশন স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের উপর পড়েছে। আজকে বিজ্ঞানের যুগে যেসব বহুং যানবাহনের সুণ্টি হয়েছে তাতে কলকাতা শহরের রাস্তাঘাট ঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা কপোরেশনের পক্ষে একটা সমস্যা হয়ে দাঁডিয়েছে। শুধু কলকাতার এই সমস্যা নয়, আশেপাশে যেসব ক্ষাদ্র মিউনিসিপ্যালিটি আছে তাদেরও এই সমস্যা। আমি মুখামন্দ্রীর কাছে বিনীতভাবে অনুরোধ করছি যে তিনি একটা কমিশান বসিয়ে মোটর ভেহিকিলস ট্যাক্স সম্বন্ধে আমাদের একটা নীতি যেন নিধারিত করেন। অবশা এ কথা সতা यে পশ্চিমবণ্গ সরকার ভিয়ারনেস এলাউন্স হিসাবে বহু টাকা কর্পোরেশন বা বিভিন্ন পৌর প্রতিষ্ঠানকে দিয়ে থাকেন যেটা দিয়ে ওদের আয় ব্যয়ের মধ্যে খানিকটা হারাহারি এাডজাস্টমেন্ট হতে পারে। সূতরাং আজকে একটা নীতিগত প্রন্ন এসেছে। আমরা দেখছি যে আজকে গ্রামে পঞ্চায়েং হয়েছে। এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের লোক বিভিন্ন কাব্দ করবার জন্য সূযোগ সূবিধা পাচছে। স্বাধুনিতা পাবার পর ১৯৫১ সালে যে আইন তৈরি হয়েছে তাতে আমরা দেখতে পাছি যে কলকাতা কপোরেশন তাদের অনেক ক্ষমতা হারিয়েছে। আজকে স্বাধীন দেশের নীতি অন্সারে লোকাল অর্থারটি স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের উপর প্রার্থায়ক শিক্ষা, স্বাস্থ্য এমনকি সিটি প্রলিসের দায়িত্ব দেওয়া হয়েছে। তারাও মোটামুটি স্বীকার করে

নিরেছে—এই স্বারম্বদাসন প্রতিষ্ঠান ছাদের বেসব আগুলিক সমস্যা সেগালি সমাধান করবে। সেজনা মাননীর অধ্যক্ষ মহাশর, আপনার মাধ্যমে আমি পশ্চিমবর্গা সরকারকে অন্রোধ করব বে তারা এই স্বারম্বশাসন প্রতিষ্ঠানের অধিকার সম্পর্কে একটা নীতি ঘোষণা কর্ন বে স্বারম্বশাসন প্রতিষ্ঠান আবার ক্ষমতা পেরে তাদের সমস্যা তারা নিজেরাই সমাধান করবে, না পশ্চিমবর্গা সরকার তাদের একটা শাখা হিসাবে সেটা পরিচালনা করবেন। কারণ, জনপ্রতিনিধিত্ব আমরা দেখেছি। যে আইন ১৯৫১ সালে তৈরি হয়েছিল তার আগের ইতিহাস আমরা জানি, সেটা হল মানুবের অবিশ্বাসের উপর একটা আইনের বাধন তৈরি করা হয়েছিল, তাতে জনপ্রতিনিধি, পৌর প্রতিনিধির সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে সেটা কর্মচারীদের উপর দেওয়া হয়েছিল। আজকে কর্পোরেশনের অপদার্থতার প্রধান কারণ হচ্ছে এই যে, যে ক্ষমতা কর্মচারীদের দেওয়া হয়েছে সেটা খ্র সীমিত। কলকাতা কর্পোরেশনের ইজিনীয়ারের এক হাজার টাকার বেশী ভাজ করার ক্ষমতা নেই। ক্মিশনার যিনি প্রধান কর্মকর্তা তার ও হাজার টাকার বেশী ভাজ করার ক্ষমতা নেই। ক্মিশনার যিনি প্রধান কর্মকর্তা তার ও হাজার টাকার বেশী ভাজ করার ক্ষমতা নেই। সেইজনাই আমি বলছি সে কাজে দীর্ঘস্তত এসে যাছেছে। আমি সেজনা বিনীতভাবে এই অনুরোধ আমি আপনার মাধ্যমে পশিচ্মবঙ্গা সরকারের কাছে করছি যে আজকে প্রায়ধ্যাসন প্রতিষ্ঠানের অধিকার সম্পর্কে একটা নীতি যেন তারা ঘোষণা করেন।

[3-50-4 p.m.]

কারণ এজন্য বলবো যে আজ ট্যাক্স না হলেও সরকারী ট্যাক্স না চাপালেও কলকাতার বাসিন্দা যে বাড়ীওরালা, এ্যাসেসমেন্ট-এর যে আইন করা হয়েছে ছ' বছর অন্তর তাদেরকে বাধিত হারে টাক্স দিতে হয় এই বৃদ্ধি অবৈজ্ঞানিক। কারণ সেটা ভাড়ার ভিত্তিতে করা হয়েছে আজকে আমরা যে বাড়ী তৈরি করেছি, যে ক্যাপিটাল আউটলে যা হয়েছে, তারা, জানি বালিগঞ অধিকাংশ বাড়ী অবসরপ্রাণ্ড ব্যক্তিরা তৈরী ক্রেছেন, নিজেরা সেখানে বাস করেন, ভাড়া দেন না। কিল্ডু দেখা যায় যখন পাশের বাড়ী ভাড়া দিয়ে পাঁচশো টাকা আয় হচ্ছে, তখন তাঁর বাড়ীর ক্রব ধার্য করবার সময় সেই পাঁচশো টাকার ভিত্তিতেই ধার্য করা হয়। আমি জানি না এটা বৈজ্ঞানিক কি না। এটা আমার ইনকামের ওপর ট্যাক্স হচ্ছে আমরা বাডীর জনা যা খরচ করে-ছিলাম সেটার হিসাব আছে, তার উপর টাক্সি ধার্য করা যেতে পারে। আমাদের প্রাক্তন মেরর বিজয় বাংনাজী মহাশয় বলেছেন এই আমাদের কপোরেশন যেথানে ১২ লক্ষ লোকের জন্য বাবস্থা িছল, কপোরেশনের যে বাহং জলাধার ও সীমানা ছিল, তার উপর সেক্সাসে দেখা গেল ৩০ লক্ষ এবং ফ্রোটিং পপ্লেসন ধরলে so লক্ষ। আমরা জানি এই কপেণিরেশনের যে ট্যাক্সের ো, আছে এর পেছনে করদাতারা গ্যারাশ্টিড এ্যামেনিটিস পাবে, রাস্তা, আলো, জল ইত্যাদি। ব্রপ্রেশন, আমরা দেখছি, তাদের জল দিতে পারে না, ১২ লক্ষ লোকের জায়গায় ৩০ লক্ষ্ ১০ লক্ষ জন হয়েছে। ক্যালকাটা মিউনিসিপ্য ল এাক্ট. ১৯৫১ যেটা আছে, সেখানে বলা হয়েছে ৭৫০ গ্যালন দেবে এক টাকা ট্যাক্স দিলে। আমরা জানি সে জল কর্পোরেশন দিতে পারে না। তারপর বাড়ী প্রোনো হয়ে গেছে। আগেকার আইনে ছিল ডিপ্রিসিয়েশন হয়। কিন্তু এখন আব তা নাই, ডিপ্রিসিয়েশনএর বদলে উচ্চ হারে টাাক্স দিতে হচ্ছে। এই কলকাতা কর্পোরেশনের পোর প্রতিনিধি হিসেবে মুখামন্ত্রীর কাছে বহুবার লিখেছি, তিনি এ সম্বন্ধে খুব সহানুভূতি ও আগ্রহ দেখিয়েছেন, এ সম্বন্ধে কিছ, করা উচিত বলে স্বীকার করেছেন। আমি বিনীতভাবে আপনার মাধামে তাঁকে অন্রোধ করবো কলকাতা নাগারিকদের এই সম্পর্কে এাক্ট-এর পরিবর্তন করে হয় কলকাতা কপোরেশনের বিলোপ কর.ন, আর না হয় সত্যকারের ক্ষমতা দিয়ে একটা সহিকারের স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান কর্ন। হয়ত এখনো মেট্রোপলিটান অরগানিজেশন হলে জলের অব্যবস্থা দূর হবে বা ট্যাক্সের হারের পরিবর্তন হবে। এখন যেমন কনসোলিভেটেড রেট আছে হয়ত সেটা বদলে গিয়ে অনা কিছ হবে। মেট্রোপলিটান ওয়াটার বোর্ড জলের সম্পর্কে যে সমস্ত খরচ করবেন তার জন্য আলাদা রেট ধার্য হবে। না হয় সার্ভিস চারজেস আদায় করা হবে। কলকাতা কর্পোরেশনের করদাতাদের হয়ত অনেক করভারের লাঘব হবে।

আর একটা কথা বলতে চাই কর্পোরেশনের তরফ থেকে—আপনারা শ্নলে অবাক হয়ে যাবন। কলকাতা কর্পোরেশন এলাকা—এই কলকাতা ভারতের অন্যতম প্রধান শহর। এই শহরের ভেতর দিয়ে বিভিন্ন দেশে ও শহরে বাণিজ্য হয় এই কলকাতা পোর্টে। কর্পোরেশনের বাজেটে শতকরা ৮৪ ভাগ আয় আসে বাড়ীওরালাদের কাছ থেকে। আমাদের ট্যাক্স যা, তার হাফ পারসেন্ট হাওড়া ব্রীজের দর্ম দিতে হয়। হাওড়া ব্রীজের উপর দিরে কত ব্যক্তি, ট্রান্সপোট লব্নী ইত্যাদি বাতায়াত করছে। দ্রুলাগ্যবশত তাদের কাছ থেকে কিছ্ আদার করা হয় না, যেটা বালী ব্রীজে আদার করা হয়। এই সমস্ত বানবাহনের জন্য হাওড়া ব্রীজ ট্যাঙ্গের দর্ন সরকারের বা আর হয়, তার একটা অংশ ক্রান্ডান্ডান্ড দেওরা উচিত।

আমি সেই জন্য পশ্চিমবশ্য-সরকারকে আপনার মাধ্যমে অনুরোধ করবো এই হাফ পার সৈন্ট টালা হাওড়া ব্রীজ সম্পর্কে, যা বহু দিন বাবং চলে আসছে, এটা বেন চিরস্থারী বন্দোবস্ত না হয়। এই হাওড়া ব্রীজ কহুদিন হ'ল নির্মাণ হয়েছে, কিন্তু এর দর্ন হাফ পার্সেন্ট ট্যালা আজও কর্মণাতাদের কাছ থেকে নেওরা হয়। এটা হতে কলিকাতা নাগরিকদের রেহাই দেওরা হোক।

বোধহর কেন্দ্রীর সরকারের লোক্যাল টাক্স বা অন্য কোন ট্যাক্স এর সাথে এড্ করা হরেছে। ব্যান না কোন খাত থেকে এটা আসে। কিন্তু হাওড়া রিজ মেন্টেনেন্স ট্যাক্স, এইভাবে আদার করা কতখানি নীতিসম্মত সেটা বিবেচনা করে দেখনে।

ন্বিতীয় হচ্চে কোন স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানই চলতে পারে না এই ধরনের ট্যাক্স দিয়ে। তার নন-ট্যাক্সিং রেভিনিউ দরকার। আমরা যদি একটা তলনাম লক্ষ্ডাবে কলিকাতা সহর ও বোলে সহর দেখি-তাহলে আমরা দেখতে পাই বোলে সহরে বাস ট্রান্সপোর্ট ইলেক্ট্রিসিটি প্রভতি থেকে যে আয় হয় তার একটা বিরাট অংশ সেখানকার কর্পোরেশন পেয়ে থাকে। যখন আয়বা জানতে পার্রাছ সেধানকার লোক্যাল অর্থার্রাটস-এর এইসব প্রতিষ্ঠানের এই সমস্ততে অধিকার আছে, তখন আমরাও চাইবো পশ্চিম বাংলা-সরকারের এই সব প্রতিষ্ঠানের আরের একটা বড অংশ অর্থসাহার্য হিসাবে আমাদের স্বায়ন্থশাসন প্রতিষ্ঠানের হাতে বাতে আসে তার জন্য একটা ব্যবস্থা করা উচিত। তাছাড়া সিষ্ট বেসিস-এ বরলে আয় হতে পারে। প্রথিবীর অনেক জারণার এমন মিউনিসিপ্যালিটি আছে যারা শুধু বার্ডা ভাড়ার আয় থেকে মিউনিসিপ্যালিটি চালার। যেমন জাপানে আছে। কলকাতায় যে গৃহ-সমসা দেখা দিয়েছে তা সমাধান কলেপ কলিকাতা কপোরেশনকে টাকা দেওয়া উচিত, তাহলে তা দিয়ে তারা বাড়ী তৈরী করতে পারে। তার জন্য পণ্ডবার্ষিকী পরিকল্পনার যদি সম্ভব হয় এই পৌরপ্রতিষ্ঠানকে কিছু, অর্থ সাহাব্য করা উচিত। আজকে পৌরপ্রতিষ্ঠান ও পৌর প্রতিনিধিদের সবচেয়ে অপদার্থ বলে যে কনডেমন করা হয়, তার প্রধান ও প্রথম কারণ অর্থ কচ্চতা। আমরা দেখছি আন্তকে সর্বত্র দ্বামাল্য ভীষণভাবে বেডে গিয়েছে। শতকরা তিনশো চারশো গণে দ্রবাম,লা বেডে গিয়েছে এবং তার সাথে সাথে কর্পোরেশনের টাব্রেও বেডেছে। কিল্ড সাধারণ করদাতাদের এই টাব্রে বহন করবার শক্তি নেই। আঞ্চকে করদাতাদের প্রণন হচ্ছে—তাদের ট্যান্ত্র কমিয়ে রাখা এবং বেশী বেশী আলো দাও জল দাও, রাস্তা দাও। এ্যামেরিকা প্রভৃতি বহু, জায়গায় এই রকম মিউনিসিপ্যালিটি আছে, সব জারগারই এই সমস্যা জড়িয়ে আছে। সেইজন্য আমি বলবো এদিকে দেখা দরকার।

আর একটা বিষয়ের প্রতি আমি মাননীয় মন্দ্রী মহাশয়ের দুদ্রি আকর্ষণ করতে চাই। কলকাতায় আমি বালিগন্ধ এলাকায় থাকি সেখানে প্রাথমিক বিদ্যালয় শিক্ষা সম্পর্কে কলিকাতা কপোরেশন বদিও কিছু কিছু করছেন, কিন্তু সহরে আরও ন্যানতম হিসাব ধরলে দেও লক শিশ্ব এখনও পার না। আমি বলবো আমাদের বড় বড় স্পান থাকলে, আমি বিশ্বাস করি আমরা সংগ্রাম করবো অশিকার বিরুদ্ধে, সংগ্রাম করবো দারিদ্রের বিরুদ্ধে, সংগ্রাম করবো অসুস্থতার বিরুদেধ। সেদিক দিয়ে যুদেধর প্রস্তৃতি আমরা দেখেছি। আমরা দেখেছি যুদ্ধ কি করে হয়েছে। আমার নির্বাচন এলাকার অন্ততঃ দশ হাজার যুবক—হয় আমাদের ন্বপক্ষে বা বিপক্ষে, কিন্বা সরকারী প্রাথিদের পক্ষে বা বিপক্ষে কাজ করেছে। কিল্ড আমরা দেখেছি সেই সব যুবক কোন পারিশ্রমিক নের নি। তাদের উৎসাহিত করে আমরা এই কাজ করিরেছি। আমি বিশ্বাস করি रव ४० भार्त्रको निगद्ध कथा भारतीय जनमा नश्कर मात्र वारताकी वरनाइन (uat आभारत সংবিধানও স্বীকার করেছে বে সমস্ত শিশুকে শিক্ষা দিতে হবে—আন্ধু বদি বাংলার বুবে সমাজকে ভাকি তাহলে নিশ্চরই তারা এই কাজে অগ্রণী হরে এগিয়ে আসবে, তাদের দিয়ে এই কাজ করাতে পারবো। বদিও আমরা আদর্শ বিদ্যালয় স্থাপন করতে পারবো না তাছলেও বিদ্যালয়ে ভাড়াভাড়ি ক্রিক্টার্ক্ত আদর্শে অমিরা শিক্ষা বাবস্থা চাল, করতে পারবো, আমাদের এই বিস্বাস আছে। আমার এলাকার যে সামানা অর্থ বরান্দ হয়েছে সেই বরান্দ থেকে অন্ততঃ চেন্টা করবো সেধানকার সকল শিশ্ব যাতে প্রাথমিক শিক্ষা পার।

4-1-10 p.m.] Shri, Apurba Lai Majumdar:

মিঃ স্পীকার: স্যার, পশ্চিমবাংলার মুখামন্ত্রী এবং অর্থাদণ্ডরের ভারপ্রাণ্ড মন্ত্রী ডাঃ বিধান-চন্দ্র রায় এবার আমাদের সামনে যে বাজেট উপস্থাপিত করেছেন সেই বাজেটের মধ্যে কোন ন্তন লাউ**ভক্ষারি সন্ধান আমরা পেলাম না।** গতবারে বাজেট উপস্থাপিত করার সময় যে ধরনের কথা ির্নিন ব**লেছিলেন ঠিক তার প্রনরাব্**ত্তি এই বাজেটের মটো দেখতে পাচ্ছি। গতবারে তিনি দেখি**রে** ছিলেন ষে. কোন নতন কর ধার্য করা হবে না। এব রেও ঠিক তাই বলছেন যে কোন নতন কর ধ্বর্য করা হবে না। কিন্তু গত বংসর এই প্রতিশ্রুতি দেবার পর আমরা দেখেছি যে তিনি সেই প্রতিপ্রতি ভগা করে আমাদের পশ্চিমবাংলার সাধারণ মান্থের উপর কিছ, কিছ, ট্যাক্স বাড়িয়ে দিল্লন। আমাদের মনে আছে এনটারটেনমেন্ট টাাক্স করলেন এবং ওয়াটার রেট ধার্ষ করে বাধাতা-ত্রলক জাতিরিক্ত সেচ কর করলেন। কাজেই বাজেটে যদিও তিনি বলেছেন নতন করে টাাক্স ধার্য করবেন না তব্ত বিশ্বাস রাখা চলে না ইয়তো দেখবো কেসন-এর মাঝে তিনি এনন ধরনের বিল সংশোধন করতে নিয়ে এসেছেন যার মধ্যে দিয়ে বাংলাদেশের জনসাধারণের উপর কয়েক পারসেন্ট টাক্স বেডে গেল। এবারও গতবারের মত সার তলেছেন যেটা আমাদের বিধানসভায় এর আগে থেকে, সরকারী পক্ষের তরফ থেকে এবং বিরোধী পক্ষের এবফ থেকে দেখান হয়েছে। বার বার বর্লাছ যে কেন্দ্রের থেকে পশ্চিমবঞ্জের ন্যায়া প্রাপ্য যে ইনকাম ট্যাক্স-এর অংশ, গ্র্যান্ট-ইন-এইজ ইত্যদি বিষয় বাংলাদেশের সংগ্র বিমাতাস্থলভ বাবহার দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকার করে াসছে এবারও দেখছি মুখামনতী তার ভাষণে সেই একই কথার ধর্নন তলেছেন। কিন্ত এবারও যদি কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগের প্রাপা যে তাংশ, সেই অংশ যদি না দেয় তাহলে আমরা দারী কাকে করবো? নিশ্চয়ই আমাদের অথ মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তার জনা মুখাতঃ দায়ী। ্র কারণ তিনি, বাংলাদেশের প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে প্রাপ্য অংশ সেই অংশ তিনি আদায় করতে পারেন নি। এবারেও তৃত্যি অর্থ কমিশনের স্পোরিশে দেখা থায় যে পশ্চিমবংগার জন্য সেখানে কেন্দ্রীয় সরকারের দেবার ঘর একেবারে শুনা। আয়ুকুর বারত পশ্চিমবংগার প্রাপ। অংশ এবার অনেক হ্রাস করেছে। এইভাবে পশ্চিমবংগাকে দীর্ঘাদিন ধরে আমরা দেখছি কেন্দ্র মেভাবে আমাদের ন্যায়া অংশ থেকে বঞ্চিত করছে সেই অংশ আদার করতে মুখামন্ত্রী বারবার বার্থ হয়েছেন। আমরা এই হাউজ থেকে তাঁকেই দায়ী করবো। কারণ তার বার্থাতার ফলেই অন্যান্য প্রদেশের মুখ্যমন্ত্রীরা কেন্দ্রের কাছ থেকে আদায় করতে পেরেছেন--তখন তিনি তা ঠিকভাবে আদায় করতে পারেন নি। এই ১৯৬২-৬৩ **সালের** ব্যক্তেটে ওভারল ক্রোজিং ব্যালান্স দেখান হয়েছে ২১ লক্ষ্ণ টাকা এবং আমাদের এই বর্তমান বাজেও ঘাটতি নয় একথা তিনি তাঁর বাজেও বস্তুতার মধ্যে প্রকাশ করেছেন। কিন্তু মূলতঃ এটা একস ঘাটতি বাজেট। রেভিনিউ ডিফিসিট সেখানে ৪ কোটি ৫ লক্ষ টাকা আউটসাই**ড** সেক্রেন্ড এ্যাকাউন্ট-এ তিনি ঘাটতি দেখিয়েছেন ২ কোটি ৬৮ লক্ষ টাকা। এই ঘাটতি প্রেণ ব্রার জনা তিনি ওপেনিং ব্যালাম্স-এ ৬ কোটি ৯৪ লক্ষ টাকা হিসাব দেখিয়েছেন। এই ৬ কোটি ১৪ লক্ষ টাকা কোথা থেকে পেলেন। আমবা যদি অনুসন্ধান করে ছেখি তাইলে েখনো তিনি গত বংসর যে, এয়াসেসামেন্ট বিভিন্ন ট্যাক্স সম্বন্ধে যেটাকা পশ্চিমবুজোর জন্ম প ওয়া যাবে সেই এটসেস্মেন্ট অভানত কনজারভেটিভ এগ্রাসেস্মেন্ট হয়েছে। বিক্রু কর সম্বন্ধ তিনি গতবারে যা ধার্য করেছিলেন তার চেয়ে ৩ কোটি ৫২ লক্ষ টাকা বেশী প্রয়ো গিয়েছে। স্টেট একসাইস-এর মাধামে ৫০ লক্ষ টাকা বেশী আদায় হয়েছে। আদার ট্যা**ন্সেস** এনত ডিউটিস-এর মাধ্যমে ৫৭ লক্ষ টাকা বেশী আদায় হয়েছে।

5 কোটি ৫৯ লক্ষ্য টাকা বিভিন্ন টাক্স-এর মাধ্যমে পশ্চিমবাংলার জনসাধারণের কাছ খেকে আলার করেন, কিন্তু গত বাজেট থখন উত্থাপন করা হরেছিল তখন মুখ্যমন্ত্রী এমন কনজারবেটিভ এগ্রিমট করেছিলেন যাতে তিনি কম দেখিয়েছিলেন। এই যে ৭ কোটি টাকা ওপেনিং নালান্স দেখিয়েছিলেন ওই টাকা দেখছি কৃষিখাতে যে টাকা বায় করবার জন্য ধার্য করা হয়েছিল আশিক ৭৯ লক্ষ্য উরো না করেন নি। এ ছাড়া লাপিটাল এক্সনেনিভার যেগ্লিল ধরা হয়েছিল—গত বাজেটে সরকারের তরফ থেকে বলা হয়েছিল আনক কাশিপটাল এক্সনেনিভার আমাদের হবে, এবার বাজেটে দেখছি সেই ক্যাপিটাল এক্সনেনিভার প্রায় দুল কোটি ৮৭ লক্ষ্য টাকা বার করা হয়্য নি। যেমন জমিদারী ক্ষতিপ্রশের জন্য যে টাকা ধার্য করা হয়েছিল—তার দুই কোটি টাকা ক্ষতিপ্রণ দেওয়া হয় নি।

Agricultural improvement and research, capital outlay on industrial development, multi-purpose scheme of D.V.C., other works এ ২ কোটি ৭৭ লফ টার scheme of Government Trading, Greater Calcutta Milk Supply

প্রস্কৃতিতে ক্যাপিটাল এক্সপেনডিচার কম করে প্রায় এগার কোটি টাকা মত অতিরিক্ত ট্যাক্স আদ্য করে ৪ই কোটি টাকা অনাদিকের বাজেটে যে অর্থ বরান্দ করা তা খরচ না করে বর্তমান বছরের বাজেটকে সংখ্যাতত্তের মারপাটে সারপাস বাজেট হিসাবে উপস্থিত করার কি অর্থ হতে পারে > এবার যদি ক্যাপিটাল এক্সপেনভিচার-এর টাকা বায় না করে বাচিয়ে রেখে দেন তাহলে আগামী বাজেটে বলবেন আমাদের ওপেনিং ব্যালান্স দশ কোটি বার কোটি টাকা বেশী হয়েছে। যেটা সাতাকারের ঘাটতি বাজেট সেই বাজেটকে সারগ্লাস বাজেট দেখানর যে অপচেটো তার বিরুদ্ধে তীর প্রতিবাদ করি। আমি দেখছি যে অর্থ আমাদের হাতে আসে সরকার সেই অর্থ ঠিকভারে বায় করেন না। কিল্ড হিসাব করে যদি দেখি ভাহলে দেখব যে রেভেনিউ খাতে আমুবা হত ট্যাক্স করে আদায় করি তার বিপলে পরিমাণ অংশ আমরা রেকলেস লি বুরোক্রটিক মেসিনারি-র জনা বায় করি. কেন্দ্রীয় সরকারের বাজেটে যেমন দেখছি পশ্চিমবঞ্গ সরকারের বাজেটেও তাই **দেখছি। সিভিল এাডিমিনিস্টেসন-এর জনা গত পাঁচ বছরের হিসাব করে বে**ণ্ডায় সরকারের ক্ষেত্রে দেখতে পাই যে কেন্দ্রীয় সরকার তাতে পাঁচ বছরের মধ্যে তাদের যে খরচা তার থি টাইমস বাড়িয়ে ফেলেছেন—যেটা ১৯৫৫-৫৬ সালে ছিল ৯৪ কোটি টাকা ১৯৬০-৬১ সালে সেটা হয়েছে ২৬০ কোটি টাকা। এই টাকা তারা সিভিল এ।।ডমিনিস্টেসন-এ বায় করেছেন। তেমনি পশ্চিমবাংলার ক্ষেত্রে দেখতে পাই যে বাওস্ব আমর্ আদায় করি তার একটা বিপলে পরিমাণ অংশ নল-ডেডেলপ মেন্ট এক্সপেনাডিচার-এ হায়। তৃত্তীয় পরিকশপনায় আমরা জানতে পেরেছিলান স্বাধ্বের কাচ থেকে যে ১৪ ক্রাটি ট্রান্ অতিরিস্ত টাক্স করে ওই পরিকল্পনা রাপায়ণের চেণ্টা করেনে 🕆 সেখনে পশ্চিমান্যলয় ১১ কোটি টাকার জায়গায় ৬৫ কোটি টাকা ট্যাক্স করেছেন এবং প্রাণ ৫০ কোটি টাকা বিক্রবর্তন মারফতে আদায় করেছেন। এবং এই নতুন টাজের মধ্যে প্রায় ৫০ কোটি লিকাই হ'ল বিভ্রু করের মাধামে অর্থাৎ এই বিক্রয় করের মাধামে শতকরা ৭৬ ভাগ আমশ্য আদায় করেছি দিবতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য এয়াডিসনাল ট্যাক্সেসন হিসাবে ১৯৫১-৫২ থেকে ১৯৬০-৬১ পর্য•ত পশ্চিমবাংলায় নন-ডেভেলপ্রেল্ট এক্সপেনডিচার খাতে প্রায় ২০ কোটি টাকা বক করেছেন তা থেকে পেয়েছেন ৪৬ কোটি টাকা অর্থাৎ ২৬ কোটি টাকা খরচ করেছেন এই নন্-ডেডেলপমেণ্ট খাতে। স**্তরাং এইভাবে প্রতি বছর যেভাবে খরচা বে**ডে যাচ্ছে সেই খরচা ৰদি পরেণ করতে না পারি তাহলে যে এডিসনাল টাজেসন-এর মাধ্যমে যে এরডিসনাল রেভেনিট আমরা আদায় করছি তার অধিকাংশ নন-ডেভেলপ্রেম্ট পারপাস-এ চলে যাবে।

4-10-4-20 p.m.]

কান্ডেই এই পশ্চিমবর্গণ-সরকার এমনি করে কেন্দ্রীয় সরকারের মতন নন্-ডেভেলপ্মেন্ট খাতে বেশী থরচ করে পশ্চিমবর্গের জনসাধারণের নিকট যে টাকা অন্যায়ভাবে ভারা বায় করেন। দ্বিভায় পরিকল্পনার জন্য সংগৃহিত আর্থিক সম্পদের শতকরা ৩৪ ভাগই রাজ্যে কংগ্রেস সরকার পরিকল্পনার জন্য বায় না করে শাসন বিভাগ, প্রিলশ বিভাগ, টাঙ্গে আদারের থবচ ঋণ পরিকেশাধ প্রভৃতি অউন্নয়নমূলক খাতে বায় করছেন। এই সরকার পরিকল্পনা কালে বেসামরিক শাসন খাতে ১৯৫৫-৫৬ সালে ১০ কোটি ৫০ লক্ষ্ণ টাকা অভিরিও বায় করছেন। একই সময়ে টাক্তি আদারের জন্য ১০ কোটি ৩০ লক্ষ্ণ টাকা অভিরিও বায় করছেনে। একই সময়ে টাক্তি আদারের জন্য ১০ কোটি ৩০ লক্ষ্ণ টাকা অভিরিও বায় করা হয়েছে। এই দ্বিটি খাতে আমাদের বিশ লক্ষ্ণ টাকা বায় হয়েছে গত ৫ বছরের মধ্যে বায় ন বাড়িয়ে ১৯৫৫-৫৬ সালের স্ভরের সীমাবন্ধ করে রাখলেও আগামী ৫ বংসরের উন্নয়ন কার্ণে লন্দ্রীর জন্য ২০ কোটি ৮০ লক্ষ্ণ টাকা বাঁচানো যেতো। তৃতীয় পরিকল্পনা কালে ৪০ কোটি টাকার অভিরিও টাক্তি বাসানের উপর লক্ষ্য রাখা হয়েছে, এবং এর অধিকাংশই হবে পরেক্ষ টাক্তি প্রধানতঃ বিজ্বকরের মাধ্যে। ১৯৬০ সালে ৯৬-০০: ১৯৬০-৬১ সালে ১০৩-৭৭, ১৯৬২-৬০ সালে, ১৬০-১৭, রেভেনিউ বিসিপ্ট-এ, একমান্ত ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬০ এই দ্বেই

বছরের অতিরিক্ত রেভেনিউ রিসিপ্ট আদার হরেছে ১৮ ৮৮ কোটী টাকা, অর্থাৎ কুতীয় পরি ক্রপনা-আমেলে বে অতিরিত্ত ৪০ কোটী টাকা আদারের প্রতি লক্ষ্য রাখা হরেছে তার প্রায় ৪৮ ভাগ টাকা আদার হরে গেছে, এবং দশ বার বছরের অভিচ্কতা থেকে আমরা এই শিক্ষা পেরেছি যে এসটিমেটেড বাজেট-এর তুলনার বখন এ্যাকচুরাল বাজেট আমরা দেখতে পাবো তখন নিশ্চরট কয়েক কোটি টাকা অতিরিক্ত দেখতে পাবো। এবং রিভাইজড বাজেট-এও দেখতে পাবো আরুও তিন-চার কোটি টাকা বেড়ে গেছে কারণ এবারকার রিভাইঞ্বড বাজেট-এ দেখছি কনজারভেটিড এসটিমেট-এ বিভিন্ন ট্যাক্স বাবত যে টাকা আদায় হবে তার কনজারভেটিভ এসটিমেট সরকার ক্ষাক বছর ধরে করে আসছেন। এবারকার অউময়নমূলক খাতে যে বাডতি বায় বরাদ্য ভার পতিফলন আমরা এবারকার বাজেটের মধ্যে দেখতে পাই। গত বছরের তলনার সিভিন্স এ। ডিমিনিস্টেসন-এ দ্ব' কোটি একতিশ লক্ষ টকা বেশী ধার্য করা হয়েছে। তার মধ্যে শুখু প্রনিশ বাজেটে আমরা দেখছি একচাল্লশ লক্ষ টাকা বেশী ধার্য করা হয়েছে। দ্বিতীয় মহায় শের পর থেকে আমরা বিভিন্ন রাজা-সরকারের বাজেটে লক্ষ্য করাছ যে ৬ম সংখ্যাত খাতে বেশী পারসেনটেজ খরচ করছেন আর অউময়নমূলক খাতের পারসেনটেজ আন্তে আতে কমে আসছে। এটা ঠিক যে শিক্ষাথাতে এবার প্রচুর পরিমাণে অর্থ বরাদ করা হয়েছে। গতবারের চেয়ে এক কোটি টাকা বেশা বরাদ্দ করা হয়েছে। কিন্তু সেই তুলনায় মেডিকাল, রিলিফ, পাবলিক হেল্থ প্রভৃতি খাতে বরান্দ আমাদের বাড়েনি। কিন্তু গভীর দঃখ ও বেদনার কথা হলো এই যে পূর্বেকার চেয়ে উন্নয়নমূলক খাতে বায় বরান্দ বাডলে যে ইকর্নাম আমরা আশা করি সেই ইকন্মি রাষ্ট্র-পরিচালনার ক্ষেত্রে আমরা দেখতে পাছিং না এবং এ সম্পর্কে আমরা সম্পূর্ণ নিরাশ হয়েছি। রাজ্যের রেভেনিউ বাডার সংখ্য সংখ্য কাপিটাল এক্সপেন্ডিচার সেই পরিমাণে বাডা উচিত যদি সতি। আমরা উল্লয়নের পথে দেশকে নিয়ে যেতে চাই। কিন্ত ক্রাপিটাল এক্সপেন্ডিচার-এর দিকে যদি আমর: তাকাই তাকলে দেখবো ক্যাপিটাল এক্সপেন্ডচার করেও সেই পরিমাণে টাকা গরচ করা হয় না।। আমনা একথা আনি যে কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজোর হাতে টাাক্স করার বিশেষ ক্ষমতা দেন নি এবং টাাক্স কবার ক্ষমতা যেখানে যা ভিলো সমুষ্ঠ জারগার সোর্স টাপে করে নিয়েছে। পশ্চিমবংগ সরকার কিছাদিন আগে সেই কথা বলেছিলেন যে আমাদের রাজ্যের সমস্ত উৎস থেকে ট্যাক্স আদায় করে ফেলেছি এবং সে সোর্স যদিও খবে সামানা কিল্ড সেই বস্তবোর পরেও যদি ভারতবর্ষের বিভিন্ন পেটে-এ গত পাঁচ বছর ধরে যে সমুল্ড টাক্স আদায় হয়েছে সেগুলোর দিকে যদি আমরা দুটি দেই তাহলে সর্বভারতীয় ক্ষেত্রে আমরা দেখতে পাৰো বে ল্যান্ড রেভিনিউ ক্ষেত্রে সারা ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে যা পশ্চিমবংগার ক্ষেত্রে তা প্রয়েজা। আমরা ল্যান্ড রেভেনিউ-তে গত পাঁচ বছরে দেখতে পাই পাঁচ কোটি বিগ্রুল লক্ষ টাকার বেশী আমরা আদায় করেছি. স্টেট-একসাইজ ডিউটি থেকে ছয় কোটি তিরাশি লক্ষ টাকা আন্তরা পেয়েছি। মোটর ভেহিকলস টাব্দ্বেসন থেকে একশ কোটি পনেরো লক্ষ টাকা পেয়েছি জেনেরাল সেল্ম-টাাক্স থেকে তের্যাট্ট কোটি প'চিশ লক্ষ্ণ টাকা পেয়েছি। টাাক্স অন ইনকাম থেকে উনচল্লিশ কোটি পণ্ডার লক্ষ্ক. একসাইজ ডিউটি থেকে আমরা পেয়েছি আটার কোটি তেইশ লক টাকা ১৯৫৬-৫৭ সালে যে টাকা আমরা পেয়েছিলাম তার উপর ১৯৬০-৬১ সালে আরও অধিক পরিমাণে ট্যাক্স আমরা জনসাধারণের কাছ থেকে আদায় করে নিরেছি।

১৯৫০-৫১ সালে যেখানে ৫ কোটি টাকা বিক্রয় কর ছিল আজকে ১৯৬২-৬০ সালে আমরা সেখানে এসটিমেটেড টাক্সে দেখছি ২১ কোটি টাকা অর্থাং ৪ গ্রেগেরও বেশা বিক্রা-কর আদার করার বাবস্থা হয়েছে। কিন্তু রাভা-সরকার যে টাক্স আমাদের কাছ থেকে আদার করছেন হার শতকরা প্রায় ৮০ ভাগ হছে পরোক্ষ এবং পণোর উপর টাক্সে-মা দ্রাম্পোর বৃদ্ধি ঘটিয়ে দরিদ্ধ জনসাধারণের ক্রক্সমতা সংকৃচিত করে। পরোক্ষ টাক্সের মধ্যে সর্বপ্রধান হল বিক্রয়-কর। পশ্চিমবাংলার ক্ষেত্রে ঠিক এইরকমভাবে দেখছি ইনডাইরেক্ট টাক্স জনসাধারণের ভোগান্তবার দাম বাড়িয়ে জনসাধারণকে দ্র্দানা মধ্যে ফেলে দেয়। আবার কেন্দ্রীয় সরকারের দিকে লক্ষা দিলে দেখি যে সেখনে ইনকাম টাক্স ১৯৫৬-৫৭ সালে যা ছিল গত বছরে তার থেকে ৫০ কোটি টাকা ক্ম আদার হরেছে। আদার দান করপোরেসন টাক্স ১৯৫৬-৫৭ সালে কেন্দ্রীয় সরকার ক্ম আদার করেছেন ১৯৬০-৬১ সালে দেখছি তার চেরে ৫০ কোটি কম আদার হরেছে। কাসটক্ষম ডিউটিজ বেখানে ১৯৫৬-৫৭ সালে কেন্দ্রীয় সরকার আদার করেছিলেন ১৭০ কোটি টাকা, ১৯৬০-৬১ সালে ১৬০ কোটি টাকা অর্থাং ১০ কোটি টাকা শেখান করেছেন।

একসাইজ ডিউটিজ ১৯৫৬-৫৭ সালে ১৭২ কোটি টাকা আদায় করেছিলেন, সেখানে ১৯৬০-৬১ मात्म त्कन्तीय मत्रकात आपात करताहन ७३५ कांग्रि ग्रेका अर्था९ ५८१ कांग्रि ग्रेका तमी आपात করেছেন। অর্থাৎ কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবাংলা সরকার তাঁদের ট্যাক্স নীতি এইভাবে পরিচালনা করছেন বাতে জনসাধারণের কাছ থেকে টাকা আদায় করা হয় এবং সেগুলি আদায করা হচ্ছে ভোগ্য পণ্যের উপর থেকে। এর এফেক্ট হয় যে জিনিসপত্রের দাম বাডে এক জনসাধারণকে অধিকমাতার শোষণের মুখে ফেলা হয়। এই হচ্ছে বাজেটের চিত্র এবং এর মাধ্য কোন বিভেদ নেই বা আমরা বরাবর দেখছি। ডাঃ রায় বাজেট উত্থাপন করার সময় কষেকটা বিশেষ কথা সেদিন বলেছিলেন যেগ্রলির প্রতি আমি সরকারের দুল্টি আকর্ষণ করে কয়েকটা কথা বলছি। তিনি সেদিন পশ্চিমবাংলার রেট অফ ডেভেলপ্রেন্ট সম্পর্কে গর্ব ক'বে . वर्**ला**ष्ट्र**लन रव जल टेन्छि**ना दांचे वा रूरव वा भात कर्गाभागे देनकारमत रव दांचे स्मर्ट *दारा*चे कार्य পশ্চিমবংগার রেট কম। তার কারণ পশ্চিমবাংলায় পপ্রলেশান প্রবলেম অত্যন্ত সাংঘাতিক এবং এই পপ্লেশান প্রবেলম বিচার করলে পার ক্যাপিটা ইনকাম যদি দ্বিতীয় পঞ্জবাধিকী প্রে-কল্পনায় ১২ পারসেন্ট বেডে থাকে ভাহলেও তা অল ইন্ডিয়ায় ১৬ পারসেন্ট ওর তুলনায় কম। আমি এ সম্পর্কে দাণ্টি আকষণ করে বলতে চাই যে অল ইন্ডিয়া ফিগার যাই হোক না কেন পশ্চিম-বাংলায় যে প্রচর সম্পদ রয়েছে সেই সম্পদের দিকে লক্ষা করে ঘটি অনানা ক্রক্যালি রাজ্যের সংখ্য তলনাম লক বিচার করে দেখি তাহলে আমরা দেখব যে পশ্চিমবাংলায় আয় অন্যান্য পদেশের ভলনায় অনেক কম। কৃষির আয়ের দিকে যদি দেখি ভাইলে দেখন যে গত বছরে পশ্চিমবাংলায় ক্ষবিতে মার বেডেছে শতকরা ১১ ভাগ সেখানে অশ্বে ৪০ ভাগ বেডেছে, বন্দ্রেতে বেডেছে ৫৫ ভাগ মধাপ্রদেশে বেড়েছে ৫৫ ভাগ, মাদ্রাজে ৬৭ ভাগ বেড়েছে, পাঞ্জাবে যেখানে লোকসংখ্যা খুব বেড়ে গৈছে সেখানেও শতকরা ৯৯ ভাগ বেডেছে মহীশার ৫৩ ভাগ রাজস্থানে ৩৫২ ভাগ বেডেছে। অর্থাৎ সবচেয়ে কৃষিক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে রয়েছে। ইরিগেশানের ক্ষেত্রে বিচার করলে **एमध्य एवं अभिक्रमवाश्लास एवं**शास्त देविद्यारिके माउकता २५ शांहरमको एमध्यस्त वरस्वर ७ ७०, मधा<u>श्र</u>स्त्रम ৩৮, রাজস্থানে ৩১, উত্তরপ্রদেশে ৩১ এবং কেরালায় ২৮। পার ক্যাপিটা ইনকামেরব নিকে যদি দ্রণ্টি দিই তাহলে আমরা দেখব যে ডাঃ রায় যেকথা বলেছেন যে শতকরা ১২ ভাগ পার ক্যাপিটা ইনকাম দ্বতীয় পরিকল্পনায় বেডেছে, কিল্ড এই পার ক্যাপিটা ইনকাম যদি অন্যান্য প্রদেশে দেখি তাহলে দেখি যে মধাপ্রদেশে ২৪ ভাগ পার ক্যাপিটা ইনকাম বেডেছে, পাঞ্জাবে ২২ ভাগ পার কার্মিটা ইনকাম বেডেছে, রাজস্থানে শতকরা ৩৮ ভাগ পার কার্মিটা ইনকাম বেডেছে। **এইসমস্ড স্টেটগুলো অর্থ**নৈতিক ক্ষেত্রে, শিংপাল্লয়নের বিভিন্ন দিক থেকে পশ্চিমবাংলার চেয়ে পিছিয়ে আছে এবং বিশেষ করে পাঞ্জাব যেখানে লোকসংখ্যা প্রচর পরিমাণে বেডেছে সেখানে দেখা যাছে পার ক্যাপিটা ইনকাম ও কৃষির আয় দিক থেকে পশ্চিমবাংলা অনেক বেশা পিছিয়ে আছে। সেজনা ন্যাশনাল ইনকাম, মাইনিং, ম্যান্ফ্যামচ্যারং ইন্ডাম্থির দিকে যদি দেখি তাহলে দেখার যে পশ্চিমবাংলার তলনায় অন্যান্য রাজ্য যেখানে অগ্রসর সেখানে পশ্চিমবাংলা সরকার অন্যান্য রাজ্যের তলনার আমাদের দেশকে বেশী এগিয়ে নিতে পারেন নি। আমাদের বাজেটকে সর্বাংগীণভাবে যদি বিশেল্যণ করি তাহলে দেখব যে কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবুংগ সরকার ঠিক একই নীতি অনুসরণ করেন। ইনডিভিডয়াল টাক্স-এর স্বারা জনসাধারণকে শোষণ করার বে বাক্স্থা করছেন সেই বাক্স্থার মাধ্যমে আপনারা ম্যাণ্টমেয়র পদসেক করছেন। সেজনা বলভি বে জনসাধারণের জন্য এই বাজেট নয়, ন্যাশনাল ইনকাম ও পার ক্যাপিটা ইনকাম বাডাবার কোন ছবি আমরা এর মধ্যে দেখতে পাজি না বলে আমি একে অপোজ করছি।

[4-20-4-30 p.m.]

Shri Bejoy Krishna Bhattacharyya:

অধ্যক্ষ মহোদর, আমি খ্ব বেশী সময় নেব না কারণ এই সভায় আমি যা দেখছি দ্' দলেব বক্তা বে যার নিজের দলের প্রাতন দ্ভিভগণী নিয়েই কথাবার্তা বলছেন, ন্তন কিছু শ্নবার সোভাগ্য আমার এই বিধানসভায় এসে হল না। সর্বপ্রথম আজ যিনি বিভিন্ন রকম স্ট্যাটিসটির দিয়ে বর্তমান বাজেট আলোচনা আরুভ করলেন তার সেই স্ট্যাটিসটির সন্বন্ধে আমার দ্টো একটা নিবেদন আছে। তার স্ট্যাটিসটির শ্নে আমার মনে হল একটা প্রাতন কথা Abat even statistics can tell lies

তিনি একটি উদাহরণ দিরেছেন তার স্ট্যাটিসটিস্থ-এ আনএমন্সরমেন্ট সন্বন্ধে। তিনি বলেছেন ১৪ বংসর পূর্বে যেসব শিশ্ব জন্মগ্রহণ করেছে তারা আজ বিভিন্ন রক্ষা কর্মন্দেরে আসতে পাছে না। স্তুরাং বেকারী সংখ্যা তারা বাড়াছে না। এটা খ্ব সত্য কিন্তু ১৪ খনের পূর্বে যাদের বরস ১৪ বংসর ছিল তারা আজ বেকারের সংখ্যা বাড়াছে সে বিষরে কিছুমাট সন্দেহ নাই। তারা তখন নাবালক ছিল আজ তারা সাবালক হয়েছে বছর বছর মান্বের বরস বাড়ছে এবং সবত্ত সবদেশে কাজ করবার ক্ষমতা বরসের সংখ্যা বাড়াছে বেলি যায় এবং সন্গো সন্দেহ এবং সবত সবদেশে কাজ করবার ক্ষমতা বরসের সংখ্যা বাড়ারে কোন সন্দেহ নাই। তিনি যা বললেন, তুলনাম্লক হিস ব যা দেখালেন ইউ এন ওর রিপোর্ট থেকে তাতে অস্ববিধা হছে যে বিভিন্ন দেশে বাংসরিক হিসাব দেখে তুলনা করাটা ঠিক নয়। বিভিন্ন দেশে বছর অবস্থা কি আর্থিক অবস্থা কি সেটা না জেনে, ঠিক সতাকার তুলনা করা সন্ভবপর নয়। খদি কোন বছর ভারওবর্ষে অজন্মা হয়ে থাকে এবং তার রুপ প্রোডাকসন কম হয় আর সেই রুপ প্রোডাকসন অন্য দেশে যেখানে প্রস্তুতক অবস্থা ভাল ছিল সেখানে শস্য উৎপাদন হ'দি ভাল হয় তাহলে এই দুই দেশের মধ্যে তুলনা করলে সেই তুলনা সায়ন্টিফিক তুলনা বলে গ্রাহা হওয়া ইচিত নয়। ইউ এন ওর যে রিপোর্ট থেকে তিনি উদ্ভি করলেন সেই উদ্ভি সতিকার উবি হত যদি তিনি ২।০ বছরের, বিভিন্ন বছরের রিপোর্ট থেকে বলতেন, তাহলে প্রমাণ হতে পারে ভারতবর্ষের অবস্থা কোখার?

তারপর বিভিন্ন ডেভেলপ্মেন্ট ফিক্ম-এর কথা তুলনাম্লকভাবে তিনি বলেছেন। তিনি বলেছেন ডেভেলপ্মেন্ট ফিক্ম-এ অনেক টাকা থরচ হচ্ছে অট্টালকার জন্য এবং এ্যাডমিনিস্টেসন এর জন্য।

এটা প্রাভাবিক যে, যখন কোন নাতন প্রকীম হবে তখন সেই প্রকীম করবার জনা এবং তার হিসাব প্রভৃতি সংগ্রহ করবার জনা লোক নিয়োগ করতে ২বে এবং সেই সব ভেভেলপ্রেণ্ট স্কীয় চালাবার জনা বাড়ীঘর তৈরী করতে হবে। কেন না এই সব ডেভেলপমেন্ট স্কীয় বা অনা কোন ম্কীমই ১।২ বা ৫ বছরের জনা নয়, এটা বহা বছরের জনা করা হয় কাজেই এই সব আনুপাতিক খনচ প্রথমে কয়েক বছরের জন্য সকল দেশই করতে বাধা হয় এবং এটা করাও হয় এবং তার তনা যেমন অপবাদ দেবারও কোন কারণ নেই ঠিক তেমনি লম্ভা পাবারও কোন কারণ নেই। যা হোক, আজকে যেভাবে তারা স্ট্যাটিসটিক্স দেখিয়েছেন তাতে দেখেছি যে সেই স্ট্যাটিস্টিক্স কান টেল লাইস। অমান পূর্বে করেকজন বন্ধা পশ্চিনবাংলার সন্ধো অন্যানা রাজ্যের তুলনা করে নেখিয়েছেন যে পশ্চিমবাংলা ভাদের তলনায় অনেক বেশী পিছিয়ে আছে। কিংত এখানে একটা ঐতিহাসিক সতা নিহিত আছে যে, মন্টেগ্য চেন্স্ফোর্ড রিফ্মসিন্ যথন ভারতবর্ষে এসেছিল থেন যেখানে আমরা দেশবংধার নেতৃত্বে গাভনাদেশ্য বেক করবার জন। চেণ্টা করছি সেখানে মাদাজ, বোদবাই এবং অন্যান। সমুহত বাজা সেই [†]বন্দ্য সন্কে ধরে নিয়ে দেশের উন্নতি কববাব চেণ্টা করেছে। অর্থাৎ দেশকে বিদেশী কবতলমত্ত্ত কববার জন, তখন ভাপার **অবস্থা** ছিল বলে সামবা গড়বার চেষ্টা করিনি এবং সেই কারণেই ভারতবর্ষের অনেক রাজ্য এতকাল ধরে আমাদের চেয়ে খবে অগ্রসর হয়ে আছে, একথা অস্বীকার করবার কোন উপায় নেই কারণ এটা একটা ঐতিহাসিক ব্যাপার। শুধ্ তাই নয়, ভারতব্যের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশ এবং পালাবের কথা ভেবে দেখন যে দেশ বিভাগের ফলে এই দুটি রাজ্য কিভাবে ক্ষতিগ্রুত হয়েছে। কাভেই অন্যান্য দেশের সংগ্র বাংলাদেশের তলনা করার পরের্ব এই ঐতিতাসিক ভিত্তিকে প্রথমে মেনে নিয়ে তারপর তুলনা করতে হবে। তারপর, স্ট্যাটিসটিকস্থ সম্বন্ধে আমি শ্ব্ আপনার কাছে এইট্রু নিবেদন করতে চাই যে, এক বছরের স্ট্যাচিস্টিক স নিয়ে আলোচনা করলে তা থেকে কোন তথা নিধারণ করা সম্ভব নয়। যেগন একটা বিরাট লোকের বন্ধতার একটা অংশ উম্পত্ত করে তাকে নস্যাৎ করা সমীচীন নয় ঠিক তেমান এই রকম স্ট্যাটিস্টিক্স দেওয়াও সমীচীন নয়। আজকে বিরোধীদলের দ্বান্ধন বস্তা যেভাবে বন্ধতা করলেন তাতে একটা খনেই স্পদ্ট হয়ে উঠল যে তাদের দ্ভিভগাীর সপো কংগ্রেস সরকারের দ্ভিভগাীর একটা নীতিগত মৌলিক পার্থকা আছে এবং সেই মৌলিক পার্থকা থাকার কারণ হোল ভারতবর্ষের বর্তমান কন স্পিটিউসন যে নীতির উপর ভিত্তি করে দাঁডিয়ে আছে কংগ্রেস সরকার তাকে কার্যকরী করার চেষ্টা করছে। কথায় কথায় আমরা যদি বলি এটা ওটা নাাসনালাইজ করা দরকার, প্রাইস্টেট এন্টারপ্রাইজ বন্ধ করা দরকার তাহলে এই কথাই প্রমাণ হয় যে, কন্ নিটিউসন-এর মূল নীতিকে

ব্ৰহ্ম বা গ্ৰহণ না করে জামরা গভল মেন্টের সমালোচনা এবং বিরোধীতা করছি। অবশ্য একছা জামি বলি না বে তাঁদের দ্বিউভগাঁ ভূল, তবে তাঁদের দ্বিউভগাঁ তাঁদের পক্ষেই সম্ভব এবং এটাই স্বাভাবিক। বা হোক, এটা আজ তাঁদের জানা দরকার এবং তাঁদের সপ্যা সপ্যা প্রিবীর ভারতবর্ধের এবং বাংলাদেশের লোকের জানা দরকার যে কংগ্রেস গভল মেন্ট টেউসন প্রহণ করেছে তাতে প্রাইভেট এক্টারপ্রাইজ তুলে দেব একথা কোষাও বলেনি—আমাদের কন্মিটিউসনের ভিত্তি হছে বে এখানে প্রাইভেট এবং পার্বালক সেকটর দ্ইই থাকবে। কাভেই হঠাং একদিন সকাল বেলা উঠে দেখব সমস্ত প্রাইভেট সেইরের ন্যাসনালাইজেসন হরে গেছে এটা কংগ্রেস সরকার এবং ভারতীর সংবিধানের নীতি নয়। কংগ্রেস সরকারকে ভারতীর সংবিধানের মূল নীতি রক্ষা করে কাজ করে হবে কাভেই কথায় কথায় এটা জাতীয়করণ করা হোক, ওটা জ তাঁয়করণ করা হোক একথা বলার সার্থকিতা নেই। তারপর জমিদারীপ্রথা বিলোপ করতে যেখানে গভন মেন্টকে প্রচুর টাকা জমিদারদের দিতে হচ্ছে সেখানে যদি কমিউনিস্ট পর্ণটির নীতি গ্রহণ করি ভাহলে সেই কাজটা খবে সোজা হয়।

[4-30-4-40 p.m.]

অর্থাৎ জমিদারদের কাছ থেকে সমস্ত জমি-টমি কেডে নিলাম, একটা প্রসা তাদের দিলাম না এইভাবে যদি ন্যাশনালাইজ করা যায় তাহলে যে-কোন ইন্ডাস্ট্রি যে-কোন প্ল্যান সমুহত আমরা নাাশনালাইজ করে নিতে পারি। কিন্তু কংগ্রেস সরকার কর্নাস্টিটিউসনের বিরোধিত। করে এইভাবে ন্যাশনালাইজ করতে পারেন না। এবং এইসব ন্যাশনালাইজ করতে গেলে কন্সিট-টিউসন মতে তাদের প্রচর কমাপেনসেসান দিতে হবে। আহু যদি কমিউনিদ্ট পার্টি গভনমেন্ট भान जारत्न जाएनत्र प्राप्तो पिएज रूप्त, जौरमत भएक कम्प्यान्यमान एवं ना अकथा वला हल्य ভেবে দেখা দরকার। কথা হচ্ছে প্রাইভেট এন্টারপ্রাইভ থাকবে অথচ প্র্যানিং করব এটা প্রথিবীর **ইতিহাসে ভারতবর্য এই প্রথম আরুত্ত করল। ভারতবর্ষের জ্ঞান হচ্চে ধারে ধারে প্রাইভে**ট এন্টারপ্রাইজকে সাহায্য করা। প্রাইভেট এন্টারপ্রাইজের মাধ্যমে যাতে আরও আমাদের ধনসম্পদ ৰুদ্ধি করতে পারি তার জনা বিভেগপ্রকার লে'ন দিয়ে বিভিন্নভাবে আমরা প্রাইভেট এন্টারপ্রাইজকৈ সাহাযা করাছ। যেখানে গভর্নমেণ্ট দেখছেন যে প্রাইভেট এন্টারপ্রাইজের দ্বাবা কোন একটা वांगिका, कान এको। भिक्ष्म जानजाद भीत्रानना करा मञ्जद नय स्मिथात गर्जन हान आहे आहे एको সেক টরকে বাদ দিয়ে পাবলিক সেক টর নিয়ে আসছেন। এইভাবে আমরা ধারে ধারে অগ্রসর হচ্ছি। আমরা যদি জার করে ইন্ডান্টি নাশনালাইজ করতে পারতাম সোসিয়ালাইজ করে দিতে পারতাম তাহলে অনেক স্ববিধা হত সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিল্ড তার অস্ববিধাও আছে। আমি বিরোধী পক্ষের সভাদের বলব আপনারা মনে করে দেখনে যে রাশিয়ায় কতগুলি জ্ঞান হয়ে গেছে-সেখানে একটার পর একটা করে পাধ ৬টা পরিকল্পনা হয়ে গেছে। আর আমাদের এখানে দ্বিতীয় পরিকল্পনা হয়ে গেছে, ততীয় পরিকল্পনার পর্যায়ে আমরা এসেছি। আপনারা ভেবে দেখন পার্টি কংগ্রেসে ক্রন্ডেভ সাহেব পরিকল্পনার যেসব ত্রটির বর্ণনা করেছেন তার কথা। রাশিয়ায় বহু বছর কমিউনিজম হয়ে গেছে, তা সত্তেও বহু, রকমের বুটি ভার চোখেতে পড়েছিল এবং সেই চুটি সংগোধন করবার জনা তিনি বহুবার আগ্রহ প্রকাশ করে-ছিলেন এবং তার জন্য বহু রক্ষের শাস্তি তাঁর বহু সহক্ষীকে পেতে হয়েছিল। সেখানে ১-২টা ব্রটি নয়, বহু, রক্ষের ব্রটি হয়েছিল। আমি এইজনা এই কথা বলছি যে এই বিধানসভার স্থামাদের কার্যকলাপের মধ্যে বহু রকমের গ্রুটির কথা শ্রুনেছি। র্যাদ আপনারা সোভিরেট ব্রাশিয়ার পার্টি কংগ্রেসে ক্লেন্ডেড সাহেবের বস্তুতা পড়েন তাহলে দেখবেন সেখানে কত রকমের হুটি ছিল। আমি বলছি না যে তাদের এটি থাকা অন্যায় হয়েছে। এটি হচ্চে যাভিসঞ্গত কথা। অন্ত্রিম আপনাধের বলতে চাই যে, যে কোন পরিকল্পনার জন্য কাজ করতে গেলে তার চুটি **থাকবে এবং একমান্ত বস্তব্য আপনাদের এই হও**য়া উচিৎ যে নুটি সংশোধন করা দরকার। কিভাবে ह्युं जिरस्थायन कता बारव स्म विवस्त अरु के धाकून। भीत्रकल्पना तुभाराण त्रामितात स्व अरुविधा আছে আমাদের সেই সূরিধা নেই 🌭 আমাদের যথেণ্ট অসুবিধা আছে। অসুবিধার কারণ আমি বলেছি। আমি আপনাদের অনুরোধ জানাই বে আপনারা সকলে মিলে আমার সংগে এই बारक्टरक ममर्थन करान।

Shri Nikhil Das:

ত্রাননীর স্পীকার মহাশয়, বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে যে কথাটা আমি প্রথমে কলে ধরতে চাই তা হচ্ছে এই একই ধরনের গতান₋গতিক ব'জেট বছরে বছরে আমাদের **আ**নের **য** ত্রখান্দ্রী এই সভার কাছে পেশ করছেন। এবারকার বাজেট যদি দেখি তাহলে দেখবো যে প্রথম ির্চান বক্তব্য বলেছেন ১৯৬০-৬১ সালে উনি ধরে রেখেছিলেন ১৯ লক্ষ টাকা আমাদের বাড়তি হবে। কিন্তু বাস্তবে দেখা গেল সেটা বেড়ে গেল ২ কোটি ২০ লক্ষ টাকা। তারপরে ১৯৬১-७३ সালের বাজেট यদি দেখি তাহলে দেখবো প্রথমে যে বাজেটটা পাস করেছিলেন, তাতে ঘাটতি দেখিয়েছেন ৮ কোটি টাকার উপর। পরে রিভাইজড বাজেটে বলছেন বার্ডাত হবে ৬ কোটি টাকার ভ্রমর এবং অ গের বাডতি প্রায় ৭ কোটি টাকা গিয়ে এবারের বাজেট তৈরী করেছেন। তার শেষে দেখিয়েছেন কয়েক লক্ষ টাকা উদ্বন্ত থাকবে। এই কয়েক লক্ষ টাকা কোথা থেকে আসবে ত। দেখা দরকার। রাজস্ব খাতে হিসেবে দেখছি ৩ কোটি টাকা ঘার্টতি। আমাদের কার্গিপটাল লোন খাতে দেখতে প ই ১১ কোটি টাকার মত আমাদের ঘাটতি। এই ১১ কোটি 'লাস ৩ কোটি সমান সমান ১৪ কোটি টাকার মত ঘাটতি। এই টাকা কোথা থেকে এনে পারণ করবেন? িনি দেখালেন আসবে সে টাকা পাবলিক আকোউণ্ট বলে একটা জায়গা আছে সেখান থেকে। ্র্যানত্রী বলেছেন সে টাকা হচ্ছে কোর্ড ডিপোজিট এর টাকা, সরকারী ক্মাচারীদের প্রভিডেন্ট ফাল্ডের টাকা, সমুহত লোক্যাল ফাল্ডের জুমা টাকা। ১৯৬২-৬৩ সালের বাজেটে দেখতে পাই ১৫% त्कां है होका व फुरह । এই ১৫% क्वां है होका थरा करत है कि प्रशासन ३५ लक होका ংমাদের বাজেটের শেষে থাকরে। এটা ভ্রুভোগী লোকমারেই জানেন যে সরকারী দুগুরে টাকা গেলে জনসাধারণ আর তা পায় না। এই প্রতিভেণ্ট ফান্ডের টকা ও কম্চার্যার। পাবে না সেই টাকা খরচ হয়ে যাছে। কোর্টে টাকা জম। দিলে তা আর সম্বর ফেরং পাবেন না। পাবলিক ্যাকাউন্ট ব্যাঞ্চার হিসাবে বা ট্রাসটি হিসেবে গ্রন্থান্তেট্র রেখেছিলেন সেই টকা এটা খরচ কল্পেন। আসলে যে বাজেট এসেছে হাতে মোট মাট ২২ কোটি টাকা ঘাটীত পড়বে বলে বলা েতে পারে। জানি না রিভাইলেড বাজেটে আবার কোন ধরনের হিসেব পাব। তারপর এনবছরাল খনচ যখন হয়ে যাবে, এখন তার মধ্যে যে কও পার্থকা হবে তা বলা মাুশকিল। একটা অনারোধ কর্বছি আপুনার সহাকারীবা যেন একটা পড়াশোনা করে বাজেট তৈরী করেন, এবং ভাপনিও একটা পড়াশানা করে আগামী বাভেট রাখেন যাতে করে বাভেট এবং এ॥**৫চ্য়াল-এর** ভিতর ১৫-১৬ কোটি টাকার পার্থকা না হয়।

তারপর শ্রেছি আমানের দেশের নাকি প্রচর উল্লেডি হয়েছে, জাতীয়া আয়ের পরিমাণ অনেক ্র বেডে গেছে। আমাদের মাথা পিছ, আর অনেক বেডে গেছে। সেদিন বলেছিলাম জাতীয় ্রায়ন খাতে টাকা কোথায় খরচ হয়েছে? সেই টাকা খরচ হয়েছে হেভি ইন্ডাম্মিতে, বিশ া ভাস্থিতে। সেই টকোয় তৈরী হয় জীবনের প্রয়োজনীয় জিনিস নয়: সেই জিনিসের মাল্য াশনাল ইনকাম হিসেবে ধরা হয়, সেই ভারী জিনিসের মূল্য যে জাতীয় আয় বেডেছে বলে েশব করা হয়েছে। সেই জাতীয় আয়ু জনসাধারণের কোন স্বার্থে লাগে নাই। তা যদি **কারো** কর্মে লেগে থাকে, তা হড়ে বভ বভ ব্যবসায়ী, বভ বড় শিক্সপতি আর দুর্নীতিপরায়ণ লোকের বার্থে লেগেছে, আর মুখ্যমন্ত্রীর আশ্রন্তে যে সমস্ত দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারী আছে াদের দ্বার্থে সেই জাতীয় আয় লেগেছে। একাজের (একাফে) একটা রিপোর্ট বেরিয়েছে, সই রিপোটে তারা বলেছেন যে পাকিস্তান, ইন্লোনেশিয়া ও ভারতবর্ষ এই তিনটি দেশের ^{্র}েনিতিক উন্নতি একেবারে অভানত অলপ হয়েছে। বে পরিমাণ উন্নতির আশা করা গিয়েছিল মই পরিমাণ নাকি হয় নাই। তার কারণ হিসেবে বলেছেন ভারতবর্ষের উন্নয়ন পরিকল্পনার য টাকা ব্যারিত হয়েছে, সেই মূল টাকা বার করা হরেছে বড় বড় শিলপ গড়ে তুলবার জনা।
বং কন জন্মার গ্রেস্ তৈবী করবার জনা যে শিলপ, হাতে বেশী থরচ হয় নাই: প্রাল কেল ন ডাস্থিজে ও তাই কটেজ ইনডাস্থি-তে ও বেশী খন্ড হয় নাই। বিগ এবং হেভী ইনডাস্থিতে ^{্ষ}ী ধরচ হয়েছে। তার থেকে দ্বটো জিনিস হয়েছে--এক হচ্ছে বেকার—তার জনা মুখামন্দ্রীর হান্ভতি দেখুন। দিবতীয় হচ্ছে নিতা প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাডা। কোন অনুরত শশ বদি উন্নয়নের কাজ সরে, করতে হয়, তাহলে প্রথম কোন জায়গা থেকে সেই কাজ শরে, েব সেটা বিশেষভাবে চিম্তার দরকার। এই টাকা প্রথম বিনিরোগ কোধার হবে? আমাদের

মত অনুমত দেশে হওরা উচিত ছিল কনজনুমারস গড়েস্ যে ইনডাসট্রি তৈরী করে, সেখানে এই টাকা বিনিয়োগ করা দরকার ছিল। টাকা বিনিয়োগ কৃষিরক্ষেত্রে করা দরকার ছিল, ক্রি বিনিয়োগ স্মল স্কেল ইনডাস্ট্রি-র ক্ষেত্রে এই টাকা বিনিয়োগ করার প্রয়োজন ছিল।

[4-40-4-50 p.m.]

হিসাবে দেখা যায়--র্যাদ ১ লাখ টাকা বড শিল্পে খরচ করা হয়, তা**হলে সেখানে মা**র পাঁচক্র লোকের চাকরীর সংস্থান হতে পারে। কিন্তু ঐ ১ লাখ টাকা যদি কর্নসিউমার গড়েস যে সিংক তৈরী হয়, সেখানে বিনিয়োগ করা যায়, তাইলে সেখানে ১১ জন লোকের চাকরীর ব্যবস্থা 🚁 পারে। আবার সেই ১ লাখ টাকা যদি কৃষি খাতে খরচ করা যায়, তাহলে সেখনে ৪০ জ লোকের চাকরীর বাবস্থা হতে পারে। সতেরাং বেকারীর দিক থেকে দেখন, নিতা প্রয়েভর্কন জিনিষপতের দাম বাডানর দিক থেকে দেখনে- আমাদের উন্নয়নের ক্ষেত্রে টাকা বিনিয়োগ চেন্ত্র শিলেপ দরকার ছিল, সেইসব শিলেপ টাকা বিনিয়োগ করা হয়নি। তাই আজ আমাদের দেখে বেকারী বেডেছে, নিতা প্রয়োজনীয় জিনিয়পতের দাম বেডেছে। কি কি জিনিয়ের খাতে উত্ত বিনিয়োগ করে, কি কি জিনিষ উৎপাদন হচ্ছে তা বলা হয়েছে যেমন ইম্পাত, মেসিন ট্রুড ডিজেল ইঞ্জিন মোটর ভেহিকল ইলেক্ট্রিক লাম্পেস ইলেক্ট্রিক ফানেস সিউইং সাসিন বেডিওড ইত্যাদি। এই সমণ্ড জিনিষ গড়ে তোলবার জন্য যে শিশ্প, তাতে আমাদের মূলধন বায়িত হংজ্য কিন্ত এই যে জিনিষ্ণালি শিংপগ্রিল থেকে তেরী হচ্ছে, তা নিতা প্রয়োজনীয় জিনিছের ১০০ পড়ে না। এইগু,লি মোটামুটি বিলসের খাতে পড়ে, কিংবা কিছুটো অনা খাতে পড়ে। বাবেত মুখামন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই জাতীয় আয়ু যে জিনিষ্ণালির জন্য বেজে চতে 😕 সেই আয় জনসাধারণ ভোগ করতে পারে না সেই আয় ভোগ করছে তারা যারা স্থান্স্রী আশ্রয়ে থেকে দিন দিন বেড়ে উঠছে বডবাজারের জা এবং যারা বিদেশী মালিক বিদেশী প্রাজিপতি, তাদের অধীনে থেকে এবা দিন দিন বিকাশ লাভ করছে। এই সভায় শ্রেক হ যিনি ন ১ন মন্ত্রী হয়েছেন, তিনি রাজাপালের ভাষণে উত্তরদানে বলেছেন "আমাদের দেশে 🕫 ও পরীবের পার্থাকা জন্মত করে যাতে। এখানে ওয়েল্য টাকে, ডেঘ টাকু, ইনকাম টাকু ১,২৬ এবং এই ট্যাক্স্যুলি দিয়ে ধনী এবং গ্রীবের মধ্যে যে পার্থকা সেটা কম্পিক দেওল হলে আমি থাকে অন্তবাধ কলনে একনার দেশ্টাল অন্তিনিটার দিকে মারে আস্না, দেখাকো চেগ চ **চাব, পাঁ**ট, ছয়, মাত্র ভলা বভাবত দলোন সহা বিবাট দিব ট আটালিকা পুরু উঠেছে ৷ এই সংস্ আটালিকার মালিক বারাও খোঁজ করে দেখার। এই সম্পত্ত মালিকদের দ্বারাই আবার 🕡 আলিপারে বভ বত শহিত্তপ নিয়ন্ত্র বাড়ী গাড়ে উঠেছে। এপদের যদি ভেগ 🚉 ওয়েলথ টাব্রে ও ইনকাম টাব্রে ঠিক ঠিক মত দিতে হয়, তাহলে তাঁদের পঞ্চে কি করে ১৮৬ হয় এই রকম বিরাট বিরাট প্রাসাদ কলিকাতা শহরের মধ্যে গোড়ে তোলা ? আলিপুরে শীতাত নিরণত্রণ অটুচিলকা, যেখানে মন্ত্রী মহাশয়রা ম ঝে মাঝে যান, এবং খানা-পিনা করেন, সেইসং গড়ে উঠছে কি করে বিবেচনা করে দেখনে। বড়লোকরা সতিটে কি ঠিকভাবে এই সমস্ত 🧺 দিচ্ছে ? এটা যদি একটা হিসাব করে দেখি, তাহলে দেখা যাবে ১৯৪৮-৪৯ সালে যে 🌣 🕫 বাতে তার শতকরা ৫০ পারসেণ্টও যদি বড়লোকেরা দিতেন তাহলে সমাজতান্তিক সমাজ গঠকে কথা আপনাদের মুখ দিয়ে বলা শোভা পেত । ১৯৬০-৬১ সালে বডলোকরা মাত ২৭ ৮০ দেন আর ৭৩ ভাগ আদায় করা হয় গরীব সাধারণ মানুষের কাছ থেকে, যারা পরোক্ষ 🗦 🕏 দিতে দিতে মারা যাচ্ছে। তাই আমরা দেখছি বড়লোক ও গরীবের ভিতর যে পার্থকা 🥫 আমাদের সমাজতান্ত্রিক ধাঁচের সমাজে দিন দিন বেডে যাছে। একথা যে সতা, তা প্রমাণিত হ? এই থেকে যে, যদি আমাদের দেশের মূল সংগঠিত মালধন ২৮ শো কোটি টাকা ধরি, তা ওেট ৭৭৬ কোটি টাকা মাত্র সাতটি পরিবারের হাতে গিয়ে পৌচেছে। তার অর্থ হচ্ছে চার ভারে এক ভাগের বেশী মূলধন মাত্র ৭টি পরিবার ভোগ করছে এবং এই ৭টি পরিবার সেই মূলংক নিয়ন্ত্রণ করছে। এটা তাদেরই হিসাব থেকে তোলা হিসাব। সতেরাং বডলোক ও গরীবলোবে? যে পার্থক। তা কর্মেন বরং বেডেছে। আজকে বাংলাদেশের দিকে যদি চেয়ে দেখেন বাংলাদেশে কেকার মান্যের ফলুগার দিকে এদি চেয়ে দেখা যায়, তাহলে দেখা যাবে কালকে বিধানব গিয়েছিলেন টালিগঞ্জে যক্ষ্যারোগীদের একটা আরোগানিকেতন উন্বোধন করতে। সেখানে ইন্দুভিত नाम्य এकिंग लाक रुपेरे प्रोन्मरभागें व ठाकती कतरहा, हात मा विधानवादात मरुन स्मा दराई

একেছিলেন। কারণ তার ছেলের মাথা খারাপ হয়ে গিয়েছে। মাথা খারাপ কেন হয়, বিধানবাব ভাল ডাক্টার তিনি তা ভালভাবেই জানেন। আজকাল মাথা খারাপ রোগ বেডে যাছে, যক্ষ্মা রোগ বেডে বাচ্ছে এর কারণ বিধানবাব, ভালভাবেই জানেন। তার মার কিণ্ড এই জনদরদী মুখ্যমন্ত্রীর সংখ্য দেখা পাওয়ার সোভাগা হয়নি। জনদরদী মানুষ জনতার দ্বংখের দিনে তিনি দেখা করবেন কি করে? দেখা সে করতে পায়নি। তবে তার দুঃখের কথা নাকি সেই জারগার ির্ঘন ডাক্তার তিনি লিখে নিয়েছেন এবং তার নাকি বাবস্থা হবে। আমরা জানি ব্যবস্থা সেদিন হবে যেদিন ইন্দ্রজিত আর ইহলোকে থাকবে না। ইন্দ্রজিত যতদিন ইহলোকে থাকবে তার মধ্যে তার বাকস্থা হবে না একথা আমরা জানি। তারপর জাতীয়করণের কথা একজন বন্ধ, বললেন কিছক্ষণ আগে যে জাতীয়করণ গঠনতন্ত্র বিরোধী। গঠনতন্ত্র বিরোধী নয় এটাই বলতে চাই। সময় আমার অলপ, বাংখা করবার সময় পাবো না। একটা কথা ওদের বলতে চাই যে জাতীয়-করণের কথা, সোস্যালিস্ট প্যাটার্ন অফ সোসাইটির কথা, এবং এখন নাকি কংগ্রেস একেবারে সমাজ তালিক ধাঁচে সমাজ গডবার কথা বলছেন। এখানে রিজার্ভা ব্যাৎক-এর গভর্মার আয়েওগার তিনি জাতীয়করণ সম্বন্ধে বলতে গিয়ে যেকথা বলেছেন সেটা আমি একটা পড়ে শ্রনাচ্ছ যে কি ধবনের সমাজতান্তিক পাঁচে সমাজ আমাদের দেশে গাড়ে উঠাছে এবং কি ধরনের সমাজতন্ত সেখানে হবে সে কথাটা একট্ বলে দিতে চাই, তিনি বলেছেন, "ভারতীয় অর্থনীতিতে জাতীয়-করণের প্রশ্ন থাকিলেও ইহাতে ব্যত্তিগত মালিকানার অংশই প্রাধানা পাইয়া আসিয়াছে **এবং** পাইবেও। যেসমুহত শিংশেপ প্রচুর অংথবি প্রয়োজন এবং যেসমুহত শিলেপ বহুদিন প্রাণ্ট লাভ হুইবে না এবং ক্ষতিই ২ইতে থানিবে, সেই সমুহত শিল্পই জাতীয়করণ করা হুইয় ছে। বাস্তবিক-পক্ষে বর্তিগত মালিকানার অংশকে প্রাধানা দেবার ভাতীয়করণ নীতি।" অর্থাৎ এই হচ্চে আমাদের জাতীয়করণ নীতি। অপাং বড় বড় শিল্পে যেখানে অনেক বেশী টাকা লাগবে, সেখানে লাভের কোন সম্ভাবনা নেই, সেখানে বংসরের পর বংসব ক্ষতি হবে সেগালিকে জাতীয়-করণ কর। সেইগুলিকে পার্বালক সেক্টর এর আওতাম জান। আর যেসব শিলেপ প্রচুর লাভ হতে পারে, লাভ হবার ভায়গা আছে সেগালিকে ব্যক্তিগত মালিকানার ক্ষেদে রেখে দাও, ব্যক্তিগত ম নাফাৰ ক্ষেত্ৰে বেখে দাও। বিলাভী বিদেশী কোমপানী ট্রাম কোঃ, ইলেকট্রিক কোঃ-র মা**লিক**, পটেকলের মালিক, চা-বাগানের মালিক কয়লাখনির মালিক প্রচুব টাকা, কোটি কোটি টাকা তাদের देशक म नगर करत भए : निरुष्ट स्थर । शहर, आत भएर अवस्थाली वात्रमाशी याता, **अवस्थाली** শিলপ্রপতি যারা, ব্যুল্পেন্সের বাকে বসে ব্যুগ্রালীর রক্ত যারা দিয়ের প্রবাদন শুয়ে নিচেচ সেই লোকরা যাতে লাভবন হতে পাবে সেদিকে লক্ষ্য রোখে আজকে আমাদের সমুহত অর্থনীতি গতে ভঠছে। এরপর থেকথা বলরে, সকলেই বলেছেন ফিন্যান্স কাঁমশন-এর কথা। গতবার পর্যন্ত ৪ কেটে ৭২ লক্ষ টাকা দিয়োছল এশব আমর পাইনি। আমাদের মাখামন্ত্রী, অর্থামন্ত্রী এবং **আরো** যাবা প রানো মন্ত্রী আছেন। অবশ্য ন এন মন্ত্রীও কিছা এসেছেন। প্রোনো মন্ত্রী গাঁরা করেক বংসর ধরেই নিলাতেই যাতায়াত করেছেন। নিশ্চয়ই ফিনাক্স কলিখনের কাছে বাংলাদের্খার ভ্রম পেরেক र्जीतन देखना जाँना त्वरथरहरन। किन्द्र अधारत वखना नाथरल शत ता। फिल्लीन कर्जारफन कारफ আমাদের বংলাদেশের নেতা যাঁরা, তাঁদের কডা কথা বলবার উপায় নেই। তাঁদের একমা**ত ভরসা** দেহি পদপল্লবম,দারম। এর উপরে তাদের উঠবার কোন জায়গা নেই কড়া কথা তারা **বলতে** পারেন না। কেন্দ্রীয় মন্দ্রীও য'রা আছেন, বাংলাদেশের প্রতি তাঁদের বিমাতৃস্পভ যে মনোভাব সেটা আজকের কথা নয়, সেটা চিরক লের কথা। বাংলাদেশের লোক বাঁচুক, বা না বাঁচুক: ৰাংলাদেশের মান্য দঃখ কণ্টে মারা যাচ্ছে কি না যাচ্ছে সেদিকে তাদের দুখি নেই। তাঁরা ৰাংলাকে মেরে ফেলতে চায়। এবং এবারও প্রথম থেকেই দেখছি যে কংগ্রেসের লেকেরা মনে করেন, কলকাতাটা লাল ছিল, এবার নাকি একেবারে কালো হয়ে গিয়েছে। এবার তারা একটা ডেপ্টেশন নিয়ে গিয়ে দেখন না জহরলালের কাছে, নেহের্জীর কাছে, যে, আপনার যে দঃস্বপেনর কলকাতা ছিল সেই লাল কলকাতাকেও একেবারে ডাণ্ডা পিটিয়ে এবং ঢাকা খ তিয়ে কালো কলকাতা করে ফেলেছি, তাই দয়ার দানটা কিছু, বাড়িয়ে দিন। আরো **কালো** ▼বে দেবো, লাল আর হবে না—একথাটা ত তাঁরা বলতে পারেন। আমি যে কথা বলছিলাম, किन। हे किम्मान्त्र कथा वः लात क्यांल व्यवत्र व्यक्तवाद माना इत्वेष्ट् रेनकाम वेगास्त्रत स्य শেরার আমাদের পাওয়া দরকার, সে জায়গায় যা পাওয়া উচিত, চিরকাল শুনে আস্ছি যে তা আমরা পাই না এবং এবারও তা আমরা পাইনি।

[4-50-5 p.m.]

আমাদের ইনকাম ট্যাক্স ষেটা পাওরা উচিত আমরা এবারও সেটা পাইনি। একটা কথা বলতে চাই ৰে কেন্দ্ৰীয় মন্দ্ৰসভাৱ বাঁৱা আছেন, তাঁৱা বাংলাদেশের উন্নতি চান না। বাংলাদেশের লোক সংখে থাকক তারা তা চান না। এর একটা উদাহরণ দেব। আজকাল কোন নোতন শিল্প গড়ে खनार हाम जार समा माहेरमन्त्र भरतकार हम अवश स्मिट माहेरमन्त्र एम्स हेन्छान्ये ज्यान्छ क्यान र्मिर्नान्ये (थरक धरा रिका रेन्फ्रान्येयान एएएक्नभूमने आन्छ दिशासन्य आहे अन्यायी एक्स ছর। সেখানে যদি যান তাহলে দেখবেন সেখানে এমন একজন মল্টী আছেন যিনি তাঁর কাছে গোলে প্রথমেই জিজ্ঞাসা করবেন -"আপনি শিল্প প্রতিষ্ঠা করতে চান, কিল্ড কোথায় করবেন " বাঙালী হলে কোন প্রশ্নই নেই, অবাঙালী হলে জিজ্ঞাসা করবেন-"কোথায় প্রতিক্রা করবেন " बॉम वर्जन वाश्मारमर्ग, डाइरल इर्ज ना। योन वर्जन आजारम, मधाश्ररमर्ग वा युक्कश्ररम्ग, जाइरल हरत। वारमाश रहन माहेरमञ्ज भाउशा यात्व ना। এकथा आग्नि छात्र करत वन्नत्व भावि करे ৰদি এর সভাতা সম্পর্কে প্রমন করেন আমি আরও অনেক ঘটনা দিতে পারি এবং প্রমাণ করতে পারি যে এরকম ঘটনা ঘটেছে। তাই বাংলাদেশের প্রতি কেন্দ্রীয় মন্দ্রিসভায় যে মনেভাব সেটা আঞ্চকের নয় পরোন মনোভাব। তা দার করতে গেলে রাধিকাব কৃষ্ণ সেজে পায়ে ধরে বসে **থাকলে** হবে না, সেখানে বসে থেকে জোর করে আদায় করে নিয়ে আসতে হবে। কিন্তু কি করে আদায় করতে হবে ? মুখামলী বড় বড় ব্যাপারের ব্যবসায়ী তিনি এবং ভার আশ্রিত লোকদের বেশ করেকটি বড বড কো-প্রা আছে। তার সেই কো-পানীগুলির হিসাবপ্র ক্যাল দেখা যাবে যে তার পরোক্ষ বা অপরোক্ষ প্রভাবে বা আগ্রিত লোকদের দিয়ে যে ব্যবসা গড়ে উঠেছে সব কর্তি লোকসানের ঘরে দাড়িয়ে আছে। সেই লোকসান পর্বণ কর্তে কন্তা: সেই **লোকসান প**রণ করছে অবাঙালী যারা হারা। কি ভাবে? না কোথাও ঋণ দিয়ে পারণ করছে, কোপাও শৈয়ার কিনে, কোগাও লোন দিয়ে পাবণ করছে। সেই লোকসান পাবংগর দুবর। বিধানবাবরে আখ্রিত লোকদের প্রতিপালনের বাবস্থা করা হয়েছে। বিধানচন্দ্র রায়ের আখ্রিতদের শোষণ করেন মেসব বাবসায়ী তারা জানেন যে তাঁদের প্রতি তিনি নির্দেষ হান কি করে ? এবাব তাই দেখাছ বিধানবাব, যেখানে মুখামন্ত্রী, কালীপদবাব, প্রালিস মন্ত্রী, সেংখনে এবার সোনায় সোহাগা কয়েছে বিজয় সিং নাহার হয়েছেন শ্রমানতী। তাই তো ব্যুক্ত হার করে বোল এবং বিদেশী বড় বড় প্রতিষ্ঠানের মালিকদের ঘরে আনন্দের কলরব। যথনই জনসাধারণকে পেটাবার দরকার তক্ষানি সেখানে অংছন আমাদের প্রিলস মন্তী। মানুষ খুন করে তিনি **লালবাজারে বসে রসগোলা** খান। প্রালিস বাডেটে এবার নিশ্চয়ই অতিরিক টাকা ধরান্দ রাখ্যবন। **এবার শ্রমমন্ত্রী** হয়েছেন শ্রীবিজয় সিং নাহার। এবার তে দেখলাম প্রচর মালা নিয়ে লোকে ৰাছে কংগ্ৰেস ভবনে সন্বৰ্ধনা জানাতে। হুগুলী থেকে একজন লোক একটা ছোট যালা নিয়ে এসেছে। কি-ত পরাতে পারে নি: কাবণ গরীব লোকেব ছোট মালার প্রতি বড়ালাকের নজর **त्नरे। आमन म**िष्टे वस्रवास्तातत वस्र वस्र वावमामातामत मिरक, आत वस्र वस्र वित्ममी प्राणिकतमत উপর। আমি আর একটি কথা এখানে বলতে চাই. এই যে সংখ্যালঘদের ধনিকশ্রেণী এরা তো নিশ্চমই সংখ্যালঘু, সম্প্রদায় - এদের তো যথেষ্ট স্বার্থ এয়াবং দেখেছেন। এবার তাদের না দেখে সংখ্যাগরিষ্ঠ যারা অর্থাৎ জনসাধারণ তাদের জীবণে যাতে স.খ আসতে পারে, শান্তি আসতে পারে তার দিকে নজর দিন। আর একটি কথা বলি প্রালিস শতবার্ষিকীতে তো প্রালিসমন্ত্রী সভাপতিত্ব করলেন। আবার বিড়লা সেণ্টিনারী আসছে। দেখলাম বোনেবর মুখামন্দ্রী ভাতে সভাপতিত্ব করলেন। এখন শ্নছি এপ্রিল মাসে বাংলাদেশে এই বিডলা সেনিটনারী উৎসব হবে। মশ্বীদের অনুরোধ করছি তাতে যেন তারা কেউ সভাপতিত করে বাংলাদেশের মুখে কালি না দেন। এখন আর একটি বস্তব্য এখানে রাখব। আমাদের কলকাতার বুকে যারা বিদাং সরবরাহ করেন সি. ই. এস. সি. তারা ২৮শে ফেব্রুয়ারী পশ্চিমবাংলা সরকারের কাছে এবং ওয়েস্ট বেকাল ইলেকট্রিসিটি বোর্ড এর কাছে বলেছেন যে তারা ইলেকট্রিসিটি রেট বাডাতে চান এবং তা কিসের **উপর-**-না, রেডিও এবং হিটার-এর উপর রেট বাড়বে। রেডিও বাংলার মধ্যবিত্ত লেকের আনন্দের দ্রিনিস এবং সম্তায় রেডিও কিনতেও পারে। তাদের দুঃখ-দুর্দশা জরুরিত জীবনে কিছুটা আনন্দ ওই রেডিও শনে পেতে পারে। সেখানে রেট বাড়াবার কথা বে বলছে সেদিকে তো আপনারা নজর দেন না। বড় বড় শিলেপ যে প্রচুর ইলেকট্রিসটি দেওয়া হয় এটা এত কম হারে দেওয়া হয় যে ইলেকট্রিসিটি তৈরী করতে যে থরচা পড়ে তার চেয়েও কম। তাই মুখামল্টীর **কাছে** আবেদন করব-জানি আবেদন করে কোন লাভ নেই-কারণ, বে বাজেট তিনি পেশ

করেছেন তার বে চেহারা দেখোঁছ তাতে মনে হল তিনি বিদেশী প্রতিক্ত এবং আমাদের এখানে হে অবাঙালী প্রতিক্ত তার দালাল হিসাবে চিরদিন কাজ করছেন।

Shri Susil Kumar Das Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাজেট আলোচনা করতে উঠে প্রথমে অভিনন্দন জানাব আমাদের শ্রম্থের মুখামন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশরকে। কারণ এবারের বাজেটে কোন মডান কর ধার্য করার কোন প্রস্তাব তিনি রাখেন নি। এর আগে আমরা দেখেছি বাজেটের সমর ক্ষুন উপস্থিত হয় সাধারণ মানুষের বোধ করি হুদকম্প উপস্থিত হয় এই ভেবে যে তাদের উপরে প্রত্যক্ষ কিন্দ্রা পরোক্ষভাবে করভার চাপবে। যে করভার কেন্দ্র থেকে আসকে বা এখান থেকে হাসকে। আমাদের মুখ্যমন্ত্রী জনদরদী মুখামন্ত্রী, কাজেই এবারের বাজেট উপস্থিত করতে গ্রেয় তিনি বলৈছেন নতন কোন কর তিনি ধার্য করছেন না। যেখানে ৬ কোটি ৭৩ লক্ষ টাকা এই বাজেটে ঘাটাত ছিল কিল্ড প্রারম্ভিক তহবিলে ৬ কোটি ৯৪ লক্ষ টাকা ছিল বলে ২১ লক্ষ টাকা হাতে নিয়ে তিনি বাজেট পেশ করেছেন। সমুহত ভারতীয় পরিকল্পনার প্রথম শ্বিতীয় এবং ততীয় পণ্ডবাধিক পরিকংপনায় উন্নতির যে আভাষ ও ইণ্গিত আমরা দেখতে পাই ন্থ্যমন্ত্রীর বাজেটেও সেই ইণ্গিত ও সেই আভাষ দেখতে পাই। সেই ইণ্গিত হচ্ছে কৃষির উল্লাত, সেই হাজ্যিত হচ্ছে বৈদ্যুতিক শক্তির উল্লাত, সেই হাজ্যিত হচ্ছে দেশের কৃতিরশিদেশর জন্য যে কাঁচামালের প্রয়োজন তার সংরক্ষণ। আর চতুর্থ ইপ্গিত হচ্ছে আমদানী কমিয়ে আনতে হবে, যাতে ভারতবর্ষের টাকা বাইরে চলে না যায়। [°] এইসব দিক আমরা বাজেটেব মধে। **লক্ষ্য** কর্মছ। সেইজনা মাখ্যমন্ত্রীকে আমি আন্তরিক ধনাবাদ জানাচ্ছি। তাবপর আম্বা যদি বিভিন্ন ন্ত্রের নিকে লক্ষ্য করি, ভারলে নেখতে পারো শিক্ষা খাতে অনেক বেশী টাকা ববাদ্দ **করা** ং গছে, প্রাথমিক শিক্ষা সরকার নিজে দায়িত্বে নিয়ে আসছেন। আমি কলিকাতা এবং মিউনিসি-০ লটির প্রাথমিক শিক্ষা সম্পর্যে স্কারটি কথা বলতে চাই, প্রাথমিক শিক্ষা আমাদের সরকারের

. - 5-25 p.m.]

র্লাস্ক। এই প্রথেমিক শিক্ষা সন্ধ্রের আমি ২।১টি কথা উপপিথত করতে **চাই। আপনারা** জানন যে কোলকাভাষ প্রথমিক শিক্ষার ভার পৌরসভার উপর দেওয়া আছে। পৌরসভা সেই ^{ালিছ} পালন কলেন কিল সেটা সোধ্যয় কোলকাতা থেকে যাঁরা বিধানসভায় **এসেছেন** ভাঁরা ভা**ল** ্রেই জ্রানে। তাঁদের বর্তব্য ভারা পালন করেন কিছা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করে: আর শাসন মাধানিক বা উচ্চ মাধানিক বিদ্যালয় আছে তার প্রতি ছাত্র পিছু আট আনা দিয়ে ও আমি এখনে শ্ধু একটা কথা জানাতে চাই যে দেখা গেছে গরীব বসতীবাসী লোকেদের ছেলেপিলেদের প্রথামক শিক্ষা দেবার কোন ক্ষমতা নেই। পোরপ্রতিষ্ঠান কোলকাতায় যে কটি প্রা<mark>থামক</mark> িজলয় করেছেন, সেখানে বেশীর ভাগ সময় স্থানাভাব। কাজেই তাদের ছেলেমেয়েদের এমন ^{বিদ্যাল}য়ে পাঠান হয় যেখানে শিক্ষার নামে অশিক্ষা বেশী। এই প্রসঞ্জে আমি যে কেন্দ্র **থেকে** ির্বাচিত হয়েছি সেই কাশীপার এলাকা কোলকাতা কপোরেশনের ভেতরে। কিব্রু আমরা াকে বলি সুবোর্ব এরিয়া। এখানে শতকরা ৪০।৫০ জন লোক ক্তীবাসী এবং এদের ভেতরে অনেক মুসলমান ও হরিজন ভাই আছেন। আমরা হরিজনদের শিক্ষার জন্য তাদের চাকরীর জন্য ১০ পারসেন্ট রিজার্ভেশন রেখে দিয়েছি। কিন্তু ১০ বছরে আমরা সেই লক্ষ্যে পেণিছাতে পারিনি, তার কারণ বোধ হয় তারা শিক্ষা পায়নি। তাদের সংখ্য আমার দৈনন্দিন জীবণে রোজ মিলবার ্র সাযোগ আছে ভাতে জোর করে বলতে পারি যে ১০ বংসর কেন ৫০ বংসর চেন্টা করলেও ্রা তাদের লক্ষ্যে পেছিছে পাববে না। কাজেই আপনার মাধ্যমে আমি শিক্ষা দণ্ডবের কাছে 🚅 আবেদন জানাই যে হরিজনদের শিক্ষার প্রতি যেন বিশেষ নজর দেওয়া হয়। আর একটা ^{এম্}ন্ত পরিস্থিতির কথা আমি বলব। আমাদের সরকারের যেসব প্রাইমারী স্কুল আছে তার ^{ছনা} হে অর্থ বরান্দ করেন, তা অতি সামানা। তাতে কোন প্রাইমারী শিক্ষালর চলতে পারে না। ^{মামার} পল্লীতে অনেক প্রার্থামক শিক্ষালয় দেখেছি যেখানে-বিশেষ করে হিন্দী স্কুলে-শিক্ষার ^{নামে} যে শিক্ষা দেওয়া হর সেটা অশিক্ষা। কারণ বেসব শিক্ষক সেধানে শিক্ষা দিয়ে থাকেন ্রাদের নিজেদেবই সে শিক্ষা নেই। কান্ডেই তারা তাদের স্টাণ্ডার্ড অফ এডকেশন-এ পে'ছিতে ^{শর্বে} না। জনস্বাস্থা সম্বশ্ধে একটা আলোচনা করতে চাই। বাজেটে মুখামন্দ্রী মহাশর ^{লেছেন} ম্যালোরিয়া আমাদের দেশ থেকে চলে গিয়েছে। সেজনা আমি অভিনন্দন জানাই।

কিন্দু একটা কথা না বলে পারি না। ম্যালেরিয়া বাদের জন্য দ্র হয়েছে তাদেরই অভিনন্দন লানানো উচিত। কাজেই সত্যিকার অভিনন্দন, বারা মসকুইটো কন্দ্রোল করে তাদের না করে, বারা এসব ঔষধ বার করেছেন তাদেরই জানাছি। মালেরিয়া তাড়াতে হলে সর্বপ্রথম মশা তাড়ান প্রয়োজন। আমাদের কাশীপুরে এবং বরানগরে জ্যোতিবাব্ ভাল করে জানেন, মশার কি অত্যাচার। আমার মনে হয় এই মশা কোনদিন হয়ত দেখবেন যে এরোপেলনে করে সমস্ত মানুষকে এনে বিধানসভার ফেলনে। কাজেই আপনার মাধ্যমে এই আবেদন জানাই যে এদিকটা সরকার যেন লক্ষ্য দেন। আর হাসপাতালের অব্যবস্থা সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে। আমাদের কাশীপুরে একটি বেসরকারী হাসপাতাল আছে। এদিকে তা বাংলাদেশের জনসংখ্যা অনেক বেড়ে গিয়েছে। কাজেই এখানে ভাঁড় সবসময় লেগে থাকে। আজকে চিকিৎসার জন্য হাসপাতাল থেকে একজন বেরিয়ে আসে তো দ্ভান লোক ঢ্কতে যায় এত ভাঁড়। যদি হাসপাতাল এই ভাঁড় কমাতে হয়, তাহলে বেসরকারা হাসপাতাল যা আছে বিশেষ করে কাশী-পুরের বেসরকারী হাসপাতাল, সরকারের দায়িছে আনা উচিত। এই হাসপাতাল বাদ সরকারের হাতে নেন, এই কাশীপুর হাসপাতাল কলকাতার কাছে, এই হাসপাতাল যাল বাদ সরকারের হাতে নেন, এই কাশীপুর হাসপাতাল কলকাতার কাছে, এই হাসপাতাল যাদ ভাল ব্যবস্থা হয় ভাহলে আর, জি, কর মেডিকেল কলেজ হাসপাতালে এবং মেডিকেল কলেজ হাসপাতালএ চাপ ক্ষম আনে।

আমার সময় আর নেশী নাই, একটি বিষয় শুধ বলতে চাই, সেটা হল বেকারী সম্বন্ধ। আমাদের সামনের জনৈক সদস্য বুলেছেন আমাদের মুখ্যমন্ত্রীকে রাশিয়ায় হৈতে। রাশিয়ায় গেলে এ সমস্যার কোন সমাধান হবে না, একমতে যা সমাধান হবে সেটা হল নরহাত্যার সমাধান হবে।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment.]

[5-25-5-35 p.m.]

Mr. Speaker: Shri Mono Ranjan Bakshi will now speak

Shri Monoranjan Baksi:

মাননীয় পশীকার মহাশ্য, আপনাকে এবং আপ্রাব মাধ্যমে বিধানসভার সদস্যক্ষেক হয় এবং অভিনদ্ধন জ্ঞাপন করছি। কারণ আমি একহন নাগেও সদসা। আমার প্র্ব অন্ধন করা এবং মাননীয় সদসা। বলেছেন যে এই সম্মানিত হাউসত আলা একে কিছু শিশ্বর আশা করেছিলান, কিন্তু প্রায় হত্যশ হয়েছি এজনা যে কয়েকদিন যাবং ধ্যে সহকারে সম্মানিত হাউসএ যা দেখলাম তাতে একটা প্রামের কথা মনে পড়ে সেটা হচ্ছে এক প্রামে কয়েকজন ভাল কবিত। লিখত। এ বলে আমি ভাল কবি, আর একজন বলে না আমি বড় কবি। তথন তারা বিচারকের কাছে গোল। বিচাবক তথন বলালন আপ্নাদের কবিতা পাঠ কর্ন দেখি কে কেমন বড় কবি হয়েছেন। তথন একজন কবিতা পাঠ করে বলালেন যে, "সভামধ্যে বসে আছে শতেক যাবতী, এমন সময় উড়ে গোল গোটা কয়েক হাতী।" তথন বিচারক বলালেন যে ছন্দের মিল হলেই কবিতা হয় না। কেন না হাতী কথনও উড়তে পারে না। যা হোক, আমি এখানে ন্বাগত এবং সেই হিসেবে আশা করেছিলাম যে পালামেন্টারী রীতিনীতি কিছু শিখব। কিন্তু যা দেখলাম তাতে আমি হতাশ হয়েছি।

মাননীয় দপীকার মহাশয়, আমাদের ম্থাফলী তথা অর্থাফলী ১৯৬২-৬৩ সালের বাজেটে কর নির্ধারণ সম্পর্কে বলেছেন যে রাজন্তের ঘাটতি প্রণের জনা আমরা কোন ন্তন কর ধার্য করি নি। এটা দেখে এবং পড়ে খ্র আশাদিবত হলেও সপো সপো দেখলাম যে বাজার থেকে প্রায় ৭ কোটি টাকা ঋণ নেবার বাবস্থা হয়েছে এবং বাজেটে ঘাটতি হছে। কাজেই আর্থিক বছরে ৪ কোটি ৫ লক্ষ টাকা ঘাটতি দেখে মনে হছে এটি একটি বর্ণচোরা আম। কিন্তু আমার প্রধান জিজ্ঞাসা হছে যে এই ঘাটতি কেন? আজকে বাজেট আলোচনা প্রসপো তিনি বলেছেন বে কেন্দ্রীয় মন্দ্রণালয়ের মতিগতি এবং তৃতীয় অর্থ কমিশনের একটা গোলমালের জনাই এই ঘাটতি হছে। মাননীয় দপীকার মহাশয়, আগনার মাধ্যমে জানাতে চাই যে ১৯৬১-৬২ সালে

ভাম রাজ্ঞান বাবদ প্রায় ৯৬ লক্ষ টাকা ঘাটতি পড়ে আছে এবং তা' ছাডা ক্যানেল কর বে কে আদায় করবে সেটা এখনও ঠিক হোল না। বেভিনিউ ডিপার্টমেন্ট বলে ইরিগেসন ডিপার্টমেন্ট আদার করবে আবার ইরিগেসন ডিপার্টমেন্ট বলে রেভিনিউ ডিপার্টমেন্ট আদার করবে এবং এই নিরে ৪ বছর কেটে যাওয়ায় সেই কর আদায় হয়নি এবং তার ফলেই এত টাকা ঘাটতি দেখা ষাক্ষে। অথচ এদিকে দেখাছ ডিপার্টমেন্টের পর ডিপার্টমেন্ট বেডেই চলেছে কিন্ত তাদের কোন এফিসিয়েন্সী নেই এবং তার জনাই এই ঘার্টতি হচ্ছে বলে আমরা শুনলাম। মাননীয় ৮পীকার মহাশয়, আমরা শ্নেছি যে আমাদের মুখামন্ত্রী তথা অর্থামন্ত্রীর কেন্দ্রের উপর অসীম প্রভাব আছে। তা যদি হয়ে থাকে তাহলে আমার জিজ্ঞাসা হচ্ছে যে, অবিভক্ত বাংলায় রাজম্ব খাতে य होका जानाय दशा टाउट वारनारमण टाउ नाःय। आया भाष्ट्रिन ना वरन यथारन माउ अन अन সংকার তত্ত্তীয় রাউন্ড টেবেল কনফারেন্সে বিলেতে গিয়ে ব্টিশ গভর্মেন্টের কাছ থেকে টাকা আদায় করে আনতে পেরেছিলেন সেখানে এই স্বাধীন ভারতে বাংলাদেশের প্রভাবশালী অর্থমন্দ্রী এই ঘার্টতি পরেণের জন্য অর্থ কমিশন বা কেন্দ্রীয় অর্থ মন্দ্রণালয়ের কারে তার সেই অসীম প্রভাব বিস্তার কুরছেন না কেন? কাজেই আমার বছবা হচ্ছে যে, তাঁর সেই অসমি প্রভাব বিস্তার করে বাংলাদেশকে রক্ষা করা হোক। তারপব, ১৯৬২-৬৩ সালের অর্থ বন্টনের ব্যাপারে যে সমুষ্ঠ বাবস্থা করেছেন ভাতে দেখছি কৃষকগণ যাতে জমিতে সার দৈতে সক্ষম হয় তার জন। ৩৪ লক্ষ টাকা বরান্দ শরা হয়েছে। তবে এখন যেখানে সারের জন্য ঋণ দেওয়া হয় পার্বে সেখানে এই সারের জন। টাকা না দিয়ে সার দেওয়া হোত এবং তার ফলে কুষকরা সাব পেত। কিন্তু এখন সাবের পরিবতে নগদ ঋণ দেবার যে ব্যবস্থা হয়েছে ভাতে দেখছি যে ঐ টাকা নেবার জনা বহা দর্থাস্ত লোকেরা দেয় এবং চাষারা না পেয়ে গ্রামের প্রভাবশালী ব্যক্তিরাই সেই টাকা পায় এবং এর ফলে টাকা দেওয়ার যে উদ্দেশ্য অর্থাৎ কৃষির উন্নয়ন তা সিম্ব না হয়ে বার্থাতায় পর্যবসিত [5-35-5-45 p.m.]

হচ্ছে। কাজেই আমি মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে সরকারের কাছে এই সাজেসান দিছিছ যে হারের জন্য ঋণ হিসাবে টাকা দেওয়ার পরিবর্তে চায়ীগণকে সার দেওয়া হোক, তাতে সতিাকারে কৃষি উন্নয়নের বাসত্তর বাকস্থা হবে। এবং আরও দেখছি যে বন খাতে প্রায় ৪০ লক্ষ টাকা বন্ধি পেয়েছে। আমি আউশ গ্রাম কেন্দু থেকে নির্বাচিত হয়ে এসেছি। সেই কেন্দ্রের প্রায় অর্ধেক জায়গা বন জংগলে ভতি। আমি জংগল এলাকা ঘুরে দেখেছি, সেখানে প্রকৃতপক্ষে সামনে কত্রকর্গ লি গাছ রেখে দেওয়া হয়েছে কিল্ড বনের ভেতর কোন গাছ নেই, সব লঠে-পাঠ হরে যাছে। এদিকে সরকারের দ্ঘি দেওয়া প্রয়োজন। শুধ্ তাই নয়, সেইসমণ্ড জ্পালের ভেতর যেসমণ্ড গর্রাব আদিবাসী পাতা চিরে কাঠি কেটে নেয়, তাদের উপর থবে অতাচার করা হয়, অথচ প্রভাবশালী লোকেরা সেখান থেকে রেহাই পেয়ে যায়। কান্ডেই এই বন বৃদ্ধির নামে লোকের যে কণ্ট বৃদ্ধি পেয়েছে তা লাঘবের জনা আমি প্পীকার মহাশয়ের মাধামে সরকারের কছে অনুরোধ জানাচ্ছ। দ্বিতীয় পঞ্চবাধিকী পরিকল্পনায় যে ১১টা শিল্প নগরী **স্থাপনের** ব্যবস্থা হয়েছে তার মধ্যে আসানসোলে একটার ব্যবস্থার কথা হয়েছে। আমি মাননীয় **স্পীকার** মহাশয়ের মাধ্যমে সরকারের কাছে এই সাজেসান দিচ্ছি যে আসানসোলে যে শিংপনগরী করবার ব্যবহ্পা হয়েছে তাতে কাঁকসা এলাকায় আজও কোন কিছু হয়নি, সেই কাঁকসা এলাকায় শিল্প-নগরী প্রতিষ্ঠার বাবস্থা করা হোক। এই বাজেটে আমরা দেখছি যে ডি ভি সি-র উন্নয়ন বা নলক্প সেচের জন্য বহু টাকা বায় বরান্দ ধরা হয়েছে। কিন্তু আউসগ্রাম কেন্দ্রের ভেদিয়া এলাকা অজ্যের বন্যায় প্রতি বছর যে ক্ষতি হয়, যে জমি নণ্ট হয়, সোদকে সরকারের দাণ্টি আকর্ষণ কর্রাছ। আমি স্পীকার মহাশয়ের মাধামে সরকারের কাছে নিবেদন কর্রাছ যে তাঁর। যেন অজয়ের উপর বাঁধ দিয়ে প্রতি বছর জনসাধারণকে যে কন্ট ভোগ করতে হয় তার থেকে স্বস্তির নিশ্বাস ফেলবার সাযোগ দেন। এই কথা বলে আমি আমার বস্তব্য শেষ করাছ।

Dr. Ranjit Kumar Chosh Chowdhury:

মিঃ স্পীকার, স্যার, ম্খামন্দ্রী তথা অর্থ মন্দ্রী বে বাজেট বক্তৃতা আমাদের সামনে রেখেছেন আমি তা সমর্থন করি। সমর্থন করি এই জন্য যে তিনি দেখিয়েছেন কিভাবে পশ্চিমবংগের ইকো-নমিক সিচুয়েসান প্রগ্রেস হচ্ছে এবং আমাদের যে বেসিক অবজেকটিভ সেখানে পেছিতে গেলে আমাদের বা বা করণীর তার সমস্ত প্যান তিনি আমাদের সামনে রেখেছেন। আমি বিশ্বাস করি ঠিকমত বাদ কাজ হয় ভাহলে আমরা আমাদের বোসক অবজেকটিতে পেশিছাতে পারব। বিরোধী-প্রক্রের রক্ষরা আনেক কথা বলেছেন তাঁদের বছবোর উপর আমি আজ কোন সমালোচনা করতে हाहै ना। यानि अकथा वलाल भूत वर्ष कथा वला शर्व जर्द अ कथा वलव स आमि विदासीशक्तिक অভিতয়কে স্বীকার করি না-পার্লামেন্টারী ডেমোন্ড্র্যাসিতে বিরোধীপক্ষকে বেজন্য রাখা হয়েছে সেই কাজ তারা গত ১৪ বছর ধরে কিছুই করেন নি। সেইজনা ও'দের কথায় বেশী সময় নন্ট না করে আমাদের সরকারের যেসমুস্ত প্রাাক্টিক্যাল ডিফিকালটিজ আছে, যার জন্য আমাদের বেসিক অবজেকটিভে পেশছাতে অসুবিধা হতে পারে, সেই প্রসংশ্যে আমি দু'একটা কথা বলব। প্রথম কথা হচ্ছে আমাদের যেসমুহত উচ্চপদৃহথ সরকারী কর্মচারী আছে তাঁদের সম্বন্ধে দু'একটা কথা আমি মন্ত্রীমণ্ডলার কাছে নিবেদন করছি। আমি গত ৫ বছর ধরে বলেছি যে যাঁরা সরকাবী ক্ষাচারী আছেন, তাঁরা বিবেকানদের গ্রন্থাবলী পাঠ করুন, তারা সেই অনুভতি নিয়ে আস্ক্র বে তারা দেশ সেবক। তবেই তো তাঁদের দেশপ্রেমের ন্বারা দেশ গড়ে উঠবে। আজকে আমি একথা বলব না যে সরকারী কর্মচারীরা সক্রিয় রাজনীতি করেন। কিন্তু আমি নিশ্চয়ই বলব ৰে তাঁদের গণতান্ত্রিক কাঠামোকে ব্রুতে হবে। আজকে জনসাধারণের প্রতিনিধি হিস্তব বিধান সভার সদস্য আমাদেরই লোক হচ্ছে মল্টামণ্ডলী এবং উচ্চপদস্থ সরকারী কর্মচরী সকলেন্ট অভারাল ইন্ট্রিটেড হওয়া দরকার তবেই যে পরিকল্পনা আমরা নিচ্ছি সেই পরি-কদপনা সফল হবে। আমাদের মন্ত্রীমণ্ডলীর ভেতর এবং উচ্চপদস্থ কর্মচারীদের ভেতর কিছা ক্ষাপের আছে বলে মনে করি না। আঞ্জকে মন্ত্রামণ্ডলীর ভেতর এবং উচ্চপদস্থ সরকারী ক্মাচারীদের ভেত্র কোন কম্পেল্স থাকলে কোন দিন কোন স্বান আমরা ঠিকমত করতে পারব **বলে** মনে করি না। দিবতীয় কথা হচ্ছে আমাদের মখোমনতী বলেছেন যে

The Country has infused much new blood into the House and we welcome these signs of treshness and vitality.

[5-45--5-55 p.m.]

ইনি বলেছেন অবশা বিধানসভায় যে নৃত্ন সভারা এসেছেন, ওাঁদের সম্পর্কে বলেছেন। তামি তাঁকে বলাছেন অবশা বিধানসভায় যে নৃত্ন সভারা এসেছেন, ওাঁদের সম্পর্কে করে একটা চিন্তা করবেন, সরকারের যাঁরা উচ্চপদস্থ কর্মচারা আছেন, তাঁদের মধ্যে যাঁরা স্পার আদ্বারেটেড, তাঁদের কথা চিন্তা করবেন। কোন নৃত্ন লোক আনা হবে না এতে করে যাঁরা নিম্নপদস্থ কর্মচারা, তাঁরা ইনসেন্টিভ ফিরে পাবেন। একটা কথা শ্লেন থাকি—কথায় কথায় রেড-টাাপিজম কথা শ্লিন। রাইটার্সা বিল্ডিংসে বন্ধ্য বেটা হৈরী হয়। আজকে দিন এসেছে এই রেড-টাাপিজম ভেপো ফেলতে হবে ত্রেবই আমাদের উক্সতি।

শেষ কথা হচ্ছে সরকারী যে নীতি যে নীতিতে আমরা মনে করছি পঞ্চবার্যিক পরিকল্পনা করে আমরা দেশের উন্নয়ন করবো, সে নীতিতে সরকারী কর্মচারীদের আম্থাশীল হওয়া দরকার, তাদের বিশ্বাস নাই, সেই নীতি যথন একজিকিউট হবে, তখন যে তারা সেটা ভাল করে ক্মণিলট অর ইমণিলমেনটেশন করতে পারবেন, তা আমি মনে করি না। সরকারের যে নীতি সেই নীতি সম্বন্ধে তাঁদের আস্থাশীল হওয়া দরকার।

তৃতীয় পরিকল্পনাকালে দেখছি অমরা খাদে। স্বয়ংসম্পূর্ণ হতে পারবো। কিন্তু খাদে। স্বয়ংসম্পূর্ণ হতে গোলে কতকগুলি জিনিষ লাগে। ফসল বাড়াতে গোলে কতকগুলি জিনিষর লাগে। ফসল বাড়াতে গোলে কতকগুলি জিনিষর প্রয়োজন। এর প্রথম কথা হচ্ছে ভাল বীজ। গ্রাম দেশে যে রক ডেভেলপমেন্ট অফিস করা হরেছে, সেখানে বীজ সরবরাহ করা হয়। আমরা জানি অভিজ্ঞতা থেকে বীজ সরবরাহ করালে ক্ষমল বাড়ে তা নয়। প্রতি থানা এলাকায় সীভ ফার্ম করা দরকার। সব বীজ দিয়ে ফসল ক্ষান বাবে না।

ন্দ্রিতীর কথা হলো সরেল টেসটিং। সাধারণ চাষীর ধারণা সরকার কি সার দিরেছেন, তাতে থামি জনলে গেল। কান্দেই সরেল টেসটিং-এর বন্দোবস্ত করতে হবে কোন্ জমিতে কোন্ সার দিঙে হবে এটা জানা প্রয়োজন।

আর একটি বিষয়ের প্রতি সেচমন্দ্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নিন্দ দামোদরের কথা বলবো।
ভি ভি সি-র কথা অনেকে বলেছেন। এই নিন্দ দামোদর সম্পর্কে কোন একটা স্ফুর্ সমাবান

এখনো সরকার করতে পারেন নি। নিন্দ দামোদরে জলনিকাশের প্রশ্নই প্রধান। নিন্দ দামোদর মদ্রে বাবার ফলে শুন্ধ যে হাওড়া ও মেদিনীপ্রের ক্ষতি হচ্ছে তা নর সমগ্র পশ্চিমবন্ধ্যের বৃহৎ একটা অংশের ক্ষতি হচ্ছে। আমি সরকারকে অন্রেয়ে কয়বে৷ তৃতীয় পশ্চবাধিক পরিকল্পনার যে টাকা ধর৷ হয়েছে, তার শ্বারা যেন তাড়াতাড়ি এই নিন্দ দামোদরের উন্নতির সম্বন্ধে একটা পরিকল্পনা করতে পারি।

ৰাতে জনসাধারণের দৈহিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতি হয়, সেজন্য তৃতীয় পণ্ডবাহিকি পরিকল্পনায় অনেক ঢাকা বরান্দ করা হয়েছে।

শিক্ষা দণতর সম্বন্ধে দ্-একটা কথা বলতে চাই। গ্রামে যে প্রাইমারী দ্কুল রয়েছে, সেগ্নুলিকে সরকারী সাহায়। অধিকাংশ ঘরবাড়ী পাকা করা হয়েছে ভাষণের প্রথমে দেখা যাছে। এই প্রাইমারী দ্কুলগ্যুলিকে আপগ্রেড করবার জন্য প্রচুর অর্থ সরকার খরচ করছেন। যে নীতিতে সেগ্নুলি আপগ্রেড করা হছে তা ব্রুডে পারছি না। এ সম্পর্কে কোথাও কোন মিল খ'লে পাইনি। আমার মনে হয় এ বিষয়ে একটি স্মুঠ্ নীতি থাকা দরকার। একটা মাপকাঠি থাকা উচিত যে এই এই জিনিষ প্রিরক্রিজটস যদি না হয় তাহলে আপগ্রেড করা যাবে না, তাহলে ব্যুক্তে স্মুবিধা হয় এবং সেই মত লোকে তা তৈরী করতে পারে। মাননীয় শিক্ষামন্ত্রী বা শিক্ষাদণ্ডর প্রায়ই বলে থাকেন ওয়েট টিল রেজাল্ট ইমপ্রভ্স।

তারপর সেকে-ভারী এতুকেশন বোর্ড নিয়ে কিছা বছবা আছে। দাঃথের বিষয় বছাদিন হয়ে। গেল এতকেশন বেক্ত সম্প্রেক আমরা একটা সাংহা নাতি গ্রহণ করতে পারলাম না।

অ জন্ত সেকে ভারী এড়ুকেশন বিল এখানে আনা হল না, এটা খ্ব দ্যুখের ও লক্ষ্যকর। আজ কেকেজরা এড়ুকেশন বোর্ল যেভাবে চলেছে, আমার মতে সেইভাবে চলা উচিত নয়। প্রতি ছয় মাস অন্তর অন্তর সেখানে এক্সটেনসন চলেছে। যদি কোন লোককে প্রতি **ছয় মাস** অন্তর এক্টেনসন দিয়ে কাজ করান হয়, তাহলে তার পক্ষে মানসিক অবস্থা ঠিক রেখে কাজ করা সম্ভব নয়। স্তরং আমি মনে করি যত শীঘ্র সম্ভব সেকেন্ডারী এড়ুকেশন বিল নিরে এসে, সেকেন্ডারী এড়ুকেশনকৈ সংস্কার করা প্রয়োজন।

স্বাস্থ। সম্বন্ধে আমি বিস্থারিত আলোচনা করবো না, কেবল দু'-চারটি বিষয়ের প্রতি মাননীয় মিল্যমহাশরের দু'ন্ট আকর্ষণ করবো। একটা হচ্চে টিউবারকুলোসিস। এই টিউবারকুলোসিস কল্টোলের জন্য কালেকাটা নেট্রোপলিটান এরিয়ায় বেশী বন্দোবস্ত করা হচ্ছে। ভার সপ্তেশ সপ্তেশ প্রাম দেশে ফর অভিয়াস রিজনস—শহরে যখন টিউবারকুলোসিস কমবে, গ্রামে বাড়বে। এই কেন শহরে কমবে, আর গ্রামে বাড়বে, তারে আলোচনা করবার সময় নেই। টিউবারকুলোসিস কথ্যৌল যাতে গ্রামেও করা যায়, সেদিকে বিশেষ নজর দেওয়া উচিত। তা না হলে টিউবারকুলোসিস স্প্রেড বন্ধ করতে পারবো না।

শেষকালে আর একটা কথা বলবো। মুখামন্দ্রী মহাশয় বেকারী সমাধান সম্পর্কে বলেছেন, সে সম্বন্ধে আর একটা কথা মনে রাথা দরকার। পশ্চিমবংগের ধান-চায়ী নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিন্তু যারা পান-চায়ী, তাদের সম্বন্ধে কোন কথা তিনি বলেন নি। আজকে যখন বেকারীর প্রদন উঠেছে, তথন তাদের কথান্ড চিন্তা করা উচিত। বাংলাদেশের অন্ততঃ আট থেকে দল লক্ষ মানুষ কেবলমাত পান, অথবা কিছু পান, আর কিছু ধানের উপর নির্ভরশল। সেই জন্য পানচায়ী যারা আছেন, তাদের বিষয় চিন্তা করে একটা ব্যবন্ধা করা দরকার। এ বছর অভ্যন্ত হামপ্রবাহ হয়েছিল, শীলাব্দিট হয়েছিল, তাতে অনেক পান-চায়ী ক্ষতিগ্রুত হরেছে, তাদের অবন্ধা অভ্যন্ত থারাপ। সেইজন্য মাননীয় মন্দ্রী মহাশয়ের নিকট আমার অনুরোধ রাখবা এই সকল পান চায়ীদের বিনা সন্দে দীর্ঘ মেয়াদ্রী বাজেট বস্কৃতাকে সমর্থন করে আমি আমার বন্ধা শেষ করিছ।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় অধাক মহাশর, তৃতীর সাধারণ নির্বাচনের পর, আজ বখন ম্খামন্দ্রী মহাশর তীর প্রথম বাজেট পেশ করবেন তখন আশা ও আকাশ্যা নিরে দোদ্রাচিতে সেই বাজেটের অভিভাবন শুনছিলাম। আশা ছিল অলিতিবর্ষে মুখ্যমন্ত্রী মহাশর জীবনের সারাক্তে দাঁড়িরে হয়ত জাতিকে একটা ন্তন পথের সন্ধান দেবেন। কিন্তু এই বাজেটে ন্তন পথের সন্ধান পাওয়া বার নি। আশুকা ছিল হয়ত নানা চক্রান্তবলে ন্তন পথেকে ডিলিয়ের প্রাতনের প্নরাবৃত্তি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আছুকে অভ্যন্ত দ্বংখের সংগ্যে বলতে হচ্ছে যে আমার আশুকা সত্য হয়েছে।

মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সে বাজেট পরোতনের পনেরাবৃত্তি ছাডা আর কিছ্ব নয়। আমি বিভিন্ন গতান্গতিক তথোর মধ্যে না গিয়ে, সরকারী তথা বাজেটের উদ্দেশ্য সম্পর্কে, যেখানে এক জায়গায় বলা হয়েছে সমাঞ্চাণ্টিক ধাঁচের সমাজ ব্যবস্থা গঠন করবার জনা সরকারী প্রচেণ্টাকে রাপায়িত করতে হবে। সমাজভানিকে ধাঁচে সমাজ বাবস্থা গঠন করবার कना मत्रकाती श्राप्तरकोत्क त्रांशिश कत्र वाराक्त स्मरे वावस्थात डेमत आमि किंद्र वनाता। অন্তস্ত্র দেশে স্মাজতান্তিক ধাঁচে স্মাজ গঠন করতে হলে সরকাবের সর্বপ্রথম কর্তবা কৃষি সমস্যার সমাধান করা। একথা আমার কথা নয়, একথা যারা সমাজের মধ্যে শিক্ষিত পণ্ডিত। मार्गानक अंतित कथा। मार्थ्यत विषय आमारमत मार्थामकी उथा अर्थमकी य वारक प्रमा করেছেন তাতে সমাজতান্ত্রিক ধাঁচের যে বাজেট হওয়া উচিত ছিল, কৃষি কার্যের জনা যে বাজেট হওয়া উচিত ছিল, তা হাানি এবং এতেটে সেই সমণ্ড বাবদথা করা হয়নি। আমাদের বাংলাদেশে পাট একটা মুম্বত ফুসল। সেই ফুসলের উপর চার্যার ভাগ্য নির্ভার করে। চার্যার হাতে প্রসা আছে। সেই পাট ফসলের অবস্থা কি হয়েছে। অধিকাংশ ক্ষেত্রে তা অব্যবস্থায় কিভাবে **চাষীদের ঘ**রে হাহাকার এসেছে একথা আপনার: জানেন। অথচ আজকে এই পাট শিলেপর **মধ্যে**। - পার্টাশ্রুপর্পাত্রণ নানা চক্রান্ত করে নানাভাবে পাট্চায়ীদের বিপদগ্রুত করছে, আঘাতের পর আঘাত করছে যে, পাটচাষীদের হাতে যে পাট থাকে তা নানা কায়দা করে সেই পাট তারা লঠে করে নেয়। এই পাট শিল্পকে জাতীয়করণ করার কোন কথা কোন ইপ্গিত মুখামনতী তথা অর্থামন্ত্রী তারি বাজেটে দেননি। অথচ এই পাট শিল্পে চটকলের মালিকরা শুধু চাষীকে নানাভাবে হয়রান করে ক্ষান্ত হয়নি, তারা অদার ভবিষাতে গভন'নেনেটর উপর বিরাট প্রভাব বিশ্তার করে আমাদের এই গণতন্তকে বিপদজনক করে তুলতে পারে বলে মনে করি। মাননীয় অধাক্ষ মহাশয়, সমাজতান্ত্রিক ধাঁচের বাজেটে পাট্টার্যা সম্বন্ধে আরো একটা কথা বলা উচিত ছিল কিন্তু তার কোন ইতিগত নেই। পাটের নিদ্দা মালা বে'ধে দেবার জনা বারে বারে বলা সত্তেও আজ পর্যাত্ত **रकार्ता कार्य कर्दी वावम्था इर्दात । आधेहासीरमंद्र कता आएडेद्र निम्तर मा ५० होका द्वार्य रम्छस्र।** উচিত ছিল। এবং তাহলে শ্ধ্ চাষীর নয়, শহরের মধ্যবিত্ত সমাজ এবং কলকাতা মহানগরীর ব্যবসায়ী সমাজ তথা শিশপ্রপতিগণ্ড তার শ্বারা উপকৃত হতেন। অথচ এই ব্যবস্থা করার জনা কোন আইনবিধি তৈরী করা আজ পর্যশ্ত হয়নি। তারপর বাজেটে আর একটা দিক আমরা দেখাছ যে ইনটেনসিভ কালটিভেশন: এটার জন্য বাজেটে একটা প্রচেন্টার ইপ্পিত পাওয়া যায়। সেই ইনটেন শিভ কালটিভেশনের জনা গভীর নলক পের পরিকল্পনা হচ্ছে, ১ কোটি ৩১ লক টাকা বরাদ্দ হয়েছে। এবং এটা একটা ভাল জিনিস। কিন্তু শুধু আপনার গভীর নলক্প ম্বারা সমস্যা সমাধান হবে না, যেসমুহত বিল, যেসমুহত বাওড় বিভিন্ন জায়গায় হেজেমজে প্রেড় আছে সেগালি প্নরাখারের জন। যে অর্থ বরান্দ হয়েছে, সেটা নদী ও বিলের মাল হেড-এ আছে, সেখানে অভাত সামানা অর্থ বরান্দ হয়েছে। বিল, বাওড এবং কাানেলগালি যদি প্রবাহিত করতে পারা যায় তাহলে চাষীরা জলসেচের অতান্ত স্যোগ পাবে এবং সেই স্যোগের ফলে <mark>উৎপাদন বাড়বে এবং উৎপাদন বাড়লে চার্ষার হাতে পয়সা আসবে। আর একটা কথা হচ্ছে যে</mark> **देनरा**र्जेनीत्रक कार्लागेरकम् कदारा राल भाषा देनराजेनीत्रक कार्लागेरकमनदे यरथक नय्न, देनराजेनीत्रक **কালটিভেশনের সপ্পে ইনটিগ্রেটেড কালটিভেশনও হওয়া দরকার। শুধু যদি ইনটেনসিভ** কালটিভেশন হয় তাহলে এমন একদিন আসবে যেদিন দেখা যাবে যে চাষীর একটা ফসলের প্রতি প্রবর্গতা এসে গিয়েছে এবং আসার ফলে, সেই ফসল উৎপাদন বেশী হবার ফলে স্লাম চলে আসবে। এবং তাতে চাষী ক্ষতিগ্রন্ত ২বে। সেইজনা ইনটিগ্রেটেড কার্লটিভেশন হওয়া দরকার।

[5-55-6-5 p.m.]

সেই ই:িটগ্রেটেড কাল্টিভেশন করতে হ'লে যে পম্থা অবলম্বন করা উচিত ছিল দ্বংশের সপ্যে ৰলতে হয় সে সম্বন্ধে কোন প্রতিপ্রনৃতি এই বাজেটে নেই। ইন্টিগ্রেটেড কাল্টিভেশন করতে হ'লে ষেমন ইন্ডান্মিয়াল স্টেট করা হয়েছে সেইরকম এগ্রিকালচারাল স্টেট করা দরকার এবং সেই ্র্যাপ্রকালচারাল স্টেট করতে হবে ঐ অর্থকরী ফসলকে কেন্দ্র করে গড়ে তলতে হবে। এগ্রিকালচারাল স্টেট করতে হলে চাষীরা কতটা খাদাশসা লাগবে কতটা হটি কালচার করবে—ভার ঝণ থেকে আরুভ করে সব কিছু কাজ করবে এগ্রিকালচারাল স্টেট এবং তারাই বাজার করবে। এবকম পরিকল্পনা যদি করেন তা হ'লে চাষী বাঁচবে, তা হ'লে কৃষি সমস্যার সমাধান হবে। আর একটি কথা হচ্ছে, অন্যান্য শিল্প উপনগরীর কথা বলা হয়েছে—অন্যান্য শিল্প উপনগরী তৈরি ক'রে বিভিন্ন জারগার শিলেপর প্রসার করা হবে। অতঃত ভাল কথা। এটা আমরা সমর্থন করি --- नकलारे नमर्थन करतन। अञाग्छ मृह्यश्व विषय এरे या, आमता य कासना स्थरक अलाह---অবহেলিত মুশিদাবাদ-তার নাম শিক্প উপনগরীর লিস্টে দেখলাম না। মুশিদাবাদে এমন একটি ফসল সবচেরে বেশি হয় সেটা হচ্ছে পাট। পর্মকম্তান হবার পর মর্শিদাবাদেই সবচেরে বেশি পাট উৎপাদন হয়। সেই পাট উৎপাদন থেকে যে জুট স্টিক তৈরি হয় তার জনা বদি একটা কারখানা তৈরি করতে পারতেন। মিনিস্মি অফ ইন্ডাস্মির কাছ থেকে আমার ধবর নেওয়া আছে সেই জ্বাট দিটক পাউভার থেকে একটা হাই এক্সপোসিভ তৈরি হয়। অথচ দঃখের কথা এত বড একটা ইন্ডান্ট্রিয়াল পাসিবিলিটি এর ওয়েন্টেজ আছে তাকে বাবহার করে সম্পদ বাডান. তাকে কেন্দু করে শিলপস্থির কোন প্রয়াস নেই। শ্ধু তাই নয় মুর্শিদাবাদের রেশম শিলপ যেটা আছে পুষিবীতে তা বিখাত। সেই রেশম শিল্পের ক্ষেত্রে শিল্পোন্নতির ব্যাপারে সরকারের কিছু করণীয় ছিল। আমরা দেখছি এখানে একটা কারখানা খুলবার বাবস্থা হচ্ছে। সেটা হচ্ছে এই যে একটা ছাঁট রেশম বয়নের কারখানা আপনারা **খুলতে চান।** আপনার মাধ্যমে মাননীর অর্থানন্ত্রীকে অনুরোধ করতে চাই যে. মুশিশাবাদ শিলেপ অনুন্তত এলাকা, তার যে নিজ্ঞান সম্পদ আছে তার মধ্য দিয়ে যদি তাকে বাঁচাতে চান, তা হলে ছাঁট রেশম কারখানা স্মিট করবার কথা চিন্তা ক'রে দেখন। আর একটি কথা হচ্ছে, বেলডাপার স্থার মিল যেটা, সেটা মুর্শি-দাবাদের একটা ইন্ডাস্ট্রিছিল। সেটা আজও পড়ে আছে অন্তগর সাপের মত। ও**খানে হাজার** হাজার লোকের কর্মসংস্থানের বাবস্থা হত-অথচ সেই স্পার মিলটা চাল, করবার জনা সরকারী প্রকেটা কয়েকবার নামমাত হয়েছে। কিন্তু যদি ওটাকে চালা করবার অস্থাবিধা থাকে তা হলে সুগার মিলকে কনভার্ট ক'রে অনা মিলে পরিণত করা যায় কিনা সেটা বিবেচনা ক'রে দেখা দূরকার। সরকার যদি সেইরকমভাবে চিন্তা না কারে দেখেন তা হালে দেশকে কি কারে উন্নত করবেন, সমূদ্ধ করবেন ? সেজনো অমার বিশেষ অনুরোধ মূর্শিদাবাদ ও নদীয়া জেলায় যা অবহেলিত তদের নিয়ে স্কুট্ পরিকল্পনা গ্রহণ করা উচিত। অধ্যক্ষ মহোদয়, আর একটি কথা এই যে বাজেট বলুন আর যাই বলুন সমসত কিছু রূপায়ণ করবে প্রশাসনিক বাক্থা-সেখানে যদি অসন্তোষ থাকে- সেখানে যদি গভীর দুঃখ থাকে তা হ'লে আপনি যা কিছু বাজেট কর্ন, স্ল্যান কর্ন তাতে সতািকার কাজ হবে না। এটা আমার কথা নয়-এটা ইতিহাসের কথা-এটা শিক্ষাব কথা।

তারপরে আমি আর একটা কথা বলতে চাই যে, সরকারী কর্মচারীরা আজ অসন্তুশ্ট-এই অসনতুশ্টি দ্রীকরণের জনা কিছু কিছু প্রচেণ্টা হয়েছে বটে, কিন্তু সর্বাগণাীণ প্রচেণ্টা আজ পর্যানত হয় নি। সেদিক থেকে আমি একটা উলাহরণ দিতে চাই। ফ্রুড ডিপার্টমেন্টএর পেট্রল ম্যান তাদের সংখ্যা প্রায় ৬০০।৭০০ ছিল তাদের ছাটাই করা হয়েছিল, পরে তাদেরকে পর্বালস বিভাগে কনন্টেবলএর চাকরি দেওরা হয়েছিল। কিন্তু তাদের কোন নির্দিণ্ট এরিরা ক'রে দেওরা হয় না। আজকে এখানে কালকে সেখানে এই ক'রে তাদের ছ্রিয়ে মারা হছে। তাদের ছেলেমেয়েদের পড়াশ্না হয় না, তার উপর তাদের চাকরি টেম্পোরার। কনন্টেবলএর কাজে ফেলে রাখা হয়েছে, তাদের চাকরির কোন উন্নতি নাই। আমি আশা করি, এই সম্মত ক্রমচারীর উপর মন্দ্রিমহাশয় একট্ দৃণ্টি দেবেন। এই ব'লে আমি আমার বন্ধব্য শেষ করছি।

Mr. Speaker: Mr. Ambika Charan Das will speak now.

[Shri Ambika Charan Das rose to speak.]

EMPTY TREASURY BENCH

Shri Susil Kumar Das Cupta:

স্যার, মাননীয় সদস্যরা এখানে গ্রেড্পণ্ বিষয়ে আলোচনা করছেন আর তাকিরে দেখন ট্রেজারি বেঞ্চএ একজন মন্দ্রীও উপস্থিত নেই। স্যার, আপনি এই হাউসে আবেদন করেছিলেন > N-15 বেন আমরা প্রত্যেকে প্রত্যেকের বস্তব্য মনোবোগ সহকারে শহুনি। কিন্তু ঐদিকে দেখুন, একজন মদ্যী, রাণ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত নেই।

Shri Kamal Kanti Guha:

স্যার, আপনি মন্দ্রীদের ডেকে পাঠান। তা না হ'লে এই বন্ধৃতার কোন মানে হয় না ই আপনি বাধ্য করবেন যাতে কোন মন্দ্রী এখান থেকে না চলে বার।

Mr. Speaker: I cannot force any honourable member to remain in the House. Every honourable member will have the liberty to go out of the House and be in the lobby for a few minutes. He will be present in the House as and when required. As the honourable member has just now pointed out the decency of the House depends on the attendance of honourable members, but if some of the Ministers are not here and if honourable members say something which may not be helpful in maintaining the decency of the House, I am helpless.

Shri Kamal Kanti Cuha:

তাঁদের একটা শালীনতাবোধ থাকা উচিত। আমরা এত শত মাইল দ্রে থেকে এসেছি আমাদের বস্তব্য শ্নবেন না, এর চেয়ে দ্বংখের কথা আর হয় না। আপনি এটার একটা ব্যবস্থ। করন।

The Hon'ble Jagannath Kolay:

আমার মাননীয় বশ্ব একটা ভূল করছেন, কারণ এখানে আমাদের ক্যাবিনেট মিনিস্টার্স হিনিস্টার্স অফ স্টেট এবং ডেপ্রিট মিনিস্টার্স আছেন এবং তারা প্রত্যেক ডিপার্টমেন্টের নোট নিছেন এবং মাখামন্টী মহাশয়ও তার ঘর থেকে নোট নিছেন। [নয়েজ]

্র ভয়েস ফ্রম কংগ্রেস বেণ্ডঃ অপোজিশন লীডার তো নেই।]

Shri Ambika Charan Das:

মাননীয় অধাক্ষ মহাশয়, আজ আমাদের অর্থবরান্দের উপর আলোচনা শ্রের হয়েছে এবং অনেক বিরোধীপক্ষের সদসা এই বাজেটের উপর আলোচনা করেছেন। আমরা এখানে যারা এসেছি তারা আশা করেছিলাম যে, আমরা এখানে একটা নতুন কিছু পাব কিন্তু বিরোধীপক্ষের প্রকৃতি দেখে সে আশা আর নেই। (নয়েজ) বাজেট সম্বন্ধে মোটাম্টি আলোচনা করে আমার বছরা শেষ করব। আজ যে বাজেট এই সভাকক্ষে আনা হয়েছে সেই বাজেটকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি দ্ইটি কারণে। প্রথম হছে, আমাদের জাতীয় জীবনের সর্বাণগীণ উল্লভির দ্বিক লক্ষা রেখে এই বাজেট তৈরি হয়েছে। আমাদের অর্থমন্দ্রী যে একটা আভাষ দিয়েছেন যে, আর আমাদের উপর কোনরকম ন্তন টাক্সে ধার্য করা হবে না—এটা একটা আশার কথা। আমি ম্শিদাবাদ জেলার লোক এবং আমার জেলার প্রান্তভাগ দিয়ে পন্মানদী বয়ে গেছে এ সম্বন্ধে আমি কিছু বলতে চাই।

[6-5-6-15 p.m.]

কৃষির উর্রাতির জনা যেটা পজিটিভ সাইড সেটার কথা বলা হয়েছে। সার, বীজ ইত্যাদি সাহাযোর কথা বলা হয়েছে, কিল্টু নেগেটিভ সাইড সে সম্বন্ধে কোন কথা এখন পর্যন্ত শ্নিন । এগ্রিকালচারাল নেগেটিভ দিকটা সম্বন্ধে এখন পর্যন্ত কোন কিছু শ্নিন নি। এগ্রিকালচারাল নেগেটিভ সাইড হছে বনা৷ পশ্মার ভাপানে ম্শিদাবাদ জেলার যে কি অবস্থা হয়েছে। পর পর তিনবার বনা৷ হয়েছে, একথা বলাই বাহ্লা যে, পশ্মার করাল গ্রাসে জেলার যে কি অবস্থা তা প্রভাক্ষ না দেখলে ব্রুতে পারবেন না। পশ্মার জলে গ্রাম ভেগে জল ভিতরে প্রবেশ করেছে, এভাবে দিনের পর দিন মাঠ ঘাট সব ভেসে তাদের ক্ষতি করে দিয়েছে। গপারে জল বৃন্ধি পেয়ে যে বাণ হয় তা নয়। ভিশ্মিষ্ট বোর্ড এর একটা প্লেছিল, সেটা সম্প্রতি ভেগে গিয়েছে, ফলে পশ্মার ষতটা বান হয় ততথানি জল এসে ত্তেক এবং তাতে ধান পাট ভাদ্ই ধান ইত্যাদির ক্ষতি করে। যালিয়ান থেকে লালগোলা পর্যন্ত আমরা ভাদ্যই ধান পাই না! মন্দ্রীমণ্ডলীর

কৃছে অনুরোধ, বিশেষ ক'রে অর্থ'মন্দ্রী প্রধানমন্দ্রী যেন এ বিষরে লক্ষ্য করেন। পন্মার ভাগান বিষরে গবেষণা করা উচিত—আমরা জানতে চাই—এটা অবশ্য বিভাগীয় এক্সপার্টরা বলতে পারেন। আমি অনুরোধ করব যেন একটা বাঁধ দেওরা হয় তা হ'লে বানের কবল খেকে আপাতত কিছুদিনের জন্য দেশ রক্ষা পার।

িদবতীয় অন্রোধ যেটা, সেটা হ'ল কুটিরশিলপ সম্বন্ধে। কুটিরশিলেপ বরান্দ অনেক করা হয়েছে। আমার জেলা নবাবী জেলা ব'লে একটা প্রবাদ আছে। আমাদের জেলার বিভিন্ন কুটিরশিলেপ আছে একথা সকলেই জানে। শৃংথশিলেপ, কাংস্যাশিলপ, রেশম শিলপ এবং নানাবিধ শিলপ আছে—এ সমস্ত শিলপার্লি এখনও র্ডিমেন্টারি ফর্মএ আছে অর্থাং প্রাক-ঐতিহাসিক মুগে যা করণীয় ছিল সেরকম ক'রে যাছে। আমি স্যার, আপনার মাধ্যমে মন্দ্রমহাশয়কে অনুরোধ করব, কুটিরশিলপকে সম্যকভাবে সাহাষ্য করলে অর্থাং ছোটখাট কারখানা বেল-মেটাল ইত্যাদিকে ফল্যপাতি দিয়ে যদি সাহাষ্য করা হয়, শৃংথশিলপ ও অন্যান্য শিলপ আছে তাদের যদি সাহাষ্য দেওয়া হয় তা হ'লে এই শিলপার্লি আরও উন্নত হবে। আর যদি সাহাষ্য না দেন তা হলে এই রেশম, পশম, কাংসা, শৃংথ প্রভৃতি শিলেপর যে ক্ষতি হছে সে ক্ষতি আরও বৃন্ধি পাবে এবং অচিরে শিলপার্লির অবলা্ণিত ঘটবে। এই অনুরোধ জানিয়ে আমি আমার বন্ধবা শেষ করছি।

Shri Shiromani Prasad:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ন্তন একজন সদসা নলহাটি-বীরভূম কেন্দ্র থেকে এসেছি।
আমার কেন্দ্রে বা আমার জেলায় অনেক সমস্যা আছে। আমাদের সামনে আক্ষকে মুখ্যমন্দ্রী
মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে সমর্থান জানিয়ে কৃষি সন্বশেগ দ্বই একটি কথা
আপনার মাধামে জানাতে চাই। প্রথম কথা হচ্ছে, কৃষিখাণ যা দেওয়া হয় সরকার থেকে তা বহু
দেরিতে পেণীছায়। চাষ ফুরিয়ে গেলে খণ ও সার যায়, সরকারের এই বাকস্থা পরিবর্তন করে
চাষের মরশুমে যাতে চাষী ঋণ ও সার পায় সেই বাকস্থা করা দরকার।

িবতীয়ত, চাষের উপ্লতির জন্য উপ্লত ধরনের যন্দ্রপাতি সরবরাহ। আমি মুখ্যমন্দ্রী মহাশয়কে অনুরোধ জানাই যেন উপ্লত ধরনের যন্দ্রপাতি প্রত্যেক প্রধান মার্কেট মাধ্যমে বিক্লিকরা হয় এবং নিয়ন্দ্রিত মূল্যে করা হয়। যেমন ধর্ন লাণ্গল, হাল ইত্যাদি চাষী নিয়ন্দ্রিত মূল্যে পায়। এসবের জন্য চাষীকে বেশি দর দিতে হয় ব'লে চাষীকে অনেক সময় আর্থিক সমস্যার সম্মুখীন হতে হয়।

করা হবে, কাঁচামালে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা হবে এবং শিল্পজাত দ্রবাের ব্যাপারে বিদেশের উপর নির্ভারতা কমিয়ে দিতে হবে। বাজেট বস্তুতায় ডাঃ রায় লোককে আশ্বাস দিয়ে বলছেন या. क्यित छेश्शापन व्यामाश्रप, छत्र नाहै। व्यथक श्रि अम 8४० व्यन्जाद्व, छाः दात्र वर्रलाहन মার্কিন যুক্তরাম্ব্র আমাদের গম দেবে, সেই গম নিয়ে আমরা জিনিসপর্যের দুম্বিণাতাকে প্রতিহত ক'রে তুলতে পারব অর্থাৎ ততীয় পরিকল্পনায় এমনভাবে উন্নতি করব যে কৃষিতে স্বয়ং-সম্পূর্ণতা আসবে, পি এল ৪৮০-র উপর নির্ভার করতে হবে, বেকারের সংখ্যা বেডে যাবে। আমি বলি, এনিয়ে বড়াই করা উচিত নয়। যে পারকল্পনায় বেকার বাড়ে যে পারকল্পনায় খাদ্য সমস্যার সমাধান হয় না, যে পরিকল্পনা মানুষের জীবিকার মানুকে উন্নত করে না, যে পরিকল্পনা অলপ আয়ের মানুষের আয়টাকে এক জায়গায় রেখে দেয়, জিনিসের দাম বাড়িয়ে দেয়. সেই পরিকল্পনা নিয়ে এত বড়াই করা সমীচীন নয়। অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই, এই যে এত অগ্রগতির বড়াই করা হচ্ছে তা হ'লে ইংরেজ আমলে কি আমাদের দেশে কিছা হয় নি—কোন শিশ্প, কোন সেচব্যবস্থা, কোন স্কুল, কোন কলেজ হয় নি? रसिष्ट, अस्ताकत्तत्र ज्ञानास जानक कम रसिष्ट। स्मरेकनारे एवा न्याधीनजात असाकन हिन। কিন্তু স্বাধীনতার পর এই কি বেশি হয়েছে? একট্ রাস্তা, কি কিছ্ স্কুল বেশি হয়েছে। তাই নিয়ে একটা স্বাধীন গভর্নমেন্টের পক্ষে এত বড়াই করা সাজে কিনা এটা আমাদের বিবেচনা করার প্রয়োজন আছে। ও'রা বললেন, প্রথম পরিকল্পনায় বন্যার প্রতিকার হবে। অনেক টাকা খরচ করা হ'ল, বন্যার কোন প্রতিকার হ'ল না। বন্যার ভ্রাবহতা যখন বেডে গেল তখন ওরা বললেন যে, দোষ আমাদের নয়, দোষ প্রকৃতির। বেকার বেডে যাচ্ছে, দোষ দিচ্ছেন জন্মের। এই চোন্দ বছরে শেষে জন্মকে অভিশাপে পারণত করছেন এই নেশের গভর্নমেন্টের সবচেয়ে বড় ক্রতিছ। সেচের যা ব্যবস্থা করা হয়েছে তাতে দেখা যাচ্ছে তার যা ক্ষমতা আছে তা কাজে বাবহৃত হচ্ছে না। যেটুকু বাবহৃত হচ্ছে তাতে কুষকদের মধ্যে উৎসাহের মনোভাব স্থািট করার পরিবর্তে সরকার অত্যাধিক টাব্বে চাপিয়ে কৃষকদের মধ্যে অসন্তোষ সূতি করছেন। অধাক্ষ মহাশয়, আমি অগ্রগতির একটা নমুনা না দিয়ে পারি না। আমার জেলায় নেভিগেবল ক্যানেল করেছেন। আমি জানি, তথন আমি এম এল এ ছিলাম না অজয়বাব, এই অ্যাসেমব্রিতে দাঁডিয়ে একবার কবিতা পর্ডোছলেন তর তর করে জল বইছে নৌকা চলছে, কত দেশের অগ্রগতি হবে। কোথায় সেই সব? ২-৩ বছর ধরে আর কোন বন্ধতা শূর্নছি না কেন? নাবা থালের কোন উল্লেখ নেই। ১২ কোটি টাকা খরচ ক'রে কয়েক হাজার একর চাষের জমি নন্ট ক'রে যে পরিকল্পনা করা হ'ল তার ফল কি আমরা পেলাম? (मठो स्मृल स्मादत शाल । स्मृहोदक छाक्यात छन। वला २१ छन, अञ्चरक्षम द्वाछ २ दव प्रोग्मर शाँठ বটল্নেক দরে করবার জন। আগে শ্নোছ দ্র্গাপ্র থেকে কলকীতা পর্যন্ত নৌভগেবল থাল করার কথা। কিন্তু আজ শ্র্নাছ ট্রান্সপোর্ট বটল্নেক দূর করবার জন্য দুর্গাপ্র থেকে কলকাতা পর্যান্তন এক্সপ্রেস রোড করবেন। এমন এক্সপ্রেস রোড যে এক্সপ্রেস রোডে কার, লার, প্রাইভেট কার কলকাতা থেকে ছাডবে একেবারে দুর্গাপরে গিয়ে থামবে। এইজন্য এক্সপ্রেস রোড করা इत्रह, এইজনা ৪০০ ফুট করে জায়গা দখল করা হবে। কার জমি যাবে? কুষকের জমি যাবে। কিন্তু ব্যান্ডেল থেকে দুর্গাপুর পর্যন্ত এমন কোন জায়গা আছে যেখানে জি টি রোডকে চওড়া করা যায় না? [3-30-3-40 p.m.]

কয়েকটি শহরের পাশ দিয়ে যদি ঐ রাস্তাটা ডাইভারসন ক'রে দেওয়া হয়, তা হ'লে ওখানকার হাজার হাজার বিঘা জমি নগট করার দরকার হয়়্না। এ তো একটা স্ল্যানলেস

খানখেরালি ক'রে অগ্রগতির পরিকল্পনা, এতে চাষের জমি নন্ট করা হবে। তা ছাড়া আরও বহু টাকার অপবার করা হবে, মানুষের পক্ষে আরও দৃঃখ স্থিট করা হবে, খাদ্যোৎপাদনটা আরও কম হবে।

মাননীর অধাক্ষ মহাশর যদি আমরা দেশের দিকে তাকিরে দেখি, তা হলে কি দেখতে পাব? এ'রা সমাজতান্তিক ধাঁচের কথা বলছেন। কিন্তু অস্বীকার করনেন কৈ ডাঃ রার, যে ১৪ বংসরে আমাদের দেশের মুখিমের শিলপর্পাত ধাঁরা, তাঁরা আরও কোটি কোটি টাকার পাহাড় জমিরেছেন। আমি শুধু বলব রিজার্ড ব্যাঞ্চেকর হিসাব—কোম্পানির ব্যালাক্স শীটএর হিসাব।

কত কোটি টাকা মূলধন কার ছিল, এখন কত কোটি টাকার দাঁড়িরেছে, বিডলা কোম্পানির মূলধন কত ছিল, তা আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সাার বারেনের বার্নপরের ইম্পাত কোম্পানির হয় মালধন ছিল, তা আজ কোথায় এসে দাঁড়িয়েছে? এতে দেখা যাবে, কারও চারগুণ, পাঁচ-গুৰু হয়ে গিয়েছে। এত বাড়ল কি করে? এই মুনাফা কিভাবে বাড়ে? যারা আগে লক টাকা লাভ করত, তারা আজ তিন কোটি চার কোটি টাকা লাভ করছে। বারা কখনও দু' কোটি টাকারও স্বন্দ দেখতে পারে নি, তারা আজ ৬ কোটি ৭ কোটি ৮ কোটি টাকা লাভ করছে। এই টাকা কোথা থেকে আসে? এ লাভ তো রামধন গেয়ে হয় নি. নাকটিপে হয় নি। এট লাভ হয় কাঁচামাল সম্ভায় কিনে চাষীকে বাণ্ডত করে, এ লাভ হয় কর্মচারী মজ্বদের ক্ম মাইনে দিয়ে, এ লাভ হয় তৈরি মালকে অত্যাধক বেশি দরে বিক্রি করে, উৎপাদনকারী কৃষককে মার, ক্রেতাকে মার, মজ্বর ও কর্মচারীকে মার, আর লাভের পাহাড় জমাও। সরকার ুঁক তাই পাহারা দিচ্ছেন না, তাঁদের অর্থানীতিতে সাহাষ্য করছেন না? এটা অস্বীকার করবেন? অন্যাদকে দেখন। একদিকে কোটিপতির মুনাফার পাহাড়, আর গ্রামে আমরা কি দেখছি। ব ডক্ মান ষের ভাড় কংগ্রেসের এম এল এ-রাও অস্বীকার করবেন না-এখনই গ্রামে গ্রামে হাহাকার উঠেছে, তারা রিলিফের চাল চায়। প্রত্যেক জায়গায় হাজার হাজার মানুষ বৈশাথ মাস থেকে অ রুভ্ত ক'রে ভাদু-আশ্বন মাস পর্যন্ত বি ডি ও-র কাছে, গ্রামসেবকদের কাছে, ইউনিয়ন বোর্ডের প্রোসডেন্টের কাছে, অঞ্চল পঞ্চায়েত প্রধানের কাছে এসে বলে আমার নামটা লিখে নিন। আমি নিজে দেখেছি সহর অপেক্ষা গ্রামে, অনেক সময় চোখে জলও এসে যায়, তাদের অকম্থা দেখে, গরীব লোক বলে, বাব, আমার নামটা কেটে দিয়েছে, আমাকে দিচ্ছে না। আমি ভাবি ১৪ বছরে এই গভর্ম-মেন্ট আমাদের ভিথারীতে পরিণত করেছে। এমন অবস্থার স্থিট করেছে এরা যে মানুষ আঞ্চ গুমের কাশ্যাল হয়ে পড়েছে। মানুষ টেস্ট রিলিফের মাটি কাটতে বাস্ত এবং দেখা যাচ্ছে শাসক-শ্রেণী এটাকেও কাজে লাগান দলীয় স্বার্থ প্রেণ করবার জনা। এটা কি তারা অস্বীকার করবেন? গ্রামাঞ্চলের শতকরা ৫০ ভাগ লোক যাদের জাম নেই, ভাগে চাষ করে, না হয় মঞ্জুরী ক'রে খায়। कि প্রেছে তারা এই ১৪ বছরে : জাম তো দেন নাই তানেরকে। জাম তো তাদের দিতে পারেনীন, ববং অনেক লোক যাদের জাম ছিল, তারা সবাই জাম হারিয়েছে। এমনই জামর আইন করলেন জামদারদের জামদারী গেল, তাতে জামদারদের অস্থাবিধা কিছু হল না। দেখা গেল জামদারর। শিশপাত ভাইরেইর, তাদের আর টাকার অভাব হচ্ছে না। আর অন্যাদকে ছোট ছোট মধান্বস্থ-ভেগোঁরা ফ্যা ফ্যা ক'রে ঘারে বেড়াচ্ছে। আরও দেখা গেল, গরিব কৃষক যারা, তারা খাজনার রেহাই পেল না, বাস্তৃতিটা একবিঘা যা নিম্কর করা হবে বলা হয়েছিল, তাও কার্যকরী করা হ'ল না। ্রিম সব বেনামী হ'ল, গরিব মান্য জাম পেল না। দেখা গেল গ্রামে এক নতুন শ্রেণী গড়ে উঠেছে যা ডাঃ রায়ের থেয়াল করা উচিত। গত যদেশর সময় একটা শ্রেণী গড়ে ওঠে বড কুষকদের থেকে, বড় যারা—যাকে আমরা জোতদার মহাজন বাল, যাদের বড় বড় জাম আছে, বেশি বেশি টাকা আছে, মহাজনী কারবার করে, ধানচাল বেশি কন্টোল করে, টাকা কণ্টোল করে, মনুষ ধার চাইতে গেলে তাদের কাছে, ধান চাইতে গেলে তাদের কাছে। তারা কম দামে চাষীর ফদল কিনে রেখে দেয় এবং বেশি দামে পরে তা বিক্রি করে। এটা গ্রামাণ্ডলে করে মাণ্টিমের ১.লওয়ালা ও টাকাওয়ালা। এইরকম একটা জোতদার ও মহায়্রনশ্রেণী গড়ে উঠেছে। আপনারা এদের উপর নির্ভার করেছেন আপনারা এদের শক্তি বাড়াচ্ছেন। এন ই এস রুকের কথা বলবেন? এই যে এন ই এস ব্রক, এখানে চমংকার উন্নতির বাবস্থা করলেন। বললেন যে, টিউবওয়েল হবে। ১৭৫ টাকা জমা দিলে তবে টিউবওয়েল হবে। বাগদীপাড়ার লোকে সেটা কেমন ক'রে দেবে? কেমন ক'রে সাঁওতালপাড়ার লেকে দেবে? আপনারা বলেন দ্রাইনাল ওয়েলফেয়ারের জনা বহ টাকা বছরে দেন ট্রাইব্যাল ওয়েলফেয়ার ফাল্ডে। তাতে কোন জেলার বছরে ২০-২৫-৩০াটর বেশি ডিউবওয়েল হয় না। এই ১৭০-৭৫ টাকা গরীবরা কেমন ক'রে দেবে? তাঁর ফল হয় কি? য'দের টাকা আছে, তাদের বাড়ির সামনে টিউবওয়েল বসে, তারা এর আডভাদেটজ নেয়।

ভারপর প্রকর কণ্টারার ক্ষা দেখছি দু হাজার টারো দেওয়া হছে। কাকে দেবেন? এও নেখা যায় গ্রামের মুখ্টিমেয় কয়েকজন লোক যারা টাকার মালিক, জমির মালিক, তারাই গ্রামের অর্থনীতি কন্টোল করে। তারা এসে টাকাটা বেশি মারে। গ্রামের মানুবকে তারাই অসহায় মানুবে পরিণত করেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশ্যু, আমরা দেখেছি এই অসহায় মানুষের উপকারের জন্য এবা কিছুট करवन ना। विभिएकत वाभारत एम्यान, প্রত্যেকবারই ৬০-৭০ লক্ষ্ণ টাকা এই বাবত বরাদন ক্ষরেন এবং পরে অবস্থার চাপে পড়ে ৩-৪ কোটি টাকা খরচ করছেন। এত বিজ্ঞ লাগছে কেন? আপনারা বেশি লোককে দিচ্ছেন। কেননা আপনারা দিতে বাধ্য হন। এবংব দেখাছ রিলিফের খাতে কম আপনারা খরচ করছেন। এবার অনেক জায়গায় ধান কম হয়ে,৬, এখনই গ্রামাণ্ডলে হাহাকার লেগে গিয়েছে। এখনই দেখাছ সেখানে রিলিফ দেওয়া দরকর द्योग्धे विशिष्टकृत कास्त्र कहाता पद्मकात। अथह आभनाता त्रिशिष्टकृत वताप्त कम करत्रहरून। গ্রামাণ্ডলে রিলিফ দেওয়ার প্রয়োজন বেশি। কিন্তু আপনারা কি করেছেন, ১৪ বছরে রিলিফের জনা? তারপর লোনের কথা। সেই সাড়ে তিন কোটি টাকা কো-অপারেটিভ মারফত লোন দিছেন গ্রপে লোন দিচ্ছেন ৬০ লক্ষ টাকা। ভদ্রলোকের এক কথার মত এবারও দেখাছ সেটা ৭০ লক্ষ টাকা হয়েছে বাজেটে। তার মানে গ্রামে ঋণের ব্যাপারে ঐ বে গ্রামের বড় বড় জ্বোতদার 🧟 মহাজন, তাদের কাছে আপনারা কৃষকদের বে'ধে রেখে দিচ্ছেন। এই রকম ক'রে কৃষি অর্থানীতি পড়ে তোলা যাবে না। এই রকম করে শব্ব, সার দিয়ে, শব্ব, অ্যামোনিয়া দিয়ে, সেচের চল দিয়ে গ্রামের ভণ্গরে অর্থনীতি গড়ে তুলতে পারবেন না। উৎপাদন কছু বাড়াতে পারবেন बढ़े किन्छ छेश्भानन रयहे क वाफरव स्मिटे कुछ नियन्त्र करत थे वर्ष का अप आनिकतः বাঁরা ব্রাকমার্কেটিং করে দেশে খাদ্যাভাব স্থান্ট করে এবং গোটা দেশটাকে শ্মশানের পথে নেয়ে ষার। এতে করে দেশের অগ্রগতি হয় না। মান্যকে দাসম্বের নিগভে বে'ধে রেখে দিনে: মান্মকে দঃদেথর পর্যায়ে রেখে দিয়ে আপনারা দেশের উল্লাভ করবেন, শিলেপর উল্লাভ করবেন : ভা পারবেন না, দেশে বেকারের সংখ্যা বাড়িয়ে দেবেন। হয়ত কিছুটা উন্নতি বা অগ্রগতি ছতে পারে যা অতাণত মন্থর, তা অন্তত খ'র্ডিয়ে খ'রড়িয়ে চলবে এবং তার মধ্য দিয়ে দেশের কয়েকটি কোটিপতি মুনাফার পাহাড় জমাবে। আর তাদের মুনাফার রথচকতলে সাধারণ মানঃ ৰ'কে ধ'কে মরবে, পিষে মরবে, শেষ হয়ে যাবে। কমিউনিস্ট পার্টি আছে এই জনসাধারণের পালে দাঁড়াবার জন্য, বামপন্থী পার্টি গালি আছে এদের পালে দাঁড়াবার জন্য। শুধু এদের প্রয়োজনে কমিউনিস্ট পার্টি নিযুক্ত, তাই বে'চে আছে: বে'চে থাকবে। আপনাদের শত আক্রমণ সত্ত্বেও, শত অত্যাচার সত্ত্বেও, শত ধমকানি সত্ত্বেও, পর্বালস ক্যান্সের ভর দেখানো সত্ত্বেও ক্ষিউনিস্ট পার্টি টি'কে থাকবে জনসাধারণের পাশে থাকবে। তাই সহযোগতার ছে'লে কথা ৰ'লে লাভ নাই। সহযোগিতা ষেখানে প্রয়োজন, সেখানে আপনারা নিতে চান না। সহযোগিতা **সেখানে চান. যেখানে কোটিপতির ম**নাফার জন্য আপনাদের পাশে এসে আমরা দাঁডাব—তা আমর। পারি না, সেজন্য আপনাদের আমরা বাধিত করতে পারব না। কারণ জনসাধারণ সেই কাজ করবার জন্য আমাদের এখানে পাঠায় নাই এবং এদের বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য মানুষের সংকটে পাশে এসে দাঁডাবার জন্য তারা আমাদের পাঠিয়েছে, তাদের সুখদুঃখের ভাগী হবার জন্য আমাদের পাঠিয়েছে। আসেমবির মধ্যে ও বাইরে তাই ক'রে যাব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা ব'লে আমার বন্ধব্য শেষ করব। আমাদের অর্থানীতির অগ্রগতি প্রমাণ করবার জন্য বড় বড় বঢ়ি বিচুতি ও'রা ছোটখাট করে দেখান। একজন মাননীয় কংগ্রেস সদসা সোভিয়েট ইউনিয়নের তুলনা করেছিলেন। কমরেড কুশেত লাকি বলেছেন, কৃষিতে তাদের অনেক বৃটি আছে। এর উত্তর দেওয়াটা আমি প্রয়োজন ব'লে মনে করি না। অন্য ভাষায় বললে উত্তর দেওয়া যেত। শুধু এটুকু বলি—আরস্লা বদি উচ্চে উঠে বলে আমিও বাজপাখীর মত উড়তে পারি, তা হ'লে বেমন হয়, এও তাই। একটা ভগ্গরে কৃষি-অর্থানীতির ধারক ও বাহক, যারা কোটিপতিদের সেবা করছেন, তারা তুলন করছেন সোভিয়েট ইউনিয়নের সঞ্জো বারা ২০ বছরের মধ্যে সমহত কিছু ফ্রি করে দেবে বলছে স্বকিছুর প্রাচুর্য স্থানি করে। এটা আমার কথা নয়, পণ্ডিত নেহরু নিজে পর্যাত ২০ বছরের স্যোভিয়েট ইউনিয়নের পারকল্পনার কথা শুনে বলেছেন এ এক মহৎ পারকল্পনা! সেই যে বিরাট প্রাচুর্য, সেই প্রাচুর্যর পথে চলার মাঝখানে যে ছোটখাট বুটি ধরছেন, তা তারা নিজেরা সংশোধন করছেন। সেখানে তা প্রয়োজন হয় না, সেখানে ঘাটে পথে মাঠে ধুনি ওঠে না—ছুণ্ডেড তুমি গদী ছাড়। সেখানে জুণ্ডেড নিজে বুটিগ্রাল ধরেছেন, সেখানে গ্রহণমেণ্ট ও

কাষ্ণউনিস্ট পার্টির নেতারা জনসাধারণের সামনে এসে হুটিকে ধরছেন। আর আপনারা তা চেপে রাখতে চান। তাই প্রয়োজন আছে কমিউনিস্ট পার্টির সেই কথে ফাস করবার জনা, তাই প্রয়োজন আছে পথেঘাটে ঐ কথা বলার যে যতক্ষণ না তোমরা গদী ছাড়বে, ততাদন সংগ্রাম চলবে আাসেমারির বাইরে ও মধ্যে। এই ব'লে আমার বন্ধবা শেষ করাছ।

Shri Kamal Kanti Cuha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত আমি বামপন্থী বন্ধনের একট্ন সভক করতে চাই। আমি তাঁদের বলতে চাই এই কথা এই বিধানসভার অধিবেশন যেদিন শেষ হয়ে যাবে সেদিন আপনারা কলিকাতা মহানগরীর মোহ তাগি ক'রে গ্রামে বেরিয়ে পড়্ন। করেণ বাংলাদেশের মান্য যথন বলেন, "হে, ছয়জন বৈদামহাশয়, আপনাদের চাই না"। এই কথা শোনার পরে ৩৭ জন বেদে বেদিনী ১২০টি জুন্তুজানোয়ার নিয়ে বেরিয়ে পড়েছিল। তাদের উদ্দেশ্য ছিল এই—দিনের বেলার বাড়িতে বাড়িতে তাবিজ মাদ্লী বিক্র করবে আর রাজিতে চুরি করবে। তাই বামপন্থীদের কাছে আমার অন্বোধ ও নিবেদন আপনারা গ্রামে গ্রামে বোরয়ে পড়্ন। এখানে বামপন্থী যাঁরা তাঁদের বলাছ গ্রামে বোরয়ে পড়্ন।

[3-40-3-50 p.m.]

অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি রাজনীতির আবর্তে পড়ে এই প্রথিবীর বহু চরিত, বহুইতিহাস, বারবার বিকৃত হয়েছে। আজকে দেখছি শ্রীপ্রতাপচন্দ্র চন্দের মত বিশ্বান লোক কংগ্রেসের রাজনীতির আবর্তে পড়ে রবীন্দ্রনাথের মেহের আলীর চরিত্রকেও বিকৃত করেছেন এবং যেতাবে বিকৃত করে তিনি নেহের আলীর চরিত্র স্থিট করছিলেন যে তা শ্রেন কংগ্রেস বেন্দ্রের সদসারা কে'চার মত গলে গলে পড়ছিলেন। তখন আমার বিজার দিওে ইছা করছিল। মাননীয় স্পীকার মহাশয়, কাবাসাহিতো বহু চরিত্র থাকে যারা উপেক্ষণীয় কিন্তু এইসব চরিত্রই ঘটনাকে এগিয়ে নিয়ে যায়। এইসব চরিত্র নায়কনায়কায় জন্য স্থিট হয়। ক্রিও পাষাণে মেহের আলী এই ধরনের নায়ক। অশরীরির ছায়ার আড়ালে বার বার মেহের আলী মৃতুরকে আহ্রান করে মৃত্যুর দিকে ছুটে চলেছিল তখন আমরা দেখি মেহের আলী ছতাশ বেদনার তীর জন্মলায় পাগল হয়ে গেল। এই মেহের আলী তার বাশতব জ্ঞানে ব্রেছিল যে সব বটো হায়। তাই সে বলতো সব ঝুটা হায়, তফাত যাও। তাই নায়ক বার বার তার প্রাণ মিরে পেল। আজকে বাংলাদেশের মানুষ কংগ্রেসের অলৌকিক কতকগ্নিল পরিকদ্পনা, অন্তর্শক পারিকদ্পনার পিছনে ছন্টে চলেছে। এই সময় আমাদের প্রয়েজন এইরকম পাগল মেহের আলীর, যে দাঁড়িয়ে জোরের সংগ্রা বলতে পারে সব ঝুটা হায়, তফাত যাও। কিন্তু মেহের আলী বাংলাদেশে নেই. এখানে যে যার স্বার্থ নিয়ে চলেছে।

অধাক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, বিধানবাৰ, তাঁর বাজেতে বলেতেন, ভূমি রাজন্ব থাতে ৯৬ লক্ষ টাকা ঘাটাত হয়েছে। বিধানবাব,কে সহযোগিতার জন্য আছন্ত্রন করিছ, বিধানবাব, আপনি আমার জেলার আসন, আমি আপনাকে সেই পথ দেখাতে পারি, আমার জেলা থেকে ভূমি রাজন্ব থাতে বহু টাকা আদার হয়ে আসতে পারে। আপনারা বলেন বকেরা খাজনা আদার হয় না। ঠিক কথা। অজন্মা, বনা ও পাট তামাকের দাম কমে বাবার ফলে কৃষকরা বকেরা থাজনা দিতে পারে না। তাই অধাক্ষ মহাশয়, আপনাকে বলি ১৫ বিঘা যাদের জমি আছে তাদের বকেরা থাজনা মকুব করে দেওয়া হোক। আর ভূমিরাজন্বের ঘার্টাও তহুবিল প্রেণ করবার জনা সেখানে বিধানবাব, এগিয়ে আসন, আমি দেখিয়ে দিতে পারি বে, সেখানে জোতদার, জমিদাররা তাদের রিটার্ন দেওয়া জমি, যা সরকারের দমলে কংগজ-কলমে রয়েছে কিন্তু তারা তা ভোগ করে যাছে। অথচ কোন ভোগাম্ল্য দিছেন না, বা কোন খাজনা দিছে না। আমি একটা উদাহরণ দিছি, তিনি কংগ্রেস নেতা এবং প্র্বকতী উপমন্তী। তিনি এই বিধানসভায় ছিলেন, তাঁর নাম সতীশ রায় সিংহ, ৫০০ বিঘা রিটার্ন দেওয়া জমি তিনি দিনের পর দিন চাব-আবাদ করে ভোগ করছেন। একটা পয়সাও ভোগাম্লা দেন না, একটা পয়সাও বাজনা দেন না। সেই মৌজার তহুশীলদারের চকরি গেল। বিধানবার, বলা তথন দেখা পেল বে, ঐ ২৭ টাকা ছাইনের ভব্দীলদারের চকরি গেল। বিধানবার,র

বদি লক্ষ্য থাকত তা হলে তিনি বাংলাদেশ থেকে চলে বেতেন আর মূখ দেখাতেন না। একজন উপমন্দ্রী ৫০০ বিদ্যা ক্ষমির ভোগাম্লা দেয় না। তারপর এই, বাজেটের মধ্যে ক্ষিউনিটি ভেডেলগমেন্ট প্রোজেই সম্বন্ধে বলেছেন,

The Government of India have agreed to 41 blocks and the entire State is expected to be covered by the year 1963.

আর্পান বলতে চাচ্ছেন একথা দে, সমগ্র পশ্চিমবণ্গকে যদি কমিউনিটি ডেভেলপমেন্ট সংস্থার অধীনে আনতে হয় তা হলে আরও ৩৪১টি ব্লক তুলতে হবে। বাজেটে বরান্দ করতে গিয়ে আর্পান বলেছেন

The expenditure on works connected with the schemes ought to be shared by the Government of India and the local beneficiaries on a 50:50 basis. আর্পান একটা অসত্য কথা বিধানসভার পরিবেশন করেছেন। আমরা সমাজ উন্নয়ন অফিসে ্যিরোছ উল্লেখনের কোন ব্যাপার নিয়ে তখন বি ডি ও আমাদের বলেছেন যে, এক হাজার টাকার র্বোশ সাহাষ্য করা হবে না। বি ডি ও বলেছেন, আপনারা ষাই পরিকল্পনা কর্ন, আমরা এক হাজার টাকার বেশি দিতে পারব না। অথচ আপনি এখানে বলছেন ফিফটি-ফিফটি আপনারা দেবেন। এসব কথা ব'লে বাংলাদেশের গ্রামের সাধারণ মান্ত্রকে বিদ্রান্ত করার চেষ্টা ক'রে আপনাদের কোন সাবিধা হবে না। আমি সবশেষে একটা কথা বলতে চাই ষে বিধানবাব মন্ত্রী উৎপাদন পরিকল্পনা করেছেন। প্রথম পাঁচসালা পরিকল্পনা ১৯৫২ সালে বে কর্মজন মল্টী উৎপাদন করেছিলেন, ১৯৫৭ সালে তার চেয়ে বেশি মল্টী উৎপাদন করেছেন. ১৯৬২ সালে আরও বেশি মন্ত্রী উৎপাদন করেছেন। এই মন্ত্রীদের পিছনে হাজার হাজার টাকা খরচ হচ্চে এবং হবে। কুচবিহার জেলায় সওয়া দ্ব' কোটি টাকার মত তামাকের ডিউটি ·হয়, পৃশ্চিমবশ্সের আর কোন জেলার এত তামাক হয় না। মাননীয় অধাক্ষ মহোদয়, আপনি कार्यन, अधिकालकाताल हैनकाम लेए जाता श्रीक्रिय वाश्वात मार्था এह कार्कावहातह आह मार्थिक দের। অথচ বিধানবাবরে বাজেটের মধ্যে কোথাও দেখলাম না যে, ততীয় পাঁচসালা পরিকল্পনায় কোচবিহারে কোন শিল্প উপনগরী স্থাপিত হবে। কোচবিহারের প্রতি মহকুমায় ইলেক-মিসিটি আছে। কিন্তু মহকুমা সদর হাসপাতালে ইলেক্মিসিটি নাই, সতেরাং ফ্যানও নাই। রোগীরা গর্মের জনালার বর্থন চিংকার করে তথন অফিস কোয়ার্টার্সগর্নাল ইলেকট্রিক আলোয় 'ঐশ্ভাসিত হয়ে থাকে। অশ্বকার রাতে যথন হাসপাতালগালি প্রেতপ্রীর মতো দেখায় । ৩খন 'অফিসপাড়ার ইলেকট্রিক আলো ঝলমল করে। আমি বলতে চাই, এই বণ্ডিত মান্যদের রাত্রির তপসারে দিন একদিন আসবে। সেদিন ইলেকট্রিসিটি তো সামান্য জিনিস সাধারণ 'মান্য এই বেইমানদের পিঠের চামড়া দিয়ে কাপেট তৈরি করবে।

Shri Abhey Pada Saha:

মাননীর অধ্যক্ষ মহাশয়, আমাদের ম্খামল্রী যে বাজেট পেশ করেছেন ১৯৬২-৬৩ সালে এবং তার সঙ্গে যে বিবৃতি দিয়েছেন তাতে অনেক ভাল ভাল কথা বলেছেন। তিনি সকল সদস্যদের সহযোগিতা চেয়েছেন এবং সকলে মিলে দেশ গঠন করার কাজে আহ্বান জানিয়েছেন। কিন্তু জানি না তিনি ভদুতার খাতিরে এই সমস্ত কথা বলেছেন কি না, না সব ফাঁকা আওয়াজ। এটা পরবতীকালে এই ৫ বছরে আমরা ব্রুতে পারব।

13-50-4 p.m.]

তার বিব্তিতে জিনি গত করেক বছরের চালের উৎপাদনের কথা বলেছেন, কিন্তু ১৯৬১-৬২ সালে কত চাল উৎপাদন হল দেকখা তো তিনি বললেন না? এই যে একটা জর্রী কথা যে কথা আমাদের জানা উচিং বে এ বছরে কত চাল হল যে চালের উপরে আমাদের সারা বংসর নির্ভর করতে হবে। কিন্তু সেকথা তিনি চেপে গেলেন কেন? উৎপন্ন কম হয়েছে বলে বোধহয়় তিনি চেপে গেলেন। তিনি গত বংসর ও তার আগের বংসর অনেক উৎপাদন হয়েছে সেটা তিনি শ্রনলেন, কিন্তু ১৯৬১-৬২ সালের কথা তিনি ভূলে গেলেন। এটা অত্যন্ত লক্ষার বিষয়—

কারণ কম হলেও জানান উচিং ছিল। তারপর তিনি বলেছেন যে কুবকের উল্লতি করবেন, কৃষি-বাবন্ধার উন্নতি হবে। কিন্তু ১৯৬১-৬২ সালের বাজেটে রেভাবে তিনি **কৃবিধা**তে **আরের কথা** বালছেন সেটা আমি একবার আপনার কাছে পড়ে শোনাছি-১৯৬১-৬২ সালে বে জার ধরা হরেছিল তার থেকে ৮ কোটি ৩০ লক্ষ্ আর বেশী হয়েছে। এই বেশী আর কি করে হল তার কারণম্বর প তিনি বললেন অনেক সার বিক্লি করা হয়েছে এবং তার জনা ১ কোটি ৫৫ লক্ষ টাকা বেশী আয় হল। এই ১ কোটি ৫৫ লক্ষ টাকা কার থেকে আয় হল? চাবীদের কাছে সার বিক্তি করে সরকার এই ১ কোটি ৫৫ লক্ষ টাকা আয় করলেন। এটা চাষীদের শোষণ করে না সেবা করে আয় হল সেটা বিবেচনা করার বিষয়। তারপর চাষীদের বা চাষ ব্যাপারে কন্ত দরে ভाল করেছেন সেটা একবার রাজস্ব বায় কৃষি খাতে কি ভাবে উল্লেখ করেছেন সেটা একটা বলব। কৃটির্নাশলপ খাতে ৬৭ লক্ষ টাকা হ্রাস পেয়েছে। এই খাতে যে বায় বরান্দ হর্মোছল সেইটাকু ক্রিবথাতে হয়নি—সেটকে উম্বন্ত রাখা হয়েছে। গতবার ক্রায় থাতে যে আয় হয়েছে, আর যে বায় ধরা হয়েছে তাও বায় করা হচ্ছে না এবং সেই বায় মজতে রাখা হয়েছে। এইভাবেই পদ্মী বাংলার ক্রমকের উন্নতির বাবস্থা তিনি করেছেন। এইভাবেই পল্লীবাংলা গড়ার বাবস্থা এই বাজেটে তিনি করেছেন। তারপর তিনি কিভাবে চাষীদের কাছ থেকে ক্যানেল টাব্রে আদায় করবার বারস্থা করছেন সে সম্বর্ণে বলর। চাষীদের ফলন কমল অঞ্চ চাষীদের কাছে যে সার বিকি করা হল তা থেকে তাদের কাছ থেকে শোষণ করা হল। এবং আবাব কানেল টা**ন্ধ বসিয়ে** কিভাবে তাদের আরও শোষণের বাবস্থা কায়েম রেখেছেন সেদিকে তাঁদের খেয়াল নেই। অথাং তারা এইভাবেই চায়কে এবং চাষীকে উল্লতির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। চাষীরা ক্যানেক টাক্স দিতে রাজী আছে। কিন্ত ময়্রাক্ষী কাানেলে ঠিক মত জল আসে না যে সময় জলের প্রয়োজন সেই সময়ে জলের ব্যবস্থা না হওয়াতে চায়ের ব্যবস্থাও ঠিক ঠিক হয় না অথচ সেই বাকথায় তাঁরা একরে ১০ টাকা হারে টাাক্স বসিয়েছেন এবং সায় হোক বা না হোক সেই টাাক্স তাদের দিয়ে হবে। এইভাবে টা'ল বসিয়ে ধার রেখে তাদের উপর সাটি ফিকেট ভারীর ব্যবস্থা। করেছেন।

এইভাবে কৃষকদের এবং কৃষি-বারস্থার উর্য়াতর ব্যবস্থা যা এই বাজেটে পরিলক্ষিত হচ্ছে, তা যদি এভাবে চলতে থাকে তাহলে কৃষকদের পল্লীবাংলার উদ্যাতি দিনের পর দিন কির্প হবে সেকথা একবার ভেবে দেখতে হচ্ছে। তারপর স্বাস্থা ব্যাপারে বলতে চাই।

'At this stage the red light was lit and the honourable member resumed his seat].

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মুখামন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে রেখেছেন रमेंदे वारक है भारत निवास करत नि आभारक, **এই शल**प छता **এই वार**ाह आतंख निवास करताह अकना এর মধ্যে যে বিরাট ফাঁক ও ফাঁকি রয়েছে, কংগ্রেসদলের সদস্যরা সেটা ব্রুতে চেন্টা করছেন না, অথবা বুঝেও জনসাধারণকে ফাঁকি দেবার চেষ্টা করছেন। আমি এই স্বল্প সময়ের পরিসরের यथा मिरत वास्कृति त्य विद्यापे कृतिविकारिक द्वाराष्ट्र का व्यापनान भागतन करन धतरक हारे। **भवरक्रां**स বড প্রদান হচ্চে এই আমাদের মত একটা গরীব দেশের মুখ্যেন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন এই বাজেটের মধ্য দিয়ে দেখছি যে সমুহত খাতে গত বছর বরান্দ ধরা হয়েছিল, সেই সমুহত টাকা ধরচ হয় নি, এর যে বিষময় ফল বাংলাদেশে অনুভত হচ্ছে সে বিষয়ে অবহিত হওযার জন্য আমি ম্থামন্ত্রী মহাশয়কে জানাচ্ছ। আমি একটা তথা আপনার সামনে রাখছি। তার আগে দঃখের সংখ্য বলতে হচ্ছে বিরোধী পক্ষের একজন বিশিষ্ট সদস্য শ্রীয়তে সোমনাথ লাহিড়ী বিতর্কের শুরু করে বিরোধী পক্ষ থেকে তার বস্তবোর সমর্থনে কতকগালি সংখ্যাতত বখন আপনার সামনে রেখে ছিলেন তথন কংগ্রেস পক্ষের একজন বন্ধা মনে হয় অধ্যাপক ভট্টাচার্য মহাশয় বাণা করে বলেছিলেন ঐ স্ট্যাটিসটিকসে আস্থা নাই কেন না স্ট্যাটিসটিকস আর মিথ্যা ভাষণ একই পর্যারোর। তার কাছে আমি বিনতিভাবে নিবেদন করতে চাই যে একটা বিনয়ের সংগে বিবেচনা করে দেখবেন মাননীর মুখ্যমন্ত্রী মহাশয় বাজেট সমর্থনে বে বাজেট বিবৃতি রেখেছেন তারও ভিত্তিভাম হচ্ছে স্ট্যাটিস্টিকসু মাননীয় মুখামূলী মহাশুরের স্ট্যাটিস্টিকসু সতা হবে বেদনাকা হবে আর বিরোধীপক্ষের স্টাটিসটিকস হলে মিথা হবে বা অপভাষণ হবে এর কোন বৃত্তি আছে বলে আমি

ৰূৰি না। আমি স্ট্যাটিস্টিকস-এ বাব না আমি করেকটি ফিগার বাজেটের মধ্য খেকে দিছি এবং লেক্ষ্রেল আপদার সামনে ভবে ধরছি। কৃষি উময়ন এবং গবেবণা প্রকল্পের জনা বরাদ্দ हिन. २.०४.४०.००० **ोका जात भरा। बत्र**ठ राज्ञाह ৯৭ नक ४२ राष्ट्रात्र जेका। अनुभानत्त्व क्रमा क्रिम ১,46,00,000 होका, थरा रातार ४० नक १८ राजात होका। कृषि थाएँ वराज्य **चिम ७.४०.७७.०००** ग्रेका. **५५० राहारह ७.०১.०४.००**० ग्रेका। मश्त्रा बारू द्वाम्म हिन ৩৩.৭৭.০০০ টাকা কিল্ড খরচ হরেছে ২৮.৯৪.০০০ টাকা। সমবার খাতে ছিল ৬৭.৬২.০০০ ऐका **चता हरत्रार** ६९.९०,००० होका, कृषित्र निरम्भ दतान्त्र किन २,२२,०२,००० होका, मरागिष्ण वास्मर्क प्रचिष्ठ बत्रक श्राह्म ३.५८.३८.००० होका। महाताश्वरण क्रममत्त्रताह करात क्या मिछेनिमिभागिषि कर्जभक्तक एउन्नात क्या वतान क्षित्र ३६ लक होका स्मर्थात बत्रह इत्क ১.৮৭.০০০ টাকা। গত বছর কৃটির শিক্ষ বাবদ খরচ কম হয়েছে বলে বাজেটে দেখা যাবে কৃটির **শিল্প খাতে খরচ কম দে**খান হরেছে। কৃষি উন্নয়ন গবেষণা প্রকলেপ এবারে খরচ কম দেখান राताच राज्यनाम रेज्यान्योरण एवयनाम गण वस्त ८८ लक्ष प्रोका, न्याकात थत्र रातास २७ लक ৩৮ হাজার টাকা, খাদি এবং ভিলেজ ইন্ডান্ট্রিতে বরান্দ ছিল ২ লক্ষ টাকা, খরচ হয়েছে ১ লক্ষ ৫ হাজার টাকা। আমি আপনার মাধামে এটাই জানাতে চাই যে, যে যে সমস্ত বিষয়ে বরান্দ করা হরেছিল সেই টাকা খরচ করা হল না. এর ফলে বিবেচনা করে দেখনে এর ভিতর কি বিরাট **ठकान्छ बरब्राह**, त्मणे वृत्थवात क्रण्णे कवन्। आग्नि ग्रान्थाग्नन्ती प्रशामग्री प्रशामग्री कार्ष्ट आरवणन कविन् **बहै हाउँम धत ममन्ड सम्वातरक कर्नाफरङम्म निरा वलान रकन कृ**चि थार थतह इल ना। स्व-**দেশে** এত খাদা ঘাটতি, যে-দেশের লোক দ'লোবা পেট ভরে খেতে পাচ্চে না যে-দেশের কমকের মের দেও তেখে গিরেছে, দেনার দারে জন্তবিত হতা গেছে সেই দেশে গদি কৃষি খাতে ব্রাদ্দ **টাকা ধরচ না করা হয় তাহলে আমি মনে করি সেটা অমার্জনীয় অপরাধ।**

[4-4-10 p.m.]

এটা আনপারভোনেব ল ইনএক্সকিউজেবল আন্ড ইন্ডিফেনসিবল। আছকে দেখবেন সমবায় খাতে এবং কটির মিলেপন খাতে যে লক্ষ লক্ষ টাকা ধনা হয়েছিল তা' থক্য হোল না অথচ বদি বরচ হোত তাহলে এমপ্রয়মেন্ট সিচুয়েসন ইমপ্রভ করে বাংলাদেশের বেকারী দরে করে দিত। শুখু তাই নয় আ**লকে দেখছি শিল্পাণ্ডলের লো**য়ার ইনকাম গ্রুপ শ্রামকদের জন্য হাউসিং স্ক্রীয় বাবদ সেখানে ৩ কোটি ১০ লক্ষ্ণ টাকা বরাল্য হার্যাছল সেখানে ১॥ কোটি টাকা খরচ হরেছে, তাহলে দেখা যাচ্ছে বাজেটের মধ্যে যে সমস্ত খাতে খরচ হোল না তার ফলে নিন্ন শ্রেদীর মান্ত্র অর্থাং মধাবিত্ত নিন্দ্র মধাবিত্ত এবং কৃষকরা ক্ষতিগ্রন্থত হয়েছে। তারপুর, মুখ্য-भन्तीरक वर्णाष्ट्र रव जीता क्लान्स्त शास्त्र अक्रो अराभन उटल निलान अवः जात करल क्लान्स्त **বিমাতাস,লভ আচ**রণ আমরা দেখছি। আমরা ফাইনাস্য কমিশন'স রিপোর্ট দেখছি আটি কেল ২৭১-**এতে বে প্লান্ট** পেতাম সেটা বন্ধ হয়ে গেছে। আঞ্জে জিজ্ঞাসা করছি এই যে খরচ **दशनमा धात बना दरन्य वनारः भारत स्व वाशनासमारक होका सम्बद्धा हाइक किन्छ छ। धात कहाई मा।** মাননীয় স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে যে ২ কোটি ২০ লক্ষ্ টাকা দিয়েছিলেন সেই টাকা খরচ না হয়ে মাত ৪০ লক্ষ টাকা খরচ হোল। অমি ভিজ্ঞাসা কর্বছি এডকেশনের **ক্ষেত্র এমন কি এক্সট্রানিয়াস সারকামসটালেসস থাকতে পাবে, এমন কি লিমিটিং ফ্যাকটরস থাকতে** भारत बात बना ग्रेका भत्र दाल ना? आक्रांक म्कूल कराल প্রाইমারী এবং হারার সেকেন্ডারী म्कूनगरलाएं २ नक रव दिकात तरसंख्य ठाता हाकृती ११९७ ११तछ। अथात एकेनिकान ता-**হাউ-এর প্রান্ন নেই**, এ্যাভেলেবিলিটি-ব প্রান্ন নেই এবং ফরেন এক্সচেন্ত-এর প্রবেষও নেই। তাছলে এটা কেন হোল না বা এগ্রিকালচার প্রোডাকসন কেন হোল না বা সমবারের ক্ষেত্রে কেন হোল না? সামর, ক্রবিক্ষেত্রে সরকারী নীতি সম্পূর্ণ বার্থ হয়েছে এবং ভাব কারণ হোল কলমের লাণাল দিয়ে व्यात बाह्येंगेन विन्धिःम- अब कानि पिरंद्र बाश्नारिम्पत उत्भापन वाजान यात्र ना अवर जात स्मर्टन **দেখছি কৃষিক্ষীৰী এবং ভাগচাৰী জন্ধবিত হয়েছে। আজকে মুখ্যমন্ত্ৰী মহাশ্**য় ডিপ টিউব-ওরেল বসাবার কথা যা বলেকেন তার বিরুদ্ধে আমার বহুবা হচ্ছে যে এই টিউবওরেল যখন বিষয়েং শক্তির স্বারা পরিচালিত হচ্ছে অর্থাৎ ইলেকট্রিকালি অপারেটেড তখন সেই ডিপ **টিউবওরেল বসাবার আগে আপনাকে প্রথমে কুতনি**শ্চর হতে হবে বে ইলেকট্রিসিটি আছে কি না। এ প্রসন্দো আমি মুখামল্টী মহাশরের দুদ্টি আকর্ষণ করে বলছি বে, সাচদেব কমিটি যে রিপোর্ট

দাৰিল করেছেন তাতে তাঁরা বলেছেন যে বংলাদেশে আগামী ৫ বছরে বিদণ্ডশান্ত ঘাটতি দেখা দেবে। এই ঘাটতি বদি থেকে থাকে তাহলে কোন ভরসায় আপনারা ইলেকট্রিক্যালী অপারেটেড টিউবওরেল বসাতে চলেছেন? কান্ডেই আমি অনুবোধ করছি বাংলাদেশে যে ২টি আইন আছে অর্থাৎ বেপাল ট্যান্ড ইম্প্রভ্রমন্ট এটি অই ১৯৩৯ এবং ওয়েন্ট ল্যান্ড এট্রক্সন্তলান এট্রই, ১৯৫২ এই দ্বাটি আইনের সংশোধন করে যে সমস্ত পর্কুর, প্রশ্করিণী মজে গেছে সেগ্লোর সংস্কার কর্ন। এইগ্রেলার উন্নতি করতে পারলে মানুযোর পানীর জলের বাবস্থা হবে, এবং মাছের চাব হবে। এতে রেকারিং এক্সপেন্ডিচার বা টেক্নিক্যাল নো-হাউ-এর প্রশ্ন থাকবে না এবং যন্দ্র বিগড়ে গেলে জলের সমস্যা দেখা দেবে না। কান্ডেই এগ্রলোর দিকে দ্ভিট দিন।

সর্বশেষে আমার বন্ধবা হচ্ছে যে, সরকারের বার্থতার ফলে আজ যথন আমাদের দেশে দুর্দিন দেখা দিয়েছে তথন মুখামন্ট্রীকে তার জবাব দিতে হবে। এই বাজেটের মধ্যে দুর্নীতি রয়েছে এবং দেখছি যে প্রশাসনিক বাবস্থা যদি কল্মুমনুক্ত না হয় তাহলে বাংলাদেশকে আপনারা কথনও ভাল পথে চালিত করতে পারবেন না। স্যার, ডাঃ চন্দ্র ক্ষ্মিত পাষাণের মেহের আলীর "সব ব্যুটা হাার, তফাং যাও" প্রভৃতি বলেছেন। আমি বলছি না যে, তিনি বিশ্বকবির কথা বোঝেন নি- ঠিকই ব্রেছেন, কিন্তু দলের খাতিরে তিনি সেই কথার বিকৃত রূপ দিয়েছেন।

এ কথা ঠিক যে ৫ বছরের জন্য নির্বাচিত জন-প্রতিনিধিগণ এখানে এসে যদি বাংলাদেশের বৃত্তৃক্ষ্ মানুষের দুঃখের প্রতিকার করতে না পারেন তাহলে এই সভা কক্ষে মেহের আলির উদ্ভিপ্রতিধ্বনিত করে বলবেন যে, যে গণগুলের কথা মুখে বলা হয় সেই গণতশ্য একটা প্রহসন স্সব করা হায়, তফাং যাও।

পরিশেষে বিশ্ব কবি যে সাবধান বাণী উচ্চারণ করেছিলেন তা ডাঃ চন্দ্রকে স্মরণ করিরে তেওয়া উচিং। তিনি বলেছিলেন—

ত্রক পক্ষ শীর্ণ যে পাথি
বচ্ছের সংকট দিনে বহিবে না স্থির,
সম্জ আকাশ হতে ধ্লায় পজ্বে অংগহীন,
আসিবে বিধির কাছে হিসাব চুকিয়ে দেবার দিন।
অভ্রভেদী ঐশ্বর্যের চ্পীভূত পতনের কালে,
দরিদের বাসা তার বাধিবে কংকালে।

Shri Bejoy Kumar Banerjee: Mr. Speaker, Sir, I heard with very great interest the budget speech of the Hon'ble Chief Minister who is also the Finance Minister. The rosy picture that he drew about the State of West Bengal and the all round improvement everywhere, viz., in the economic field, in the development field, in the increase of agricultural production, in the rise of share trend, in bank credit, and so on and so touth, appear to me to be very much refreshing. And sitting in this cool atmosphere I think I am living in a dreamland which has got no semblence of similarity with people that we see everyday in our daily contact. I adoubtedly it can never be disputed that this Government since many years have spent colossal sums of money in the shape of the development of the country. Whether spending of that amount alone can measure a country's prosperity, or the allocation of funds in the budget can do it, or that should be measured by the yardstick of the living conditions as teflected in the life of the common man, that is the question. Sir, as I see everyday middle-class families, members of whom are meeting not only me but many of us here, and we hear their harrowing tales of misery and woe, I cannot persuade my mind to believe that we are living in a free country under a democratic rule. We are here just mobilising all our energies forgetting our duties to improve the conditions of men. The middle-class families belonging to the category of low income group are

today on the verge of extinction. Sir, they come for help in the way of admission of their children in schools, in the shape of providing maintenance for them, and for admitting their children in hospitals. They come for help in everything which a citizen of a free country can demand as a matter of right, and they come as beggars. The womenfolk who never came out of their houses due to pardah system are now coming to us appealing to us for a Government which can see that their children are educated, that they get facilities of hospitals and that they get something to eat.

[4-10-4-20 p.m.]

As a result of that they are obliged to sell their houses. I would respectfully request the Chief Ministre to take any statistics of the country today to find out how many middle-class families have been obliged to sell their lands, dwelling-houses and movable property and to go away to some unknown destination. That is the picture of the middle-class people not only of the City of Calcutta, but the people living everywhere in Bengal. Sir, it is very much painful for me to say something in opposition to our Hon'ble Chief Minister. I respect his feelings and I am sorry that I do not share his views.

Sir, another important thing about which I spoke on the last occasion was about the formation of the Metropolitan Board in the city, the Calcutta Metropolitan Planning Organization. The middle-class about whom I have just spoken is not of inconsiderable number, their number is very large in the city. They are the backbone of the society. They are going to be touched today under the regime of this Congress rule. The Metropolitan Board gives an insight into the outlook of the rulers that we have get large today. The Metropolitan Planning Organization was started under a executive order of Her Excellency the Governor of West Bengal. I do not know of any rule of law in any democratic country where a man of autocratic power is empowered to take away the vast privileges not only of the Legislature that is sitting here, but everybody, not only the Corporation of Calcutta, but 32 municipalities of West Bengal by one stroke of pen. I find that on the 20th June, 1961, one man has been given the power of taking the administration unto himself. I mean no disrespect to the Hon'ble Chief Minister when I say that. Sir, what has been done is against all principles and canons of democracy in a legislature, in a democratic country which is unheard of. Sir, with your permission I say today that the Governor by an executive order formed an autonomous organization to be named the Calcutta Metropolitan Board with immediate effect under the direct control of the Chief Minister of West Bengal who is empowered to do this thing or that thing, to make any appointment that he likes and to incur any expense that he thinks necessary. Fortunately or unfortunately, it reminds me of Louis XIV of France who at one time thought "I am the State of France". Are the members of the Legislature who are sitting here to consider the post-mortem report? When I was the Mayor of Calcutta, I was just informed that the Metropolitan Board was going to be formed. That piece of information was sent through office to deliver it to me. Immediately after that, we in a meeting expressed our view that the Metropolitan Board, if it is to be formed, should have safeguards so that it may be formed in a democratic way if it means the good of the country and the good of the State. We expressed our fullest support to it expressing at the same time that this corporation, financially crippled, cannot undertake to solve the staggering problems of Calcutta. I believe that a Consultant team of the World Health Organization was invited by the Government of West Bengal. If this Government have any earnestness. any sincerity to do good to the common man by giving them some relief

which is in their power, they could have done it. But that is not to be. I can cite instances to show that some time in November, 1959 the World Health Organisation submitted an ad interim recommendation just asking meanth organisation submitted an ad interim recommendation just asking one thing to be done, viz., to give adequate supply of water everywhere in Calcutta. A long time has gone by, but nothing has been done. The Corporation of Calcutta could not do it for want of finance. Moreover, it could not do it for the reason that Dr. B. C. Roy was at the head of every affair of the city's administration. If he had the interest of the people or the municipal administration at heart, he could have done this thing. Not a glass of water has increased since then, and since then ten lakks of people have been living here in slums and congested areas; living and dying there like cattle. In one room they cook their food and sleep with adult and young ones, married couple, son and daughter-in-law. They live just around heaps of rotten garbage, surrounded by silted drain. Everybody knows it. May I ask, why the interim recommendation submitted by the World Health Organisation Consultant Team was not implemented? In the Gazette I find that a Board was formed with all powers to Dr. Roy, and then the Ford Foundation has to be accepted, and we were expected to accept them. May I ask the details of that Ford Foundation assistance? Under what condition that offer of gift has been accepted, we do not know. Nor do we know what would be the position of the self governing Municipal Administration existing there under the Act. May be the framers of the statute thought what would be the position—thereafter. Nobody in the Corporation; none of the three hig Municipalities know that. An officer of the Corporation brought all the records of the Corporation to the Writers' Building, I, as Mayor, knew nothing about it. Dr. Roy had all the power, and sitting in that position, all help was given to the W.H.O. team for the betterment of the city of Calcutta. But may I ask, what time it would require to finalise such a scheme or implement such a scheme in a city like Chicago or Maxico May I enquire what would happen in a city there where people live like beasts in the slum areas. It has been suggested that the Salt Lake Areas would be reclaimed, and there would be distribution of land to the middle-class people. I can tell this House that not before ten years the land would be fit for distribution to any middle-class people, and moreover, it would create another tense problem. For Rs. 29 crores spent today, another Rs. 50 crores might have to be spent for the same purpose.

It will not do simply to make ambitious schemes and make provisions in the budget, just to think that you have done your duty. Unless you can create confidence in the minds of the people that the Government exists for the good of the people, that the Government is not carried by any party politics, that the Government wants to do things rightly and righteously, no amount of planning and making budget provision can save the people of West Bengal. What do we find today. This Writers' Buildings has been transformed into a place of patronage distribution centre. Unless the common man feels that this Writers' Buildings exists for the good of the common man, no matter whether he has connections with any Minister or not, unless the common man feels that he has a right to live and nobody, not even any Minister, can deprive him of that right, no amount of planning and provisions in the budget is going to help.

Sir, the idea has gained ground that unless you are somebody of a Minister you are not going to have anything. You cannot get admission into a school; unless you have letter from a Minister, you cannot get admission into a hospital. You cannot get admission into a hospital. Why this? May I request the Chief Minister and others concerned—I say this not in anger but in sorrow—to live for the common people so that the common men can feel that you exist for them and not for the furtherance of party ends.

[4-20-4-30 p.m.]

Shri Sankardas Bandyopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বাজেটের সমর্থনে আমি দ:'-চারটি কথা বলবো। কিন্তু দ্র'-চারটি গঠনমূলক প্রস্তাবও আমি করবো। বাজেট নিয়ে তীর আলোচনা হয়েছে। আলো-চনার মধ্যে সব রকম আলোচনাই হরেছে। শুধু অর্থানীতির আলোচনা নর: কংগ্রেসের দুন্নীতি भारन क्रम ए क्रम ना, क्रमकता क्रिनिरमत मात्र भारक ना, नानाভाद नाना कथा वना शरहर । एत একখা আপনাদের মোটেই বলবো না যে এই রকমভাবে বান্ডেটের সময় চারিদিক দিয়ে, নানাভাবে, সর্ব বিষয়ে আলোচনা যে অপ্রাসন্গিক তা নয় সবই বলবার অধিকার আছে। তবে বাজেট সম্বন্ধে যে একটা খাব তীর সমালোচনা করতে পারা গিয়েছে তা নয়। তথ্যের কথা বলা হয়েছে আমার বিরোধী বন্ধুরা মাঝে মাঝে বলেছেন তথা, তথা, তথা। আমি ১০ বংসর এই বিধান সভা ও বিধান পরিষদে আছি, আমি দেখেছি যথন তাদের স্ক্রিণা হয় তথন তাঁরা তথোর উপর নিভার ⊄রেন। আর আমার বন্ধ্বের শ্রীপ্রফ্লেসেন যখন হথোর কথা বলেন তখন ও'রা চটে আবানে হন। কারণ তিনি এত তথা বার করেন যার জবাব ও'রা দিতে পারেন না এবং তখন **মিখা**। ভূল একথা বলে থাকেন। কাভেই আপনারা রাগ করবেন না, এটা একটা কটা হতে পারে किन्छू धंता राष्ट्रारा कथावार्जा वर्तन जारू यथन स्मिणे मृतिया माला भारे करत जा वर्तन एन जान অসমবিধা হলেই তখন বলেন যে সব মিথা। কথা। আজকে আমাদের বাজেটের যে বক্ততা ছেপে। মুখাম-তী মহাশয় পরিবেশন করেছেন তা পড়ে দেখা গেল যে তা এমন কিছু খারাপ নয়। একটা **জিনিসের অভাব দেখতে পেলাম যে আমাদের বেতন ব**ন্দির কথা নেই। বোধহয় থাকলে আমার বিরোধীপক্ষের বন্ধুরা খুসী হতেন। কথা হচ্ছে, এতে দেখা যাবে শিক্ষা খাতে, কুষি খাতে, সেচ খাতে, কটিরশিদেশর খাতে, শিল্পাণ্ডলের খাতে প্রত্যেকটা জিনিসের বিষয়েই একটা খর্চ ৰরাষ্ট্র করা হয়েছে। আমরা জানি যে অনেকসময় অনেক কাজ সম্ভব হয়ে উঠে না -টাকা **থাকলেও স**ম্ভব হয় না। অনেক বাধা, অনেক বিপত্তি আমাদের সামনে এসে পড়ে তথন সেই <mark>টাকা থ</mark>রচ করা সম্ভব হয় না। আমার কথা কাশীকানত বাব, তীব্র প্রতিবাদ জানিষেছেন যে, **টাকা** ফেরত যায় কেন। তানেক সময় থরচ করা সম্ভব হয় না সেটা তিনি জানেন, আমরাও জানি **অনেক সম**য় খরচ করা সম্ভব হয় না। হয় না কেন? ধর্ন, একটা কথা আমি বলি, একটা পরিকল্পনা নিয়ে আমি ম.খামল্টার সংখ্য আলোচনা করেছিলাম, ইট ও রানীগঞ্জের টাইল তৈরী করার ফেশিন জার্মানী থেকে আনার জনা। আপনারা জানেন, আমরাও কেরেলার ঘরে ঘরে গিয়ে দেখেছি সব রানীগঞ্জের টাইলের বাড়ী, খুব ভাল বাড়ী। কিল্তু পারা গেল না কেন। **মরে**ন কার্রোম্স আমাদের পথে এসে দাঁড়ালো তাই করা সম্ভব হল না। আপনারা জানেন বে वाश्नारमर्ग वाफ़ी थफ़ मिरा इ.स. প্রত্যোক কৃষক ঘর খড় मिरा ছার, আজকে খড়ের মাঠে চাষীরা শাদাশস। উৎপাদন করছে, তাদের এখন খড়ের অভাব। সেইজনা আমাদের এই পরিকল্পন। নেওয়া হল, তার তথা আনা হল, কত টাকা বায় হবে তা স্থির হল, সব ঠিক করে উপস্থিত সেটা वन्ध कहा रहा। ফরেন কারেন্সি পাওয়া গেল না, তাই জিনিসটা বানান সম্ভব হল না। অনেক কারণ থাকতে পারে, শুধু প্রতিবাদ করা ঠিক নয়। শুধু দাঁড়িয়ে বল্লেন "খুব খারাপ", "খুব খারাপ"। দঃখের বিষয় আমি এই দশ বছর ধরে একটা স্বরেই গান শ্নছি। বিরোধীদল একবারও वर्षान ना रा. এই দশ वहरतत भर्षा এक्টाও ভালো काछ হয়েছে। कान ভালো काछ হয়েছে व्याननाता जा न्वीकात करतन ना। এत আগে यथन वान शर्ताष्ट्रल उथन विद्याधीपरलव व्यन्तक वस्य वा ब्यामन्त्रीत काष्ट्र अर्जाष्ट्रलन, अवः ब्यामन्त्री विद्याधीमलात शास्त्र होका भवन्त्र मिर्द्याष्ट्रलन-তখন এই পক্ষের অনেকেই ওটা পছন্দ করেন নি, তা উপেক্ষা করে মুখামলটী বিরোধী দলের হাতে টাকা দিয়েছিলেন। দশ বছরের মধ্যে মুখামশ্রী একটিও ভালো কাজ করেছেন একথা শ্রনিন। খালি গালাগালি, প্রতিবাদ, এই সমস্তই শুনেছি। তারপর, আমার নবাগত বন্ধুরা কি চামড়া দিরে নাকি কাপেটি করছিলেন শ্নছিলাম—আমি ঠিক ব্রুতে পারলাম না। জানি না এটা ঠিক কৃষ্টির পরিচয় কি না, আমি অন্তত: মনে করি যে কোন বিরোধী দলের সদস্যকে কি অনা সদস্যকে ব্যক্তিগত আক্রমণ করা ঠিক নয়, এবং সেই মত নিয়েই আমি চলার চেণ্টা করি। যদি **क्थर**मा **कुन क**ित निकार आपनाएत कार्क क्या रुरत तिन। अतिक निन धरत मुनक्कि हे।कर्मित ক্ষা। আমাদের পক্ষ থেকে অনেকে বল্লেন, আনন্দের বিষয় যে নতন কোন ট্যান্ত বসেনি। আমি কিল্ড এতে বিশেষ কিছু দেখতে পাই না। নতুন ট্যাক্স বসা বে অন্যায় তা আমি মনে

ের না বদি ট্যাক্সের টাকা ঠিকভাবে খরচ হয়। মতাশ্তর হতে পারে—আমি বে খরচ করছি, রাপনি হয় তো ভাবছেন সেটা ঠিক খরচ হছে না। কিন্তু আমি মনে করি ঠিকই খরচ হছে। মার্সবিরোধ আমাদের থাকবেই। কিন্তু প্রশ্নটা হছে, আমরা বে কলাণ রাল্ম তৈরী করছি— প্রথবীতে যে কোন রাল্মই হোক, তার টাকা কোখা থেকে আসে?—এই টাকা আসে ট্যাক্সের মাধ্যমে—যাদের টাকা আছে তাদের কাছ থেকে টাকা নিতে হবে। আমাদের মধ্যে অনেকে টাক্স এড়ির বান। এটা শ্রু এই দেশেই নর, সমগ্র প্রথবীতেই এটা লক্ষিত হয়। আমাদের ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স এড়াই এগালি আমাদের স্থিট করা জিনিস নয়, এগালি বিলাভ থেকে, আমেরিকা থেকে দেখে তৈরী করেছি। ১৯৩৯ সাল থেকে একই চেন্টা হছে যে, বারা টাল্ম এড়াতে চেন্টা করেন তাদের ধরে কি করে প্রো টাকা আদার করা হবে। আপনারা যদি ইনকাম টাল্ম এড়াতে চেন্টা করেন তাদের ধরে কি করে প্রো টাকা আদার করা হবে। আপনারা যদি ইনকাম টাল্ম এটাই-এর সেক্সন ৩৪ পড়তেন তাহলে দেখতেন চার বছরের পিছনের কোন হিসাব দেখা হত না, তারপরে হল আট বছর, এখন হয়েছে, যদি কোন লোক অন্যায়ভাবে টাকা গোপন করে তার কোন তামাদি নাই, যে কোন বছরের হিসাব খ্লে সম্পূর্ণ টাকা মায় জরিমানা পর্যন্ত আদায় করে নিতে পারা যায়। এবং সর্বদা তা হছেও। প্রশেষ বন্ধ সিন্দাম টালির এখানে বসে বসে হাসছেন তিনি জানেন আমি যেটা বলছি সেটা কড দ্বে সত্য, তিনিও ইনকাম ট্যাক্সের মামলা করে থাকেন।

আমরা রোজগার করে খাই বলে অবাদতর বলি না, কারণ আইনটা আমাদের জানতে হয়। অবংশতর বক্তা আমিও দিই না, উনিও দেন না, দিলেও কেউ শ্নেবে না। এখানে কেউ কেউ বলেছেন, ধনী আনো ধনী হচ্ছে। যদি ধনিককে আরো ধনী করবার উদ্দেশা হত তাহলে প্রতি শহরই আইনকে তীর করা হচ্ছে কেন? ধরবার অ'বো নতুন নতুন কায়দা করা হচ্ছে কেন? এগগে যারা টাক্তি ঘরিছে তাদের ধরবার কেন বাবস্থা করা হচ্ছে?

[4-30-4-40 p.m.]

কিল্ড এই কথা আমি বলতে চাই যে যতদার চেণ্টা হতে পারে সমগ্র ভারতে আমরা চেণ্টা করছি যারা প্রক্রিপতি লোক যারা রাণ্ডদ্রোহী, যারা টাকা ফাঁকি দিচ্ছে তাদের কাছ থেকে টাকা আদায় করে নেবার। এটা যাঁরা আইন নিয়ে ঘাঁটাঘাটি করেন তাঁরাই জানেন। (নয়েজ) জ্যোতিবাব যথন বন্ধতা করেন তখন আমার বিরোধী দলের বন্ধবা খেভাবে চলেন সেইরকমভাবে চললে আমি খ্শী হব। জিনিসটা হচ্ছে যে মান্যকে ক্রমাগত ভল বোঝান হচ্ছে এইভাবে বলে যে ধনী বারা তার: আরও বড়লোক হচ্ছে এবং যারা দরিদু তারা দরিদু হচ্ছে। আপনারা জানেন যে আজ বিধান সভায় বসে আলোচনা করে তার প্রমাণ কবা থায় না, কিন্তু যদি ঘরে বসে আলোচনা বিবাদ সভার বলে আলোকন করে তার এনা । না না না সুদ চান যে ধবরের কাগভে ছাপা হো**ৰ**ু এবং ম্পান্তর, আনন্দ্রাজার, স্বাধীনতা পড়ে লোকে বলবে যে খ্র জোর বস্তুতা দিচ্ছেন তাহলে ञानामा कथा। आমि এकथा वनव य মান स्ट एन वाकान इत्ह। मृजुाकत जाकरक हे भारतमधे থেকে ২ পারসেণ্ট-এ এসে দাড়িয়েছে। মৃত্যুকর দেয় কে--দরিদ্র না ধনী? আজকে একটা মান্য বার প্রসা আছে তাকেই আয়কর দিতে হর, বিক্রুকর দিতে হর। এক্সপেন্ডিচার টাবে প্রণিবীর আর কোথাও নেই। ভারতবর্ষ একমাত দেশ যেথানে বি**রু**য়-কর দিতে হয়, মৃত্যু-কর আদার হর এবং এক্সপেন্ডিচার ট্যাক্স আদার হর। কার কি সেটা বংসরের শেষে ফিরিস্তি দের ার উপর ট্যাক্স হয়। ট্যাক্স গরীবলোকের উপর পড়তে পারে না এটা সত্য কথা। আমি কেটা वलार हार्ड (अप्रे) शाक व शक्फर्ड अवकाद अववकाम (हच्चे) क्वाइन। ग्रीच जामाद श्रेर (कन मा কল্যাণ রাষ্ট্রের জনা অর্থ দরকার এবং এই টাব্ধে না হলে কোন প্রকারে অর্থ পাবার কোন উপান্ধ নেই। যাই হোক, আরু একটা কথা হচ্ছে যে আমি মুখামনতী মহাশয়কে বলব আমি আর এক বারও এই হাউলে বলেছিলাম-খাজনা মকুব করে দেওরা হোক। এই কথা বখন আমি বলে-ছিলাম তখন আমাদের বিরোধীদল থেকে ভীষণ অপবাদ হরেছিল। আমার মনে আছে হেমন্ত ঘোষাল মহাশয় ভেবেছিলেন যে, কমিউনিন্ট বেণ্ড থেকে এটা বলা উচিত ছিল, শংকরবাবরে বা কংগ্রেস তরফ থেকে এটা বলা উচিত হর না। তখন স্বগীর বিমলবাব, বে'চে ছিলেন। কিন্তু িজনিস্টা এত সহজে ফেলে দেওয়া উচিত নয়। আমরা কৃষকদের কাছ থেকে থাজনা নিই, আবার তার উপর আমাদের কথা হচ্চে এগ্রিকালচারাল ইনকাম টাব্রে। অর্থাৎ মানে একই জমির জনা একবার নিচ্ছি রাজ্ঞব্ আর একবার নিচ্ছি এগ্রিকালচারাল ইনকাম টাব্রে। গ্রামের সংগ্র

٢.

বারা যুক্ত তারা জানেন যে এতিকালচারাল ইনকাম ট্যাক্স আদার হয় না—একটা গ্রামের মধ্যে একটা মানুষ দেয় কি না সন্দেহ। চা-বাগান যাদের আছে, যাদের বড় বড় কারবার আছে তারাই শুর্ এটা দেয়। কিন্তু মাঝারী কৃষক, ৪০-৫০ টাকা জমির মালিক, তাদের কাছ থেকে এ টাকা পাওয়া বার না। আমার মনে হয় সরকারের এ বিষয়ে চেন্টা করা উচিত যার বেটা দেয় সেটা নিন্দর আদার করা, কার্র কাছে জবরদান্ত করার কোন কথা নেই। তবে এটা সত্যি কথা যে অনেক লোকে অনেক জমি বেনামী করে রেখেছেন। আমি সরকারকে একথা বলব যে বেনামী সন্বশ্ধে একটা আইন করা উচিত। ইংরাজের আমলে প্রিভিকাউন্সিলে এই আইনকৈ সমর্থন করে বলেছেন যে ভারতবর্ষে দীর্ঘদিন ধরে বেনামী চলছে—এটা বে-আইনী নয়।

কিন্ত আজকে আমি মনে করি আমাদের সমাজ সম্পূর্ণ পরিবতিতি হয়েছে, যে-সব কারণে বেনামী করা হত সে-সব কারণ উঠে গিয়েছে, আর বেনামী করা উচিত নয়। সরকারের তরফ থেকে এমন একটা বিধান করা উচিত যাতে মানুষে সে-সমস্ত বেনামীর আশ্রয় গ্রহণ করে সরকারের প্রচেষ্টাকে বানচাল করতে না পারে, এটাই আমি আবার অন্যরোধ করবো। দেখান আমরা জানি স্টেট আকুইজেশন এট্রে যখন এই হাউসে উপস্থিত করা হয়, তখন আমাদের ধারণা ছিল অনেক জমি পাওয়া যাবে এবং সেসব জমি আমরা ভমিহীন কৃষকদের দিতে পারবো। কিন্ত ফল হল কি? যেহেত সেরকম কোন আইন ছিল না সেই হেত জমি লোক বেনামী করে ফেলে. আজকে যদি চেণ্টা করা হয় তাহলে সেই সমুহত বেনাহোঁ নাকচ করা মোটেই শক নয়। আমি ঋানি যতক্ষণ আদালত খোলা আছে, যতক্ষণ সংবিধান আছে ততক্ষণ জোর জবরদ্হিত চলে না। আমি একথা বলে এবিষয়ে সরকারের দূষ্টি আকর্ষণ করতে চাই এবং দু'-একটি গঠনমূলক কথা সরকারকে বলতে চাই, আমি আশা করি সরকার সেদিকে লক্ষা দেবেন। আমি অনেক দিন থেকে দেখতে পাচ্ছি আপনারা বাংলাদেশে অনেক দকল করেছেন, অসংখ্য প্রাথমিক বিদ্যালয় করেছেন -- হরেনবাব, বসে আছেন, ও'কে শর্নিয়েই বলছি বিশেষভাবে প্রাথমিক বিদ্যালয় যেখানে ছিল না, প্রাথমিক বিদ্যালয় করা হয়েছে হায়ার সেকেন্ডার স্থল করা হয়েছে ইলেভেন আশু স্বল कता शराष्ट्र, कलाभ कता शराष्ट्र, भ्कलात भागेरा वाटन घरताक ठोका थरा शराष्ट्र विग्ठ এकी **জিনিস দেখতে পাচ্ছি, স্কলের ছেলেরা ভারতীয় যেসমুস্ত চাক্রি আছে, আই এ এস ইতাদিতে** বাংলাদেশের ছেলের। পাস করতে পারে না। এ সম্বন্ধে খনেকে খনেক কথা বলেন কিন্তু সেসব **का**न कार्क्षत कथा नरा। अत्नर्क उत्तान वाश्वालीत हिन्दक उत्तान कि आलाहा वाश्वालीत চায় না কিন্তু আমি একথা বিশ্বাস করি না। আমানের চেণ্টা চলে গিয়েছে, আমানের শিক্ষার জনা দেশে যে ব্যবস্থা দরকার তা দিতে পারছি না, মাতারচাশায়দের পড়ান যেটা দরকার সেটা করতে পরেছি না ফলে দেখছি ছেলেরা পরীক্ষা দিয়ে সফল হতে পারছে না। আজকে আমি •সরকারকে বলি—আমি জানি না বিরোধীপক্ষ কিভাবে এটাকে কিভাবে গ্রহণ করবেন, সরকারও বোধ হয় একটা ভয় পান কতকগুলি ভাল ভাল দকল তৈরী করার জনা সে দকলগুলিতে যাতে ছেলেরা থেকে পড়তে পারে, গিয়ে থাকতে পারে। এরকম ধরনের স্কুল রামকৃষ্ট মিশনের কতক-প্রবিল আছে, খড়দহে, টাকিতে, রহড়াতে আছে। এই সব স্কলগালিতে আদর্শ মত পড়ান হয়। শিক্ষকদের কথা মেনে চলতে হয়। সেখানে শুধু বই পড়ান হয় না. সেখানে চরিত গঠনের চেষ্টাও করতে হয়, তা না হলে লেখাপড়া শিখলেই হবে না। কতকগালি বই পড়ে পরীক্ষা পাশ করলেই ছেলে মানুষ হবে না যদি না চরিত্র গঠন হয়। চরিত্র গঠন না হলে লেখাপড়ার কোন মূল্য আছে বলে আমি মনে করি না। কিন্ত সরকার বেখ হয় ভাবছেন সেরকম রেসিডেনসিয়াল স্কুল করলে খরচ হবে, অনেক রকম তীব্র আলোচনা আসবে, আমি জানি না আলোচনা আসবে কেন! সেন্ট জেভিয়াসে আমরা ছেলে পাঠাছি, লা মার্টিনে পাঠাছি, নানা ইংরাজী স্কুলে পাঠাচ্ছি তারা বদি সেরকম করতে পারে আমরা তাহলে কেন রেসিডেনসিয়াল স্কল করতে পারবো না? আমার মনে আসছে—দীঘার প্রতি ডাক্টার রায় দুট্টি দিন, চমংকার স্বাস্থাকর জায়গা. সমাদ্রের ধারে করেকটি রেসিডেনসিয়াল দ্বুল করা উচিত।

Shri Siddhartha Shankar Ray:

বিনা পয়সায়।

Shri Sankardas Bandyopadhyay:

সিন্দার্থবাব, বলছেন বিনা পরসার। প্রেরা টাব্র যখন দেবেন বিনা পরসা হবে, আধা টাব্র দিলে বিনা পরসার হবে না। তবে এ উদ্দেশ্য সাধ্—বিনা পরসার হলেও আমার কোন আপত্তি নাই। আজকে সমস্ত প্রার্থমিক বিদ্যালয়ে ছেলে পড়া করছে সন্দেহ নাই। প্রশ্বের প্রক্রবাব, বলছিলেন ক্লাস ৮ পর্যক্ত সবাইকে বিনা পরসার পড়ান হবে যদি আমরা বিনা পরসার পড়ার ব্যবস্থা করতে চাই তো কেন হতে পারে না? গর্মীব দেশ আমাদের, নতুন কাজ আরম্ভ করেছি, আমাদের দ্ভিভগগী হওয়া উচিত বিনা পরসায় পড়ান কিক্তু টাকা পাওয়া দরকার। বিনা পরসায় এটা করা খ্ব শক্ত সে বিষয়ে কোন সন্দেহ নাই।

[4-40-4-50 p.m.]

ভবে একটা কথা আমি এখানে বলব যে বিহার গভন মেন্ট যদি নেতার হাটে পাবলিক স্কুল করতে পারেন-যেমন অনেক সময় আমরা মন্দ্রী মহাশয়দের মূখে এবং বিশেষ করে প্রফল্ল সেন बरागरावत बार्य गार्तिष्ठ रय. ठबरकात म्कूल रासर्छ এवर थात जाल वावन्था करत जारात अजान १ एक-- जारल आमता २-८ में किन कराउ भारत ना वा स्मर्थ काछ किन आरम्ब करा यात्र ना? আমাদের যথন দাজিলিঙ, সমাদের ধার, পাণ্ডেড, দার্গাপরে প্রভৃতি চমংকার জায়গাগালো রয়েছে হখন সেই সব জায়গার কেন ভাল রেসিডেনসিয়াল দ্বুল করা হবে না? কালকে একটা কথা— ডাঃ চন্দ্র আমাকে ভল ব্রুবনে না-ডাঃ চন্দ্র বন্ধতা প্রসঙ্গে বলেছেন যে অনেক সময় ট্রান্সফার করবার জনা দার্ন আন্দোলন হয়। কথাটা সম্পূর্ণ সতি। আমি অনেক সময় গ্রামে হাই এবং গিয়ে দেখেছি যে, যদি কোন অফিসারকে বদলী করা হয় তখনই সে এসে বলে স্যার, আমার েখা মা এবং ৩টি নাবালক ভাই রয়েছে কাজেই আপনার সঙ্গে যথন মন্ত্রীদের জানাশনো আছে তখন তাদের বলে আমার ট্রান্সফার-টা ক্যানসেল করে দিন। আমি অনেক সময় চিন্তা করে দেখেছি যে মানুষ এ রকম অনুরোধ করে কেন? সমস্তটাই কি বাজে, না এর মধ্যে চিস্তা করবার কিছু আছে। আমি দেখেছি একজন সামান্য সরকারী কর্মচারী ১৫০-১৭৫ টাকার কোন একটা জায়গায় চাকুরী করবার সময় হঠাৎ যদি তাকে বদলী করা হয় তখন সে এসে কেন্দে পড়ে বলবে যে, সামনে ছেলেমেয়েদের পরীক্ষা এখন এ'দের নিয়ে আমি কি করি কাজেই এই বদলী ^{এ।}পনাকে বন্ধ করতে হবে। কাজেই সব সময় যে মানুষ অনাায় করে আসে আমি তা মনে কবি না। সারে আমার মনে হয় যার। রাজ কর্মচারী আছে তাদের ছেলেমেয়েদের জনা সরকারের তকে থেকে কতগলো স্কুল কেন করা হয় না? মুখামনতী মহাশয় নিশ্চয়ই জানেন হে ক শিয়াং-এ ভাও হিল স্কুল বলে যে স্কুল আছে সেটা রেলওয়ে কর্ম চারীদের ছেলেমেয়েদের জনা। কাজেই আমার মনে হয় একজন দারোগা, এস আই মনেসেফ বা অনা কোন রাজকর্মচারী মধন গ্রামাণ্ডলে থাকে তখন তাঁদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা যদি সরকারের পক্ষ থেকে क्रब प्रचित्रा यात्र. अर्थाः जीपन्त्र ष्ट्रालास्मरापन्त अजावात जन। यीप कार्यमा एपन्या दश जाहरत কেউ একথা বলবে না যে, আমরা আমাদের ছেলেমেয়েদের সেখানে পডাব না। আমি জানি মান্যে প্রতিদিন অন্যায় প্রস্থাব নিয়ে আমাদের সামনে আসে না কাজেই আমাদের চেন্টা করতে ংবে তাঁদের চাকুরীর যেটা ন্যায়। প্রাপা সেটা দিয়ে যাতে তাঁদের সাহায়। করা যায়। তারপর, সেদিন আমি একটা কথা বস্তুতা প্রসংখ্যা বলেছিলাম যে, আমাদের দেশে অনেকেই জানেন এবং বিশেষ করে যাঁরা আইনের কাজ করেন তাঁরা জানেন যে, আমরা কুষকদের ঋণমন্তে করবার জন্য বেশাল এগ্রিকালচারাল ভেটরস এয়ার এবং কৃষকদের মহাজনদের হাত থেকে রক্ষা করবার জনা বেসাল মনিলেন্ডার্স এন্ট্র পাশ করেছি। কিন্তু আইন পাশ করলেও আমাদের দেশের পরিম্পিতি কি? এখনও আমরা দেখছি যে, টাকার প্রয়োজন হলে কৃষকরা খোস কবলা লিখে িদক্ষে. অর্থাৎ ৩০০ টাকা নিয়ে একটা ১০০০ টাকার জমি খোস কবলা করে দিচ্ছে, কিন্তু পরে আইন থাকা সত্ত্বেও সেই জমি ছাড়াবার উপায় নেই কেন না এত বার করা তার সামর্থ্যে কুলোর না এবং তার ফলে দেখছি সমস্ত জাম বেরিরে যাছে। বিমলবাব, কখন জীবিত ছিলেন তখন এ বিষয় আমি সরকারের কাছে বলেছিলাম কিন্তু অনেক বাধা ছিল বলে কিছ, করতে পারেন নি, তবে আমি এটাকে খুব শন্ত কাজ বলে মনে করি না কাজেই যদি চাষীকে বাঁচাতে হয় তাহলে ^{এটা} আমাদের করতে হবে। ভারপর, আমাদের এই বেকার সমস্যা সম্বন্ধে কাগন্তে পড়েছিলাম বে, ডাঃ রার বেকার সমস্যা নিরে খুবই চিন্তিত।

সেদিন বিধানসভার একজন সদস্য বলছিলেন, আমরা ট্রান্সপোর্ট করেছি, আগে কি ছিল না ? আগে যে প্রাইভেট ট্রান্সপোর্ট এ কাজ চলছিল তাতে লক্ষ লক্ষ লোককে কলকাতার বিভিন্ন স্থানে পশ্চিমবংগর বিভিন্ন স্থানে নিয়ে গিয়েছিল। তবে এই যে একটা বিরাট কাজ হয়েছে ব'লে তারা মনে করছেন এবং অনেক লোক কাজও তাতে পেয়েছে এটা ঠিক কিল্তু প্রাইভেট ট্রান্স-পোর্ট এও তো লোক কাজ করত, কিল্ডু এত অসন্তোষ তখন দেখতে পাই নি। কিল্ডু সরকারের হাতে আনার পরে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন হয়ে যাবার পরে যে অবস্থা হয়েছে তাতে আজকে কন্ডাক্টর ড্রাইভারদের ১০-১২ ঘণ্টা ক'রে কাজ করতে হয়, এদের রিলিফএর কোন ব্যবস্থা হয় নি। এবং কলকাতায় আজ এত বেশি আছিলটেন্ট হয় তার কারণ হচ্ছে কর্মীরা পরিপ্রান্ত ও ক্রান্ত হয়ে যায় তার পরেও কাজ করতে হয়। এইসমুন্ত কারণে আক্রিডেন্ট হয়। এ বিষয়ে বৃশ্ধ করার কোন ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। যখন প্রের্থ এরা সরকারের কাছে বোনাস দাবি করত তথন বলা হ'ত সরকারী প্রতিষ্ঠান বোনাস দিতে পারে না-কিন্ত ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন যথন হয়েছে তথন নিশ্চয়ই দাবি করতে পারে কোন আইনে আছে যে, তারা পারে না? ট্রেড ইউনিয়ন হ'লে সে সুযোগ পাবে এই হ'ল সরকারী নীতি। এ বিষয়ে মুখাফলী মহাশ্যের কাছে বিপ্রেজেন্টেশন করা হয়, তিনি বলেন, এ বিষয়ে যদি কেটট ট্রান্সপোটা করপেণবেশন লাভ কাবে থাকে তা হালে নিশ্চপ্রী বোনাস তারা দাবি কর**তে** প্রাপ্ত। বিভার স্থান প্রথমিত স্টাফ্র মারা ১০০ টাকার বহু মাইফা পায় তাকে ৩০ টাকা জ্ঞান্ত-ভাষ্য এবং ৩০ টালে, ছড়িবিজু দৈওয়া হয় কিন্তু স্বাস্ত্রের কন্ডান্ত, ভাইভার **ক্ষাীকে যথন** এই কোনাস দেওয়ার কথা কলা হয় ৩খন ডাগে বায় বজেন। নশ্চমই এ বিষয়ে হিসাবপত্র লোবার দণ্ডবের কাছে হাজির করাও হার এবং লেশের দণ্ডর যদি বলে যথেক্ট **সারংলাস রয়েছে এবং** তা পেকে তাদের স্টোমের ব্রেম্থা কলা চলবে তা হ'লে নিশ্চমই দেওয়া যাবে। সেদিক থেকে ১৯৬০-৬১ সালের ব্যুক্তর গঠন হারার পারে বাধা অপেক্ষা আয় বেশি হয়েছিল ১৫ লক্ষ ৪৫ হাজার টাকা। কিন্তু মাখামন্ত্রী মহাশয় এর পাবে যা বলেছেন যে, লেবার দণ্ডারের কাছে দেটট খ্রীনস্পোর্ট কর্পোরেশীন হিসাব উপস্থিত কব্বে এবং যে বায় দেবে সে বিষয়ে বাবস্থা হবে কিন্তু এ পর্যতি কোন ব্যবস্থাই হল না। এ পর্যতি চাকরি তাদের স্থায়ী হল না। এর মধ্যে এত-গুলি শুমিক আছে, বৰ্দাল কনভাইর আছে, টেকুপারাবি আছে, একটা টেকেপারাবি আছে, কত ধবনের বাকেথা আছে। যেসমেত কনডাক্টর ড্রাইভার কাজ করে তাদের উপযান্ত বৈতন দৈওয়ার বাকেখা করতে হবে এবং ৮-৯ ঘণ্টার বৈশি যাতে পরিশ্রম না করতে হয় তার বাক্ষথা করতে हार जिल्हे हमते महरू जाएका ए ६ श्राप्त रिधा होता हो नापत (श्राप्त किस किस किस किस লাল না। বলা হারেছে ভিরেইর-কেনাবেল গভনামেউএব পে বামিটির রি**পে**টা দেখে সেইমত বাক্ষথা করবেন। দেপশালে অফিসার নিয়োগ করা হ'ল' কিন্তু তাদের পে স্টাক্চারএর আ**জ** প্রবিত কিছা হয়েছে ব'লে জানতে পারলাম না।

তারপর দ্র্গাপ্রে একটি ন্তন শহর গড়ে উঠেছে ব'লে আমরা খ্ব গোরব কার। দ্র্গাপ্রে ষেভাবে ফটীল টাউন গড়ে উঠেছে, তাতে খ্ব আনন্দের কথা। কিন্তু সেখানে জলের কেন স্কুর্ বাবস্থা দেখতে পাছিল না। সেখানে জলের অত্যিধক অভাব এবং এক বালতি জল এক টাকা দিয়ে কিনতে হয়। সেখানে সাধারণ মানুবের হানা কেনে হাসপাতাল বা চিকিংসাব বিক্থা নেই। অথচ সেখানে এত লোক রয়েছে। স্টাল প্রেছেক্ট নিজেদের জন্য একটা হাসপাতাল করেছে কিন্তু সাধারণ মানুষের চিকিংসার জন্য কোন বাবস্থা নেই অথচ সেটা একটা বড় টাউন। তারপর, স্টাল প্রোজেট যা গড়ে ভুলেছেন তাতে যারা গ্রাভেল সাংলাই করেছে তার ফলেই এই এতবড় শহর গড়ে উঠেছে। কিন্তু শোনা যায় যে, এই এফ সি কুপার যিনি পাইপ লে আউট কববার জন্য গ্রাভেল সাংলাই করেছেন তিনি কোন সেলস ট্যাকা, ইনকাম ট্যাক্স দেন না। অবশ্য N-24

ক্ষপ্রতি শ্নলাম বে, তাঁদের কাগজপত্র সিজ করা হয়েছে কিন্তু এইরকমভাবে কোটি কোটি টাকা এ থেকে লাভ করা সত্ত্বেও তারা যে সরকারকে ফাঁকি দিচ্ছেন সেদিকে সরকারের দ্খিট আকর্ষণ করিছ। আমরা সরকারকে অনেকবার বলেছি যে, যেসমস্ত বড়লোকরা প্রচুর টাকা সরকারকে ফাঁকি দেন তারা যাতে সেই ফাঁকি আর দিতে না পারেন তার জন্য ব্যবস্থা কর্ন।

তারপর, দুর্গাপুরে অনেক ছোট ছোট ব্যবসায়ী আছে এবং তার মধ্যে বেশির ভাগই ৰাঙালী বাবসায়ী। আমি বাঙালী এবং অবাঙালীর প্রশন তুলছি না কিন্তু দুর্গাপুর ধখন পশ্চিম বাংলার একটা শহর তখন সেখানে একটা পার্সেন্টেজ অব বেজালী থাকবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। বাংলাদেশে বাঙালীরা অলপ মূলধন নিয়ে যেসমুহত ছোট ছোট ব্যবসঃ **করে** তাতে আমরা দেখেছি যে, সমস্ত বাড়িঘরের ভাড়া অত্যধিক বাড়িয়ে দেওরা হয়েছে। আহমি জানি না সেখানে যেসমুহত বাঙালী বাবসা করে তাদের বিতাড়ন করবার জন্য এই বাবস্থা হয়েছে কিনা, কিল্তু সরকারকে বিশেষভাবে বলছি যে, যে দুর্গাপুর শহর আজ গড়ে উঠেছে **নেখানে** বাঙালীরা ব্যবসাবাণিজ্য এবং চার্করি ক'রে জীবিকার্জন করবে এই পরিকল্পনা নিয়েই সরকার দুর্গাপুর শহর গড়ে তুলেছিলেন। কিন্তু আজকে আমরা দেখছি যে. সেখানে দরিদ্র ৰাশুলোদের ফ্রাবন অত্যাধক বিপ্রযুস্ত হয়ে পড়েছে। স্যার, আর একটা জিনিসের দিকে ছাটি আকর্ষণ করছি। আমাদের এখানে টেকনিক্যাল এড়কেশন গড়ে উঠেছে ঠিকই, কিন্ত বিহার, উড়িষ্যা, মধাপ্রদেশ প্রভৃতি জায়গায় এই টেকনিক্যাল এডুকেশনের জন্য আর একজন ডি পি আই করা হয়েছে। কিন্তু আমাদের এখানে একজনই ডি পি আই আছেন এবং তিনিই শিক্ষাবিভাগের হতাকতা। কাজেই দেখা যাচ্ছে টেকনিক্যাল এডুকেশনের দিকে বেভাবে দুখিট দেওয়া উচিত ছিল সেইভাবে দুখিট দেওয়া হয় নি। অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিকালে এড়কেশন যেসমুহত প্রফেসররা টেকনিকাল স্কুলে কাজ করেন তাঁদের মাইনে বৃশ্বির জন। চেষ্টা করেছিলেন এবং তারা যাতে ন্যায়। মাইনে পান তর জন্য রেক্মেন্ড করেছিলেন। কিন্তু বাংলা গভনমেন্ট সেই রেক্মেন্ড্রেশন মানেন নি এবং তাকে কার্যকরী ৰুবুধাৰ জন্ম কোন ব্যবস্থা করেন নি। এ.দক থেকে আর একটা কথা হচ্ছে আমাদের পশ্চিম ৰাংলায় প্রায় ১৬টি যে টেকনিক্যাল স্কুল রয়েছে সেই সম্পত টেকনিক্যাল স্কুলের বিভিন্ন বিভাগের জন্য কোন কর্তা বা হেড নিযুক্ত করা হয় নি। কিন্তু অন্যান। প্রদেশে সিভিল, ইলেক্ট্রিক।ল এবং মেক্র্নিক।লের জন্য বিভিন্ন বিভাগে এক এক্জন হেড আছেন। এখানে আনে যে লোক হেড হয়েছেন তাঁকেই ভার দেওয়া হয়েছে কিন্তু তাঁকে ডিপার্টমেন্টাল হেড বলৈ নিয়োগ করা হয় নি। তারপর, আমাদের এখানে যারা টেকনিক্যাল এড়কেশন পায় তারা পশ্চিম বাংলায় যদিও কাজ পায় কিন্তু অল ইন্ডিয়া কম্পিটিশনে দাড়াতে পারে না। কাজেই সেইদিক থেকে নিশ্চয়ই সরকারের অনুসন্ধান করা উচিত। আমাদের দেশে টেকনিক্যাল অভ্যকেশনের বাবস্থা এমনভাবে হওয়া উচিত ধাতে অততঃ অল ইন্ডিয়া কম্পিটিশনে আমাদের দেশের ছেলেরা যোগাতার পরিচয় দিতে পারে। এই কথা ব'লে আমি আমার বস্তব্য শেষ ৰুবছি।

[9-50-10 a.m.]

Shri Nani Bhattacharjee:

যাননীর অধ্যক্ষ মহাশয়, অর্থমশ্রী মহাশয় পাঁচ মাসের বায়বরাদ্দ এই সভার মঞ্জ্রির জনা
আমাদের সামনে রেখেছেন। কিন্তু বাজেট যেভাবে তৈরি হরেছে তাতে এটা স্কুপন্ট হরে
ইঠছে যে, সভাকে অনেক বিষয় জানানো হয় নি এবং বাজেটে এমন কোন কিছু উল্লেখ নেই
মতে ক'রে সভার সদসারা বিচারবিবেচনা ক'রে এই বায়বরাদ্রেদ ভোট দিতে পারে। তার
ম্ব্-একটা দ্টানত দেওয়া যাক। গত বছর ৭ কোটি টাকার মত খরচ করা হয় নি। সেটা
কোন কোন থাতে খরচ করা হয় নি তার বিস্তৃত রিপোর্ট আমরা এই বাজেটের সংগা বা
আলাদা কোন দলিলে পেলাম না। সেটা তারা হাউসকে জানান দরকার বলৈ মনে করেন নি।
ম্বিভীয় নন্বর হচ্ছে, বায়বরাদ্র হয়ত তৈরি হয়েছে—বেমন ধর্ন ২ লক্ষ টাকা খরচ হবে
কিন্তু সেটা কতথানি অফিসার পোষার জনা আর কতথানি সতাই জনহিতকর কাজের জনা সে
সম্বাধ্যে কোন স্কুপন্ট আভাস এই বাজেটের মধ্যে নেই। তারপর, আর একটা উদাহরণ দিছি
হে, বাজেট এস্টিমেটে যে ফিগারগুলি ধরা হ'ল সংশোধিত বাজেটে তা আবার সংশোধন কর

দ্রাল এবং সাথে সাথে যে টাকা খরচ হচ্ছে তার মধ্যে অত্যুক্ত তফাৎ থেকে যার এবং সাঞ্চিত্র মার্কটার বাজ্কট ষেভাবে পেশ করেন তাতে মনে হর যে তাঁরা খেরালখ্লিমত খরচ করে বাজ্কের এবং এটা পরিক্ষার হয়ে উঠে যে, এটা এই হাউসের কাছে দেওরা সরকারের একটা কর্তবা কাজ. সেইজন্য তাঁরা বাজেট পেশ করার কথা ভাবেন এবং সেইভাবেই সমস্ত অবস্থাটা চলে আসছে। স্পানর মহাশর, চিরাচরিত্রভাবে বাজেট প্রণয়নের ধারাটা ইংরাজ আমল থেকে চলে আসছে। স্যার. এই ব্যবস্থার একটা ছেদ টানতে হবে এবং নতুন গণতান্দ্রিক পম্পতিতে বাজেট রচনাকালে প্রত্যেক সভাকে বিভিন্ন বিষয়ের প্রগ্রেস রিপোর্ট—কি কাজ আমরা কতথানি করলাম, সেটা জানাবার ব্যবস্থা বাজেটের সধ্যে করতে হবে। তা না হলে অথের মত ভোট দিয়ে কানা অবশ্য এটা পরিক্জার যে অর্থমন্দ্রী আশা করছেন যে, তাঁরা অঞ্যের মত ভোট দিয়ে বাবে। তাদের সংখ্যাধিক্য আছে, অতএব তাঁরা এটা জোর করে পাশে করিয়ে নেবেন। কিন্তু তাতে দেশের কল্যাণ হয় না, তাতে দেশের ভাল কোনদিন হতে পারে না। এটা আগেই আলোচিত হয়েছে যে, এই বাজেটে জনসাধারণের স্বার্থ রিক্ষিত হয় নি এবং যেভাবে মাথাভারী শাসন্যক্র আমলাতন্দ্র তাতে বাজেট বরান্দের বেশির ভাগ বড় বড় অফ্সার পোষাব দিকে খরচ হচ্ছে এবং জনসাধারণের কল্যাণে যে পরিমাণ খরচ হচ্ছে সেটা খ্ব

প্রসংগতঃ বলা যায় জেন রেল আড়িমিনিস্টেশনএর কথা: সেখানে মন্ত্রীদের সংখ্যা বাড়ানো হয়েছে। এই মল্টাদের সংখ্যা বাড়ানোর প্রসংগ্যে জনৈক কংগ্রেসী সদস্য সেদিন বলেছেন বে. ७ठो निरमाट ७ रास थारक এवर निरमाट न नकीत प्राथित अकथा नमात राज्यो रासाह या. ७ठो র্ষদ আমাদের আরও বাড়ানো হয়, তাতেও এমন কিছু ক্ষতি নাই। কিল্ডু তার দরুন যদি সরকারী বিজ্ঞানের এফিসিয়েনিস বাড়ত, যোগতো বাড়ত, তাহলে একজনের জার্গায় দুজন মল্টী হলেও আপত্তি ছিল না: একটা বিভাগের বদলে তার জারগার দটেটা সাব বিভাগ তৈরি হলেও কোন আপত্তি ছিল না। সরকাবের প্রতেকেটা বিভাগে যে কোন দণ্ডর সম্বশ্ধে আপনি থেজি কর্ম আপুনি দেখতে পাবেন সেখানে অযোগ্যতা অপুদার্থতা দিন দিন বড় হয়ে উঠছে। এফাকি লক্জার কথা ইংরেজ আমলে থতট্কু কম্দিক্ষতা ও যোগাতা বিভিন্ন ৮০তেরে ছিল, তার তুলনার আমাদের কংগ্রেসী শাসনের ১৪ বছরে অনেকগুণু নিচে নেমে গেছে। মুল্রীর সংখ্যা ব্যক্তছে, দণ্ডরও বাড়ছে: অথচ যোগাতা বাড়াবার কোন চেষ্টা হচ্ছে না, দিন দিনই তা নষ্ট रस याटकः। এই य भन्नीत সংখ্যা वाजाता राक्त धी आजात मन ठिक ताथवात करा। काजेत িছে, সন্তুট্ট করতে হবে, সেইভাবে সেইদিকে তাকিয়ে মন্ত্রীর সংখ্যা, উপস্কুরীর সংখ্যা বাড়িয়ে েওয়া হচ্ছে। এ ছাড়া অনা কোন উদ্দেশা নাই। সত্তরাং এখানে সেই বিলেতের নজীর বা খনবেশের নজীর সেনে এনে লাভ নাই। আমাদের দ'রদু দেশ, এই দরিদু দেশের যদি কাজ িছে, এগিয়ে নিয়ে যেতে হয়, তা হলে এই জেনারাল আডেমিনিস্টেশন খাতে যে বায়বরান্দ করা হয়েছে সেটা কমানো দরকার। অন্যাদকে পর্লাস প্রসংস্য বলা যায়—আমরা তো দেখছি িবভিন্ন জারগাতে যথন অরাজকতা দেখা দেয়, বিশেষ ক'রে যথন জনসাধারণের স্বাথেরি বির**ুদ্ধে** থারা ধনী বড়লোক তারা যথন উঠেপড়ে লাগে, তথন সেখানে প্রালসকে সব সময়ই নিচ্ছিয় থাকতে দেখা যায়, সেখানে প**ুলিসের সাহায্য জনসাধারণ বা পার্বালক পা**য় না। গত ^{িন্}বাচনের সময় দেখেছি ম_নচিপাড়া এলাকায় ২৪এ তারিখে রাত্রি দুটো থেকে সকাল ছটা ুপ্তিত কোন প্রলিসের অভিতম্ব ছিল না কোথাও তাদের দেখা যায় নি। ভূপীকার মহাশ্য অপনার মাধ্যমে এ বিষয়ে প্রলিসমন্ত্রীর দুভি আকর্ষণ করছি। এমন অনেক গাড়ির নন্ত্র তামি দিতে পারি, বেসমস্ত গাড়িতে করে গ্রেডাদের নিয়ে যাওয়া হয়েছিল এবং ছোরা দেখিয়ে াখানে কিডন্যাপ করা হয়েছিল বতীন চক্রবতী মহাশরের বেসমুহত ইলেকশন কমী, তাদের। েই সমস্ত গাড়ির নন্বর প্রিলসকে জানানো হয়েছিল। প্রিলস সে সন্বন্ধে কোন এনকোরারি ংবন নাই; সে বিষয়ে কোন কিছু হয় নাই। গাড়ির নাবর এখানে প্রিলসমলী বদি চান ো দিতে পারি। সেই গাড়ির নম্বর যদি ভালভাবে দেখা যায়, তা হলে দেখা যাবে অনেক বড় বড় যেসমুস্ত সদস্য আছেন, মন্দ্রী আছেন, তাঁদের গাড়ির নন্বরের সংখ্য সেটা মিলে বেতে পরে। এর কোন এনকোয়ারি হয় নাই। সেই প্রালস আডমিনিস্টেশনএর জন্য যে বরাদ্ ে প্রিলসের অস্তিত জনসাধারণের কোন হিতে আসছে না, সেই প্রিলসের জনা বারবরান্দের মঞ্জরীর প্রথন এখানে আসতে পারে না, উঠতে পারে না। কংগ্রেসপক্ষের সদস্য বাঁরা আপনার

ভান দিকে আছে, তাঁরা অনেক জায়গায় পর্বালস হাত করে বিভিন্ন সরকারী দণ্ডর কারে লাগিয়াছেন। তাঁরা এই ব্য়েবরাদ্দকে অন্ধের মত সমর্থন করে মঞ্জুরগীর পক্ষে ভোট দির বানেন। বেভাবে ব্যয়বরাদ্দ হাজির করা হয়েছে, তাতে ভোট দেবার প্রশন আসে না।

তারপর আর একটি কথা বলব ন্যাশানালাইজেশন বা রাষ্ট্রায়ত্তকরণ সম্বন্ধে। এই ন্যাশান लाई जम्मन अत श्राप्त माथामन्त्री महामग्र अवको कथा वर्तात्वन, का अवश शाविमन्त्र नम्बत्य वनान গিয়ে বলেছেন—আমরা যা ন্যাশানালাইজেশন করব সংবিধান অনুসারে তার ক্ষতিপুরণ দিনে हर्द। यह होका यागारमत नाहे। এहे नामानालाहेर्ज्ञभन्यत जना यागि नामानालाहेर्ज्ञभन्तर কথা বলছি না। আমি বলছি আমাদের আয় বাড়াতে হবে। এই চা ও পাট থেকে প্রচর আন इब्र. यिष भ्राप्तिकिः এर्জिन्न निरम्ठेम छेर्छ यात्र। তा रत्न नतकारतत राट्ट य होका जानत সেই টাকা দিয়ে আমরা অনেক কিছ, উন্নয়নমূলক কাজ করতে পারি। সেইদিকে তাকিয়েট আনি এই ন্যাশানালাইজেশনএর কথা বলেছি। কিন্ত তিনি তার কোন জবাব দেন নাই তিনি চা প্রসঞ্জে বলেছেন সেটা যদি ন্যাশানালাইজেশন কবে নেওয়া হয় তা হলে সেখান বাজ্যালীর কোন উপকার হবে না। বাজালী কারা? অবশ্য তার কোন ডেফিনিশন তিনি কে নাই। তবে আমার মনে হয় এই বাংলাদেশে বংশপরম্পরায় যাঁরা বাস করছেন, এই বাংলাদেশের সমানজীবনের যাঁরা ইন্টিগ্রেটেড বা স্কারণ্ধ হয়ে গেছেন, তাঁরা যে কোন দেশ থেকেই আস্ক ना कन ठौतारे वाश्वाली। अरे रिअट योग विज्ञात कता रहा, जा रहा जा-भिरम्भ योग নিয়ে জিত আছেন, তাঁরাই বাংগালী, ভাষা থাঁদের যা-ই হোক না কেন। এই চা-শিলপকে যদি জাহ ীয়করণ করা হ'ত তা হলে ১৯৫০-৫১ সালে সেখানে যে কর্মসংস্থানের সুযোগ ছিল আভাকে দশ বছরের মধ্যে তা এত নিচে নেমে আসত না। যে ৩২ হাজার লোকের মত সংখ কমে গেছে, এই বিরাটসংখ্যক শ্রমিক সেই জায়গা থেকে কমে যেত না। এই ন্যাশানালাই-জেশনএর প্রশন বিভিন্ন কারণে এসেছে। আজ প্রহিবিশনএর কথা বলা হচ্চে। কেন চাই: মুখ্যমুলী থেকে আবুদ্ভ ক'রে স্বাই জানেন এই প্রিবিশন্তর ব্যাপারে ততীয় পরিকল্পন্য বলা হয়েছে তাঁরা জোর দিয়ে চাল, করবেন, এফেক্ট দেবেন। আমি জানি বিভিন্ন জায়ণত भएमत एमाकान स्थालात अन एठको ও তीन्वत চলেছে: अर्नक कार्यभार कवत्रमिट एठको रूफ স্থা নীয় জনসাধারণ তার বিরাদেধ আপত্তি তলেছে, আন্দোলন করছে। কিল্ড এক্সই: ডি•াটিমেন্ট থেকেও তার চেন্টা হচ্ছে। এটা নীতিগত প্রশ্নে টাকা আদারের প্রশন আসে ন এই এব শিক্ষেপ যদি ন্যাশানালাইজেশন করতেন এবং সংগ্রে সংগ্রে আয় বাডাবার চেণ্টোও তুর্বি নিতেন তা হলে আয় বাডত এবং দেশের মুখ্যল হ'ত।

[10-10-10 a.m.]

Shri Siddhartha Shankar Ray:

মাননীয় অধাক্ষ মহোদয়, কংগ্রেস সদসারা, বর্তমান বাজেট, যেটার উপর আলকে ভোট যন আ চাউন্ট-এর মঞ্জারী মুখামন্ত্রী মহাশয় চাচ্ছেন, সেই বাজেটের ভিতর যে ন্তন আশার আলে দেশতে পেলেন, অথবা নিশ্চর তার বাণী পড়তে পারলেন, দৃংখের বিষয় আমরা তা পাইনি বন্ধ: আমাদের মনে পড়ে গেল একটা ছোটু প্রাণ গলেপর কথা, যা মুখামন্ত্রী মহাশয় ছেলেবেলম আ গাদের বলেছিলেন। গংপটা হচ্ছে তিনি তার এক বেগার বাড়ীতে এক বৃশ্ধকে চিকিংগক্ষ তে যান। সেখানে গিয়ে তিনি দেখেন রোগার নাভিশ্বাস উঠেছে, তার জাবনের কোন আশানেই তিনি সেটা ঘোষণা করলেন। ঘোষণা করবা মাত বৃশ্ধের পত্নী বৃশ্ধকে জিজ্ঞাসা করলেন এইটা জানতে পেরে তিনি ত চললেন। 'ভূমি তো চল্লা, আমার কি কল্লা?'' বৃশ্ধ পূর্ব বংলালেক ছিলেন। বৃশ্ধকে জিজ্ঞাসা করলেন "ভূমি তার আমার কি হবা?'' বৃশ্ধ বল্লেন "ভূমি বাড়া" এই বলে বৃশ্ধ মারা গেলেন। এখানে আমি মনে করি মুখামন্ত্রী মহাশারের এই বাজেটও এ ভূমিও বাবার বাজেট। এতে আমি মনে করি যদি একটিও ভোট মুখামন্ত্রী মহাশারের সপ্রে দেওল রা হয় তাহলে বাংলা দেশকে এক, এক ইণ্ডি করে দেউলিয়ার পথে নিয়ে যাওয়া হবে।

ঋতুরাজ বসন্তের আগমনে আনেক কিছু ন্তন ঘটে। বসন্তের ছোঁয়াচ লাগলে করি দেখিয়েছেন তার অর্থামন্ট্রী পর্যাক্ত নাচতে শ্রুর করেছিলেন। আমাদের ম্চিপাড়ার মানন^{্ত্র} সদস্য, ঝাঁজাল গ্রিটর অনাতম নেতাকে বসন্তের এই ন্তন হাওয়াতে ন্তন রূপে দেখলাম আরও দেখলাম, ভাবে বিভোর হইয়া বিধান, বিধান বলিয়া অতুলা, প্রফাল্ল দেয় কোল।

আমি জানি যে কোন রাত্রেতে যদি আমরা ২৩নং নির্মালচন্দ্র চন্দ স্ট্রীটের পাশ দিয়ে ষাই स्थात तारत रहे मन्तर भारता उकार यां उकार यां मत बारों हाहा भव बारों हाहा । काइन ঠ মাচিপাভার মাননীয় সদস্য রাত্রির অন্ধকারে ঘুমের ঘোরে হয়ত স্বাংন দেখছেন তার প্রোতন সহক্মীরা এসে বলছেন, চল দিল্লী, চল দিল্লী, অতুল্য প্রফালের বিরুদ্ধে আমরা গিয়ে সংগ্রাম ত্রি দিল্লীতে। তথন তিনি চিংকার করছেন তারস্বরে তফাং যাও তফাং যাও সব বটো হার দ্রুর ঝটো হার। হার ঝাঝালো গোড়ির নেতার অবস্থা, না তার পুরোতন সহক্ষাীরা তার বিষয় কি বলবেন। তা যাই হোক তিনি রুশদেশের লালপানি খার্নান বলেই ভয়ানক আফসোস করছেন। রুশদেশের লালপানি না খেয়ে বাংলাদেশের যে এই লাল বইগ্রালি আছে, গত ১০ বংসর ধরে আছে সেটা যাদ একটা যত্ন সহকারে অধ্যয়ন করতেন, ক্রন্সেভ মহাশয়ের বস্তুতা ন্যু পড়ে যদি এই বাংলাদেশের এই লাল বইগালি একটা দেখতেন, তবে তিনি বাঝতে পারতিন বাংলাদেশের আজ কি চরম অবস্থা। ১৯৫৩-৫৪ সালে ২৬ কোটি টাকা আমাদের ধার ছিল্ আজ লোন হয়ে গিয়েছে ৫৩ কোটি টাকা। তিনি যদি ভারতবর্ষের সংবিধানটা দেখতেন তাহঙ্গে ব্রুতে পারতেন এই বাজেটের আয়ের তিন খাতে, কনসলিডেটেড ফান্ড, পার্বালক ডেট আর পার্বলিক একাউন্ট তিনি দেখতে পারতেন যে যদিও আমাদের খরচা ৩৯৭ কোটি টাকার উপর. অন্যাদের রেভিনিউ কনসলিভেটেড ফাল্ড-এ মাত্র ১০৭ কোটি টকা। বাকী টাবাটা প্রাসক্তে ৫৩ কোটি টাকার উপর ধারে এবং ২২৬ কোটি ডাকা পরের টালা। অধ্যক্ষ মহোনয়, আপুনি জানেন রেন্ট কনটোল-এর টাকা জন্মা দেওয়া হয় হাইকেটে-এ টাবা জন্মা দেওয়া হয়, যেসমুহত টাকা ট্রাসটি হিসাবে গভর্মমেন্ট পায় সেটা পার্বালক একাউন্ট্স-এ যায়। সেই পার্বা**লক** একাউণ্টস-এর ২২৬ কোটি টাকা খর্চ করলেন। পার্বালক একাউণ্টস খাতে তারা খরচ করলেন মত ২১০ কোটি টাক। আর বাকী ১৬ কোটি টাকা, জনসাধারণের টাকা। ট্রাসটি বিসাবে যে টাকা পেয়েছেন, সে টাকার কোন হিসাব নেই, সে টাকা অনা খাতে খরচ হয়ে গেল। এই তো ব জেলার অবস্থা। এই বাজেটে দেখান হচ্ছে যে দেশের খাব একটা উর্গতি হচ্ছে। আমি বলবো স্বান্ত্রের পথে চলেছে। আমি কাল ২ই ঘণ্টা ধরে গং ১০ বংসরের বাংলাদেশের বাজেট প্রক্ষা করেছি, আমার সময় নেই, আমি বিশেল্যণ করে দেখিয়ে দিতে পারতাম এই যে উপায়, প্রবলিক একাউন্ট্রস-এর টাকা রেন্ট কনট্রোল এর কংছে রাখা টাকা, হাই কোর্টে জমা রাখা াকা, সিভিল ডিপোজিট-এর এই সমুহত টাকা অনা সমুহত থাতে খবচ করা হচ্ছে। এটা যে ক্ত বড় অন্যায়, গত দ্বই বংসর ধরে মুখ্যমন্ত্রী এই কাজ করে আসছেন। তিনিত আছেন, ৫ বংসর অরো থাকবেন, শতায়ু তিনি হন, আমি তাঁকে ভক্তি করি তিনি শতায়, হয়ে থাকুন কারণ আমি ১ট তাকে দেখাতে যে তাঁরই কার্যের ফলে বাংলাদেশ কোন অবনতির পথে চলেছে। আমাদের ি হবে । আমাদের তে এখনও ৮২ বংসর বয়স হয় নি, এখনও ৪০-এর কোঠায়। যদি একটা আশিবাদ করেন ভাহলে আমারও হয়ত ৮০ বংসর প্যান্ত বাঁচতে পারি। কিন্তু আমি এই কথা জোর করে বলতে পারি এই বিধান সভায় যেসকল সদস। আছেন তাদের মধ্যে কনিষ্ঠতম সনসার ৮০ বংসুর যথন তাঁর বয়স হবে সেও কোন আশার আলো দেখতে পাবেন না। বাংলা-েশের অর্থনৈতিক অক্ষর্য আজ এই অবস্থায় এসে দাঁভিনেছে। আমি তাই মুখ্যেশ্বীকে বসবো एर आर्थान वाश्वादनगुरक जाशासाहमत भूरथ निरा यात्रकृत अनिवशः कान भूरत्वर दारे। **कात्रव** কি. আমি আপনাকে আজ একটি ঘটনা বৰ্লাছ। আমরাও এখানে হেলপ বাজেটে অনেক টাকা নিছি দেশব-ধ্চিত্রঞ্নের নামের সংস্থা জড়িত যে সেবং সদন, তার একটি শিশ্ব বিভাগ আছে। মেধানে নারেন দত্ত নামে এক সামান্য কর্মচারী, দ্বগাপার রিফিউভি ক্যাম্পাএ থাকেন, ২৪এ ফেব্রারী ১৯৬২ সালে তাঁর ৭ বংসরের কন্যা শিখারাণী দত্তকে হাসপাতালে ভার্ত করে থান। ংব একটা ভয়ানক অসুখ হয়েছিল। ২৪এ ফেবুয়ারী ভতি হল, ২০এ মার্চ তিনি হঠাং ৈক্টা চিঠি পেলেন, তাড়াতাড়ি আসনে আপনার কনা। সম্বন্ধে একটা কথা বলতে চাই আমরা। ইসপাতালে গেলেন, গিয়ে পিতা কি শ্নতে পেলেন? যে হাসপাতাল দেশবংশ, চিডরঞ্জনের ^{নিমের} সংখ্যা জড়িত যে হাসপাতালের কর্মক তার পে ডাঃ বিধানসন্দু রায় বংসরের পর বংসর েলপ্রেভভাবে জড়িত ছিলেন এবং এখনও আছেন, সেই হাসপাতালে ১৯এ মার্চ ১৯৬২ সালে, ^{শনিবারে}, ঐ ৭ বংসরের মেয়েকে রেপ করেছে।

[10-10-10-20 a.m.]

গাসপাতালের রুগী ৭ বছরের মেয়ে, তাকে রেপ করেছে উত্তরপ্রদেশের জনৈক ব্যক্তি বলুই নামে। সে মেয়েটাকে খালি রেপ করেছে তাই নয়, পরে ডান্ডার পরীক্ষা করে দেখেছেন 🖘 উত্তঃপ্রদেশের ভদ্রলোকের গনোরীয়া রোগ ছিল। কেন এমন হলু না নার্সা নাই। অধ্যন্ত মহাশার, আমার বাড়ীর কাছে এই চিত্তরঞ্জন সেবা সদন, আমরা চিত্তরঞ্জন সেবা সদনের সংগ্র গড়ে উঠেছি, তাকে অত্যন্ত ভালবাসি সেখানে খবর নিয়ে জানলাম শিশ্বস্পনের উপর তলত যে ওরার্ড আছে, সেখানে প্রাইভেট ও পার্বালক ওয়ার্ড দুই আছে-সেখানে একটি মাত্র 😿 দেন--আর ১৪টি নার্সকে আপনারা তাভিয়ে দিলেন। তারা পাস করে বের হলো, তাদের হল इन তোমাদের ছটিই করা হল। চিত্তরঞ্জন সেবাস্থনে নার্স নাই। সেখানে কর্মচারীর সংখ্ ক্ত'পক্ষের ঝগড়া চলেছে প্রায় ৭০ দিন হল। কর্মচারীদের পক্ষ থেকে মুখামন্ত্রীকে ভিট্র **লিখেছিলাম নির্বাচনের সময়। হাসপাতালে স্টাইক পছন্দ করা কার্**র উচিত নয় যদিও জন সাধারণের কোন অস্ক্রিধা ছিল না কারণ মাত্র দুই জন করে কর্মচারী স্টাইক করেছে। আহি ম ধামল্টীকে লিখেছিলাম, বন্ধ করে দিচ্ছি, আপনি খালি এই প্রতিশ্রতি দিন যাদের প্রালম ধরে নিয়ে গিয়েছে তাদের ছেডে দেবেন এবং ভিক্তিমাইভেশান ক্রবেন না আমি এদের বল চ **স্টাইক কম্ব করে দাও। আজকেও সেই আবেদন কর্নাছ। আপনি এখান থেকে আজকে এক** ঘোষণা করুন লেবার মিনিস্টারও এখানে আছেন—যাদের প্রলিসে ধরে নিয়ে গিয়েছে তাদের ছেডে দেবেন, ভিক্তিমাইজেশান করবেন না। আমি সমস্ত দায়িত্ব নিয়ে বলছি আমি তাদের বলং ভোমরা কাজে ফিরে যাও, আর গোলমাল কর না, বাকী যা জিনিস আছে তা নিয়ে পরে আলো-**চনা হবে। যদি তারা না শোনে তাহালে সরকারের পক্ষ হয়ে আমি বলব যে তারা অন্যায় করছে।** এই সামান্য জিনিস্টা আপনার। করতে পারছেন না । শুধু রেপ যে হয়েছে তা নয়, গত সেপ্টেম্বর মাসে একটা বাচ্চা মেয়ের খণ্ট থেকে পড়ে গিয়ে মৃত্য হয়। কোনরকম এনকোয় হ हम ना. किছ है हम ना. किएम एम माता लिल, माथा फुल लिल भए जिएत. भए या ध्यात कनाहे মান পেল শিলা হা সম্বাৰ সভা সাম প্ৰাণ্ড কেউ চেন্টা করলেন না। এই হচ্ছে বাংলাদেশের ছবি যা চতর্দিকে আমরা দেখতে পাচ্ছি। এই তো আজ অবস্থা। এর ভিতরে আশার আলে কোথা থেকে আপনারা দেখতে পেলেন? এর ভিতরে নিশ্চয়তার বাণী কোথা থেকে শুনেছেন। ৰাংলাদেশে গত দশ বছর ধরে যেসমুহত বাজেট পেস করা হয়েছে একবার ভালো করে যদি দেখেন তাহলে দেখতে পাবেন কি রকমভাবে দেউলিয়ার পথে আমরা ইণ্ডি ইণ্ডি করে চলেছি। এ কোণ থেকে শোধ হবে মুখামনতী কি বলবেন? ১৯৫৩-৫৪ সালে ২৬ কোটি টাকা ধার ছিল, আর আজ ৫৩ কোটি টাকা ধার হয়ে গিয়েছে। রাম-শাম সকলেরই কাছে ধার করছেন। কোনদিন रमथव माथामना तारा महाभारात काছ थिएक धात तिर्वन, वल्यन हराएा, जतकात हालाए হবে, किছ, টोका ধার দাও। এই দেখন কার কার কাছ থেকে ধার করেছেন -পারমানার্চ ডেট্ বলে একরকম জিনিস আছে, ফ্রোটিং ডেট্ বলে একটা জিনিস আছে, যা স্টেট ব্যাৎক-এর काह त्थरक निराह्मन । रकन्त्रीय সরকারের কাছ থেকে ধার করেছেন। লাইফ ইন্সিওরেস কর্পোরেশন-এর কাছ থেকে ধার করেছেন। ন্যাশনাল এগ্রিকালচার ক্রেডিট ফাল্ড থেকে ধার করেছেন। খাদি ভিলেজ ইন্ডায়িস কমিশন-এর কাছ থেকে ধার করেছেন। ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট আন্ড অয়ার হাউস বোর্ড থেকে ধার করেছেন। ইন্ডিয়ন .<mark>অয়েল সী</mark>ড কমিটি-র কাছ থেকে ধার করেছেন। এই অবস্থা আমাদের বাংলাদেশের হয়েছে। আপনারা বলবেন চীনে হয় না, রাশিয়ায় হয় না?--রাশিয়ায় কি হয়েছে তার সপো আমাদে কি সম্পর্কে জানতে চাই। বাংলাদেশে হয়েছে কি না প্রতাপবাব, বলবেন। তিনি হয়তে রাশিয়ার ন্ন খেয়েছেন, চায়নার ন্ন খেয়েছেন। তাঁকে যখন বলা হল বাংলাদেশের রিক স চালকদের একটা উন্নতি হওয়া উচিত তিনি বল্লেন চায়নাতেও রিক্সা স্বতরাং এখানেও চলবে। চীনে কি হয়েছে না হয়েছে—আপনার হয়তো রাশিয়া মাপকাটি আপনি হরতো বোঝেন কমিউনিজমে যা করা যার না তা বাংলাদেশে হতে পারে না।

তার বন্ধতার তিনি বলেছেন যে, চীনে কি হয়েছে, রাশিরায় কি হয়েছে সেটা কেন আপনার দেখছেন না? ক্রন্টেডসাহেব বলেছেন যে, আমরা সম্পূর্ণ খাদাসমস্যার সমাধান করতে পারিনি এবং চীনেও হর্নি। অর্থাৎ উনি মেনে নিচ্ছেন যে চীন, রাশিরায় যা হর্মান, তা এখানেও হ পারে না। কারণ কমিউনিজম-এ যা হর্মান, তা অন্য কোন ইজম্-এও হতে পারে না। সেখানে আমি ধাইনি—রাশিয়ার লালপানি থাইনি, তাদের ন্নও খাইনি তাই তাদের গুণ গাইতে পারব না এবং তাদের গালাগালিও দিতে পারব না। আমি খালি মাঝে মাঝে তাদের বই পড়ি। পিকং থেকে প্রতাপবাব্ যথন ফিরে এলেন তখন তাঁর বকুতা শুনে মনে হল যে তাঁর বোধহয় ভোল পালটে গেছে এবং তিনি চানে যাবার জন্য প্রস্তুত তাঁর ঝাঝালো গোণ্ঠার প্রতিবাদ করে। (ডাঃ প্রতাপচন্দ্র চন্দঃ-প্রতিবাদ করি, সেটা বলা হয়নি।) তিনি যেরকম তাদের প্রশংসা করতে লাগলেন তাতে তখন ভাবলাম যে প্রতাপবাব্ বোধহয় আর বেশিদিন এখানে নেই, পাশপোট নিয়ে এখনি চলে যাবেন। (ডাঃ প্রতাপচন্দ্র চন্দ-আপনি তো একদিন প্রশংসা করেছিলেন। আজ ভোল বদলেছেন।) কংগ্রেস থেকে চলে এসেছি, কারণ চোরদের সংগ্রে থাকতে চাইনিঃ

Shri Asoke Krishna Dutta:

মাননীয় অধ্যক্ষ মহাশ্য়, এই ভেট অন একাউন্টের উপরে আমাদের মুখামণ্ড্রী তথা অর্থ-মদ্বী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি। গত সপ্তাহে মাননীয় ভবানী-পুরের সদস্য মহাশয় তাঁর বক্তৃতা শুরু করার আগে এথানে এলেন এবং বক্তৃতা শেষ করবার সং**গ্** সংখ্য তিনি চলে গেলেন। সেদিন তাঁর বস্তুতা যা শুনেছিলাম তাতে অবাক হয়েগিছলাম বে বিরোধী পক্ষ থেকে এইরকম ধরনের বস্তুতা আসছে কিনা। তিনি পশ্চিমবাংলার সম্বন্ধে সেদিন অতি অপটিমিষ্ট ছিলেন, কিল্ড ৭ দিনের মধ্যে আমাদের ১০ বছরের বাজেট ২ই ঘণ্টার মধ্যে অধায়ন করে তিনি তাঁর ভোল পালটে ফেললেন এবং সম্পূর্ণ পেসিমিস্ট হয়ে গেলেন যে পশ্চিম-বাংলার আর কোন ভবিষাং নেই। যিনি এত তাড়াতাড়ি মত পরিবর্তন করেন তার বিষয়ে আর অধিক কি বলব। কালকে আমাদের এখানে মাননীয় সদস্য হরেকৃষ্ণবাব্র বন্ধতায় শ্নলাম বে, কংগ্রেস দল নির্বাচনে জয় লাভের ফলে কংগ্রেসের প্রতোক সদস্য নাকি দম্ভে ভরে গেছে । কিন্তু আমরা যা ছিলাম, তাই ঠিক আছি। অথচ তাঁরাই হেরে গিয়ে ক্ষোভে এবং দ**ংখে এত** হ'তাশ হয়েছেন যে তাঁরা সব কিছুর মধ্যে একটা কিছু দেখছেন। একজন ন্তন সদসোর বকুতা শুনে ব্রুলাম যে তিনি ক্ষোতে এতদ্র উন্মত্ত হয়েছেন যে আমাদের চামড়া দিয়ে কাপেট করবার স্বংমও তিমি দেখেছেন। কিন্তু যেমন তাঁরা বিকল্প সরকারের স্বংন দেখেছিলেন, ঠিক এই দ্বালান্ত তাঁদেব সেই দ্বালের মত কল্পনায় গারিণত হবে। গণেশবাৰ, আভাকে ব্যাঞ্চ **অফ** চায়নার কথা উল্লেখ করেছেন তিনি কোন নাম করেন নি, কিন্তু তার বা তায় যা ব্রুলাম যে তিনি মাননীয় স্বায়ন্তশাসনমন্ত্রী মহাশয় সম্বন্ধেই বলেছেন। আমি মাননীয় স্বায়ন্তশাসনম**ন্দ্রীর** বক্তুতা শুনেছিলাম, কিন্তু তিনি কোথাও বলেন নি যে, ব্যাৎক এফ চায়না কমিউনিস্ট পাটিকে টাকা দিয়েছেন। তিনি রিজার্ভ বাড়েঞ্চর কতকগালি বিবৃতির কথা উল্লেখ করেছিলেন। সমরে সময়ে রিজার্ভ ব্যাঞ্চ বিভিন্ন ব্যাঞ্চের পজিশান সম্বন্ধে বিবৃত্তি বার করেন। এইরকম এ**কটা** বিবৃতি তার। কয়েক মাস আগে বের করেন যা প্রত্যেক থবরের কাগজে প্রকাশিত হয়েছিল। এই বিব্তিতে আমরা দেখতে পাচ্ছি যে ব্যাৎক অফ চায়না কোন সিকিউরিটির উল্লেখ না রেখে প্রার ৬ কোটি টাকা দিয়েছে, কিন্তু যেসমন্ত লোককে এই টাকা দেওয়া হয়েছে তাদের অধিকাংশের কোন হদিল পাওয়া যাছে না। এই কথাই সেদিন বলা হয়েছিল এবং কোথাও প্রকাশ্যে বলা হয়নি যে কমিউনিস্ট পার্টিকে টাকা দিয়েছে। মাননীয় স্বায়ন্তশাসনমন্ত্রী সেদিন বলেছিলেন-"ঠাকুর ঘরে" কিন্তু "কলা খাওয়ার" গম্পটা ও'রা ওদিক থেকে বলেছেন।

[10-20-10-30 a.m.]

আজকে এখানে মাননীয় হেমণত বস্ মহাশায় বস্তুতা করবার সময় বলেছিলেন নির্বাচনের সময় যে সমসত উদ্মার বৃণ্টি হয়েছিল এখন সেগ্লি চলে যাওয়া উচিত। তিনি এবং বিরোধী দলের অন্যান্য সদস্য বলেছেন—কংগ্রেস কোথায় কি করেছে, কোথায় ছুরির মেরেছিল ইত্যাদি অনেক কিছু বলেছেন। কিন্তু এই সভায় প্রতিনিধিরা যে সমসত কথা বলেছেন সে যদি ইন্ডের হয় তা হলে করে গায়ের চামড়া কৈ খুলতে চায় সেটা বাইরে গিয়ে আর দেখবার দরকার হয় না। এ ভয়েসঃ একটা খুন যে হয়েছে তার খবর পেরেছেন কি: তে খুন করেছে সে খবর অপনারা আরও বেশী করে পেরেছেন। হেমন্তবাব্ উল্লেখ করেছেন ইংরেজ আমলে কলকাতার যে টান্সপোর্ট ছিল তখন লোকের সূখে স্বিধা ছিল।

(Shri Hemanta Kumar Basu: আপনি ভূল শ্নেছেন, আমি ইংরেজ আমল বর্লিন। আমি বর্লেছ প্রাইভেট ট্রান্সপোর্ট ।) আছা হেমন্তবাব্বে আমি জিজ্ঞাসা করতে চাই ধখন প্রাইভেট ট্রান্সপোর্ট ছিল তখন যে জনসাধারণের সূখ স্বিধা ছিল তখন প্রাইভেট ট্রান্সপোর্ট-এ ক'জন বাঙ্গালী চাকরির করতো আর আজকে স্টেট ট্রান্সপোর্ট-এ কজন বাঙ্গালী চাকরি করতে আর আজকে স্টেট ট্রান্সপোর্ট-এ কজন বাঙ্গালী চাকরি করতে সেটা বিচার করে বলবেন। যাই হোক এসমুহুর বিষয়ের আলোচনা হয়েছে তার ভেতর যেতে চাই না। তবে ভোট অন একাউন্টস-এ কতাম্বালি বিশেষ বিষয়ের আমি সরকারের দ্ভিট আকর্ষণ করতে চাই, অনেকগ্রিল বিষয় আছে, মেডিক্যাল এন্ড পার্বালিক হেলথ-এ যে গ্রাল্ড হারছে সে বিষয়ের আমি বলবে। বাংলাদেশের বিভিন্ন সাংগায় কতাপা্রিল হাসপাতাল ও বাম্পাকেন্দ্র গড়ে তোলা হয়েছে। আমি আমার কনম্পিটিউয়েন্সির কথা বলবে। বারাস্যুত্ত একটা বড় হাসপাতাল খোলা হয়েছে এবং প্রপ্রার্থিক পরিকর্পনায় তার ভিত্তি ম্থাপিত হয়েছিল, তারপর গত পাঁচ বছরে বার বড়া, নারসেস কোয়াটারস, স্টাফ কোয়াটারস ইত্যাদি সমুস্ত খান্টিনাটি অনেক কিছু হাসপাতালে চাল্ হয়েছে কিন্তু এত ক্যাপিটাল ইনভেন্টমেন্ট সত্তেও জনসাধারণ এখনও তার সম্পূর্ণ হাসপাতাল চাল্, করা যায়।

এ বাজেটে দেখছি অনেক ব্যবস্থা করা হয়েছে। ইলেকট্রিসিটি যা নাকি গ্রামাণ্ডলে শিল্পারন করতে হলে, কৃটির শিল্পারন করতে হলে দরকার সে-সম্বন্ধে বলতে চাই। এই কলকাতার উপর শিল্পের চাপ কমাবার জনা এবং গ্রামাণ্ডলে, কলকাতা থেকে দরে যাতে শিল্প বৃদ্ধি হয় এবং বেকার সমস্যারও খানিকটা দরে করা যায় সে বিষয়ে যেন সরকার অবহিত হন। শিল্প গড়ে উঠা, কৃটির শিল্প গড়ে উঠা অনেকখানি নিতার করে বিভিন্ন এলেকায় ইলেকট্রিসিটি পারার বাবস্থার উপর। আমি আছেনে নেখতে পাছে কলকাতায় যে হারে ইলেকট্রিসিটি দেওয়া হয়, পশ্চিমবংগার স্টেট ইলেকট্রিসিটি বোর্জ গ্রামাণ্ডলের বিভিন্ন অন্ধলে সে হারে দেয় না, বেশী হারে দিছে। খলে কলকাতায় খনেক বেশী শিল্প গড়ে উঠেছে। আমি এ বিষয়ে স্বকারের বিশেষ দ্বিট আকর্ষণ করে বলতে চাই যাতে সরকার গ্রামাণ্ডলের বিভিন্ন স্থানে অনেক কম হারে ইলেকট্রিসিটি দেবার ব্যবস্থা করায় সচেতন থাকেন।

বারাসত-বাসরহাট রেলওয়ে যখন হয়েছিল তখন এই সমসত অণ্যলে সরকার বহু জমি একোয়ার করে নিয়েছিল যাতে রেল লাইন চালাবার জনা সেড ইত্যাদি হতে পারে। ৪-৫ বছর হল রেল লাইন তৈরী হয়েছে অনেকক্ষেত্রে দেখছি রেল চলতে আরম্ভ হয়েছে কিন্তু যদিও ৪-৫ বছর শেষ হয়ে গিয়েছে ভারত-সরকারের কাছ থেকে যে টাকা পাঁচমবংগ-সরকার পেরেছে ভা অনেক ক্ষেত্রে সরকারের হাতেই পড়ে আছে। আনি তাড়াতাড়ি কমপেনসেসন দেবার বাবস্থা করার জনা সরকারের দৃণ্টি আকর্ষণ করতে চাই।

পাটের দরের কথা বিরোধী পক্ষের একজন সদস্য এবং এলিকের একজন সদস্য তুলেছেন। আমি থবরের কাগজে দেখলাম এই রক্ম একটা সংবাদ প্রদাশিত হয়েছে যে, কালকে মুখামল্টী মহাশ্য় বিধান পরিষদে এবিষয় আলোচনা করেছেন। যদিও দেশ বিভাগের পরে পশ্চিমবাংলায় পাটের উৎপাদন অনেক বেশী বাড়ান হয়েছে এবং সরকার বহুদিন এবিষয়ে চেণ্টা করেছেন কিন্তু সরকারের চেণ্টা যতথানি হয়েছিল তার চেয়ে খনেক বেশী উৎপাদন হয়েছে এ বছর। কারণ গত বছর কিছ্টা পাট নত হয়ে পাটের দর বেতে যাওয়ার এ বছর বহু চাষী ধানজামিতে এবং অনানা জামিতে পাট লাগিয়েছে এবং তার ফলে এ বছর অধিক পরিমাণে পাট উৎপাদ হয়েছে। কিন্তু এর একটা থারাপ ফল হয়েছে যে পাটের দর পড়ে গছে। কাজেই এ বিষয়ে আমি সরকারকে সচেতন থাকতে বলি। পশ্চিমবাংলার অর্থানীতি যথন নির্ভার করে পাটের দরে উপর তথন সরকারের এ বিষয়ে আরও সচেতন হয়ে চেণ্টা করা উচিত। এই পাটের দর এখন যেভাবে আছে ভাতে পাটের দর ঠিক থাকে না। কীজেই যাতে ভালভাবে পাট বিক্নি হয় সে বিষয়ে সরকারের নামর জ্বাপার আই জে এম এ-র উপর নির্ভার করেল সেই জিনিস হবে না সরকার যদি বড় বড় অড়ত তৈরী করে নাযা মুলো পাট কিনে নিয়ে সেখানে হোর্ড করতে পারেন তাহলে ক্রম্বদের নাযা। গারোণ্টি দেওয়া যাবে।

পরিশেষে আমি বলব ভোট অন আকোউন্টস চাওয়া হয়েছে যে বাজেটের উপর ভিত্তি করে এই বাজেট কংগ্রেসনল নিবাচনের আগে জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন ঠিক সেই অনুযায়ী তৈরী করা হয়েছে। জনসাধারণ কংগ্রেসের সেই সমস্ত কথা শুনে কংগ্রেসের উপর আম্থাম্থাপন করেছে এবং তৃতীয় সাধারণ নিবাচনে তাদের বিপ্লে ভোটে জয়ী করেছে। যাহোক সেই প্রতিশ্রুতি অনুযায়ী যথন ব্যক্তিট তৈরী হয়েছে তখন এই বাজেট এবং ভোট অন এল্লেউন্টস আমি সমর্থন করছি।

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখামন্ত্রী তথা এথ'মন্ত্রী যে বাতেওঁ উপস্থাপিত করেছেন তার বিতর্কে মাননীয় সদসোরা পক্ষে এবং বিপক্তে নানং দুংওঁভগগীনিয়ে আলোচনা ক্রেছেন। আমি রাজেটে যে সমুস্ত উল্লয়নমালক কাল আমানের গ্রুমানেট করতে যাচ্চেন তার পবিপ্রেক্সিটে দা-একটা কথা বলব। আপনারা জানেন যে বংলা তথা ভারতব্যের গোরব কবিগ্রেছ রবা-দুনাথের কর্মা নিকেতন বোলপার শাণিতানিকেতন আচ তীথাস্থানে পরিণত হয়েছে। প্তিবীৰ যে সমূহত মাননীয় অতিথিৱা আজু বিদেশ থেকে আস্টেন তাঁৱা এই স্থান প্রিদশন ন; করে পারেন না এবং তা না করলে তাঁদের ভারতদর্শন এপ প' থেকে খায়। তা' ছাড়া ভারতবর্ষের বিভিন্ন প্রদেশ থেকে শত শত যাত্রী প্রতাহ শান্তিনিকেতনে এসে এই স্থান দর্শন বানে। আপনার। একথা সকলেই জানেন এবং আলিও জানি ছে। শানিতনিকেতন আশ্রেমর ভেত্র এই সমুহত শত শত হত ক্রেম ধারণের থাকবার প্রাণিত ব্রেম্থা রেট এবং তার ফ্রেন তালের প্রত্যেক্তে রোলপার শহরের উপর নির্ভার করতে ২য়। আমি সেখনকার স্থানীয় লোক কাজেই হামি জানি যে এক প্লাস জলের জন্য তাঁর। ছোটাছ,টি করেন এবং বিশেষতঃ এই গ্রমের সময়। আমি থখন পৌরসভার সভাপতি ছিলাম তখন আমর। আমাদেব পূর্বতন মাননীয় দ্বায়ুত্বশাসন মন্ত্রীকে সেখানে আমন্ত্রণ করেছিলাম এবং তিনি সেখানে গিয়ে মন্ত্র। করেছিলেন যে, আমি জন রাজস্থানের কোন এক ছোট শহরে একেছি । তিনি এই মন্তব্য করে প্রোপ**্রির ও**ন্নামান কর্মেছলেন যে এখানে পানীয় জলের বাবস্থা হ'ওয়া উচিত। কিন্তু আজু যথন ৬-৭ বছর অভিবাহিত হয়ে গেছে তখন আমি মাননীয় মুখামন্ত্রী এবং জাতীয় গভন মেনেটর কাছে এইটাুকু মন্ত্রেধ করব যে এই শ্বর্টাকে মিউনিসিপালিটির আভতায় না ফেলে এটাকে পশ্চিমবাংলার একটা প্রেম্টিজ টাউন হিসেবে গণ্য করা উচিত।

110-30-10-40 a.m. i

কারণ, আজকে বিদেশ থেকে যাঁরা আসেন তাঁরা বাংলাদেশের মফঃশ্বলের এবং শহরের ছবি নিয়ে বান। সেইজনা এই জাতাঁয় গভনামেটের কাছে আমার আবেদন যে আপনারা এই বোলপুর শহরতাকে প্রেমিউজ টাউন হিসাবে গণা কর্ন। তাতে আমাদের জাতাঁয় সরকারের মর্যাদা এবং জনপ্রিয়তা বৃশ্বি পাবে বলে আমি মনে করি। তারপর আমি মফঃশ্বলের ও ছোট ছোট শহরের খানাগুলির সম্বশ্বে বলব। আমি বিভাগাঁয় মন্ত্রী মহাশারকে বলব যে তিনিও জানেন এবং আমরাও জানি, কলকাতায় প্রিলশ ব্যবস্থা ভালভাবে মেকানাইজড হয়েছে। কিন্তু সে তুলনায় পাড়গাঁয়ের থানাগুলিতে স্কুদ্দ কর্মচারী থাকা সত্ত্বে ক্রাইম ক্রমণঃ ক্রমণঃ বেড়ে যাছে। তার করে থানাগুলি মেকানাইজড নয়। আজকে রক ভেড়ভলপুমেন্ট অফিসের অফিসাররা প্রত্যেকে একটা করে জাঁপ পান কিন্তু থানা প্রিলশ অফিসারের জাঁপ নেই। আজকাল আগের চেয়ের বিভাগাঁয় ফল্টা মহাশ্রের কাছে অন্ব্রেমি জানাই এবং মফঃম্বলে প্রত্যেকটি থানা অফিসারকে একটা করে জাঁপ দেওয়া উচিত। কেন না তাঁদের প্রায় ১০০/১২০০ কেনায়ার মাইল ঘ্রে শানিত শৃংখলা বজায় রাখতে হয়। সেজনা আমার অন্রোধ তাঁয় যেন এই দুইটি জিনিসের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখেন।

Shri Dulal Chandra Mondal:

মাননীয় স্পাকার মহাশয়, আমি হাওড়া জেলার সাকিরাইল কেন্দু থেকে নব নির্বাচিত সদস্য। পাশ্চমবঞ্জা সরকার রিলিফের বাংপারে, দেশের সূত্র সম্মৃথির বাংপারে থ্ব বড়াই করে থাকেন এবং বলেন যে, আমরা বাংলাদেশকে অগ্রগতি এবং সূত্রসম্থির দিকে নিয়ে যাছি যা সারা

প্রিবীর কোন দেশে আর বোধহয় হয় না। কিন্তু সেটা যে কত বাজে কথা তা দ: একটা ঘটনা থেকে বোঝা যায়। আজকে বাংলাদেশের অর্গনিত লোককে এক মঠো অমের জন রিলিফের ব্যাপারে কংগ্রেসীদের ম্বারে ম্বারে ঘুরে বেড়াতে হয়। এই রিলিফ দলীয় স্বাথের দিকে লক্ষা রেখে বিতরণ করা হয়। দলীয় স্বার্থ এইজনা বলছি যে গ্রামে যে রিলিফ কমিটি-গুলি করেছেন তাতে সমুহত দলের লোককে রাখা হর্মান। কারণ, অন্য দলের লোক যদি সেই রিলিফ কমিটিতে যান তাহলে তানের কপ্রকৃতি, চ্রি-জোচ্চ্রির ধরা পড়ে যাবে। সেইজন্য তাঁর: **भिष्ठ की प्रतिरंह अना मत्नत त्नाकरक तार्थन ना। निर्वाहरनत मगरा और तिनिरंगत नाम करत** প্রচর ক্যাশ ও ফ্রিডোল বিলি লরেছেন, কিন্ত অন্য সময় তাঁরা রিলিফ বিলি করেন না। এট আমি অতানত আপত্তি করি। এই জিনিস মোটেই হওয়া উচিত নয়। সাধারণ মান্য যাত্র। एथाट भारक मा जाता यथन तिनिएकत जना फिल्कात करत ज्थान जारनत दला दस जामता यान কংগ্রেসের জ্রোড়া বলদে ভোট দাও তাহলে রিলিফ পাবে। কিন্তু সাধারণ দরিদ্র মানুষ কংগ্রেসকে ভোট না দিলে কি রিলিফ পাবে না এটা আমরা জানতে চাই? আর একটা জিনিস হচ্ছে ১৯৬১-৬২ সালে ৬০ লক্ষ টাকা রিলিফের জন্য বরান্দ করলেন। তারপর সেই ৬০ লক্ষ টাকাকে সংশোধন করে তারা ৩॥ কোটি টাকা করলেন। ১৯৬২-৬৩ সালে সেই ৩॥ কোটিকে কমিয়ে আবার ৬০ লক্ষে নিয়ে এলেন। দেখা গেল ইলেকসানের সময় ৩॥ কোটি টাকা রিলিফ বরান্দ করলেন। আমার নিবাচন এলাকা সাঁকরাইলে দেখা গেছে যে গ্রামে গ্রামে প্রচুর টাব: ছডিয়ে দেওয়া হয়েছে এবং কংগ্রেসীদের মারফং এগ্রালি বিলি করা হয়েছে। এরপর বলা হয়েছে যে কংগ্রেসকে ভোট না দিলে রি লফ দেওয়া হবে না। সরকার এই রকম নির্লাভ্যভাবে দেশের টাকা নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। এ জিনিস যে কোন গণতালিক দেশের মান্যে শনেলে আঁতকে উঠবে যে কিভাবে দারিদ্রের স্থোগ নিয়ে সাধারণ মান্যকে সামান্য টাকা দিয়ে ভোট কিনে নেওয়া যায়।

এই প্রসংগ্য আর একটি কথা বলি গ্রামে যে টেস্ট রিলিফের কাচ হয়, তার রেট বরাবরই এক টাকা রাখা হয়েছে। এক টাকা রেট হওয়াতে গ্রামে কনেক লোক পাওয়া যায় না। সেট রেটটা বাড়িয়ে অন্যতঃ দেড় টাকা করা উচিত।

আর একটা কথা এখানে না বলে পাছি না তা হছে এই আমার নির্বাচনী এলাক। সাঁকরাইলে যে কয়টি রাসতা আছে, তা অতানত দ্রবস্থার মধ্যে পড়ে রয়েছে। তার সংস্কার হওয়া আশু প্রয়োজন। যেমন সাঁকরাইল হইতে মানিকপ্রের উপর দিয়ে বাউড়িয়া পর্যত্ত রাস্তাটা; রাজগঞ্জ-ঝোড়হাট রাস্তাটা; পার্বতীচরণ রায় বোড আন্দ্রেল তার ফিডার রোড হওয়া উচিত। তারপর ধ্লাগড়ি একবারপ্র বোড: রেলওয়ে সাইডিং এ একটা ভাল রাস্তা হওয়া একানত প্রয়োজন বলে মনে করি। তাহলে লোক চলাচলের খুব সুবিধা হতে পারে।

এরপর প্রাথমিক শিক্ষকদের অবস্থা সম্বন্ধে বলবো—যাঁরা স্কুলে শিক্ষকতা করেন, তাঁদের দেখা যায় অধিকংশ স্পেশাল কেডার শিক্ষক যাঁরা আছেন। তাঁদের কংগ্রেস সমাজ সেবক হিসেবে বাবহার করা হয়। কারণ হল্পে সময় তাঁদের দেখা গেছে সরাসরি তাঁরা কংগ্রেসের কাজে নেমেছেন। আমার এলাকায় এই শিক্ষকদের জিল্ঞাসা করেছি—আপনারা স্কুলের কাজ ছেড়ে দিয়ে ভোটের কাজকর্ম করছেন তার কারণ কি? তাতে তাঁরা বললেন তা না হলে যে চাকরী যাবে। আন্দলের শামাশংকর স্কুল কংগ্রেসের ইলেকসনের কাজে লাগাবার জনা বেলা সাড়ে দশটা খেকে দ্বটো পর্যান্ত বাধ করে দেওয়া হয়েছিল। সেই সময় শিক্ষকরা কংগ্রেসের হলেজার কাজে সম্পূর্ণ নেমেছেন। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি এটা তদনত করলেই দেখতে পাবেন।

আর একটা ব্যাপার সন্বশ্ধে সরকারের দ্বিট আকর্ষণ করছি, সেটা হচ্ছে গ্রামের স্কুলের অবস্থা অত্যন্ত থারাপ, ভাল আসন্থাবপত নাই, ছেলেরা বেণ্ডে বসতে পারে না, পড়ার বই কিনতে পারে না। এ জনা স্কুলের ছাত্রসংখ্যাও কমে কমে বাচ্ছে। একটা স্কুলে ১০০ জন ছাত্র ছিল, এখন সেই সংখ্যা কমে ৩০ জন দাঁড়িয়েছে। শিক্ষকরা আসেন, আর চলে যান, ছাত্র নেই. কাকে পড়াবেন! ছাত্রদের বই নাই, বসবার কোন বেণ্ড নাই। এ ছাড়া আবার শিক্ষকরা তাঁদের মাসের বেতনও ঠিকমত পান না এবং যা-ও বা পান তা-ও যথেন্ট নর। প্রাথমিক শিক্ষক সমাজ

যে একশো টাক মাসিক বেতন দাবী করেছিলেন, তা আজও স্বীকৃত হল না। এটা সরকারের মারাত্মক অপরাধ বলে আমি মনে করি। এই একশো টাকা বেতন তাদের পক্ষে এমন কছে নর। সরকারী হিসাবে বলেছেন তিন জনের একটা পরিবারের একশো টাকায় চলতে পারে না। সেথানে একজন শিক্ষকের ৭০ টাকায় কিভাবে চলতে পারে? তাই আমি দাবী করছি অবিলন্দে একশো টাকা মাইনে তাঁদের জন্য চালু করা হোক।

তারপর ডিস্টান্টি স্কুল বোডেরি থামথেয়ালী সম্বন্ধে একটা বলি। বহা শিক্ষককে অযথা হয়রানী করা হয় বহা দারে টাসফার করে। বাগনানের একজন শিক্ষক, প্রদেশে চঞ্চবত্তী, তাঁকে কোন কারণ না দেখিয়ে বাড়ী থেকে পনের কুড়ি মাইল দারে বিভিন্ন স্থানে অলপ সময়ের বাবধানে বদলী করে হয়রানী করা হচ্ছে।

আর একজন শিক্ষক বেসিক টেনিং পড়ার জনা দরখাসত দিয়েছিল, ডেপ্টেডও হয়েছিল, অনুমাত পাওয়া গিয়োছল। হঠাং ডি আই তাঁব অনুমতি নাকচ করে দিলেন। করণ তাঁর বয়স ১৭ বছর হয়ে গিয়োছল। তবে আমাদের মুখামাকী প্রতিশ্রুতি দিয়োছিলেন ১০ বংসর বয়স পম হত বেসিক টেনিং পড়ার সময় হওয়া উচিত। সেটা কার্যকরী তাড়াতাড়ি হলে পর এইভাবে তিনি বঞ্চিত হতেন না। বহু ডিস্টাক্ট স্কুল বোডের এই রকম অয়থা হয়রানীর দ্নীতি হামেশাই লেগে আছে। এতে করে দেশের মাগল হতে পারে না কোন দিন, পতন অনিবার্য। এই বলে আমার বছরা শেষ করছি।

[10-40-10-50 a.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিলিফ খাতে প্রতি বছরই দেখতে পাই চার কোটি, পাঁচ কোটি টাকা বায় হচ্ছে: এবং এর দ্বারা প্রমাণ হচ্ছে খাদ্য উৎপাদন নীতিতে একটা শোচনীয় বার্থতা এই সরকার এনে দিয়েছেন। বড বড পরিকল্পনার নামে বহ**ু টাকা অপচয় হচ্ছে, যার ফলে** এত কোটি কোটি টাকা প্রতি বছর রিলিফের জন্য বায় করতে হয়। এ বছর দেখছি দেউ কোটি টাকা মঞ্জুরী চাচেছন। যতদিন পর্যন্ত খাদ্য উৎপাদন বাবস্থা ভাল না হবে, ততদিন এই রিলিফ চালিয়ে নিয়ে যেতে হবে, সকলকে টেস্ট রিলিফ দিতে হবে। আমরা দেখেছি টেস্ট রিলিফের টাকা মঞ্জুর হয়, কিন্তু, ঠিক সময়মত পে'ছায় না। টেস্ট রিলিফের জনা দেশের লোক চাতকপাথীর মত অপেক্ষা করছে। তারা চিৎকার করছে টেস্ট রিলিফ দাও, টেস্ট রিলিফ দাও ব'লে। সরকারপক্ষ স্বীকার করেছেন এ বছর খাদ্য উৎপাদন কম হয়েছে. ১ লক্ষ টন অভাব পড়বে। সূত্রাং সরকার অস্বীকার করতে পারছেন না যে, এ বছর টেস্ট রিলিফ তাড়াতাড়ি ক'রে আরুদ্ভ করবার দরকার নেই। আজকে যথন আমরা এই টাকা ম**ঞ্চরৌ** দিচ্ছি, তথন আমরা দাবি কর্রাছ আপনারা সমস্ত জেলা ম্যাজিস্টেটকৈ ফোন করে ব'লে দিন र्थावनस्य रोम्पे तिनय हान, कता हाक। धानामनी महागत्र अथात उपिष्यल तारे, लौत मुचि আপনার মাধ্যমে আকর্ষণ করতে চাই। আমার এলাকায় কোন একটা পরিকল্পনা বা টেস্ট রিলিফের মঞ্জরী আনতে গেলে একশ' টাকা করে ক্রাকরা দ্বর চার এবং সেখান থেকে টাকা চুরি করে নিয়ে অনা জায়গায় টেস্ট রিলিফের চোর সুন্টি করা হচ্ছে। আমি ষেমন টেস্ট রিলিফের দাবি করছি তাড়াতাড়ি করে আরম্ভ করার জনা, তেমনি দাবি করছি লোনের টাকা তাড়াতাড়ি পাঠিয়ে দিন এবং খয়রাতি সাহাষ্যও দিন, তা হলে তারা রক্ষা পেতে পারে।

Mr. Speaker: Mr. Das. I would request you and every member, while speaking on any cut motion, to give reference to the number of the cut motion.

Shri Sudhir Chandra Das:

আমার কাট মোশানগুলি হ'ল থাটি ওয়ান ট্র থাটি ফোর এবং ফোরটিন। এই খারাপ অবস্থা জানা থাকা সত্ত্বেও সরকারপক্ষ থেকে দেখতে পাছি প্রচুর মাল জোক করেছেন। এবং সেই মাল জোকের বাাপারে আমি অত্যুত্ত ব্যথিত হয়েছি। সেদিন আমি বাড়ি গিয়ে দেখলাম অনেকের বলদ-গর্ জোক করা হরেছে, হেলেগর্ জোক করা হরেছে, যেটা বে-আইনী ব'লে আমি মনে করি। যে বলদের দলকে কংগ্রেস দল তাঁদের ভোটের প্রতীক ক'রে সুন্দরভাবে

পোস্টারে লাগিয়েছে, সেই বলদকে ক্রোক না করলে, এই সরকারের কাজ চলে না। এই হচ্ছে অবস্থা। এই কি তাঁদের সমাজতালিক ধাঁচের সমাজ চালাবার নীতি? আমি অন্যোধ করছি, এই বলদ ক্রোক করন।

ষোগেন মাইতি, পশ্ম হকুরিয়া সাকিন, তার বলদ ক্রোক ক'রেই ক্ষান্ত হন নি, তাকে জোর ক'রে খোঁয়াড়ে দিয়েছে। সে বেচারী গাঁরব লোক. খোঁয়াড়ের খরচ বাবত ১ টাকা ২ আনা, আর জরিমানা ২ টাকা, এই দিয়ে তবে সে রক্ষা পেয়েছে। এখানে সেই রসিদ এনেছি, দেখতে পারেন। এ কি নির্মাম, নিষ্টোর বাপোর তা কল্পনা করা যায় না। এ বিষয়ে বিশেষ ক'রে ভারপ্রাণ্ড মন্টিমাহাশরের দ্বিট আকর্ষণ করতে চাই।

আর একটা বাট মোশান আছে আমার জলনিকাশের ত্রটির জন্য। এই জলনিকাশের
ত্রটির দর্ন বিভিন্ন এলাকায় খাদ্য উৎপাদন ব্যাহত হচ্ছে। যেমন কাঁথি বেসিন, দ্বৃদা
বৈসিন, বারচৌকা বোসন এবং বাগিয়া বৈসিন। পশ্চিমবংশের এই সমসত বৈসিন এলাকাগ্রলির যওক্ষণ পর্যাহত না ভাল ক'রে জলনিকাশের ব্যবস্থা করতে পারেন, ততক্ষণ আপনাদের
কৃষিনাঁতি ও খাদ্য উৎপাদন নীতি সম্পূর্ণ ব্যথা হবে।

ভাল ক'রে তাঁরা জলনিকাশের বাবস্থা করতে পারেন নি. যার জন্য চাষীদের ফসলহানি হছে। বিশেষ করে আমার এলাকার জন্য, আমি ক'ট মোশানএ বলেছিলাম সেই এলাকার কথা যেটা কাঁথি বেসিন। সেখানে জলনিকাশের পথ নিমাণি হতে পারে কিন্তু তৃতীয় পরিকল্পনায় করলে এটা দেরি হয়ে যাকে আরণ্ড করতে। এখানে ১০ ১১টি স্লুইস আছে, দ্বনা বেসিন এব জলের চাপ প্রতিরেপ করবার জন্য যাতে জল ত্বকে শস্য নাট না হয়। এখানে মার্কপাট করলেই জালের চাপ ত্বকতে পারবে না। কিন্তু এটা ৫ বংসরের মধ্যে হয় নি। গত বংসর তার স্লানে, পরিকল্পনা, সব হয়ে গেল, তা আকসেপ্টেড হয়ে গেল। লান্ড আন্ড লান্ড রেভিনিউ ভিপাটানেন্টের মন্ত্রীর দৃশ্যি আকর্ষণি করা হ'ল, কিন্তু আজ পর্যন্ত, দুই বংসর হ'ল টাকা মঞ্জুর হওয়া সম্ভেত তা কার্যে রূপ দেওয়া হয় নি। এবারত দেখবেন কাঁথি ঝানন এলাকায় ঐজন্য মানুষের দ্ভোগি হবে, এট বিশেষ ক'রে সতক' ক'রে দিছি। সেখানে ১০-১২টি স্লুইস ঠিক ক'রে দিলে সেই বিরাট ১০ মাইল এলাকার ধান ভাল হবে ব'লে মনে ক'ব এবং এই অবস্থায় যদি রিলিফ ভিলেড হয় তা হলে রিলিফ ভিনাইড হয় এই ব'লে আমি বস্তব্য শেষ করছি।

Dr. Radhanath Chattoraj:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বীরভম জেলার যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি লেই এলাকায় গত '৫৬ সালে বিধঃস্ত বন্যা হয়েছিল। তাতে আমার এলাকায় ৮৬টি গ্রাম ধরংস হয়েছে। আমার এলাকা পশ্চিমবণ্গের সেই এলাকা, যে মহকুমায় সেই সময় আমাদের পণ্ডিত নেহর, দেখতে এসেছিলেন এবং দেখে বলেছিলেন যে, বন্যায় ভেশে গিয়েছে ভাল হয়েছে আমরা নৃতন বাংলা গড়ব। সব বাড়ি পাকা করব। তারপর আমাদের এলাকায় তদত আরম্ভ হ'ল। সেই সময় আমাদের মুখামন্ত্রী এই ঘোষণা করলেন, যেসমস্ত জায়গায় ৯০ পারসেন্ট ঘর ভেগে গিয়েছে সেই সমস্ত এলাকায় আদর্শ পল্লী নির্মাণ হবে। তথন আমরা দেখলাম এই আদর্শ পল্লীর তদ•ত আরশ্ভ হ'ল। আমরা দাবি করলাম আমাদের এখানেও আদর্শ পল্লী তৈরি কর। আদর্শ পল্লীর জন্য ৩৩ একর জমি আকোয়ার করা হ'ল। সেই আদর্শ পল্লীতে নানারকম বাবস্থা-বাস্তা, স্বাস্থাকেন্দ্র, পঞ্চায়েত অফিস, গ্রামসেবক অফিস প্রভৃতি সরকারী প্রতিষ্ঠান গড়ে তুলবার বাবস্থা হ'ল এবং সংগ্য সংগ্রে প্রাইভেট বাড়ির জন্য ৫ কাঠা করে প্রতোক্তে জমি আলিট করা হল। কিছু কিছু বাড়ি উঠল। তারপর হঠাৎ দেখলাম সমস্ত ক'জ বন্ধ হয়ে গেল। এই ব্যাপার নিয়ে কর্তৃপক্ষের সঞ্জে গত ও বংসর ধরে আনাগোনা করছি। তদানীন্তন মুন্দুরী তর্ণকান্তিবাব্র কাছেও গিয়েছিলাম। তিনি বলেছিলেন, হার্ট নিশ্চয়ই হবে। এ নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম। তিনি আমাকে বললেন, এসব ব্যাপার নিয়ে আমার কাছে আসেন কেন, জেলা কর্তৃপক্ষের কাছে ধান। ভেলার গেলে তাঁরা উপরওয়ালার কাছে যেতে বলেন আর উপরওয়ালার কাছে গেলে জেলা কর্তৃপক্ষের কাছে যেতে বলেন।

[10-50-11 a.m.]

এই ব্যাপার নিয়ে সেই জায়গায় ন যুয়ো ন তম্পো হয়ে আছে। সেই জায়গায় ৩০ ফিট বাস্তা হবে ফটেপাথ হবে, ইলেকট্রিসিটি হবে এইরকম সব আইডিয়া ছিল। আমরা ভেবেছিলাম মতেল ভিলেজ তৈরি করবার জনা সরকার থেকে বিশেষ চেষ্টা করবেন এবং আমরা এ বিষয়ে বারে বারে মন্ত্রিমহাশরের দ্বিট আকর্ষণ করেছি কিন্তু আমরা আশাহত হয়ে ফিরে এসেছি। দ্বাস্থাকেন্দ্রের জন্য আমি ৫ বংসর ধ'রে মন্ত্রিমহাশরের সংখ্য দেখা করেছি কিন্তু আজও তার র্মামাংসা হয় নি। আদর্শ পল্লীর কাজ যাতে পানরায় আরম্ভ হয় এবং এ সম্বর্তিং যাতে টাকা বরাদ্য হয় সেইজন্য মন্তিমহাশয়ের কাছে বিশেষ অনুরোধ জানাব। ১৯৫৯-৬০ সালে সংশোধিত বাজেটে ৪৩ লক্ষ ৪৬ হাজার টাকা বরান্দ ছিল। কিন্তু তার কোন িসাব আমরা পাই নি। ১৯৬০-৬১ সলে ৭১ লক্ষ্ক ২৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল এবং ভার পরে সংশোধিত বাজেটে ৪৭ লক্ষ ১০ হাজার টাকা ধরা হয়েছিল। কিন্তু প্রকৃতপক্ষে ৫৩ খরচ হল তার কোন হিসাব নেই। '৬১-'৬২ সালে আর কোন বরান্দ নাই। আপনারা বলছেন ৩ বছরে ১ লক্ষ ৭০ হাজার বাড়ি করবেন। ২০ হাজার বাড়ির কাজ আপনারা শ্রু করেছেন তা এখনও সম্পূর্ণ হয় নি। সেইজনা আমি একথা বার বার বলছি যে, আদুর্শ পল্লী যাতে নিমিত হয় তার বাবস্থা আপনার। করনে। আমার এলাকায় যদি যান তা হলে দেখবেন কত বাড়ি মূখ থুবেডে পড়ে আছে। এখন পর্যন্ত বন্যার্তরা বাড়ি তৈরি করতে পারে নি। আমার এলাকা সম্বন্ধে আমার বস্তুর। হচ্ছে, কুয়ে নদীর মোহনা সংস্কার করা বিশেষ প্রয়োজন এবং এই বছরে সেজনা মন্তিমহাশয় ৯৬ হাজার টাকা বরান্দ করেছেন। সেইজনা তাঁকে ধনাবাদ জানাচ্ছি। এই টাকা যেন কাগজে-কলমে থেকে না যায় এবং যাতে বর্ষার পূর্বে কাজ আরম্ভ হয় সেজনা তিনি যেন সচেষ্ট হন। এতে ঐ এলাকায় ৪০ হাজার একর জমি উম্ধার করা ফালে এবং বহা খাদাশস। উংপাদন করা সম্ভব হবে। কয়ে নদীর সংস্কার কারে কাঁদড্গ**ালিকে** ক্যানেলে রাপান্তরিত করলে ঐ এলাকায় দ্র'-ফসলী তিন-ফসলী করা থাবে। আমাদের ওখানে ন্যাশনাল সংগ্রে মিল গ্রেডে সেখানে বিহার থেকে আথ আমদানি করা হয়। যাতে ঐ এলাকায় প্রচুব পরিমাণে আঞ্চ উৎপাদন করা যায় তার জন। খাদামতী মহাশয় এবং মুখামন্ত্রী মহাশয় ব্যবহ্থা করবেন। ঐ এঞ্জের রাস্টাঘাট অতাশ্ত খারাপ। লাভপার থানায় যে রাস্টা **আছে** কুয়ে নদী যথন সংস্কার করা হবে তথন মাটি ফেলে রাস্তা কাম এমবাাণ্কমেন্ট যদি করা **যায়** এবং বাদশাহী রাস্তার সংগ্রে যদি যোগাযোগ করা যায় তা হ'লে ঐ এলাকা পশ্চিমবংশ শস্প্রারে প্রিণ্ড হরে। খাদ্রভাবের কথা আপনারা বলেন, খাদ্রাশস্য যেখানে উৎপাদন হয় বা হ'তে পারে আপনারা সেখানে গাফিলতি করেন। এইরূপ গাফিলতি করলে খাদাভাব কখনই মিটবে না। ক্যানেলের সমস্যা একটা দার্ল সমস্যা হয়ে আছে। ক্যানেলের উপকার পাচ্ছি এ কথা ঠিক। কিন্তু যেভাবে সার্টিফিকেট জারি করছেন, রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে যেরকম রেকর্ড করা হয়েছে এবং ব্যাপকভাবে নোটিস জারি করা হয়েছে সেই নোটিসে বামের জাম শ্যামের এবং শামের জমি রামের –এইরকম আটে রান্ডেম নোটিস জারি হচ্ছে।

কিন্তু প্রকৃত মালিকের জামি কোন্টা তা জানবার কোন উপায় নেই। আবার এমন লোক আছে যাদের কোন জামি নেই, তাদেরও পর্যন্ত সার্টিফিকেট হয়েছে। রেভিনিউ ডিপার্টমেন্টের প্রানীয় তহশীলদার যে যে মৌজায় আছে তাঁরাই এইসমসত আদায় করেন। কিন্তু সরকার এইসমসত অবাবস্থার দিকে কোন লক্ষ্য দেন না। কাানেলের জল বেশ ভালভাবে বাবহার করতে গেলে যে ভিলেজ চাানেলগ্রিল করা দরকার তার দায়িছ আপনারা নিচ্ছেন না। প্রতাক মৌজায় এক্সপার্ট নিয়ে গ্রুপিং করা উচিত এবং ভিলেজ চাানেল যা হবে তা টেস্ট রিলিফের মাবফত করা প্রয়েজন এবং বকেয়া কাানেল কর যেসমসত আপনাদের গাফিলভির জন্য পড়ে আছে সেসমসত মকুব করা উচিত। দশ কাঠা যার জমি আছে তারও ১০ টাকা এবং ৬০ বিঘা যার জমি আছে তার ১০ টাকা এবং ৬০ বিঘা যার জমি আছে তার ১০ টাকা থাজনা—এই নীতির পরিবর্তন করা প্রয়েজন। ৫ একর পর্যন্ত জমির মালিকদের জলকর সাড়ে পাঁচ টাকা করা উচিত এবং ক্রমবর্ধমান পরিবর্তনের নীতি টাাক্সের বেলায় নির্ধারণ করা উচিত। আর বাকি বকেয়া যদি স্কৃব না করেন তা হলে দেশে একটা বিপর্যায় সৃষ্টি হবে। বিপর্যায় তো বৃথতে পারছি এখনই শ্রু হয়েছে. কেননা যে এলাকায় ক্যানেল আছে সেই এলাকা থেকে এবার একজনও কংগ্রেসের লোক নির্বাচিত জিন

আসেন নি। এখন যদি মনে করেন বে, জবরদন্তি ক'রে আদার করবেন তা হলে আপনার। ভল করবেন। আমি তাই অনুরোধ করছি যে, সাড়ে পাঁচ টাকা ক্যানেল কর নির্ধারণ করুন धवर वाकि वरक्या प्रकृत करान। धो कराम प्राप्त कम्याग रात, ना राम प्राप्त प्रान्य प्राप्त বাবে। আবার ক্যানেলের ন্বারা প্থায়ীভাবে যেসমদত অস্থাবিধা স্থাটি করেছেন সেই অস্থাবিধা-গুলি দুর কর্ন। ক্যানেলের পারাপারে সাঁকো তৈরি কর্ন। একটা চাষীকে অনেক সময় চার মাইল ঘুরে তাকে বাড়িতে আসতে হয়। আমি আপনাকে অনেকবার বলেছি যে, লাভপুর গ্রাহে কেশারায় একটা সাঁকো করন। আপনি করে দেবেন বলেছিলেন কিল্ড আজ পর্যন্ত তা করলেন না। এসব জিনিস যেখানে লোকে তদ্বির ক'রে নিয়েছে সেখানে হয়েছে। সেজন অনুরোধ কর্রাছ যাতে ক্যানেলের উপর সাঁকো হয় সেদিকে আপনারা দুল্টি দিন। এ ছাডা বীরভূম জেলায় যেসমণত জল কাদড় দিয়ে বয়ে যায় সেসমণত জারগায় যাদ প্লাইস গেট করে एम हा इ'रम रम्थात वाभक्छारव हार इ'रह भारत। रहेन्छे त्नाहे मन्दर्भ आग्नि वनव। स्मथात বারা সরকারী কর্মচারী যান তারা খেয়ালখানি মত কালির দাগ দিয়ে চলে যান তাতে অনেক অস্ববিধা ও গণ্ডগোল হয়। সেজনা আমি বলছি যে, গ্রাম পণ্ডায়েতের সহযোগিতায় এই-সমুহত টেস্ট নোট করার চেড্টা কর্ম এবং যেখানে সেকশনাল অফিস আছে সেই সেকশনাল অফিসের অর্থানে একটা ক'মটি তৈরি কর্ম যাতে ব্যাপকভাবে জল নিতে পারে এবং চাষের উন্নতি হ'তে পারে এবং কোথায় নতন চা'নেল করা প্রয়োজন আছে সেগালি তারা দেখন। এবার আমি শিক্ষা সম্বশ্ধে কিছু বলব। আমার এলাকায় লাভপ্রে কিপ্রতাল ব'লে একটা গ্রাম আছে। সেই গ্রামে গ্রামের মান,ধরা একটা পাঠশালা তৈরি করেছে এবং নিজেরাই তার থরচ চালাচ্ছেন। সাব-ইন্সপেটর, বি ডি ও ইত্যাদি সমুহত তদুহত ক'রে মঞ্জুরী দেবার জন। সুপারিশ করে গেছেন। কিন্তু তাদের আজ পর্যন্ত কোন মঞ্জুরী দেওয়া হয় নি, কারণ তাদের অপরাধ যে তারা কংগ্রেসকে ভাট দেয় নি।

[11--11-10 a.m.]

অধিকাংশ লোক কংগ্রেসকে ভোট দেয় নি এবং এর জনা তালের উপর অত্যাচার করা হচ্ছে। আর এখানে কল্যাণরাণ্টের কথা বলছেন। সেজনা এর্প তিংসাম্লক কার্য যাতে তারা গ্রহণ না করে সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর কুয়ে নদীর বৃকে ক্রসবাঁধ সদপকে। নদীতে ক্রম বাঁধ সম্পর্কে অনেকনির অনেকবার আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। এই বাঁধের ফলে নদী নদ্ট হয়ে য়াচ্ছে। এখানে কৃষকদের বাধা হয়ে সেচের বাবস্থা করবার জনা বহু নদীতে বাঁধ দিতে হয়। যদি উপযুক্ত স্থানে ফল্ট্স গেট করে দেওয়া হয় তা হলে সেই এলাকায় ব্যাপকভাবে খাদাশস্য উৎপাদন করা সম্ভব হবে। এ এলাকায় সবচেয়ে বড় অস্বিধা হচ্ছে য়ে, এখানে কোন ডিগ্রি কলেজ নাই। আমি এ বিষয়ে মন্সিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বধামানে বিশ্ববিদ্যালয় হয়েছে, তার অধীনে কীণাহারে একটা ডিগ্রী কলেজ চাই।

নান্র লাভপ্রে টিউবওয়েল মেকানিকরা সাজসরঞ্জাম পাচ্ছে না, সেখানে টিউবওয়েল অচল হয়ে রয়েছে। এ সম্বন্ধে দর্থামত করা হয়েছে উপরে সাজসরঞ্জাম পাঠানোর জন্য, এর অভাবে তারা কাজ করতে পারছে না। আমি সংশিল্লট ডপার্টফেন্টকে অনুরোধ কর্রাছ যাতে এই সমস্যাগ্রিল সমাধানের জন্য সমস্ত জায়গায় টিউবওয়েলএর সাজসরঞ্জাম পাঠানো হয়।

কোচবিহার জেলার দিনহাটা মহকুমায় কমিউনিস্ট নেতা কমরেড অভিত রায়গৃশ্ত ও ওসমান গাঁল গত ১৭ই মার্চ ১৯৬২ তারিখে রাতি ৯ ঘটিকায় মিটিং করিয়া ফিরিবার পথে ঝুড়িপাড়ার নিকটে ১০-১২ জন গুণ্ডা কর্তৃক অর্তাকতে আক্রান্ত হন। ছুরিকাহত অবন্ধায় ওসমান গাঁল হাসপাতালে স্থানাশ্তরিত হন। ঘটনাস্থালেই জগদীশ ও বৈদানাথ নামে ২ জন গুণ্ডাকে জনতা শ্লেশতার করিয়া থানায় চালাল দেয়। এরা প্রত্যেকেই বিগত নির্বাচনে কংগ্রেসের পক্ষেকাজ্ল করে। এই ঘটনা ঘটছে। কংগ্রেস হেরে গিয়েছে তথাপি বেহেতৃ বামপন্থী এখানে জয়ী হয় সেজনা এই হ'ল পরিগতি।

Shri Nimai Chand Murmu:

মাননীয় স্পীকার মহাশয়, আমার মাতৃভাষায় বক্তব্য এবং বাজেট সমালোচনা মন্দ্রিমহাশয় বং সদসাগণ ব্রুতে অস্ক্রিধা বোধ করবেন ব'লে আমার মনে হয় এবং লক্ষা করছি গভর্ননাট তরফ হইতে উপজাতিদের মাতৃভাষা রেকর্ড ক্রিবার কোন স্ফুর্ বাবস্থা নাই। এর মধ্য
দয়ে পরিন্দার ব্রুথা যাছে উপজাতিদের মাতৃভাষাকে কোন গ্রুত্ব ও মর্যাদা দেওয়া হচ্ছে
। এর ফলে এটাই বোঝা যায় যে, পশ্চাংপদ উপজাতির উম্লভির নৃত্ন কোন সম্ভাবনা নাই।

অপর্যাদকে ঢাকঢোল পাটিয়ে প্রচার করা হয়েছে এবং বাজেটেও বলা হয়েছে যে সরকার থকে অনুমত সম্প্রদায়ের লোকদের উন্নতি করবার জন্য প্রচুর অর্থবরান্দ করা হয়েছে এবং ডা নুষ্ঠ্যভাবে কাজে লাগিয়ে উন্নতি করা হয়েছে এবং করা হবে। কিন্তু এই বিবৃতির সংগ্র ভূশের বাস্ত্র অবস্থার আদৌ মিল নেই। অত্এব মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধামে গ্রামি আমার বন্তব্য এবং বাজেট সমালোচনা মন্দ্রিমহাশয়গণের বোঝবার সাবিধার জন্য এবং বুকডিংএর সূবিধার জন্য বাংলাভাষায় বলব। কিন্তু আমার মাতভাষা সতিতালী, কাজেই নাঁওতালী ভাষায় বাজেট সমালোচনা করতে পারলে যতটা গ্রন্থিয়ে বলতে পারতাম ততটা হয়ত ংলাদসায় শুদ্ধভাবে গৃছিয়ে বলতে পাবব না। এই দৃদ্দিদতা এবং দ্ববলতা শুধু কেবল দ্রামার একার মধ্যেই না, প্রত্যেক উপজাতির মধ্যেই রয়েছে। কিন্তু কেন এই দূর্বলতা এবং এর জনা দায়ী কারা? এর জনা দায়ী হচ্ছেন তাঁরা যাঁরা দেশকে স্কুদর ও সম্মিখশালী করে গড়ে তেলবার দায়িত্ব গ্রহণ করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, বাজেট প্রসংখ্য মুখামন্ত্রী ্রস্তার কায় বলেছেন যে, আমাদের দেশে গণতান্ত্রিক উপায়ে এবং সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ ্যাড়ে ত্লেছেন ব'লেই জনসাধারণ কংগ্রেসক ভোট দিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত করেছে। কিন্ত সেই গণতন্ত্র কেমন তা একবার দেখান। যে গণতন্তের কথা এত ঢাকঢোল পিটিয়ে প্রচার করা ংয়েছে সেই গণতন্ত সম্বন্ধে দ্যু-একটা কথা বলব। গত দ্বতীয় নিৰ্বাচনে নিৰ্বাচিত নিক্ঞা-বিহারী নামে একজন কংগ্রেসী এম এল এ এ বছরের তৃতীয় নির্বাচনেও কংগ্রেসের **পক্ষ থেকে** ্লল্লেরে নির্বাচন কেন্দ্র থেকে দাঁডিয়েছিলেন। উনি গাজল হাট্থোলার বাজারে মাইক ফ কিয়ে বলেছেন যে, "মাসলখনভাইগণ, এই তৃতীয় সাধারণ নিবাচনে তোমাদের কর্তার হচ্ছে কংগ্রেসপ্রার্থীদের ভোট দিয়ে জয়য**়**ত করা, আর তা যদি না কর তা **হলে স্মরণ রাখবে কংগ্রেস** ্রামানের কি করতে পারে। স্থারণ রাখবে জন্দলপুর এবং খ্লনার কথা।" এই সমস্ত কথা ব'লে পরে বলেছেন যে, কমিউনিস্টরা যদি জিততে পারে এবং বাংলাদেশে বামপন্থী সরকার গঠন করতে পারে তা হলে মুসলমানদের দাড়ি মোছ কেটে মাথায় টিকি রাখাবে এবং ধর্ম, কম' নামান্ত পড়তে দেবে না এবং শুয়োর খাওয়াবে। এইভাবে তাঁরা গণতান্তিক উপায়ে িন্দ্রাস্থান উত্ত্রীর্ণ হয়েছেন। কিন্তু এরকম নানা ধরনের ষড়যন্ত্র ক'রেও সেই নিকুঞ্জবিহারী িত্ততে পারেন নি কারণ সেখানকার মুসলমানরা এবং সমস্ত মানুষ ব্রুতে পেরেছিল যে, এই কংগ্রেস সরকার গণতদের দোহাই দিয়ে অগণতান্তিক প্রচারে অবতীর্ণ হয়েছে। আমরা আশা করতে পারি নি বা কল্পনা করতে পারি নি ষে, ভারতবর্ষের সবচেয়ে বড় রাজনৈতিক দল যে কংগ্রেস সেই কংগ্রেস এতটা নিচুস্তরে নামতে পারেন। আর-একটা কথা মাননীয় স্পীকার মহাশয়, হবিবপরে নির্বাচনকেন্দ্রে কংগ্রেসপক্ষ থেকে একজন শিক্ষককে দাঁড করানো হয়েছিল এবং তার নির্বাচন প্রচারে নেমেছিলেন সেখানকার মণ্ডল কংগ্রেস কমিটির সেক্রেটারি অন্যান্য সদসোরা এবং বড় বড় জোতদাররা। এইসমসত জোতদাররা গভর্নমেন্টের আইন ফাঁকি দিয়ে হাজার হাজার বিঘা জমি বেনামী ক'রে রেখেছে। যেমন, জগলাথ রায় মাতশিনী হৃষ্টিনীর নামে প্রচুর জমি বেনাম করেছে এবং কিশোরী প্রসাদ ভোলা কুকুরের নামে ৭৫ বিঘা জমি বেনাম করেছে। অথচ এই হণ্ডল কংগ্রেস কমিটি এবং তাঁরাই নেমেছেন কংগ্রেসের নির্বাচন প্রচারে কংগ্রেসকে সমর্থন করবার জনা।

[11-10-11-20 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত বায়-বরান্দ সম্পর্কে আলোচনার প্রথমে আমাদের মন্ত্রী-মহাশয়ের খবে দক্ষতার তারিফ করতে হয়, কেননা যেখানে আমাদের এতগালি মন্ত্রীর সংখ্যা রয়েছে সেখানে তারা কোন কোন খাতে যেসমুহত বায় বরান্দ ছিল সেগালি খরচ করে উঠতে পারেন নি, আবার কোন কোন খাতে যা বরান্দ করা হয়েছে তার চেয়ে বেশী খরচ করে ফেলেছেন। তার জন্য আজকে মঞ্জুরীর প্রয়োজন হয়েছে। কয়েকদিন আগে শঞ্করদাসবাব, বললেন যে এরকম বাধা বিপত্তি আসে, তাতে করে অমরা যা খরচ করবো ভাবি তা খরচ করা আর হয়ে উঠে না। আমি আপনার কাছে একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই যাতে করে আপনি বারতে পারবেন যে খাতে যা খরচ হওয়া দরকার সে খাতে খরচ না করলে সতি।কার কত ক্ষতি হয়। অজয়বাব, এখানে আছেন, তিনি বোধ হয় জানেন কয়েক বছর আগে টালিগঞ্জ থানায় পঞ্চায় গ্রামের খাল সংস্কারের জন্য সরকারের এরফ থেকে বাজেটে মর্থ বরান্দ করা হয় কিন্তু সে অর্থ খরচ করা হল না। কয়েকবার সেচমন্ত্রী অঞ্যবাব্রে কাছে প্রতিনিধি পাঠান হয়েছে, অজয়বাব্ करप्रकरो कार्रा प्रिथाराष्ट्र य जिलावे स्मिन्ने मान्यराम वर्ष करन्त्र अन्यामन लाख्या यास्क्र ना मिलना जिन এই টাকা খরচ করতে পারছেন না। তবে এখানে বলে রাখি এখন কাজটা শুরু **इरहार्छ**। जरुव भूर्रिय धेथारन थान ना कांग्रेड छना मू वष्ट्र धनाका रच्टम शान स्थानकाड साक সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হল। অজয়বাব, বললেন অস্ক্রিধা আছে-একটা উদাহরণ দিই এই যে খাল কাটা হবে, কোন ডিপার্টমেন্ট এর হাতে পড়বে? খাল যদি ঢাকা হয় ভাহলে সেটা হেলথ ডিপার্টমেন্টের আন্ডারে, আর খাল যদি খোলা হয় তাহলে সেটা ইরিগেশন-এর আন্ডারএ। এখন ঢাকা হবে কি খোলা হবে এটা ঠিক করতে দু বছর চলে গেল এবং ভারপর সরকারের একজন কর্মাচারীকে জিজ্ঞাস। করলাম কি ব্যাপার কি কারণে দিনের পর দিন এটা ডিলেড হচ্ছে। তিনি আমাকে একটা গলপ বললেন, আপনারা ডিপার্টমেন্ট-এর কোন খবর রাখেন না সাধারণ লোকও এর চেয়ে ভাল জানে। তিনি বললেন একজন মাতাল মদ থেয়ে মাতলামি করছিল, भूमित्र आद्य क्यादाम्हें कराउँ जान, म्रोह अत आयार कर दूष्टि त्यत्न जान, प्र कार्ट कर्को প্রকরে লাফ দিয়ে পড়ে গেল এবং বলল আমাকে এগরেপ্ট করা চলবে না আমি এখন জল-প्रामित्मत आन्हातः। এই कानान कान हिभागे प्रान्ते कत्रत्व এটা ठिक कत्रत्व २ वहत्र हिल्लह হল। পরে ডাঃ রায়ের কাছে প্রতিনিধিদল গিয়েছে তার জন্য কাজ হচ্ছে।

কিল্ড সেখানে রিলিফ দেওয়া হোল যাদের কোন প্রয়োজন ছিল না এবং সেই রিলিফে অনেক লোকের ঘরবাড়ী ভেসে গেল। এই রকম টাকার অপচয় করা হয়। দিবতীয় নদ্বর হচ্ছে, যা বরাক্ষ থাকে ভার চেয়ে বেশী বয়ে করা হয় এবং দেখছি যে, এ'দের কোন ধারণা নেই। তারপর, এমন তো অনেক জিনিসই ২য় তাহলে এটা কেন করতে পারলেন না আমি তা ব্যুষ্তে পারছি না। অর্থাৎ আমি হিসেব করে দেখেছি এবারে এপদর ঘারা নির্বাচিত সদস্য আছেন তাতে ৩০ঃ১ হয়েছে অবশা আন দেৱ ২৭ প্রগ্না জেলায় কম হয়েছে। কিন্তু আমি বলি ৩৩ জন নির্বাচিত হলে ৩।তে ৬।গে ৮০ি পড়ে, কিন্তু ৩টি ১য়েছে কাজেই যদি বাড়ান তাহলে অনেক জিনিস যেমন আমরা মঞ্র করে দিই এটাও তেমনি মঞ্জার করে দেব। ততীয় কথা হচ্ছে, আমরা দ্ভি'ফ খতে খরচের ব্যাপারে দেখি প্রতোকবারই প্রথমে এটা একটা কম করে ধরা হয় তারপর আন্দোলন এবং অবস্থাত চাপে পড়ে টাকার অধ্ক বাডান হয়। অথচ প্রথম থেকে যদি ঠিকমত খরচ করা হোত তাহলে আরও পরিকল্পনা নিয়ে ভালভাবে খরচ করা যেত। কিন্ত আপনারা প্রতেজ্বারই দেখবেন যে, প্রথমে যেটা ধরা হয় তার চেয়ে পরে যেটা রিভাইজ্ড ধরা হয় তার পরিমাণ অনেক প্রেশী। মাননীয় স্পীকার মহাশয়, আমি যে ৪ বছরের হিসেব পড়ে দিচ্ছি ভাতেই ব্যাবেন যে কত টাকা এই দ্যাভিক্ষ খাতে ৪ বছরে খনচ হয়েছে। ১৯৫৮-৫৯, ১৯৫৯-৬০, ১৯৬০-৬১ এবং ১৯৬১-৬২ সাল এই ১ বছরের বাজেট এপ্টিমেট ছিল ১১ কোটি ২৬ ৰাক্ষ ৬০ হাজার টাকা আর রিভাইজভ এমিটমেট হোল ২৭ কোটি ৩৯ লক্ষ ২৫ হাজার টাকা। এত টাকা যে খরচ ২০০১ এই খলচ করার প্রয়োজন নিশ্চয়ই আছে এবং শুখু, তাই নয়, যেসমঙ্গত লোকদের এ'রা গ্রাটাইটাস রিলিফ খদেন তার চেয়ে যে অনেক বেশী দেওয়া প্রয়োজন সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এই টাকা যদি ঠিকভাবে এবং পরিকল্পনা অনুযায়ী খরচ করা হোত তাহলে আমি বলতে পারি অনেক বেশী ক'জ এই টাকা দিয়ে করা যেত। কিল্ড যেভাবে ও'রা টাকা খরচ করছেন ভাতে করে গণতন্ত্র সফল হয় না—অবশ্য এ'দের গণতন্ত্র সফল হচ্ছে। যা হোক,

মাননীয় স্পীকার মহাশয়, এটা কি আপনি খেয়াল করেছিলেন যে, কিছুদিন আগে প্রফল্লে সেন মহাশব্র বলেছিলেন যে বাজারদর ধীরে ধীরে বাডছে এবং এই ধীরে ধীরে কথাটা তিনি খবে আন্তের বর্লোছলেন। কিন্তু যে টাকা খরচ করা হয় সেটা যদি ঠিকভাবে খরচ করতেন এবং ঠিকভাবে বিলিফ বিলি করতেন তাহলে আরও অনেক বেশী লোককে এরা দিতে পারতেন এবং সাধাবণভাবে বাজারের চালের দর কমাতে পারতেন। কিল্ড এ'দের উদ্দেশা চালের দর কমান নয়। যদি বাজার দর কমিয়ে দিতে পারতেন এবং যাদের রিলিফ দেওয়া উচিত তাদের রিলিফ দিতেন তাহলে চালের দর খানিকটা স্থিতিশীল হোত। ততীয় কথা হচ্ছে, এ'রা চান যাতে বারে বারে রিলিফের জনা এ'দের কাছে লোক আসে এবং তারপর তাদের নিয়ে দলীয় রাজনীতি কার্যকরী করবেন। তাঁরা এমন অবস্থা দেশের মধ্যে রাখবেন যাতে চিরকাল এই লোকগালো তাঁদের কাছে আসে। মাননীয় স্পীকার মহাশয়, আমরা এই বলে অনেকগলো প্রস্থাব দিয়ে-ছিলাম যে বিলিফ ভালভাবে বিলি করা হোক এবং তা' যাতে ঠিকভাবে লোকের। পায় তার বলেবহত কর্ম। কয়েকদিন আগে এখানে ঐ বেণ্ডের কিছু কিছু মাননীয় সদসোরা বলে-ছিলেন যে, আমাদের কোন গঠনমালক প্রস্থাব নেই আর ও'রা খবে গণতান্তিকভাবে চলেন। তবে বিলিফ কমিটির ব্যাপারটা যদি মনে করিয়ে দেই তাহলে অন্তত ঐ পক্ষের সদসোৱা এত কথা বলবেন না। বিলিফ কমিটির বংপারে কথা ছিল এবং প্রতেক তরফ থেকে প্রমতাব করা হয়েছিল যে এমনকি ফুড এনডভাইসরি বোর্ড এবং ইউনিয়ন রিলিফ কমিটিতে স্থানীয় বিভিন্ন বাজনৈতিক দলের প্রতিনিধি থাকবে। কিল্ত এ'রা এমনই গণতন্দ্রপ্রিয় যে সেই প্রস্তাব কিছুতেই গ্রহণ করলেন না। এ নিয়ে বারে বারে আলোচনা হয়েছে কি-ত তব্যত সেই প্রস্তাব গ্রহণ করেন

[3-50 -4 p.m.]

লি। তারপ্রের কথা হয়েছ এম এল এ-দের নামনেসন দেবার ব্যাপার। প্রফাল্লবার প্রথমে স্থীকার কর্মেন। তারপর আমাদের ক্ষেক্তন এম এল এ যখন তাঁদেব নোমিনী পাঠালেন বিশেষ করে বিগত সেসাকে থেজনত ঘোষাল যে নোমিনী পাঠিয়েছিলেন সেই নোমিনীর একটিও গ্রহণ করলেন না। যা হোক, ও'রা খুব গণতন্ত্রপ্রিয়, গণতান্ত্রিক পদ্ধতিতে ও'রা চলেন। কি বুকুল গুলতু ভিত্র পুদর্যতি সেটা একটা লনে করিয়ে দিই যে কিভাবে ও'দের দলের লোক আজুৰে কালকল কৰছেন। দ[্]ভাক্ষ খাটে ও'লা অধেকি নিকা বায় কৰেন এবং গানের দিকে ্রিক স্থাস্থাস্থান সাধানর স্থান প্রাক্তি আছে তাদের কাছে একলা ব্লেন যে তোমরা যদি কংগ্রে**সের** মেশ্যর হও তাহলে রিলিফ পারে। মান্থের দারিদ্রা ক্ষ্ধা, অনাহার নিয়ে এবা রাজনীতি করেন। এ কথা জোরের সংগে বলতে পারি যে যদি রিলিফ কমিটিতে ঠিকমত প্রত্যেক দলের প্রতিনিধি থাকে, যদি ঠিকদত প্রায়োরিটি লিস্ট তৈরি হয় তাহলে ঐ থগেনবাব, ও'দের দিক থেকে অনেকে নির্বাচিত হয়ে এখনে আসতে পারবেন না। ঐ রিলিফ হচ্ছে ও'দের একমার ভবসা। ঐ ভরসা করে ও'রা এখানে এসেছেন। তা না হলে ও'দের অনেকের বক্ততা এখানে বংধ হয়ে যাবে। ও'রা বিশেষ করে প্রতাপবাবা খাব গণতকের কথা বলেন। মিঃ স্পাঁকার, স্যার, আপনি হয়ত জানেন না ও'নের তেমোজাসি কি দিয়ে গঠন করা আছে, বিভাবে ও'দের ভেমোজ্যাটিক নীতি চলছে। ফেলিন খাতে খন্ত করার মধ্য দিয়ে একটা চিত খবে পবিংকার হয়ে গেছে যে দেশের অবস্থা কি। ১৪ বছর আমাদের দেশ স্বাধীন হয়ে যাবার পর ও বছরে ২৮ থেকে ৩০ কোটি টাকা দুভিক্ষি খাতে খরচ করতে হয়। ওবি বলেন যে আমরা সমাজতকোর দিকে যাচ্ছি-পাবলিক সেকটারের উপর জোর দিঞ্ছি। কিন্তু আমরা হয়ত কোনদিন শ্নেব যে দেশ যত সমাজ-ভন্তব্দের পথে যাবে তত দেশে ভিখারীর সংখ্যা বাড়বে। খথচ ওরা জোর করে বলেন যে আমবা সমাজতাকের প্রতিমিধির করি। তারা কি রক্ষা প্রতিমিধির করেন আমি বলছিলাম যেমন

The Congress Party represents socialism as monkey represents man.

এই রকম সমাজতন্তের ওরা প্রতিনিধিত্ব করেন যে সমাজতন্ত মান্বের জীবনে প্রাচুর্য আনে না, যে সমাজতন্তে হাহাকার বেড়ে যায়, যার মধ্য দিয়ে মান্বের দৈন্য বেড়ে যায়, বেকার বেড়ে যায়, ছটিট হয়। তাঁদের সমাজতন্তের বড় বড় কথা বলা বন্ধ করা উচিৎ। রিলিফ কমিটির চাল যাদের প্রয়োজন নেই তাদের বাজারে যে দরে বিকি হয় তার চেয়ে সমতা দরে দিয়ে যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন তারা যদি গণতন্তের, সমাজতন্তের কথা না বলেন তাহলে ভাল হয়। তারপর, প্রতিস খাতে দেখলামে ৫০ লক্ষ কত টাকা অতিরিভি খরচ হয়েছে। দেখলাম অনেক জীপকার,

অয়ারলেস ভ্যান কেনা হয়েছে। মিঃ প্পীকার, সাার, আপনার মাধ্যমে প্রিলস মন্দ্রীকে জিজ্ঞাস করি তাতে দ্রনীতি কি কমেছে? দ্রনীতি কমছে না। অয়ারলেস ভ্যান দিয়ে কি হয়—কোল আয়ারলেস ভ্যানকে গর্নভা দমন করার ব্যাপারে পিছনে পিছনে মেতে দেখিনি, কিন্তু যদি একটা শোভাষাত্রা বেরোয় তাহলে তার পিছনে দ্রটো করে অয়ারলেস ভ্যান যাছে। আমরা প্রিলস কর্মচারীদের, অবশ্য ২ 1৪ জন প্রিলস কর্মচারী ভাল নেই তা নয়, গ্র্লভা দমন করার সময় রক্সমঞ্জে দেখি না। নির্বাচনকে ভিত্তি করে ওরা গ্র্লভা দমন করার ব্যাপারে প্রিলসকে কাজে লাগান নি। কয়ের দিন আগে হরেরুক্ষবাব্রহাসনাবাদ থানায় আলতাব আলি মোল্লার হতার ব্যাপারে প্রিলস মন্দ্রীর দ্র্লিট আকর্ষণ করেছিলেন। প্রিলস মন্দ্রী বলেছিলেন যে ওটা রাজনৈতিক হত্যা কাজান তিক হত্যা করা। কিন্তু একটা ঘটনা তুলে ধরছি তাতে ব্রা যাবে ওটা রাজনৈতিক হত্যা কিনা এবং প্রিলস সেটা জানে কিনা। ওটা যদি রাজনৈতিক হত্যাকাশ্য না হত তাহলে যে এলাকায় এই রকম ঘটনা ঘটল সেই কনস্টিটিউরেন্সির এম এল এ দীনবন্ধব্বাব্র সেই এলাকায় একবারও যান নি কেন? এবং আলার মনে হয় দ্বিবন্ধব্বাব্র পরামর্শ নিলে আরও খবর পাওয়া যেত।

[Noise.]

(ভয়েসেসঃ ঠাকুর ঘরে কে? কলা খাই না।)

Shri Asoke Krishna Dutta:

সাার, অন এ পরেণ্ট অফ অর্ডার, যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে- সেটা সাবজন্তিস আছে। তা নিয়ে কি করে আলোচনা হতে পারে?

ভিয়েসেসঃ আপনি বসনে, বসনে, ওটা পয়েন্ট অব অডার নয়, পয়েন্ট অব ডিজডার।

Shri Khagendra Kumar Roy Chowdhury:

আমি সাবজন্তিসির কোন কথায় ঘাই নাই। উনি তো পয়েণ্ট অব অর্ডার তুলে লাফিয়ে উঠলেন।

Mr. Speaker: The matter is sub-judice. The matter cannot be discussed in this House,

Shri Khagendra Kumar Roy Chowdhury:

আর দ্য-একটা ঘটনার কথা বলি। দেখনে, আপনাদের সাহায্যে কি রকম গ্র-ডামীর ঘটনা ঘটছে। গত ১৪ই মাচ তারিখে খড়দহ এলাকার ট্রেড ইউনিয়ন নেতা শ্কদেওকে নির্মানতাবে মারে ভিকু গোয়ালা, স্ত্রীব, যাদব প্রভৃতি। ঐ মারার তারিখ ১৪ই থানায় এ সম্বন্ধে ডায়েরী করতে গেলে খড়দহের থানা অফিসার বলেন আপনারা বরং সাক্ষ্মী পাঠিয়ে দেবেন, আমি তাদের ষ্টেটমেন্ট নেব। কাল যথন সাক্ষীরা ষ্টেটমেন্ট দিতে গেছে, তথন তাদের সকলকে আারেস্ট করা হয়েছে। নির্বাচনের সময় এইসব এলাকার গ্রাম্ডাদের সঙ্গে তাদের যোগাযোগ ছিল, গ্রাম্ডাদের ভারা আশ্রয় ও প্রশ্রয় দিচ্ছে এবং এই গ্রেন্ডাদের ন্বারা বামপন্থী কম্বীদের উপর আক্রমণের চেন্টা হচ্ছে। এই অবস্থা অভ্নেকে প্রত্যেকটি ভায়গায় হচ্ছে—শুধু খড়দহ বলে নয়, হাসনাবাদ ও অনান। জায়গায় এই িজনিসগুলি হচ্ছে। পুলিস মতী এখানে নাই আপনার মারফং তাঁকে বিশেষভাবে জানাতে চাই এই ব্যাপারে যদি তারা কোন ব্যবস্থা না করেন, তাহলে অবস্থা গ্রেতর হবে। এ'রা যদি চান অবস্থা গ্রেতর হোক এবং একথা বলছি তাতে ঐ প্রালসের তরফ থেকে বলা হোক যে তার। শান্তি ক্লম করতে পারছে না। তা যদি না হয়, তাহলে তার যে কর্নাসকোয়েন্স তার জনা সরকার পক্ষই দায়ী থাকবে। এ'রা মুখেই সমাজতন্তের কথা বলেন: বিশেষ করে নিব'।চনের সময় এ'রা বলেছেন আমরা সাম্প্রদ'য়িকতা করেছি। মাননীয় স্পীকার মহাশয়, এ'রাই সাম্প্রদায়িকতা সমস্ত জায়গায় জাগিয়েছে। কেরালায় মাসলিম লাগের সংগ এ'রাই দল করেছে আঁতাত করেছে।

[গোলমাল]

স্পীকার মহাশয়, ও'রা বলেছেন ঘর করেছি বটে, কিম্তু তাতে পবিত্ততা নাট হয়নি। শরংচন্দ্রের শ্রীকান্তে আছে—টগর বোষ্টমী শ্রীকান্তকে বলছে "নন্দ মিস্ট্রীর সংগ্রাবিশ বছর ঘর করেছি বটে, কিম্তু জাত খে.রাই নি, তাকে কখনো হে'সেলে ত্বতে দেইনি।" এ রাই তেমনি বলছেন মুসলিম লীগের সপ্তে দল করেছি বটে, কিন্তু তাদের হে সেলে ঢ্কতে দেইনি। কাজেই এদের পবিত্রতা নন্ট হরনি। স্তরাং আমরা জানি এ দের গণতন্ত্র কি রক্ষ। সেই গণতন্ত্রর জবাব বামপন্থীরা দেবে।

[4-4-10 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে এই যে অতিরিক্ত বায়বরাশের বাজেট মঞ্জারির জন্য আমাদের কাছে পেশ করা হয়েছে তাতে আমরা একটা বিষয় লক্ষ্য করছি. যে অর্থ দাবি করা হরেছে তার মধ্যে একটা বড় এংশ পে কমিটির রিপেটে অনুযায়ী সরকারী কম'চারীদের বেতন দেওয়ার জনা সরকারের প্রয়োজন হবে, অথবা সেটা তারা ইতিমধ্যে খরচ করে ফেলেছেন : সেই পরিপ্রেক্ষিতে পে কমিটির রিপোর্ট সম্পর্কে দ্ব-চারটে কথা বলতে চাই। যদিও এই পে ক্মিটিটর বিপোর্ট আমাদের হাউসের সামনে পেশ করা হয়েছিল এবং তা বিস্থারিতভাবে এখানে আলোচিত হয়েছিল কংগ্রেস পক্ষ এবং বিরোধীপক্ষের তরফ থেকে –সেই পে কমিটির যে ডিসিশন, সেই ডিসিশনএর মধ্যে চুটিবিচাতিগুলি বিশেষভাবে দেখিয়ে দেওয়া হয়েছিল. তা সত্তেও আমরা দেখতে পাচ্ছি সরকার এখনও পর্যন্ত সেই পে কমিটির রিপোর্ট ঠিকমত সংশোধন করতে রাজি হচ্ছেন না। সরকারী কর্মাচারী ইউনিয়নের পক্ষ থেকে এই পে কমিটির রিপোর্ট সম্পর্কে হাননীয় মাখামন্ত্রী মহাশয়ের কাছে একটা স্মারকলিপি পেশ করা হয়েছে. কিল্ড এখনও পর্যাল্ড সে সাম্বাল্ধ সরকারের পক্ষ থেকে ঠিকমাত স্টেপ নেওয়া হয় নি। আজকে এই অতিরিক বাজেট বরাদ্দ কালে আমি মুখামন্ত্রী মহাশয়ের কাছে আবার অনুরোধ জানাব যে. পে কমিটির রিপোটের মাধামে শতকরা ৭০ ভাগ নিদ্ন বেতনভক কমচারী এবং যারা ক্লাকসি, তানের শতকরা প্রায় ৭০ ভাগের লাইনে এমন কিছু বৃদ্ধি হয় নি। তারা এই যে পে কমিটি গঠন ক্রেছিলেন, তা গঠন করবার সময় তাদের দ্ভিটতে ছিল যে, বিভিন্ন প্রথবার্ষিক পরিকল্পনা একটার পর একটা যা আসছে, সেই সকল পঞ্চবার্যিক পরিকল্পনাকে সাফলার্মান্ডত করতে গোলে প্রিচমবল্য-স্বকারের যেসমূহত ক্মচারী আছেন তাঁদের কিছুটা সন্তর্ট করতে হরে। কলে তাদের কাছ থেবে আদার করতে হবে। সেই দুল্টিভণ্গি নিয়ে তাঁরা পে কমিটি গঠন করেছিলেন। কিন্ত আহন্য দেখতে পাচ্ছি পে কমিটির যে আওয়ার্ড, তাতে কর্মচারীরা লোটেই স্বত্যট নন এবং ভাদের আশা আকাৎকার এক অংশও মেটাতে পারেন নি। সেইজনা আছি অথ্যান্ত্রী মহাশায়কে অনারোধ করব পে কমিটির ডিসিশন ঠিকমত যেভাবে কমচারীরা দুরি করেছেন তাব কিছুটা পারণ করে, তার অন্তত খানিকটা মেনে নিয়ে পে কমিটির রিপোর্ট রিভাইজ করবেন এবং কম্চারীদের বেতন বৃদ্ধি কিছুটা করবেন।

মাননীয় স্পাকার মহাশয়, পালিস খাটে দেখতে পাছিছ যে, পালিসমতী মহাশয় আবার ৫৩ লক্ষ টাকা চেয়েছেন। আমি মনে করি ঠিকমত যদি বাজেট বরান্দ হ'ত তা হ**লে এই** সাণিলয়েন্টারি বাজেটে এই অর্থ আনবার প্রয়োজন হ'ত না। কারণ এমন কিছা <mark>আরজেন্ট</mark> নিডস এর মধ্যে দেখতে পাই না। আমরা দেখতে পাচ্চি গতান গতিক যেগালের প্রয়োজন. সেইগুলি সম্ব্যেধ ব্রাদ্দ চেয়েছেন। আমি এই ব্যাব্রাদ্দ সম্ব্যুদ্ধ আলোচনা করতে গিয়ে পুলিস্মতী অসম এখানে উপস্থিত নেই স্থামতী মহাশয়ের কাছ থেকে একটা জবাব চাচ্ছি -কোচবিহারে পরিলাসের একটা ভিপ একটি ভারকে চাপা দিয়ে মেরে ফেলে। তার ফলে কোচবিহার সহরে সাধারণ মান্ত্রের একটা বিক্ষোভ স্থিত হয় এবং সেই বিক্ষোভ্রে প্রিলসের তরফ থেকে নিম্মিভাবে দলন করা হয়। শুধু তাই নয়, সমুহত কোচ্বিহার শহরে একটা সন্তুস সূল্টি হয় একথা স্বাই জানেন। আমরা তথন জেনেছিলাম এবং শ্নেছিলাম যে, আমানের প্রিসমন্ত্রী সেই অঞ্জে, সেখানে গিরেছিলেন, তিনি নিজে এ সম্পর্কে তদতত করতে। আমি জানতে চাই সেই তদন্ত করে তিনি কি প্রতাক্ষ করেছিলেন? এই ঘটনার জ্বনা তিনি কাদের দোষী সাব্যস্ত করেছিলেন এবং যাদের দোষী ব'লে সাব্যস্ত করেছিলেন, তাদের কি শাস্তি দেওয়া হরেছিল? আজকে এই হাউসে তার জনাব চাই। আমি জানতে চাই আমরা যে এত টাকা প্রলিস খাতে খরচ করি, সেখানে প্রলিস আর্কোটভিটিস বদি পাবলিক স্বার্থের পরিপশ্বী হয়, তা হলে নিশ্চর সে সন্বন্ধে জবাবদিহি প্লেসমন্ত্রী কিংবা মুখ্যস্ত্রী মহাশর্কে করতে হবে।

এডুকেশন খাতে যে বারবরান্দ তাঁরা চেরেছেন তার ভিতর একটা জিনিস আমরা দেখতে পাছি যে, এই সেকেন্ড ফাইভ-ইয়ার স্পান একপেন্ডিচারএ। থার্ড ফাইভ-ইয়ার স্পানএর প্রথম বংসরে, তার জন্য তাতে চাওয়া হছে এই সাম্পিনেন্টারি এস্টিমেট। এই থেকে আমরা যে কথা ব'লে থাকি যে পরিকলপনাহীন পরিকলপনা, এও তাই এবং এর থেকে তা প্রমাণিত হছে। পরিকলপনা এনন করেছেন যে সেকেন্ড ফাইভ-ইয়ার স্পানএর টাকা থার্ড ফাইভ-ইয়ার স্পানএর ফার্স্ট ইয়ারএ চাওয়া হছে। শ্বেষ্ তাই নয়, তাও আবার চাওয়া হছে আজকে সাম্পিনেন্টারি গ্রান্টএ। আমি মনে করি এর থেকে গভর্নমেন্টএর নীতিহীন নীতি বেশ ভালই পরিস্কন্ট হয়েছে।

মেডিক্যাল খাতে ৫ লক্ষ টাকা চাওয়া হয়েছে—এটা যদিও ফুট নোটএ ব'লে দেওয়া হয়েছে —তা হ'লেও মন্দ্রিমংশায়ের কাছে বলতে চাই যে, এটা রিভাইজ'ড বাজেটে ছিল এবং আবার এটা সাঞ্চিমেন্টারি বাজেটেএর মধ্যে দেখতে পাচ্ছি কেন? ফেমিন খাতে ৩ কোটি টাকা বেশি চাওয়া হয়েছে। এবারের আগের আগের বংসরে অবশ্য সাণিলমেন্টারি বাজেটে মন্ত্রিমহাশয় ২ কোটি ৩ কোটি টাকার মত চেয়েছেন এবং সেই দাবি এখানে মঞ্জুর করাও হয়েছে। তার কারণ ছিল। তার কারণ ছিল গত বংসরের আগের বংসরে আমাদের অজন্মা হয়েছিল এবং তার পরের বংসর বিধর্ষসী স্লাবন হয়েছিল, কিন্তু আমি খাদ্যমন্ত্রীর কাছে জানতে চাই দাতিকি খাতে গত বংসর যে বংসর পশ্চিমবংগ বাদপার ক্রপ হয়েছিল, যে বংসর খাদোর কোন অভাব ছিল না, সেই বংসরে যে তিন কোটি টাকা দুভিক্ষি খাতে খরচ হ'ল? আমরা জানি বংসারের পর বংসর এই দিভিক্ষি খাতের মাধামে দেশের একটা বিরাট অংশকে ভিথারিতে পরিণত করতে যাচ্ছেন। সতেরাং তাদের অবস্থার উন্নতি করার জনা তাঁরা কি সবিষয় পদ্থা অবলম্বন করেছেন: আমি মনে করি এই বংসর তিন কোটি টাকা বায়ের একমাত লক্ষ্য ছিল সাধারণ নির্বাচন। আনর জানি সাধারণ নির্বাচনে বিভাবে গরিব জনসাধারণকৈ ৫ সেব ১০ সের গম দিয়ে এদের ভোট কিনবার চেণ্টা করেছেন। কিভাবে সাধারণ মান্যের নৈতিক চরিত্র নগ্ট ক'রে দিয়েছেন, এটা আহারা সাধারণ নির্বাচনের মধ্যে দিয়ে দেখেছি। প্রাটইেটাস রিলিফ এর জন্য যদিও আমরা রিলিফ কমিটির মেন্বার ছিলাম কিন্ত আমি বলতে চাই যে, গত বংসরে মেন্দ্রার্দের দ্বারা খ্রু কম প্রাটটেইটাস রিলিফই পাশ করা হয়েছে। অথচ নির্বাচনের ২-৩ দিন মালে আমরা জানতে পারলাম কমের, ১০ সের কারে গম প্রত্যেক বাভি বাভি দিয়ে আসা হয়েছে যাতে এদের প্রতিপক্ষকে প্রতিভ করা যায়। কিল্ড তাঁরা জানেন না তারের দ্নেশীতির মনোভাব ভালভাবে সাধাবণ মানুষের মনে প্রবেশ করেছে। আমার কেন্দ্রে ও সের, ১০ সের কারে গম নিয়েছে কিন্তু কংগ্রেসকে ভোট দেয় নি। অবশা আমি নীতিগতভাবে এটা সমর্থন করি না। আমি মনে করি যদি কারও কাছ থেকে কিছা নেয় তা হ'লে তার কাজ করা উচিত। কিন্ত তাঁবা যে দুনণীতির আশ্রয় নিয়েছেন, সাধারণ মানুষের মধ্যে সেই দুনণীতি প্রবেশ করিয়ে দিয়েছেন তার ফলে সাধারণ মান্য দ্রুনীতিপরায়ণ হয়েছে এবং এইভাবে ঠকাতে চেণ্টা করছে। এই টাকা দিয়ে কংগ্রেস দেশে দ্নেণীতি আনছেন এবং ভিখারির জাতিতে পরিণত 14-10 -- 4-20 p.m. |

করছেন। এর পর আমি আর একটা কথা বলতে চাই, মিসলেনিয়াস ক্যাপিটাল আবাউল্ট অফ আদার দেটি ওয়ার্কাস আউটসাইড দি রেভিনিউ আকাউল্টএ অফরা দেখছি সরকার হাউসিং এবং আরবান ডেভেলপ্রেণ্টএর জনা প্রাণ্ট ইন এইড দিয়েছেন, বংগ্রেস পার্টি ১৯৫৪ সালে কল্যাণীতে একটা বংগ্রেস সেসন করেছিলেন সেই সপো সংগে তাঁরা একটা এজিবিশন করেছিলেন—এটা করাতে কি হয়েছিল না কল্যাণীতে টাউনশিপএর জন্য প্রচার হরেছিল। তার জন্য কংগ্রেস পার্টিকৈ প্রাণ্ট ইন এইড দিয়েছেন আমাদের পশ্চিমবশ্গ-সরকার। প্রথম কথা আমার মনে হছে যে, আজকে কংগ্রেস প্রতিষ্ঠান—যে প্রতিষ্ঠান সরকার দখল ক'রে আছে, সেই প্রতিষ্ঠানকে সরকার টাকা দেওয়া অনায় এবং আমি মনে করি এর দ্বারা গণতল্যের অপমৃত্যু হয়ে। এ ছাড়া আমি কংগ্রেস প্রতিষ্ঠানকৈ জিল্ঞাসা করি যে, তাঁরা যে লক্ষ্ক লক্ষ্ক টাকা ক্যাপিটালিস্টদের কাছ থেকে নিচ্ছেন, তাঁদের নিজেদের কাজ চালাবার জনা—এভাবে তাঁরা নিজেদের দৈন্য প্রকাশ কেন করেছেন। পশ্চিমবশ্গ-সরকারের কাছ থেকে কি করে হাত পেতে নিলেন। এই যে লক্ষ্ক লক্ষ্ক টাকা তাঁরা সরকারের কাছ থেকে নিলেন তার জন্য আমি তাঁর

প্রতিবাদ জানাচ্ছ। পশ্চিমবংগ-সরকার কংগ্রেস পার্টিকে সাধারণের টাকা দিলেন। আমি বিল তাদের যদি সংগঠনের জন্য টাকার দরকার হরেছিল তা হলে সাধারণ মানুষের কাছ থেকে নিলেই পারতেন। তা না করে ঘ্রিয়ে নাক দেখানোর কোন মানে হয় না। এবং এটা অত্যান্ত অন্যায় ব'লে আমি মনে করি। আর-একটা কথা ব'লে আমি আমার বন্ধবা শেষ করব। আমি স্বারন্ত্রশাসন বিভাগীয় মন্ত্রিমহাশয়ের এ বিষয়ে দুল্টি আকর্ষণ করছি। তিনি করপোরেশনএর এমন্দরিজদের ডি এ দেবার জনা টাকা গ্র্যাণ্ট চেয়েছেন। আজকে আনন্দবাজার পাঁচকায় একটা থবর দেখে তাজ্জব বনে গিয়েছি। সে সম্বন্ধে এই দণ্তরকে জানাতে চাই। 'আনন্দ-বাজায় পত্রিকায় বেরিয়েছে যে. বিনা বর্ষণে সমস্ত কলকাতা ডবে যেতে পারে. কারণ ভগভস্থ নল বক্তে যাছে। বুজে যাছে শ্রমিক-মালিক বিরোধের ফলে। কালকাটা করপোরেশনএর কর্তৃপক্ষের সংশ্যে প্রমিক ইউনিয়নের বিরোধের ফলে ভূগভান্থ নল পরিন্ফার করা হয় না। কর্তপক্ষের কাছে বারবার দাবি করা সত্তেও ড্রেনেজ ইঞ্জিনীয়ার এখনও কোন বাবস্থা গ্রহণ করেন নি। তা হলে একদিন কলকাতা শহরের মানুষ দেখবে সমস্ত কলকাতা জলে ভেসে গিয়েছে এবং সেই জল কবে নিষ্কাশিত হবে তা কিছু বলা যায় না। এ খবর কলকাতা শহরবাসীদের কাছে মারাত্মক বলৈ মনে করি। এ সম্বন্ধে স্বায়ন্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় কোন থবরাথবর নিয়েছেন কিনা এবং করপোরেশন এমপ্লয়িদের ডি এ দেবার জনা যে টাকা বায়বরাদদ দাবি করছেন। কাঙ্গেই এ সম্বন্ধে আপনার কি বস্তব্য বিধানসভায় পরিষ্কার করে রাখবেন আশা কবি।

Shri A. H. Besterwitch: Sir, I come from the tea area. Sir, although the tea industry occupies a very important position in the economy of the country the whole industry is left in the hands of the capitalists both foreign and Indian. It that industry was nationalised. I am certain that the country would have earned a lot and it would have been spent for the welfare of the State. Even it there was State trading on tea, I am certain that the country would have derived a lot of revenue for the welfare of the country as a whole. Unfortunately Government has done nothing towards this. The situation regarding unemployment in the tea industry is such that it constitutes a great thought for the whole of the State. Government have failed even to make alternative employment. During these 10 years labour force has been reduced to over 35,000 or more without any alternative employment. It some alternative chance is not opened out for these unemployed hands the situation would be so serious that in the long run we will have to face a lot of trouble.

Regarding the other problem of the Alipur Subdivision, some of the honourable members on the otherside have stated that in every village there is a primary school but I can say that in the whole of the Alipur Subdivision I do not think even 3/4 of the villages are served with primary schools. The rest is only in name. Yes, primary schools there are in the tea gardens but they cater to the children of the tea gardens but they cater to the children of the tea gardens but they cater to the children of the tea gardens but they cater to the children of that area do not get a chance of higher education.

Regarding the health centres in the Subdivision there are only 4 or 5 in that area but the most important factor is that the town is growing—Hamiltonganj and Birpara—and it there are serious patients they have to be removed from these two areas to Alipur or Moynaguri or Jalpaiguri which are far away from these places.

I would request the Hon'ble Health Minister through you, Sir, to go there and see the condition of the people personally. During the time when the tea planters were in possession of those two areas, there were sufficient facilities for drinking water and, at the same time, people were catered with medical aid from the gardens. But now you, will find scarcity of water all over these areas. At Birpara also there are tubewells dug by individuals by means of which water-supply is going on there.

[4-20-4-30 p.m.]

Sir, through you, I draw the kind attention of the Hon'ble Minister for Roads and Buildings to what I would now say. I think he knows full well that the roads and culverts which were destroyed during the last ten or twelve years are neither reconstructed nor repaired and villages are not accessible by roads. I hope my friends on the other side who come from the same areas will agree with me in this matter. Sir, it is due to the callousness of the Government that the conditions of the villages are such. Again, we find in these areas that thousands and thousands of maunds of paddy and other crops are being destroyed by wild animals. In this connection I would refer to the Shalkumar Union which we call Kolapani of the Alipur Duars subdivision. Although we have made various representations to the Government, up till now the Government has not done anything to protect the harvests from the depredations of wild animals.

Sir, the Hon'ble Food Minister has said that the Steel Brothers do not purchase any rice. The Hon'ble Minister said that the rise in the price of rice is not due to purchase by stockists and hoarders, there has been bumper crop and all that. But, Sir, we all know that this rise in the price of rice is due to the large-scale purchase by the stockists and that Messrs. Steel Brothers, who are the suppliers of rice and paddy to the tea gardens, are purchasing huge quantities of rice and paddy from Jalpaiguri, Cooch Behar as well as from West Dinajpur. Sir, it is no use saying that they are not purchasing without making any proper enquiry. I would request the Food Minister to make proper enquiries before answering such questions.

Sir, in the Supplementary Budget we find a huge amount under the head "Police". We have just received information that there was a bit of clash between the Santhals and the Muslims at Gazal in the district of Malda. What are the police doing? Are they sleeping over the matter? It is always found that communal tension is prevailing all over the place and that is fanned by my friends on the other side. The Police Minister has told the other day regarding the Shoulmari Ashram and the teply that he gave was a stereotyped one. A notice was given to him but he could not give any precise information. They are spending a lot of money on the police, but they cannot give any information. It is surprising that the LB. Department could not get any information with regard to the actual position. What is the secret going on inside? It is a pathetic affair—though a large sum of money is spent on the police, still the department concerned cannot furnish the people with the requisite information. I hope the authorities concerned will make a proper investigation regarding the Falakata affairs, the Ashram affairs. The whole thing—should be—gone through very carefully so that we can have a proper and suitable reply.

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখতে পাছি সাল্লিমেন্টারি বাজেটের যে অংশে ৭ কোটি ৫০ লক্ষ্ণ টাকা চাওয়া হয়েছে এটা একটা প্রথয়ে এসে দাঁড়িয়েছে। আপনি যদি আ্যাসেন্দ্রাল প্রসিডিংস দেখেন তা হলে দেখকেন যে, প্রত্যেক বছর এই নিয়ে কঠোর আলোচনা হয়েছে যে, এবা টাকা নিছেন। এ থেকে গভনামেন্টের দেবছলচারিতাই প্রমাণিত হয়। এবা গণতল্ডের কথা বলেন, আর যেখানে প্রয়েছন থাকে না মেখানে খরচ ক'রে তারপর ভোটের জ্লেরে পাশ করিয়ে নেবার জন্য এখানে উপস্থিত করেন। আমরা দেখছি যেসব খাতে খরচ করতে চান সেখানে রখেট চিন্তাভাবনা ক'রে উপস্থিতী করেন অথচ পরে খরচ করতে পারেন না। মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখছি জনকলাণ খাতে এবা টাকা নিয়ে খরচ করতে পারেন নি এবং কোটি কোটি টাকা যে সারেন্ডার করেছে তার দ্ব'-চারটা উদাহরণ আমি দিছি। ন্বিতীয় পঞ্চবার্থিক পরিকলপনায় এবা চিকিৎসা খাতে বরান্দ্র করেছিলেন ১০ কোটি ৭৫ লক্ষ ০৬

তাজার টাকা কিন্তু খরচ হ'ল মাত্র ৭ কোটি ২৩ লক্ষ ৯১ হাজার টাকা—অর্থাৎ ৬ কোটি টাকা চ্ফবং গেল। তারপর যেখানে আজ সমগ্র দেশ টি বি-তে ছেয়ে যাছে, ম্যালেরিয়া ব্যাপক অকারে দেখা যাচ্ছে, বসন্ত ছড়িয়ে যাচ্ছে। দুর্গন্ধময় জল লোকে খেতে পাচ্ছে না। সেখানে ক্রনস্বাস্থা খাতে বরান্দ করলেন ৭ কোটি ৭৯ লক্ষ ৩৪ হাজার টাকা আর খরচ হ'ল ৫ কোটি ২৪ लक्त টাকা—অর্থাৎ ফেরং গেল ২ কোটি ৫৪ लक्ष টাকা। তা হলে দেখা যাচ্ছে জন-कलाएनत वााभारत জনস্বাস্থোর জনা এ'রা টাকা খরচ করতে পারলেন না। তারপর কৃষিখাতের বাপারে দেখছি ষেখানে অভ কৃষকরা ঋণভারে জজরিত, দ্ব-ফসলী দ্রের কথা এক-ফসলীও করতে পারছেন না, ভেড়ি বাঁধের অভাব, বীজ পাচ্ছে না, ঋণ পাচ্ছে না, গর, নেই ঐ খাতে বরাদ্দ ছিল ৭ কোটি ৮৮ লক্ষ ৩৮ হাজার টাকা আর খরচ হ'ল ৫ কোটি ৪১ লক্ষ ১৩ হাজার টাকা-অর্থাৎ ২ কোটি ৪৭ লক্ষ ২৫ হাজার টাকা ফেরত দিলেন। তারপর, মংসাচাষ করে মানুষ্কে মাছ খাওয়াতে পারছেন না ব'লে মানুষ ৩-৪-৫ টাকা দরে মাছ কিনছে অথচ দেখা যান্তে একটা চেণ্টা করলেই এখানে মংসাচাষ হ'তে পারে। মংসাচাষ খাতে বরান্দ করেছিলেন ৭৫ লক্ষ্য ৭৪ হাজার টাকা কিন্তু এ'রা এমনই উপযুক্ত লোক যে তার মধ্যে খরচ করলেন মার ১৬ লক্ষ্য ৭৯ হাজার টাকা-অর্থাৎ ৪৮ লক্ষ্য ৯৫ হাজার টাকা সারেন্ডার করলেন। ও'রা কৃষকদরদী কৃষকদের ১০০-১২৫ টাকা দামের গর্ চিকিৎসার অভাবে মারা যায়, কিন্তু থানাতে একটা গর্ব চিকিৎসক পাবেন না। অথচ সেই পশ্ব চিকিৎসার জন্য ও'রা বরান্দ করলেন ৬ কোটি ৪০ লক্ষ ৫৫ হাজার টাকা আর খরচ করলেন মাত্র ৩ কোটি ৭৮ লক্ষ ৪৬ হাজার টাকা অর্থাৎ ফেরং দিলেন ২ কোটি ৬২ লক্ষ ৯ হাজার টাকা। এই হ'ল ও'দের যোগাতা। তারপর সমবায় সমিতির কথা ব'লে রাজনীতি ক'রে ঘুরে বেড়াচ্ছেন---সমবায় খামার, সমবায় কৃষি ইত্যদি অনেক কিছু করছেন। এখন আমাদের নীতি হচ্ছে সমুহত কাজ সমবায়ের ভিতিতে করতে হবে। কুষি সমবায় খাতে ওরা নিলেন ১ কোটি ৯৬ লক্ষ ৫১ হাজার টাকা। আর খনত কংলোন ৯৬ লক্ষ্য ৩৮ হাজের তাকা অর্থাৎ ফেরং দিলেন ১ কোটি ১৩ লক্ষ্য টাকা। ওরা যদি কেবল বাজনীতি ক'ৰে ঘ্রে বেডান তা হ'লে সমবায় করবার সমবায়ের কাজ কৃষ্কদের দেখাবার সময় কোথায়! যেখানে কৃষকরা মাত ৩-৪ মাস কার্ড করে এবং ৮ মাস বেকার থাকে সেখানে কুটিরশিল্পকে তার পরিপ্রক ক'রে তাদের কাজ দেওয়া যেতে পারে এবং তাতে বেকার সমস্যা সমাধান করা যেতে পারে। সেখানে তারা কুটিরশিলেপর জনা টাকা নিলেন ৭ কোটি ৯১ লক্ষ্য ৮৫ হাজার টাকা, খবচ কবলেন ৫ কোটি ২৩ লক্ষ্য ৭ হাজার টাকা। কুটিব**শিশেপর** উল্লেখ্য না ক'রে আভাকে কুটিরশিলপাকে ধ্যাংস করছেন।। হাসিকং মেসিন বসিয়ে চেপিনটা প্রযুক্ত বংল কারে দিয়েছেন। অথচ খা্র বড় বড় কথা বলেন যে, গ্রামে গ্রামে কুটির শিশ্প কারে বেকার সমস্থার সম্বাধান করকো। অথচ ক্রির্ণাশপ খাতে ফেরত নিলেন ২ কোটি ৭৮ লক্ষ্ম ৭৮ হালার টাকা। তফসিল জাতির উয়তির জনা সিভিউল্ভ কাস্ট দণ্ডর খালেছেন। যেসব অধিবাসী দরিদু, ভূমিহানি, যারা থেতে পায় না, পরতে পায় না, তাদের উন্নয়নের জনা, কলাাণের জনা ওরা নিলেন ১ কোটি ৮৩ লক্ষ ৭১ হাজার টাকা, খরচ করলেন ১ কোটি ৩৪ লক্ষ ৫৫ হাজার টাকা, সেখানে ফেরত দিলেন ৪৯ লক্ষ ১৬ হাজার টাকা। সমণ্টি **উন্নয়ন খাতে** নিলেন ১৪ কোটি টাকা, খরচ করেছেন সেখানে মাত্র ৬ কোটি ৫৭ লক্ষ ৫৫ হাজার টাকা। অথচ প্রালিস খাতে সাণিলমেন্টারি বাজেটে আমাদের টাকা দিতে হবে যে প্রালিসের কোচবিহারে কলৎকজনক ইতিহাসের কথা বার বার এখানে উল্লেখ করা হয়েছে। আমি সেকথা এখন আর না ব'লে আমার কেন্দ্র সম্পর্কে একথা বলব যে, সেখানে ২-৩ বছর হ'ল হাত বোমা দিয়ে ডাকাতি হচ্ছে। আজ সমসত বাংলাদেশ ডাকাতি, গুডামিতে ছেয়ে গৈছে। পুলিস একেবারে শাস্ত যেন দেশে কোন বিপদ-টিপদ কোথাও নেই। আপনারা জনকল্যাণে টাকা খরচ করতে পারেন না। অথচ যেখানে দেশে ডাকাতি বেড়ে যাচ্ছে সেখানে প্রালস খাতে অফিসারের জনা, অফিসের বড় বড় বাড়ির জন্য টাকা দিতে হবে।

মাননীয় প্রণিকার মহাশার, আমি আপনার মাধ্যমে আমার এরিয়ায় প্রায়ন্তশাসন বিভাগের আডিমিনিস্টেশন কিভাবে চলছে সেসন্বশ্ধে সংশ্লিক্ট মন্তিমহাশরের কাছে একটা কথা বলতে চাই। সেখানকার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেক্ট শ্রীনাথচন্দ্র মাইতি যিনি আবার মণ্ডল কংগ্রেসের সেক্টেটরি তিনি এতই অপদার্থ এবং দায়িছজানহীন বে, ডিস্টিট্ট মাজিস্টেট বার বার নোটিস দিয়ে আজ দ্ব'বছর ধরে তাঁর কাছ থেকে কাগজপত্র ব্রে নিতে পারছেন না। অথচ গভনমেক

চুপ ক'রে ব'সে আছেন। এইভাবে সেখানে অ্যাডার্মানস্টেশন চলছে। সেখানে চৌকিদাররা ২-০ বছর ধরে মাইনে পার না, টাক্স আদার হর না, একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। অথচ সেই আডার্মানস্টেশনের নামে টাকা দিতে হবে। ১৯৫১-৫২ সাল থেকে জনস্বাস্থার নামে কেউ ৫ বিঘা জমি দিয়েছে, কেউ ৫ হাজার টাকা দিয়েছে অথচ হেল্খ সেন্টার হয় নি। সমবায়মন্টা চিত্তবাব্র শবশুরের কথা বলছি—স্বরেন্দ্রনাথ জানা মহাশায় বিধানবাব্র হাতে ১৯৫৬ সালে ২০ হাজার টাকা এবং ২০ বিঘা জায়গা দিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত হেল্খ সেন্টার করতে পারেন নি। এই হছে অবস্থা। দেশের দ্রুত মঙ্গালের জন্য যদি বাজেট হয় তা হলে নিশ্চয়ই টাকা দিতে হবে। মাননীয় স্পীকার মহাশায়, আমি শৃথ্ম নীতিগতভাবে একথা বলতে চাই যে, আমরা টাকা দিতে রাজী আছি যদি তারা তা ঠিকভাবে কাজে লাগান। টাকা নেবেন অথচ নিভেদের অপদার্থতার জন্য কাজ করবেন না এটা থামথেয়ালি বেহিসাবী সরকারের একটা প্রমাণ। এইভাবে বার বার টাকা দিতে আমরা রাজী নই। কারণ তারা বেহিসাবী সরকারের মত থেয়ালখাল্য না পারেন তা হলে দেশের অমঙ্গল হবে, সমস্ত দেশবাসী ভূগবে এই কথা ব'লে আমি গভনমেন্টের দৃণ্টি এদিকে আকর্ষণ করছি।

[4-30-4-40 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার আলোচনা প্রসংগে কুটিরশিল্প বিশেষভাবে তাঁতশিল্প এবং এই শিল্পকে বাঁচানোর জনা যে কো-অপারেটিভ সিস্টেম চাল্ম করা হচ্ছে, সেই সম্পর্কে দু:'-একটি কথা বলতে চাচ্ছি।

সমস্ত পশ্চিম বাংলার প্রায় ১৪ ভাগ পরিবার এই কুটিরশিল্পের উপর নির্ভরশীল। এদের সংখ্যা কম কারেও দশ লক্ষ হবে। কিন্তু কলকারখানার সঙ্গো যে অসম প্রতিযোগিতা এর চলছে, তাতে কারে আজকে এই কুটিরশিল্প ধরংস হ'তে বসেছে। সরকারের সেই সম্পর্কে কোন বিজ্ঞানস্থাত পরিকল্পনা নাই। সরকার খেয়ালখ্নিমত একে বাঁচাবার নামে, এই কুটিরশিল্পকে রক্ষা করার নামে কতকর্মাল টাকার অপচয় করছেন। আমি মনে করি চিরকাল এই অসম প্রতিযোগিতার হাত থেকে কুটিরশিল্পকে বাঁচান যাবে না। কিন্তু যতদিন আনে অনাত জাবিকা সংস্থান না করা যাছে, ততদিন অনতত এই শিলিপার্মালকে রক্ষা করা প্রয়োজন এবং একটা স্টোন্তত পরিকল্পনা অনুযায়ী সেটা রক্ষা করার চেন্টা ইওয়া দরকার। ভারতবর্ষো এই কুটিরশিল্পর মধ্যে প্রধান শিল্প হছে তাঁতশিল্প। আমি যে এলাকা থেকে এসেছি, সেই এলাকার এক তৃত্যায়াংশ লোক এই শিল্পের উপর নির্ভরশীল এবং ঐ অঞ্লের আথিক কটোমো দাঁভিয়ে আছে এই তাঁতশিল্পর উপর।

সরকার এই কৃটিরশিলেপর জয়গান করছেন। তাঁতশিলপ সম্পর্কে যুম্থের সময় জওহারলাল নেহর বলেছিলেন – এই যুম্থের সময় যারা কাপড় বুনে মা-বোনদের ইম্জং রক্ষা করেছে, তাদের ভালভাবে বিহার চেটা করা হবে। আমরা দেখেছি ইংরেজ যেমন তাদের দেশের কলের কাপড় চাল্ করবার মেনা এদেশের তাঁতদৈর বুড়ো আঙ্কা কেটে নিয়েছিলেন, এরা তাদের চেয়ে কম কি যাছেন : এই শিলেপর পেছনে ভারত-সরকার যেটকু টাকা থরচ করতে চান নির্দিষ্ট, করেছেন, পশ্চিমবংগ-সরকার সেটকুও করতে নারাজ। আর সেই টাকাও যেভাবে বায় হচ্ছে, সে-ও অপবায়ের সামিল ব'লে আমি মনে করছি। প্রথমতঃ কি তাঁতশিলপ, কি কুটিরশিলপ, এখানে রক্ষা সম্বন্ধে প্রশ্ন উঠলে, আমি বলব কাঁচামাল সম্বায় যোগাতে হবে এবং তাদের উপযুক্ত মজুরির বাবস্থা করতে হবে এবং সেই তৈরি মাল যা হবে, তার বাজারের দায়িত্বও সরকারকে গ্রহণ করতে হবে। কিন্তু সরকার সেদিকে যেতে রাজী হচ্ছেন না। এই তাঁতশিলপ সম্পর্কে সরকারের যে নীতি সে সম্পর্কে আমি ভেবেচিন্তে দেখেছি—সরকার উজান পথ ধরেছে। আমি মনে করি তাঁতশিলপ বেন্চ আছে কার্শিলপ হিসেবে। আরও যদি কিছুকাল এই তাঁতশিলপকে বাঁচিয়ে রাখতে হয়, তা হলে তাতে কার্শিলপ হিসেবেই বাঁচিয়ে রাখতে হয়। তাত কাম্মা দেখেছি, তাঁতের কাপড়ের বাজার মন্দা ব'লে তাঁতশৈর উপযুক্ত মজুরী দেওয়া হয় না। কিন্তু পূজার সময় অধিক মজুরী দিয়ে তাঁতের কাপড় তৈরিক করবার জন্য ভিড় হয়। এক

প্রভার সময় ছাড়া সাধারণ লোকে এই সব তাঁতের কাপড় ব্যাবহার করেন না। এটা তাঁরা বিশেষ বিশেষ সময়ে ভাল কাপড় হিসেবে বাবহার করে থাকেন। এর বাজার যে একটা °নিদিন্ট সম্রস্ত্র—তার থেকে এটা কার**্নিশন্প বলেই প্রমাণ হয়।** ভারতবর্ষে আজ কাপডের অভাব নেই। _{বিশ্}লবের পর চীনদেশে যে কাপড়ের অভাব ছিলো ভারতবর্ষে তা তো নয়। জাবতবর্ষের কলকারখানায় যথেষ্ট কাপড় তৈরি হচ্ছে, বিদেশেও ষ্থেষ্ট কাপড চালান বাচ্ছে, কিন্তু অভাব নাই। কাপড়ের এই শিল্পকে বাঁচাতে গোলে কার্নাশুল্প হিসেবে বাঁচানোর চেম্টা করা দরকার। কিন্তু সরকার তার উদেটা পথ নিয়েছেন। সরকার আস্তে আন্তে অটোমেটিক, সেমি-অটোমেটিক, পাওয়ার লুম - কেবলমাত এই দকেই এই শিল্পকে টেনে নেবার চেণ্টা করছেন। কিন্তু আমি মনে করছি এটা ভূল পথ। কিছ্বিদনও যদি একে বাঁচিয়ে রাখতে হয়, তা হলে কার, শিচ্প হিসেবেই একে বাঁচিয়ে রাখতে হবে। আৰু এই শিলেপ সঙ্কট দেখা দিয়েছে। এই ব্যাপারে, সরকার প্রথমে সামানা একটা পরিকল্পনা নিয়ে ছিলেন –প্রোডাকশন সেন্টার তৈরি করেছিলেন। যে কো-অপারেটিভগুলো যুদ্ধের আগে থেকে ও যদেশর সময় গড়ে উঠেছিল, সেই কো-অপারেটিভগুলির যতটুকু স্বাধীনতা ছিল, টাকা দেওয়ার নামে, সাহায্য দেওয়ার নামে সরকার উপর থেকে চাপ দিয়ে তার বাই-লগ লৈ, আইন-কান্-নগাল পালটে দিতে বাধ্য করলেন এবং কো-অপারেটিভগুলির উপর সরকারী কর্ডার নিয়ে এলেন। তারপর দেখা গেল কো-অপারেটিভএর সামান্য একটা সংখ্যা বেছে নিয়ে যে কো-অপারেটিভগালি বেছে নিলেন তার মধ্যে থেকে ৫০।৬০ জন মেন্বার বৈছে নিয়ে তাদের হাতে কাঁচামাল সমতাদামে সতো দিলেন এবং বললেন সমতা দামে কাপড তৈরি কারে দাও। কিন্তু সেই পরিকল্পনা ফেল ক'রে গেল। কেন ফেল করল? কারণ সম্পর্কে সরকার কোনরকম হিসেব নেবার চেণ্টা করলেন না। ফেল ক'রে গেল এই কারণে যে, উপর থেকে বে-আইনীভাবে হকুম দেওয়া হোলো সব রংগীন কাপড কর মোটা কাপড কর এক ইণ্ডি পাড কর, তা হ'লে নাকি কাপড়ের বাজার পাওয়া যাবে। কিল্ড শেষ পর্যন্ত তার বাজার পাওয়া গেল না। আর প্রাদেশিক মনোভাব এমনভাবে কাজ করল যে, কলকাতার বাজার ও বাংলাদেশের বাজার এনা প্রদেশের তাঁতশিল্পজাত জিনিসে ভরে গেল। কিন্তু বাংলাদেশের কাপড় অন্য প্রদেশে বিক্রয়ের জন্য কোন চেণ্টা, সেলস্ এম্পোরিয়াম খোলবার কোন বাব**স্থা সরকার করলেন না।** ফলে সেই সব কাপড়ের দাম কমে গেল এবং পরে নিলামে অর্ধেক টাকায় সেই কাপড় গজাননের মত মহাজনকৈ বিক্রয় করা হ'ল। কাজেই তাদের সেই পরিকল্পনা ফেল ক'রে গেল। মধ্য থেকে হ'ল কি ? কাপড় প্রতি আট আনা ক'রে নিয়ে হাজার হাজার টাকা তাতীদের কাছ থেকে আত্মসাং করা হ'ল। প্রতিডেন্ট ফান্ড হিসেবে সেই টাকা নেওয়া হয়েছে সরকার বলছেন। আঞ পর্যব্ত সেই টাকাও তাঁতীদের ফেরত দেওয়া হ'ল না। মার্কেটিং সোসাইটির জন্য যে ছয়শো টাকা করে নেওয়া হ'ল, সেটাও ফের*ত* দেওয়া হ'ল ন'। সরকার এই যে নীতি অনুসরণ ক'রে চলেছেন, এই নীতির দ্বারা সরকার আমাদের এই কুটিরশিল্পকে রক্ষা করতে পারবেন না। **এই** কুটিরশিলপকে রক্ষা করতে গেলে একটা সূত্রী, পরিকলপনা সরকারকে গ্রহণ করতে হবে। [4-40-4-50 p.m.]

সরকার যে তাঁতশিলপ সণতাহ পালন করেন তাতে লক্ষ লক্ষ টাকা ক'রে প্রচার করেন যে, কুটরশিলপকে বাঁচাতে তাঁরা কতই না স্বচেট। এই সমসত কো-অপারেটিভ যা প'ড়ে উঠেছে তা একটা প্রহসন ভিন্ন কিছুই নয়। কারণ এই কো-অপারেটিভগ্লি বে'চে আছে সরকারের যে রিবেট সিস্টেম আছে সেই রিবেট সিস্টেমএর অপব্যবহার ন্বারা। এইসব কো-অপারেটিভএর মধ্যে একটা ক'রে বিশেষ কেরানী রয়েছে। সেখানে যেসব কাপড় তৈরি হয় না, বিরুম্নও হয় না, অথচ খাতা-কলমে দেখানো হয় যে সেইসব কাপড় তৈরি হছে এবং বিরুম হছে। এবং এইভাবে রিবেটের টাকা সরকারী তহবিল থেকে নিয়ে কো-অপারেটিভ ও তার সেলস্ ডিপো চলছে। আমি সুরকারকে এই প্রহসন তাগে করতে বলি। কুটিরশিলপ সরকার বাঁচাতে চাছেন এটা মধ্যা কথা। রিবেটএর নামে সরকারের তহবিল ফাঁক করে, কাপড় তৈরি হয় না, বিরুম হয় না, শুধ্ব খাতা-কলমে হিসাব দেখানো হয় এবং সরকারের তহবিল থেকে ঐ টাকা নিয়ে এই কো-অপারেটিভ চলতে থাকে। এই সম্পর্কে সরকারের দ্বিট অকর্যণ করার চেটা বাইরে থেকে বারবার কোরে বার্ছা হোরেছি; বিধানসভায় দাঁড়িয়ে আমি প্নরায় এ সম্পর্কে সরকারের দ্বিট আকর্যণ করাছ। মার গরীবের প্রকট না কেটে মিলমালিকদের লভ্যাংশ থেকে রিবেটের টাকা সংগ্রহ কোরতে বলছি। ১৭-১৪

Shri Suchand Scren:

মান্দনীয় অধ্যক্ষ মহাশয়, আমার নিজের ভাষায় কথা বলতে পারলে স্বিধা হ'ত, কিদ্বেত্ত্ব আনেকে ব্রুতে পারবেন না তাই এখানে আমি বাংলা ভাষাতেই বলবার জন্য চেন্টা করব অতিরিক্ত বাজেট আলোচনা করতে গিয়ে আমি প্রথমে আমার নির্বাচন এলাকার একটা সমসা
কথা বলতে চাই। তা হ'ল বার্ধাত ক্যানেল কর সমস্যা। বহু বংসর হ'তে মেমারি এলাকা
দামোদর ও ইডেন ক্যানেল ছিল তাতে কর ছিল একর-প্রতি সাড়ে তিন টাকা হ'তে সাড়ে পা
টাকা পর্যাক। এখন ক্যানেল কিছু বেড়েছে। আর প্রোনো ক্যানেল বর্তমানে ডি ভি সিন্
সালো ব্রুত্ত হয়েছে। এতে কর ধার্মা হয়েছে একর-প্রতি সাড়ে সাত টাকা হ'তে সাড়ে দুদ্দ
টাকা পর্যাক। ক্যানেলে জল দেবার ভাল বাবস্থা নেই। ঠিকমত জল মেলে না। অথচ ট্যার
বেড়ে গেল। চাষীর ন্তন উর্মাত হ'ল না। নানা কারণে লোকের অবস্থা খারাপ হয়েছে
অথচ কর বিদ্ধ হ'ল। সাধারণ চাষী ও গরিব চাষীরা এত কর দেবে কি ক'রে? আমি মনে
করি আগে যেমন সাড়ে পাঁচ টাকা একরে আদায় করা হ'ত সেইভাবে এখন একরে সাড়ে পাঁচ
টাকা কর আদায় করলে ভাল হয় এবং এটাই আমি দাবি করতে চাই।

[4-50-5 p.m.]

আর-একটা কথা হচ্ছে, আমাদের দেশে এই কয়েক মাসের মধ্যে চাউলের বা অনা নিতা श्वरसाजनीय जिनिम्भारत्व पत त्रार्फ हत्लाष्ट्र या, माधात्र मान्यात किरन था ध्यात क्रमा वा ता राहे চলে যাচ্ছে। তার উপর সাধারণ মান্য কাজ পায় না। সেজনা বিভিন্ন জেলায় সরকারে: পক্ষ থেকে কাজ দেওয়া উচিত। শ্ধ্ কাজ দিলেই হবে না তাদের নিম্নতম মজনুরি দেওয় উচিত। তারপর আর-একটা কথা বলব যে, আমাদের দেশে অনেক লোক আছে যারা কাষ করতে পারে না, যারা অক্ষম ব্যক্তি যারা কাজ করতে পারে না তাদের সব সময় খয়রাতি সাহায করা উচিত। তারপরে আমি মেমারি এলাকার দৃই-একটি সমস্যার কথা বলি। ওখানকা হাসপাতালে রোগী থাকার পক্ষে ভীষণ অস্ক্রবিধা হচ্ছে। সেখানে ইলেকট্রিসিটি নাই সেজন পাথার কোন বাবস্থা নাই। আমি সেজনা অনুরোধ করব যাতে তাড়াতাডি ইলেকট্রিসিটি ১ পাথার ব্যবস্থা হয় তার দিকে মন্ত্রিমহাশয়রা নক্তর দেবেন। তারপর মেমারির কৃষ্ণবাজান টিউবওয়েল না থাকার ফলে সেখানকার জনসাধারণের ভীষণ অস্ক্রিধা হচ্ছে। এখনই সরকঃ থেকে টিউবওয়েলএর বাবস্থা করা উচিত। তারপর লিভারপরে গ্রাম থেকে মেমারি যাতায়াতে পথে রীজ বা পালের বাবস্থা অবিলাদের করা উচিত। এবং যেখানে যেখানে টেউবওয়েল না সেখানে সরকার থেকে এখনই চিউবওয়েলএর বাবস্থা করা উচিত। এখন আমি আমাদে জেলার আদিবাসী সম্পর্কে দুই-একটি কথা বলব। আদিবাসীর ভাষা নিয়ে এখানে অনেথে বলেছেন। এই পশ্চাৎপদ জাতি তাদের নিজের ভাষা নিয়ে এখন তাদের শিক্ষার বাবস্থা হ'ল না। সে সম্পর্কে আমি আদিবাসী সাওতালদের যে অক্ষর বার করা হয়েছে মেদিনীপুর থেকে সাধ্রামচাদ ম্রম্ এবং সিংভূম থেকে রঘ্নাথ ম্র্ তারা যে সাওতালী অক্রে ভাষ বের করেছেন কিন্তু ১০-১২ বংসর পর্যন্ত সরকার সেদিকে লক্ষ্য দিলেন না। সাঁওতাল ভাষায় এক্ষর তৈরি হয়েছে। এখন সরকার থেকে ভাষা এবং টাইপ শিক্ষার জন্য শীঘ্র বাবস্থ করা হউক। এই ব'লে আমি আমার বস্তুবা শেষ করছি।

Shri Tarun Kumar Sen Gupta:

মাননীয় দপীকার মহাশয়্র, পশ্চিমবংশের মন্থামন্ত্রী তথা ফাইন্যান্স মিনিস্টার ডাঃ রায় বে বাজেট এন্টিমেট উপস্থিত করেছেন সেই বাজেট এন্টিমেটের বির্দ্ধে আমি আমার বন্ধর রাখছি। প্রথমে আমি প্রনিস খাতের অর্থবরান্দ সন্বন্ধে আলোচনা করব। প্রনিস খাতের জন প্রয়োজন হচ্ছে ৫৩ লক্ষ টাকার কিছু বেশি। আমি বলতে চাই যে, সরকার বাদ এ বিষয়ে কোনরকম একটা হিসাব আমাদের কাছে উপস্থিত করতেন যে, ১৫ বছরের ন্বাধীনতার মধে প্রনিসের কাজের এই এই উর্রাভ হয়েছে তা হলে ব্রভাম। কিন্তু আমরা দেখছি এখনং প্রনিস প্রকাশা রাস্তায় ঠিক ছিটিশ আমলের মত ঘ্র আদায় করে এবং এখনও পর্যন্ত থানাং বাদ কোন লোক ডায়েরী করতে যান তথন ঘ্র না দিলে ডায়েরী হয় না। সেজনা বলছি যে প্রিস খাতে যতই বায় করা হোক না কেন দ্বনীতিপূর্ণ প্রলিসের ন্বারা জনসাধারণের কোক মুকাল হ'তে পারে না। অতএব প্রনিসের খাতে যে বায়বরান্দ এই সরকারের তরফ থেবে

রুপদ্থিত করা হচ্ছে সেই বায়বরান্দে ন্বারা শা্ধ**্ জনসাধারণের উপর ট্যাক্সের বোঝাই বাড়বে**, কিল্ড সাধারণ মান্বের কোন মঞ্গল হবে না। যদি বলেন এমনকি প্রমাণ দিতে পারেন প্রিলস সন্বন্ধে যে বন্ধব্য আপনি উপস্থিত করছেন তা সত্য, তা হলে আমি বলব যে, প্রিলসমন্ত্রী যদি আমার সংশ্যে যান তা হ'লে আমি দেখাব যে, দমদম ও যশোর রোডের যে জংশনে ট্রাফিক প্রালস কিরকমভাবে ঘুষ আদায় করে। লর্নীর দিকেই তাদের দূচ্টি বেশি থাকে। এই রাস্তা দিরে বহু, বিদেশীরা পাস করে। যাই হোক, এই রাস্তা দিয়ে যখন লরী পাস করে তখন তাদের দিকে লক্ষা ক'রে লরীওয়ালা আধালি, সিকি ছ'ডেড় ফেলে দেয়। সাতরাং পালিস খাতে বায় বাড়ালে তা শুধু অপচর হবে এবং জনসাধারণ এতে ক্ষতিগ্রস্ত হবে। দিবতীয় প্রদন আমি পার্বালক হেলর্থ সম্বন্ধে বলতে চাই। সরকার ম্যালেরিয়া ইরাভিকেট করবেন ব'লে বিরাট টাকা রেখেছেন। আমি যে এলাকা থেকে নির্বাচিত একজন কংগ্রেস মন্ত্রীও সেখানে থাকেন। তাঁর বাডিতে যদি আপনারা বাস করেন তা হলে আমার মনে হয় যে, আপনারা প্রত্যেকে একমত হবেন যে, দমদম শুধু বিমানঘাটির জন্য বিখ্যাত নয়, দমদম বোধহয় সারা দুনিয়ার মধ্যে মশার জন্যও বিখ্যাত। অর্থাৎ এত মশা বোধ হয় আর কোথাও নেই। স্তরাং আপনার কাছে আবেদন জানাই বে, মশা নিবারণ না করলে ম্যালেরিয়া ইরাডিকেট হবে না। আমি নিজে মিউনিসিপ্যাল কমিশনার হিসেবে দেখেছি যে, যতক্ষণ না মশা তাড়ানো যাচ্ছে ততক্ষণ ম্যালেরিয়া দূর হবে না। সরকার-পক্ষ থেকে হয়ত এই উত্তর আসবে যে, আমরা তো বাগজোলা খাল ক'রে দিয়েছি এবং এর জন্য ১৯ লক্ষ টাকা বার করেছি। আমি অনুরোধ করি মন্দ্রিমহাশর যদি চান তা হ'লে আমি দেখাব যে, বাগজোলা খালের বেডের উপর দিয়ে গর চ'রে বেড়ায়। এই প্রসঞ্গে আমি একজন আর্টিস্ট-এর কথা বলব। তিনি একটা ছবি এ'কেছিলেন, তাতে কিছ**ু নেই শুধু তলায় লেখা আছে** ঘাস ও গরু। তাঁকে এ সম্বন্ধে জিজ্ঞাসা করাতে তিনি বলেন যে, গরুতে ঘাস খেয়ে গেছে वर्राम पात्र रे ते वर गत् रान्हे अञ्चा रा. घात्र स्थरा हर्राम शास्त्र । त्रत्रकात्र अ**हे कथ वनर्रा**न য়ে খাল কাটা হয়েছে ঠিকই, কিন্তু খাল যারা কেটেছিল তারা চলে গেছে। স্তরাং আজ ্যেখানে দরকার হচ্ছে মশা কমানো, সেখানে এই বাবত যে টাকা বরান্দ হয় তাও খরচ হয় না। আবার সরকারী কর্মচারী যারা ডি ডি টি স্প্রে করে তাদের মার ৬ মাসের জন্য চাকরি। এই-ভাবে যাদের সাসটেন আর্ফ্রিভিটি নেই তাদের কে'ন কাজ হয় **ব'লে মনে হ**য় না।

'5-5-20 p.m.]

আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে জেনারেল এ।ডিমিনিস্টেশন সম্বন্ধে সরকার বহু স্টাফ িনয়োগ করবেন এফিসিয়েন্সির জনা। আমি মনে করি মন্ত্রীমহোদয় বোধ হয় মনে করেছেন ্রাদের আত্মহিস্প্রজনকে প্রোভাইড করতে হবে তাব জন্য অনেক স্টাফ-এর প্রয়োজন আছে এই न्रिकेंडः भी निर्ध आत्मारुना कतरम राप इस आमात इस इरद ना। कातम अकरो निमर्गन मिस्स यात माथामन्त्री महाभारत कारह। आमात अनाकात वहा, आत्रपन नित्रपन करत् आर्फ मिनस्योगन বংপারে কোন ফল হয়নি অনেকেই হয়ত শানে থাকবেন আমার এলেকায় নব ব্যারাকপার কলোনি বলে একটা কলোনী আছে। ১৯৫০ সালে এই কলোনী সেখানে স্নাণ্ট হয় এবং সেখানে কো-অপারেটিভ-এর মাধামে পার্ববিংগ থেকে উদ্বাহতুদের মধ্যে জমি বিক্রর করা হয় এবং যে রেটএ সেই জমি বিক্রু করা হয় সেটা এনডযাসেন্ট ল্যান্ড থেকে অনেক বেশী দামে। এই সমস্ত স্কোয়াটারসদের কাছ থেকে রাস্তার জনা, স্কুল করার জনা, টিউবওয়েল করার জনা, হাসপাতাল করার জন্য আলাদাভাবে জমির দাম ছাড়াও টাকা নেওয়া হয়েছিল। কিল্ড বার বছর পার হয়ে গেল আজ্র পর্যনত প্রাট হোল্ডাররা দলিল পেল না। এই বার বছরে বাড়ী আরম্ভ হয়েছে কিল্ড নিমিতি হয়নি এবং সেখানকার লোকেরা মনে করে এই কো-অপারেটিভকে সরকার সাহাষ্য করে, অর্থোরিটী এবং ম্যানেজ্মেন্ট সরকার পক্ষের সহযোগিতায় টাকার অপচয় করে। वाक्रोंनिक मन-क्रीयकेनिक, करशाप्त वाव वाव धर्मा मिरहाए व वाम्याद, यथन विकल दल उथन স্থির করল গত বছর সেপ্টেম্বর মাসে অনশন ধর্মঘট করবে। এ সম্পর্কে তদানীনতন বিরোধী দলের নেতা ক্যোতিবাব, একটা ডেলিগেশন নিয়ে গেলেন ডাঃ রায়ের কাছে এবং সমস্ত বস্তব্য পেশ করা হল এবং শুনেছি, ঠিক জানি না, ষতটা শুনেছি, ডাঃ রায় আশ্বাস দিয়েছিলেন তিনি বিহিত ব্যবস্থা করবেন কিন্তু আজ পর্যন্ত নির্বাচনের পরও কোন ব্যবস্থা করা হয়নি, **আজ** পর্যদত দলিল পাবার কোন বাবস্থা করা হয়নি। আমি সবচেয়ে বেশী মর্মাহত হয়েছি এবং দ্বংখের সঙ্গো বলছি যে পশ্চিমবঙ্গের ম্থামন্ত্রী মহাশয়, জেনে কি না জেনে জানি না, জেনে

করছেন এত বড় কথা বললে বোধ হয় ভূল হবে না, জ্যোতিবাব্র কাছে ঐ সংগঠনের নামে এক) সাটিফিকেট দিয়ে চিঠি দিলেন জ্যোতিবাব্র কাছে। যারা দ্বাতি চালাছে সরকারী টার: অগ্রচর করছে বলে জনসাধারণ মনে করছে তাদের সম্বন্ধে কমিউনিস্ট, কংগ্রেস, পি এস পিরে উন্দোগ করে একটি চিঠি দিলে মুখ্যমন্ত্রী মহাশর জ্যোতিবাব্বক—সেটা পড়ে শোনাই, ব্রবতে পারবেন—

"Chief Minister, West Bengal. Dear Jyoti, You may remember that during the last Assembly session you along with Shri Chitto Basu, M.L.A., Shri Pabitra Mohan Roy, M.L.A., and Shri Jatin Chakravarty, M.L.A. on 4th September 1961, saw me in my room at the Assembly House and submitted a letter containing allegations against the way the New Barrackpore Co-operative Home Ltd. was working. You may also remember that I promised to have an enquiry made into the allegations by the Registrar. Co-operative Societies. The Registrar, Co-operative Societies, has since submitted his report. From it I find that from the point of view of actual achievement this Co-operative Society is one of the best in our State, because here the Society has succeeded in providing a number of schools a college, a hospital with a maternity centre, etc., with Government help and has provided some other necessary amenities to the settlers."

এখন প্রশ্ন হচ্ছে যে এই সংগঠনের নামে সাধারণ মান্বের এত ক্ষোভ যে তারা বার বার বলেছে অপচয় হচ্ছে টাকার সেই সংগঠনের সম্বন্ধে এ ধরনের একটা চিঠি দিলেন। এ থেকে সমস্ত কোরাপসানকে তিনি প্রশ্নয় দিচ্ছেন একথা বললে কি আমাদের ভুল হবে ? তাই আমি মনে করি দ্বিনায়র অর্থভাণভারকে এক জারগা করেও এরকম ধরনের দ্বনীতিগ্রস্ত সংগঠন ম্বারা জনগণের কোন উপকার হবে না। এই বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং বস্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After advournment.]

[5-20-5-30 p.m.]

Shri Mahananda Haldar:

মিঃ স্পীকার সারে, পশ্চিমবঙ্গ সরকারের বর্তমান বছরের যে বাজেট আলোচিত হচ্চে সে সম্বন্ধে আমি কয়েকটি কথা আপনার মাধামে বিধানসভার সম্মন্থে রাখতে চাই। কথা হচ্ছে, আজ যে মন্ত্রীমণ্ডলী গঠিত হয়েছে তাতে এ যাবং অর্থাৎ ইংরেজ আমল থেকে ১৯৬২ সাল পর্যান্ত আমরা দেখে আসছি যে মন্ত্রিসভায় ক্যাবিনেট পর্যায়ে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের ভেতর থেকে অন্তত ২ জন মন্ত্রী সব সময় গ্রহণ করা হয়েছে। কিন্ত বড়ই পরিতাপের বিষয় যে. এই মন্ত্রীমণ্ডলীতে ঐ সমস্ত সমাজ বা সম্প্রদায়ের একজনকেও এবারে ক্যাবিনেট পর্যায়ের মন্ত্রী হিসেবে দেখতে পাচ্ছি না। অবশ্য শাসন ক্ষমতায় যাঁরা অধিষ্ঠিত আছেন তাঁরাই মন্ত্রিসভা গঠন করেছেন এবং তাঁদের যিনি লিডার তাঁর ইচ্ছা বা মতামতের উপরেই মন্ত্রিসভা গঠিত হয়। এ সম্বর্ণে বিরোধীপক্ষের কিছা বলবার নাও থাকতে পারে কিন্তু যখন বাংলাদেশের অন্তত ৫ ভাগের ১ ভাগ জনসংখ্যা এই সিভিউল্ড কাষ্ট এবং সিভিউল্ড ট্রাইবসদের ন্বারা গঠিত এবং যখন এতকাল যাবং মন্ত্রীমন্ডলীতে তাঁদের প্রতিনিধিত্ব ছিল তথন কি কারণে এবং কোন ধারণার বশবতী হয়ে তাদের মন্ত্রীমণ্ডলী থেকে ক্যাবিনেট পর্যায়ের মন্ত্রী হিসেবে বাদ দেওয়া হোল তা আমি ব্রুতে অক্ষম। মাননীয় স্পীকার মহাশয়, এই মন্ত্রীমণ্ডলী গঠিত হবার পর পশ্চিম বাংলার বিভিন্ন স্থানে সিডিউন্ড কাস্ট এবং সিডিউন্ড ট্রাইবসদের ভেতরে এই ব্যাপার নিয়ে মস্তবড় **দঃখ এবং বিক্ষোভ দেখা দিয়েছে। কাজেই আমি আপনার মাধামে শাসন ক্ষমতায় অধিতিত যে দল** তাদের স্বৃত্তি এবং শৃভ ইচ্ছার কাছে বলছি যে, এ'দের বিষয় যেন তাঁরা বিশেষভাবে চিন্তা করে দেখেন। এ বিষয়ে তাঁরা নিশ্চয়ই চিন্তা করে দেখবেন বলে আশা করি। আমি আরও বলতে চাই বে মন্ত্রীমণ্ডলীর সংখ্যা দিন দিন বৈডে চলেছে—ক্যাবিনেট পর্যায়ে মন্ত্রী এবারও বেডেছে। অথচ বড়ই পরিতাপের বিষয় যে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবের সংখ্যা যদিও বাড়ল তব্ এদের ক্যাবিনেটের মধ্যে কোন স্থান হল না। আমি বিশ্বাস করি মুখ্যমন্ত্রী সিডিউলড কার্স্ট এবং সিডিউলড ট্রাইবের এই যে দাবি, তাদের এই যে মনোবেদনা সেটা দরে করবার চেণ্টা করবেন!

এই প্রসংশ্যে আমি, স্যার, আপনার মাধ্যমে বলতে চাই বে আমরা পরস্পর জ্ঞানতে পেরেছি বে সিডিউল্ড কাস্ট বা সিডিউল্ড ট্রাইব বতগালৈ সম্প্রদার নিয়ে গঠিত তাদের থেকে নাকি কয়েকটি সম্প্রদার উমত হরে গেছে বলে বাদ দেওরার চেন্টা হচ্ছে। এ কথা যদি সতা হয় তাহলে নিশ্চরট তা অতান্ত পরিতাপের বিষয় হবে। সিডিউল্ড কাস্ট বা সিডিউল্ড ট্রাইব এখনও উন্নত হয়নি। তারা যদি তেমনই উন্নত হবে তবে ক্যাবিনেট পর্যায়ে যাবার মত যোগা লোক মিলল না কেন? তাদের **অবস্থার ম্বারাই বোঝা যায় যে বাস্ত**বিক তারা এখনও উন্নত হয়নি। স**্**তরাং কতকগ**্রিল** সম্প্রদায়কে তার মধ্যে থেকে বাদ দেওয়ার চেণ্টা নিশ্চরাই খুব অন্যায় হবে। তারপর, সাধারণভাবে আমি কয়েকটি কথা বলতে চাই। আমি এই হাউসে গত ৫ বছরও ছিলাম। ল্যান্ড রেভেনিউ ডিপার্টমেন্ট থেকে জমিদারী দখল করা হয়েছে। অতিরিক্ত জমির কথা আমরা প্রায় ১০ বছর ধরে শুনে আসছি। কিল্তু সেই অতিরিক্ত জমি দিনের পর দিন কোথায় চলে যাচ্ছে তার হদিস নেই। এই জমিণ্রলি কোথায় গেল : এই বিধানসভায় বহুবার অনেক মাননীয় সদস্য বলেছেন যে জমি-দাররা বেনামী করে এইসব জ্ঞাজমা নিজেদের লোকের নামে রেখে দিয়েছে। কাজেই সেগ্লি আর ভাগ হচ্ছে না। অথচ ভামহীনের পর ভামহীন বেডে যাচ্চে। আমি সরকারের কাছে আবেদন করব তারা যেন এ দিকে লক্ষ্য রেখে জমি বৈর করেন। তারপর, আমি উম্বাস্তদের ঋণ সম্বশ্ধে দ: একটা কথাও বলব। মাননীয় স্পীকার মহাশয়, আমরা কাগজে দেখেছি যে ৪০ কোটি টাকার মত ঋণ মকুব করার কথা চিত্তা করা হচ্ছে। এ বিষয়ে আমি পশ্চিমবুঞা সুবুকারকে বলুব যে তাঁবা যেন এ বিষয়ে নিশ্চয়ই জ্যের দেন। পশ্চিম পাকিস্তানের যে ঋণ সেটা মকব হয়ে গেল। প্রেবিংগর বেলায়ও যাতে এটা মাকুব হয় সে বিষয়ে তাঁরা বিশেষ চেণ্টা করবেন এই অনারোধ জানাই। তারপর ইরিগেশান সম্বন্ধে কিছু বলব। এ ব্যাপারে টিউবওয়েল, ডিপ টিউবওয়েল ভিন্ন নদী থেকে জল পাম্প করে দেওয়ার বিষয়ে বাজেটে উল্লেখ রয়েছে। আমি নদীয়া জেলা থেকে এসেছি। নদীয়া জেলায় ডিপ টিউবওয়েল আছে। কিল্ত সেখানে যে সমুদ্ত নদীতে জল আটকে রয়েছে সেখান থেকে জল তুলে সেচের বাবস্থা করে যাতে জিমর ফসল বাডান যায় সেদিকে লক্ষা রাখতে হবে। তারপর, এড়কেশান সম্বন্ধে কিছু বলতে চাই। এ অতি প্রোন কথা যে আমরা হায়ার মাল্টি পারপাস দ্কুল করেছি কিন্তু শিক্ষক পাচ্ছি না। এ বিষয়ে গভন মেন্ট নিশ্চয়ই অবহিত হবেন এবং যাতে ট্রেন্ড টিচার বা উপযুক্ত শিক্ষক পাওয়া যায় সেদিকেও গভনমেন্ট লক্ষ্য রাখবেন বলে আমি অনুরোধ জানাচ্চ।

[5-30-5-40 p.m.]

পরিশেষে আর একটি গ্রুত্বপূর্ণ বিষয়ের কথা বলে আমি আমার বন্ধর শেষ করছি। পশ্চিমবংগ তথা ভারতের যে বর্ডার স্মানা, পশ্চিমবংগর তেরশো মাইল স্মানতের মধ্যে আমাদের দেখা জেলা একটা স্মানত জেলা। স্মানতের যেসব দ্র্টনা, স্মানতের পাকিস্তানী অনুপ্রবেশ, গর্বাছ্রের ও নানাপ্রকার সম্পত্তি হরণ করে নিয়ে যাওয়া ইত্যাদি সকলেই জানেন। ধণেল ভট্টামের ইতিহাসও আমরা সবাই জানি। এই যে বর্ডার, এখানে আমাদের পাহারার বিস্থা খ্ব ভাল নয়। এই বর্ডার এলাকায় যে সব প্রিলস রয়েছে, তাও স্বন্ধসংখাক। বর্ডারে আজ চলাচলের ব্যবস্থা আরো সহজ ও স্কুলর করা উচিত। সেখানকার রাস্তাগ্রিল যদি পাকা বরা যায়, ভাহলে কুইক ট্রান্সপোর্ট-এর ব্যবস্থা হতে পারে, যথাসম্ভব সম্বর এক স্থান থেকে মনা স্থানে যাওয়া যেতে পারে। ঐ সব রাস্তাগ্রিল বর্ষাকালে এত খারাপ হয় যে মানুষের লাচলের অযোগ্য হয়। এবিষয়ে হয়ত সরকার বলতে পারেন এটা ভারত-গভন্মেনেইর ব্যাপার, এটা তারী দেখবেন। কিন্তু আমাদের পশ্চিম বাংলার সরকার নিশ্চমই তার বর্ডারের দিকে দ্র্টির বর্থে এবিষয়ে যথোপযুদ্ধ ব্যবস্থা অবলম্বনের জন্য চেটা করবেন বলে আমি দাবী করি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননার স্পাকার মহোদর, আমি উঠেছি যে অতিরিক্ত বায়-বরান্দ মঞ্কারীর জনা মন্দ্রীবর বে নমস্ত প্রস্তাব এনেছেন, তার বিরুশ্ধতা করতে চাই।

